ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

রামতাপনীয়োপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সাচ্চানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব সারস্বত যন্ত্রে

শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আশ্বিন।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

রামতাপনী।

পূর্ব্বভাগঃ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ চিন্ময়েঽস্মিন্ মহাবিষ্ণৌ জাতে দশরথে হরৌ।
রঘোঃ কুলেঽখিলং রাতি রাজতে যো মহীস্থিতঃ ॥ ১ ॥

ওঁ শ্রীরামতাপনীয়েঽস্মিন্ পঞ্চত্রিংশত্তমে মতে।
আথর্ব্বণে তথা খণ্ডা দশ পূর্ব্বাভিধে মতাঃ ॥

"যস্যাম্ভসি শয়ানস্য যোগনিদ্রাং বিতন্বতঃ। নাভিহ্রদাম্বুজাদাসীৎ ব্রহ্মা বিশ্বসৃজাং পতিঃ। যস্যাবয়ব-সংস্থানৈঃ কল্পিতো লোকবিস্তরঃ। তদ্বৈ ভগবতো রূপং বিশুদ্ধং সত্ত্বমূর্জ্জিতম্। এতন্নানাবতারাণাং নিধানং বীজমব্যয়ম্।" ইতি স্মৃতেঃ নারায়ণকথনানন্তরং সদবতারকথনাবসরে

যিনি যোগনিদ্রা আশ্রয় করিয়া জলোপরি শয়ান ছিলেন, যাঁহার নাভিকমল হইতে ব্রহ্মা আবির্ভূত হইয়াছেন, যাঁহার অবয়ব সংস্থানদ্বারা বিশ্ব পরিকল্পিত হইয়াছে এবং এই বিশ্ব যে ভগবানের বিশুদ্ধরূপ, সেই

স রাম ইতি লোকেষু বিদ্বদ্ভিঃ প্রকটীকৃতঃ।
রাক্ষসা যেন মরণং যান্তি স্বোদ্রেকতোঽথবা ॥ ২ ॥

প্রাগুক্তে মুখ্যত্বাদ্রামাবতারমাদৌ নিরূপয়তি চিন্ময়ে ইতি। শ্রীরামস্বরূপস্ত নারসিংহে নির্ণীতম্। দশরথে অধিকরণে রঘোঃ দিলীপাত্মজস্য সূর্য্যবংশ্যস্য কুলং চিন্ময়ে জ্ঞানস্বরূপে মহাবিষ্ণৌ নানাবতার-মূলকারণে হরৌ জাতে সতি রামাভিধা প্রবৃত্তেতি শেষঃ। অনেনাস্য পূর্ণাবতারতা সূচিতা তস্য নির্ব্বচনম্ অখিলং রাতীত্যাদি। সঃ হরিঃ বিদ্বদ্ভিঃ লোকেষু রাম ইতি প্রকটীকৃতঃ। মহীস্থিতঃ ভূমৌ নিত্যং বসন্ রাতি দদাতি সাধুভ্যোঽখিলং বাঞ্ছিতম্ রাজতে শোভতে চ ইত্যন্বর্থতাশ্রয়ণেন রাম ইতি লোকেষু বিদ্বদ্ভিঃ স্মৃতঃ। রাতেঃ প্রকৃতিমাত্রশেষঃ মহীস্থিতশব্দস্যাদ্যাক্ষরশেষঃ। রাক্ষসমরণশব্দয়োরাদ্যক্ষরশেষ ইত্যাহ রাক্ষসা ইতি। "রামো রাক্ষসমর্দ্দনঃ" ইতি প্রসিদ্ধেঃ। অথবা ডিত্থাদিশবদ্‌যদৃচ্ছাশব্দ এবায়ং ন ক্রিয়াশব্দঃ গুণাতিশয়াৎ প্রসিদ্ধিং গত ইত্যাহ স্বেতি। স্বোদ্রেকতঃ স্বমহিমতো গুণাতিশয়াদ্বা অনলার্কাদেরিব ॥ ১-২ ॥

নারায়ণই নানাপ্রকার অবতারের আদিস্থান ও মূলকারণ। ইত্যাদি শ্রুতিপ্রমাণে নারায়ণ কথানন্তর অবতার কথার অবসরকালে সর্ব্বপ্রধান রামাবতার নিরূপণ করিতেছেন।—শ্রীরামের স্বরূপ নারসিংহে বিশেষ নির্ণীত আছে। রঘুকুলে দশরথগৃহে জ্ঞানস্বরূপ মহাবিষ্ণু, অর্থাৎ নানাবতারের মূলকারণ হরি জন্মগ্রহণ করিলে বিদ্বদ্বর্গ যখন তাঁহার "রাম" এই নাম প্রকাশিত করিলেন, তখনই তিনি সাধুভক্তগণের বাঞ্ছিত প্রদান করিতে লাগিলেন এবং পৃথিবীতে স্থিত হইয়া শোভা পাইতে থাকিলেন। এই রাম হইতেই রাক্ষসগণের মরণ হইবে, এই জন্য রাক্ষস শব্দের আদ্যাক্ষর "রা" এবং মরণ শব্দের আদিবর্ণ "ম" এই উভয়বর্ণ মিলিত হইয়াই তাঁহার রামনাম প্রসিদ্ধ হইল। রামই রাক্ষসগণের মর্দ্দন, ইহাই প্রসিদ্ধ আছে। অনল ও অর্কাদিশব্দের ন্যায় স্বীয় মাহাত্ম্যবলেই ইনি রামনামে অভিহিত হইয়া থাকেন ॥ ১-২ ॥

রামনাম ভুবি খ্যাতমভিরামেণ বা পুনঃ।
রাক্ষসান্ মর্ত্ত্যরূপেণ রাহুর্মনসিজং যথা ॥ ৩ ॥
প্রভাহীনান্ তথা কৃত্বা রাজ্যার্হাণাং মহীভৃতাম্।
ধর্ম্মমার্গং চরিত্রেণ জ্ঞানমার্গঞ্চ নামতঃ ॥ ৪ ॥
স্বস্য ধ্যানেন বৈরাগ্যমৈশ্বর্য্যং স্বস্য পূজনাৎ।
তথা রামস্য রামাখ্যা ভুবি স্যাদথ তত্ত্বতঃ ॥ ৫ ॥

রাম ইতি নাম ভুবি খ্যাতং প্রসিদ্ধিমাগতং নত্বয়ং ক্রিয়ানিমিত্তং ইত্যর্থঃ। চতুষ্টয়ী শব্দানাং প্রবৃত্তিরিতি পক্ষে গুণক্রিয়াজাতিশব্দবদ্‌য-দৃচ্ছাশব্দোঽস্তি স্বরূপনিমিত্তঃ। নিমিত্তান্তরমাহ অভিরামেণেতি। রময়-তীতি রামঃ জ্বলিতিকসন্তেভ্যো ণঃ। বিগ্রহান্তরং রাক্ষসানিতি। রাক্ষ-সান্ মর্ত্ত্যরূপেণ রামঃ আদ্যাক্ষরশেষঃ। মনসিজং চন্দ্রং "চন্দ্রমা মনসো জাতঃ" ইতি মন্ত্রবর্ণাৎ যথা প্রভাহীনং করোতি তথা রাক্ষসান্ প্রভা-হীনান্ কৃত্বা বিখ্যাতো যঃ স রাম ইত্যর্থঃ। নিমিত্তান্তরমাহ রাজ্যার্হাণা-মিতি ধর্ম্মমার্গমিতি। স্বস্য চরিত্রেণ শ্রুতেন ধর্ম্মমার্গং রাতি নামতঃ উচ্চারিতাৎ জ্ঞানমার্গং রাতি স্বস্য ধ্যানেন বৈরাগ্যং রাতি স্বস্য পূজনাৎ ঐশ্বর্য্যং রাতি দদাতি রাজ্যার্হাণাং মহীভৃতাং তথেতি সমুচ্চয়ে। অতো-

---

পরব্রহ্ম হরি পৃথিবীতে অবতীর্ণ হইয়া রামনামে বিখ্যাত হইলেন, তিনি সকল লোককে অভিরমণ করিতেন বলিয়াই রামনাম হইয়াছে, যেমন রাহু চন্দ্রকে প্রভাহীন করে, সেইরূপ তিনি রাক্ষসগণকে মর্ত্ত্যরূপে প্রভাবিহীন করিয়াছিলেন, এই নিমিত্ত তাঁহার রামনাম প্রসিদ্ধ হইয়াছে। ইনি আপন আচরণদ্বারা লোক সকলকে ধর্ম্মশিক্ষা প্রদান করেন, যাহারা তাঁহার নাম স্মরণ করে, তাহাদিগকে জ্ঞানপ্রদান করেন, যাহারা তাঁহাকে ধ্যান করে, তাহাদিগকে বৈরাগ্যপ্রদান করেন, যাহারা তাঁহার পূজা করে, তাহাদিগকে ঐশ্বর্য্যপ্রদান করেন এবং রাজ্যার্থী রাজাদিগকে রাজ্যপ্রদান করেন, এই নিমিত্ত পৃথিবীতে তাঁহার রামনাম প্রসিদ্ধ হই-

রমন্তে যোগিনোঽনন্তে নিত্যানন্দে চিদাত্মনি।
ইতি রামপদেনাসৌ পরং ব্রহ্মাভিধীয়তে ॥ ৬ ॥

হস্য রামস্য রামাখ্যা ভুবি স্যাৎ। অথ তত্ত্বতঃ বস্তুতঃ অর্থত উচ্যতে ইতি শেষঃ ॥ ৩-৫ ॥

রমন্তে ইতি অনন্তে দেশকালকৃতপরিচ্ছেদশূন্যে নিত্যে নিয়তে অবয়ববিকারশূন্যে চ আনন্দে সুখৈকরূপে চিদাত্মনি চিদ্ঘনে অমূর্ত্তব্রহ্মণি যোগিনঃ নিরুদ্ধেন্দ্রিয়গ্রামাঃ রমন্তে ধ্যানেন তৃপ্যন্তি ইতি হেতোঃ রামপদেন অসাবেব দশরথাত্মজঃ পরং মুখ্যং ব্রহ্ম অভিধীয়তে অধিকরণে ঘঞ্। ননু মূর্ত্তস্য কথমানন্ত্যাদি? নন্বমূর্ত্তস্যাপি কথমানন্ত্যাদি? ইতি চেৎ সমঃ সমাধিঃ অপরিদৃষ্টার্থ-স্বীকারস্তূভয়ত্রাপি সমঃ তস্মাৎ "দ্বাবেব ব্রহ্মণো রূপে মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ" ইতি শ্রুতেরসঙ্কোচ এব ন্যায়ঃ বচনানি ত্বপূর্ব্বত্বাদিতি ন্যায়াদলৌকিকার্থবোধনং শ্রুতেরলঙ্কার এব। ৬ ॥

য়াছে, বাস্তবিক তত্ত্বত, বস্তুত ও অর্থত তাঁহার রামনাম সার্থক বলিয়া জানা যায় ॥ ৩-৫ ॥

সেই দেশকালাদি পরিচ্ছেদশূন্য, নিত্য, অর্থাৎ অবয়ববিকাররহিত, কেবল সুখস্বরূপ চিদাত্মা, অর্থাৎ অমূর্ত্তব্রহ্মেতে যোগিগণ ইন্দ্রিয়নিরোধপূর্ব্বক রমণ করেন, অর্থাৎ তাঁহাকে ধ্যান করিয়া তৃপ্তিলাভ করেন, এই-হেতু উক্ত দশরথ তনয়ই রামশব্দে অভিহিত হইতেছেন এবং ইনিই মুখ্য পরংব্রহ্ম বলিয়া কথিত হইয়া থাকেন। এইক্ষণ আশঙ্কা হইতেছে যে, তিনি অমূর্ত্ত হইলে কিরূপে তাঁহার আনন্ত্যাদি সম্ভবিতে পারে? এবং মূর্ত্ত হইলেই বা তাহার আনন্ত্যাদি কিরূপে হয়? ইহাতে বক্তব্য এই যে, অপরিদৃষ্ট অর্থ স্বীকারে উভয়থাই সমান, শ্রুতিতে মূর্ত্ত ও অমূর্ত্ত এই দুই-রূপই কীর্ত্তিত আছে। ৬।

চিন্ময়স্যাদ্বিতীয়স্য নিষ্কলস্যাশরীরিণঃ।
উপাসকানাং কার্য্যার্থে ব্রহ্মণো রূপকল্পনা ॥ ৭ ॥
রূপস্থানাং দেবতানাং পুংস্ত্র্যঙ্গাস্ত্রাদিকল্পনা।
দ্বিচত্বারি ষড়ষ্টাসাং দশ দ্বাদশ ষোড়শ ॥ ৮ ॥

রামশব্দার্থং নিরূপ্য ব্রহ্মণঃ কথং শরীরিত্বমিত্যাশঙ্ক্য উত্তরমাহ চিন্ময়স্যেতি। চিন্ময়স্য ব্রহ্মণঃ রূপকল্পনা মায়িকং রূপমিত্যর্থঃ। স্বরূপানতিরিক্তয়া মায়াশক্ত্যা নরস্যৈবৈকস্যাপি বিরুদ্ধনানাধর্ম্মাবিরোধ ইতি ভাবঃ ॥ ৭ ॥

তদায়ুধাদিকমপি কল্পিতমেবেত্যাহ রূপস্থানামিতি। রূপে তিষ্ঠন্তীতি রূপস্থাঃ তাসাং দেবতানাং পুংস্বকল্পনা যথা রামঃ পুমান্ স্ত্রীত্বকল্পনা যথা সীতা স্ত্রী অঙ্গকল্পনা যথা ত্রিনয়নচতুর্ভুজত্বাদি রুদ্র বিষ্ণ্বাদীনাম্ অস্ত্রকল্পনা যথা শার্ঙ্গং ধনুঃ নন্দকঃ খড়্গঃ আদিশব্দাদ্ভূষণ-বাহনাদি-কল্পনা। উক্তমর্থমুদাহরতি দ্বিচত্বারীতি। আসাং দেবতানাং দ্বি দ্বৌ হস্তৌ কথিতাবিতি বিপরিণামোঽবিভক্তিকশ্চ নির্দ্দেশঃ। তথা

ইতিপূর্ব্বে রামশব্দার্থ নিরূপণ করিয়া কিরূপে ব্রহ্মের শরীরিত্ব সম্ভবিতে পারে? এই আশঙ্কা করিয়া তাহার মীমাংসা করিতেছেন।—ব্রহ্ম চিন্ময়, অদ্বিতীয়, নিষ্কল ও অশরীরী হইলেও উপাসকদিগের কার্য্যসাধনার্থ তাঁহার রূপ কল্পনা হইয়া থাকে, বাস্তবিক ব্রহ্মের যে রূপ, তাহা মায়িক বলিয়া জানিবে। স্বরূপের অনতিরিক্ত মায়াশক্তিদ্বারা এক নরেও বিরুদ্ধ নানা ধর্ম্মের অবিরোধ দেখা যায় ॥ ৭ ॥

যদি ব্রহ্মের রূপ কল্পিত হইল, তবে তাঁহার অস্ত্রাদিও কাল্পনিক বলিতে হইবে, যে সকল দেবতা রূপবান্, তাহাদিগের পুংস্ব, স্ত্রীত্ব, অঙ্গ এবং অস্ত্রাদি এই সমুদায়ই কল্পিত বলিয়া জানিতে হইবে, যেমন রাম পুরুষ, সীতা স্ত্রী ইত্যাদিস্থলে পুংস্ব ও স্ত্রীত্ব কল্পনা আছে। রুদ্র ত্রিনয়ন, বিষ্ণু চতুর্ভুজ ইত্যাদিস্থলে অঙ্গকল্পনা হইয়া থাকে। আর বিষ্ণুর শার্ঙ্গ,

অষ্টাদশাপি কথিতা হস্তাঃ শঙ্খাদিভির্যুতাঃ।
সহস্রান্তাস্তথা তাসাং বর্ণবাহনকল্পনা॥ ৯॥
শক্তিসেনাকল্পনা চ ব্রহ্মণ্যেবং হি পঞ্চধা।
কল্পিতস্য শরীরস্য তস্য সেনাদিকল্পনা॥ ১০॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

চত্বারি চত্বারো হস্তাঃ কথিতাঃ যথা হরের্লিঙ্গব্যত্যয়ঃ। তথা তাসাং ষড়্‌ভুজাঃ কথিতাঃ যথা মূর্ত্তিভেদানামম্বিকায়া অষ্টহস্তাঃ পুরুষোত্তমস্য দশ শঙ্করস্য দ্বাদশ ষোড়শাষ্টাদশ চণ্ডিকামূর্ত্তিভেদানাম্। শঙ্খাদিভিঃ আয়ুধৈঃ সহস্রহস্তা বিশ্বরূপস্য। বর্ণাঃ শ্যামশ্বেতাদয়ঃ বাহনানি পক্ষীন্দ্রাদীনি তেষাং কল্পনা ন তু বস্তুবৃত্তিঃ॥ ৮-৯॥

শক্তেরপি কল্পনা স্বরূপাতিরিক্তায়াঃ পৃথক্ শক্তেরভাবাৎ তস্যাঃ পার্থক্যং কল্প্যতে। অথবা প্রভুমন্ত্রোৎসাহলক্ষণাস্তিস্রঃ শক্তয়ঃ তাসাং কল্পনা সেনা সৈন্যং তস্যাঃ কল্পনা। এবং ব্রহ্মণি পঞ্চধা কল্পনা রূপকল্পনা

ধনু এবং নন্দক খড়্গ ইত্যাদিরূপে অস্ত্রকল্পনা হয়। এইরূপ রূপস্থদেবতাদিগের ভূষণাদিও কল্পিত হইয়া থাকে। উক্ত দেবতাদিগের মধ্যে কোন কোন দেবতার দ্বিহস্ত চতুর্হস্ত, ছয় হস্ত, অষ্ট হস্ত, দশ হস্ত, দ্বাদশ হস্ত, ষোড়শ হস্ত ও অষ্টাদশ হস্ত কথিত আছে, অর্থাৎ মূর্ত্তিভেদে অম্বিকার অষ্ট হস্ত, পুরুষোত্তমের দশ হস্ত, শঙ্করের দ্বাদশ হস্ত এবং চণ্ডিকার মূর্ত্তিভেদে ষোড়শ হস্ত, অষ্টাদশ হস্ত উক্ত আছে, ঐ সকল হস্তে শঙ্খাদি বিবিধ অস্ত্র আছে। আর বিশ্বরূপের সহস্র হস্ত বর্ণিত হইয়াছে, এইরূপে শ্যামশ্বেতাদিবর্ণ, গরুড়াদিবাহনও পরিকল্পিত হইয়া থাকে॥ ৮-৯॥

প্রভুশক্তি, মন্ত্রশক্তি ও উৎসাহশক্তি এই শক্তিত্রয়ও ব্রহ্মেতে পরিকল্পিত হইয়া থাকে। এই সকল শক্তিও ব্রহ্মেরই স্বরূপ, ঈশ্বরের স্বরূপা-

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্রহ্মাদীনাং বাচকোঽয়ং মন্ত্রোঽন্বর্থাদিসংজ্ঞকঃ।
জপ্তব্যো মন্ত্রিণা নৈবং বিনা দেবঃ প্রসীদতি ॥ ১ ॥

---

(১) পুংস্ত্র্যঙ্গাস্ত্রাদিকল্পনা (২) বর্ণবাহনকল্পনা (৩) শক্তিকল্পনা (৪) সেনাকল্পনা চেতি (৫) অথবা ব্রহ্মণ্যেবং হি পঞ্চধেতি পরেণান্বেতি। ব্রহ্মণি পঞ্চায়তনভেদেন কল্পিতস্য দেহস্য সতঃ তস্য সেনাদিকল্পনা ॥ ১০ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

ব্রহ্মাদীনাং স্থাবরান্তানাং বাচকোঽয়ং মন্ত্রঃ রামমন্ত্রঃ। বক্ষ্যতি হি "তথৈব রামবীজস্থং জগদেতচ্চরাচরম্" ইতি। যদ্বা "ইতি রামপদেনাসৌ পরং ব্রহ্ম" ইত্যাদীনাং পূর্ব্বোক্তানামর্থানাং বাচকঃ রামনামাত্মকো মন্ত্রঃ। আদিশব্দঃ পূর্ব্বোক্তসন্নিবেশাপেক্ষঃ। যদ্বা ব্রহ্ম অদ্বৈতপর-

---

তিক্ত শক্তি নাই। আর তাহার সেনাও কল্পনা হয়, এইরূপে ব্রহ্মেতে পঞ্চধা কল্পনা হয়, অর্থাৎ রূপকল্পনা, পুংস্ত্ব স্ত্রীত্বাদিকল্পনা, বর্ণ ও বাহনকল্পনা, শক্তিকল্পনা এবং সেনা কল্পনা হয়। ব্রহ্মের শরীর কল্পনাতেই সেনাদিকল্পনা হইয়াছে। ১০।

ইতি প্রথম খণ্ড ॥ ১ ॥

এই রামমন্ত্র বহ্ম্যাদি স্থাবরান্তের বাচক, শাস্ত্রান্তরে লিখিত আছে যে, এই চরাচর জগৎ রাম বীজে বিদ্যমান আছে এবং "রাম" এই পদে পরংব্রহ্ম প্রতিপাদিত হয়েন। আর রাম এই নাম পূর্ব্বোক্ত অর্থসমূহের বাচক। অথবা রামশব্দে অদ্বৈত পরমাত্মারই বোধ হয়, যোগিগণ অন্তে

ক্রিয়াকর্ম্মেতিকর্ত্তৃণামর্থং মন্ত্রো বদত্যথ।
মননাত্রাণনান্মন্ত্রঃ সর্ব্ববাচ্যস্য বাচকঃ॥ ২॥

মানন্দাত্মা তদাদীনাং বক্ষ্যমাণসপ্তচত্বারিংশদ্ব্যূহানাং "রমন্তে যোগিনোঽনন্তে" ইত্যাদ্যুক্তস্য মূলব্যূহস্য চ বাচকঃ অন্বর্থং সর্ব্বার্থানুগতং ব্রহ্ম তত্ত্বাদিপ্রপঞ্চজাতং তস্য সংজ্ঞা জ্ঞানং যস্মাৎ সোঽন্বর্থসংজ্ঞঃ স্বার্থে কঃ সর্ব্ববাচক ইত্যর্থঃ। যদ্বা দ্বন্দ্বগর্ভো বহুব্রীহিঃ অন্বর্থ-সংজ্ঞকঃ আদিসংজ্ঞকশ্চ অন্বর্থতা "মননাত্রাণনান্মন্ত্র" ইতি "রাক্ষসা মরণং যান্তি" ইত্যাদিশ্চ আদিসংজ্ঞকঃ আদিমন্ত্রত্বাৎ। স চ মন্ত্রিণা গুরুতো লব্ধমন্ত্রেণ জপ্তব্যঃ। বিপক্ষে বাধকম্ এবমিতি। এবং বিনা অর্থস্মরণপূর্ব্বকমন্ত্রজপং বিনা দেবঃ পরমেশ্বরঃ ন প্রসীদতি॥ ১॥

ক্রিয়া আহ্বানাদিরূপা কর্ম্ম রক্ষোমারণাদি ইতি ইদমাত্মকং কর্ত্তৃণাং সতাং দেবানাম্ অর্থং মন্ত্রো বদতি। মন্ত্রত্বং কস্মাদত আহ অথেতি মননাৎ বোধনাৎ ত্রাণনাৎ ত্রাণাৎ মন্ত্রঃ ত্রাণস্য কারণং ত্রাণনং মননেন চায়তে ইতি বিগ্রহঃ। আদ্যঃ সম্পদাদিত্বাৎ ক্বিবন্তঃ অন্তঃ সুপিস্থ ইতি কান্তঃ। সর্ব্বস্য বাচ্যস্য বক্তব্যস্য ব্যূহদ্বয়াত্মকস্য বাচকঃ প্রণববৎ ব্রহ্মাভিধায়কত্বাৎ ব্রহ্মণি চ সর্ব্বান্তর্ভাবাদিত্যর্থঃ॥ ২॥

যাহাতে রমণ করেন, তিনিই রাম। ইত্যাদিরূপে বক্ষ্যমাণ সপ্তচত্বারিংশৎ ব্যূহের মূল ব্যূহবাচকই রামশব্দ। এই রামমন্ত্র অন্বর্থ অর্থাৎ সর্ব্বার্থের অনুগত এই রামশব্দ হইতেই তত্ত্বাদিপ্রপঞ্চসমূহের সম্যক্প্রকার জ্ঞান হইয়া থাকে, অর্থাৎ রামশব্দই সকলের বাচক। সাধকগণ গুরুর নিকট হইতে এই রামমন্ত্র গ্রহণ করিয়া জপ করিবে। উক্তরূপ অর্থ স্মরণপূর্ব্বক রামমন্ত্র জপ না করিলে পরমেশ্বর তাহার প্রতি প্রসন্ন হয়েন না॥ ১।

আবাহনাদিক্রিয়া, রাক্ষসমারণাদি এই সকলই দেবাতাদিগের কর্ম্ম, ইহাদিগের অর্থসিদ্ধির নিমিত্ত মন্ত্র কথিত হয়। যাহাকে মনন করিলে মনুষ্যগণ ত্রাণ পায়, তাহারই নাম মন্ত্র। যেমন ব্রহ্মেতে বিশ্ব অন্তর্ভূত

সোভয়স্যাস্য দেবস্য বিগ্রহো যন্ত্রকল্পনা।
বিনা যন্ত্রেণ চেৎ পূজা দেবতা ন প্রসীদতি ॥ ৩ ॥
স্বভূর্জ্জ্যোতির্ম্ময়োঽনন্তরূপী স্বেনৈব ভাসতে।
জীবত্বেনেদমোং যস্য সৃষ্টিস্থিতিলয়স্য চ ॥ ৪ ॥

সেতি সা যন্ত্রকল্পনা উভয়স্য পুম্প্রত্যক্ষাত্মকস্য মূর্ত্ত্যাত্মকস্য মূলস্থূলব্যূহাত্মকস্য বা অস্য দেবস্য বিগ্রহঃ শরীরং যন্ত্রস্থদেবানাং সেনারূপত্বাৎ তস্য সেনাদিকল্পনেতি শ্রুতেশ্চ সর্ব্বদেব-শরীরমিত্যর্থঃ। অথবা সঃ মন্ত্রঃ অভয়স্য নির্ভয়স্য দেবস্য রামস্য বিগ্রহঃ শরীরং "মূর্ত্তিং মূলেন কল্পয়েৎ" ইতি স্মৃতেঃ ততো যন্ত্রকল্পনা কর্ত্তব্যা অয়ং বিধিঃ। অকারণে বাধকং বিনেতি ॥ ৩ ॥

দেবস্বরূপমাহ স্বভূরিতি। স্বয়ম্ অন্যনিরপেক্ষঃ ভবতি বিদ্যতে স্বভূঃ জ্যোতির্ম্ময়ঃ প্রকাশাত্মা অনন্তঃ দেশতঃ কালতশ্চ পরিসমাপ্তিরহিতঃ। অনন্ত ইত্যেব বক্তব্যে রূপীতিপদং রূপবত্ত্বেঽপ্যনন্ততাব্যাহতিসূচনার্থম্। স্বেনৈব ভাসতে নত্বন্যেন স্বপ্রকাশত্বাৎ অথচ স্বভূঃ বিন্দুঃ জ্যোতির্ম্ময়ঃ

আছে এবং প্রণব সেই ব্রহ্মের বাচক বলিয়া ঐ প্রণব সকলের বাচক হয়। সেই রামমন্ত্রও ব্রহ্মাভিধায়কবিধায় সর্ব্ববক্তব্যের বাচক হইতেছে ॥ ২ ॥

দেবতার যে মন্ত্রকল্পনা, তাহাও স্থূলসূক্ষ্ম উভয়াত্মকব্যূহের শরীরস্বরূপ, অর্থাৎ যন্ত্রই সর্ব্বদেবতার মূর্ত্তি। অথবা সেই রামমন্ত্রই নির্ভয় রামদেবতার মূর্ত্তিরূপে পরিকল্পিত হইয়া থাকে, অতএব অবশ্য যন্ত্রকল্পনা করিবে। যদি যন্ত্রকল্পনা না করিয়া কেহ সেই দেবতার পূজা করে, তাহাহইলে দেবতা তাহার প্রতি প্রসন্ন হয়েন না ॥ ৩ ॥

এইক্ষণ পরংব্রহ্ম রামের স্বরূপ কীর্ত্তন করিতেছেন, তিনি স্বভূ, অর্থাৎ তাঁহার উৎপত্তি অন্য নিরপেক্ষ, জ্যোতির্ম্ময় এবং অনন্তরূপী, অর্থাৎ কোন দেশে ও কোনকালে তাঁহার পরিসমাপ্তি নাই। তিনি স্বয়ং প্রকাশ পাইয়া থাকেন, অপর কেহ তাঁহাকে প্রকাশ করিতে পারে না। তিনি

কারণত্বেন চিচ্ছক্ত্যা রজঃসত্ত্বতমোগুণৈঃ।
যথৈব বটবীজস্থঃ প্রাকৃতশ্চ মহাদ্রুমঃ ॥ ৫ ॥
তথৈব রামবীজস্থং জগদেতচ্চরাচরম্।
রেফারূঢ়া মূর্ত্তয়ঃ স্যুঃ শক্তয়স্তিস্র এব চেতি ॥ ৬ ॥
সীতারামৌ তন্ময়াবত্র পূজ্যৌ

রেফমিলিতঃ আকারেণ নিরূপিতো মধ্য আলিঙ্গিতো রামিতিমন্ত্রঃ স্বেনৈব স্বাত্মনৈব ভাসতে শব্দস্য হি স্বং স্বং রূপমর্থো বাচ্যশ্চেতি। যদ্বা স্ফোটস্য ব্রহ্মরূপত্বাৎ তস্য চ স্বপ্রকাশত্বাৎ। জীবত্বেনেতি যস্য জীবত্বেন স্থিত্যুৎপত্তিলয়স্য চ কারণত্বেন চিচ্ছক্ত্যা রজঃ-সত্ত্ব-তমো-গুণৈঃ যথাসঙ্খ্যমিদং বর্ত্ততে যস্য চিচ্ছক্ত্যা জীবত্বেন গুণৈঃ কারণত্বেন চ ইদং সর্ব্বং ভাতীত্যর্থঃ। কথং ভূতম্ ইদম্? ওঁ পরমাত্মরূপমেব বস্তুগত্যা যথৈবোঙ্কারঃ তথৈব রামবীজমিতি। বটবীজদৃষ্টান্তমাহ যথৈবেতি। প্রাকৃতঃ প্রকৃতের্ব্বটবীজাদুৎপন্নঃ ॥ ৪-৫ ॥

রেফারূঢ়া ইতি। রেফোপরিস্থাঃ রঃ কৃষ্ণঃ আ ব্রহ্মা মঃ মহেশ্বরঃ তিস্রো মূর্ত্তয়ঃ তিস্রঃ শক্তয়ঃ উৎপত্তিস্থিতিসংহারশক্তয়ঃ ॥ ৬ ॥

সীতারামৌ তন্ময়ৌ প্রকৃতিপুরুষময়ৌ অত্র বীজেন পূজ্যৌ বীজস্য

সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের কারণ, অর্থাৎ সত্ব, রজঃ ও তমোগুণদ্বারা ক্রমত জগতের সৃষ্টি-স্থিতি-প্রলয় করিতেছেন। যেমন ওঙ্কার পরমাত্মস্বরূপ, সেইরূপ রামবীজও পরমাত্মস্বরূপ। যেমন বটবীজের মধ্যে প্রাকৃত মহাবৃক্ষ বিদ্যমান আছে, সেইরূপ এই চরাচর জগৎ রামবীজের মধ্যবর্ত্তী জানিবে, অর্থাৎ যেমন বটবীজ হইতে প্রধান শাখাপ্রশাখাদিবিশিষ্ট বট-বৃক্ষ জন্মে, সেইরূপ রামবীজ হইতে এই চরাচর জগৎ জন্মিয়াছে। আর ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর, এই মূর্ত্তিত্রয় রামের শক্তিত্রয়স্বরূপ, এই শক্তিত্রয় হইতেই অনন্তব্রহ্মাণ্ডের সৃষ্টিস্থিতিলয় হইতেছে ॥ ৪-৬ ॥

সীতা ও রাম এই প্রকৃতিপুরুষময় বীজকে পূজা করিবে। যেহেতু

জাতান্যাভ্যাং ভুবনানি দ্বিসপ্ত।
স্থিতানি চ প্রহৃতান্যেব তেষু
ততো রামো মানবো মায়য়াধাৎ ॥ ৭ ॥
জগৎপ্রাণায়াত্মনেঽস্মৈ নমঃ স্যান্নম-
স্ত্বৈক্যং প্রবদেৎ প্রাগ্গুণেন ইতি ॥ ৮ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

মূর্ত্তিত্বাৎ "মূর্ত্তিং মূলেন কল্পয়েৎ" ইত্যুক্তেঃ। আভ্যাং সীতারামাভ্যাং দ্বিসপ্ত দ্বিরাবৃত্তানি সপ্ত চতুর্দ্দশেত্যর্থঃ জাতানি উৎপন্নানি স্থিতানি চ তয়োরেব স্থিতিং প্রাপ্তানি প্রহৃতানি লীনান্যেব তেষু অকারোকারমকারেষু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরেষু ততঃ কারণাৎ রামো মায়য়া মানবোঽধাৎ কপটেন মানবোঽহমিতি দধ্যৌ ॥ ৭ ॥

জগৎপ্রাণায় জগতাং প্রাণায় আত্মনে অস্মৈ রামায় নমনং নমঃ নমস্কারঃ স্যাৎ কর্ত্তব্য ইত্যর্থঃ। নমস্তু কৃত্বেতি শেষঃ নমস্কারন্তু কৃত্বা

বীজই মূর্ত্তিস্বরূপ। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, মূলমন্ত্রে মূর্ত্তিকল্পনা করিবে। এই সীতা ও রাম হইতেই চতুর্দ্দশভুবন উৎপন্ন হইয়াছে, বিদ্যমান আছে এবং লয় পাইতেছে, অর্থাৎ অকার, উকার ও মকারাত্মক ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বররূপ শক্তিত্রয় হইতে জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইয়া থাকে। পরন্তু রাম কপটমায়া করিয়াই "আমি মানব" এইরূপে খ্যাতি ধারণ করিয়াছেন। ৭ ॥

জগতের প্রাণ, অর্থাৎ আত্মস্বরূপ শ্রীরামচন্দ্রকে নমস্কার করিবে। অনন্তর ত্রিগুণাতীত ব্রহ্মের সহিত এই নমস্য দেবতা রামের ঐক্য জ্ঞান

তৃতীয়ঃ খণ্ডঃ।

জীবাবাচি নমো নাম চাত্মা রামেতি গীয়তে।
তদাত্মিকা যা চতুর্থী তথা চায়েতি কথ্যতে ॥ ১ ॥

প্রাক্ গুণেন গুণেভ্যঃ প্রাগ্রূপেণ ব্রহ্মণা সহ ঐক্যং নমস্তদেবতায়া বদেৎ। নমস্তৈক্যমিতি পাঠে স্পষ্টোঽর্থঃ ইতি শব্দঃ খণ্ডসমাপ্তৌ ॥ ৮ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ। ২।

মন্ত্রপদার্থমাহ জীবাবাচীতি। নমো নাম নম ইতি নাম নম ইতি প্রাদিপদিকম্ জীবাবাচি জীবমাবক্তি তস্য নামত্বাৎ নত্বাভিধানম্। রামেতি নাম্না চ আত্মা গীয়তে। তদাত্মিকা তেন রামেণ আত্মনা সহ ঐক্যমাপন্না একপদতাং গতা যা চতুর্থীবিভক্তিঃ আয়েতি তয়া তথা কথ্যতে তথোচ্যতে জীবাত্মপরমাত্মনোরৈক্যমেবোচ্যতে তেন যস্তত্ত্ব-মস্যাদিবাক্যার্থঃ স এবাস্য মন্ত্রস্যার্থ ইত্যর্থঃ ॥ ১ ॥

করিবে। শ্রীরাম ব্রহ্মস্বরূপ, ইহাই ভক্তগণ ভাবনা করিয়া তাহাতেই নিয়ত থাকিবে ॥ ৮ ।

ইতি দ্বিতীয় খণ্ড। ২ ॥

এইক্ষণ মন্ত্রার্থ কথিত হইতেছে।—"নমঃ" এই শব্দ জীবভাব প্রকাশ করে এবং "রাম" এই পদে আত্মা কথিত হইয়া থাকে। আর পরমাত্ম-বাচক রামশব্দের সহিত এক পদতাপ্রাপ্ত যে চতুর্থী বিভক্তি, অর্থাৎ "রামায়" এই বাক্যান্তর্গত চতুর্থী বিভক্তি জীবাত্মা ও পরমাত্মার ঐক্য

মন্ত্রোঽয়ং বাচকো রামো বাচ্যঃ স্যাদ্‌যোগ এতয়োঃ।
ফলদশ্চৈব সর্ব্বেষাং সাধকানাং ন সংশয়ঃ ॥ ২ ॥
যথা নামী বাচকেন নাম্না যোঽভিমুখো ভবেৎ।
তথা বীজাত্মকো মন্ত্রোমন্ত্রিণোঽভিমুখো ভবেৎ ॥ ৩ ॥

বাক্যার্থমাহ মন্ত্রোঽয়মিতি অয়ং মন্ত্রো বাচকো রামস্য রামোঽস্য মন্ত্রস্য বাচ্যঃ স্যাৎ এতয়োঃ বাচ্যবাচকয়োঃ যোগঃ যোজনমাত্মনা সহৈক্যা-পাদনং সর্ব্বেষাং সাধকানাং ফলপ্রদঃ ইতি নিশ্চিতমেব তত উক্তম্— "দেবতাগুরুমন্ত্রাণাং ভাবয়েদৈক্যমাত্মনা" ইতি। ২ ॥

যথেতি যথা যঃ নামী নামবান্ স বাচকেন নাম্না আকারিতঃ সন্ অভিমুখো ভবেৎ আকারয়িতুরিতিশেষঃ। যদ্বা আয়য়তি আকারয়তি আয় অয়গতাবাঙ্‌পূর্ব্বঃ ক্বিপ্ তস্য আকারয়িতুরিত্যর্থঃ। তথা বীজাত্মকং নামবজ্জ্ঞাতব্যং যেন আকারিতো দেবো মন্ত্রিণোঽভিমুখঃ শীঘ্রফলদো ভবেদিতি পদার্থবাক্যার্থজ্ঞানফলমুক্তম্। ৩ ॥

বলিয়া থাকে ; অতএব জানা যাইতেছে যে, "তত্ত্বমসি" ইত্যাদি বাক্যে যে অর্থ প্রতিপাদন করে, "রামায়" মন্ত্রও তাহাই প্রতিপাদন করিয়া থাকে ॥ ১ ।

অনন্তর বাক্যার্থ নিরূপণ করিতেছেন।—"রামায় নমঃ" এই মন্ত্রই রামের বাচক এবং রামই উক্ত মন্ত্রের বাচ্য। এই বাচ্যবাচকের যোগ, অর্থাৎ আত্মার সহিত ঐক্যজ্ঞান সকল সাধকেরই ফলপ্রদ, অর্থাৎ যে যে সাধক উক্তরূপে ঐক্যজ্ঞান করে, সেই সেই সাধক মোক্ষফল পাইয়া থাকে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, দেবতা, গুরু ও মন্ত্র ইহাদিগের ঐক্যভাবনা করিবে ॥ ২ ।

যেমন কোন নামবিশিষ্ট ব্যক্তিকে তাহার নামে সম্বোধন করিলে সেই ব্যক্তি সম্বোধনকর্ত্তার অভিমুখী হয়, সেইরূপ এই মন্ত্রও জীবাত্মক, অর্থাৎ কোন ব্যক্তি উক্ত মন্ত্রে দেবতাকে আরাধনা করিলে তৎক্ষণাৎ সেই দেবতা সাধকের অভিমুখী হইয়া থাকেন ॥ ৩ ।

বীজশক্তী ন্যসেদ্দক্ষবাময়োস্তনয়োরপি।
কীলো মধ্যে বিনা ভাব্যঃ স্ববাঞ্ছাবিনিয়োগবান্॥ ৪॥

ন্যাসমাহ বীজেতি বীজম্ আদ্যপদং শক্তিঃ উত্তরপদম্ তদুক্তং শৌনক-কল্পে—"জানীয়াৎ প্রথমং বর্ণং বীজং শক্তিং নতিস্তথা" ইতি। বীজং দক্ষিণস্তনে শক্তিং বামস্তনে ন্যসেৎ। কেচন আয়েতি শক্তিমাহুঃ কীল ইতি। কীলো য ইতি বর্ণো মধ্যে স্তনয়োর্ম্মধ্যে বিনাভাব্যঃ নিয়মেন ন্যসনীয়ঃ। ন কেবলং হৃদি কীলো ন্যাস্যঃ কিন্তু স্বস্য বাঞ্ছা অভিলাষো বিনিয়োগশ্চ তাবপি ন্যাস্যাবিত্যাহ স্বেতি। প্রয়োগস্তু শ্রীরামপ্রীত্যর্থে লক্ষ্ম্যাদিপ্রাপ্তয়ে বা জপে পূজায়াং বা বিনিয়োগ ইতি হৃদি স্মর্ত্তব্যমিতি। যদ্বা নন্থ হৃদয়ে কীলন্যাসস্য কিং প্রয়োজনম্? অত আহ স্বেতি স্বস্য যা বাঞ্ছা সাধকস্য যোঽভিলাষঃ তস্যাঃ যো বিনিয়োগঃ বিশেষেণ নিয়োগঃ ভবেদিতি প্রেরণং তদ্বান্ সাধকেচ্ছাপূরক ইত্যর্থঃ॥ ৪॥

ইতিপূর্ব্বে মন্ত্র কীর্ত্তন করিয়া এইক্ষণ ন্যাস বলিতেছেন।—বীজশব্দে আদ্যপদ এবং শক্তিশব্দে উত্তরপদ, শৌনককল্পে লিখিত আছে যে, প্রথম বর্ণকে বীজ, শক্তি ও নমস্কার বলিয়া জানিতে হইবে; অতএব বীজ, অর্থাৎ আদ্যবর্ণ দক্ষিণ স্তনে এবং শক্তি, অর্থাৎ অন্তবর্ণ বামস্তনে ন্যাস করিবে। আর "কীল" এই বর্ণদ্বয় স্তনদ্বয়ের মধ্যে ন্যাস করিতে হইবে। হৃদয়ের যে কেবল কীলশব্দ ন্যাস করিবে, এমত নহে; কিন্তু আপনার অভিলাষ ও বিনিয়োগ এই উভয় ন্যাস করা কর্ত্তব্য, অর্থাৎ শ্রীরামের প্রীতির নিমিত্ত ও লক্ষ্ম্যাদির প্রীতির নিমিত্ত জপে অথবা পূজাতে বিনি-য়োগ হউক, এইরূপে হৃদয়ে স্মরণ করিবে। যদি বল, হৃদয়ে কীলন্যাসের প্রয়োজন কি? এই আশঙ্কায় বলিতেছেন।—সাধকের যে অভিলাষ, তাহাই হৃদয়ে বিশেষরূপে নিয়োগ, অর্থাৎ প্রেরণ হয়; অতএব হৃদয়ে কীলক ন্যাস সাধকের বাঞ্ছাপূরক। উক্তরূপে ন্যাস করিলে সাধকের অভিলাষ পূর্ণ হইয়া থাকে॥ ৪॥

সর্ব্বেষামেব মন্ত্রাণামেষ সাধারণঃ ক্রমঃ।
অত্র রামোঽনন্তরূপস্তেজসা বহ্নিনা সমঃ॥ ৫॥
সত্বনুষ্ণগু বিশ্বশ্চেদগ্নীষোমাত্মকং জগৎ।
উৎপন্নং সীতয়া ভাতি চন্দ্রশ্চন্দ্রিকয়া যথা॥ ৬॥

সর্ব্বেষামিতি বীজং শক্তিঃ কীলকমিতি ত্রয়ং স্ববাঙ্গাবিনিয়োগাভ্যাং সহিতমুক্তস্থানেষু ন্যসনীয়মিতি সর্ব্বমন্ত্রস্য সাধারণো বিধিরিত্যর্থঃ। উদ্ধারঃ শিষ্টন্যাসা ঋষ্যাদয়ঃ ষড়ঙ্গানি চ যথা—"অনন্তো ন্যাসতঃ সেন্দু-বীজং রামায় হৃন্মনুঃ। ষড়ক্ষরোঽয়মাদিষ্টো ভজতাং কামদো মণিঃ॥ ব্রহ্মা প্রোক্তো মুনিশ্ছন্দো গায়ত্রং দেবতা মনোঃ। দেশিকেন্দ্রৈঃ সমাখ্যাতো রামো রাক্ষসমর্দ্দনঃ॥ দীর্ঘভাজা স্ববীজেন কুর্য্যাদঙ্গানি ষট্ ক্রমাৎ। ব্রহ্মরন্ধ্রে ভ্রুবোর্ম্মধ্যে হৃন্নাভ্যন্ধুষু পাদয়োঃ। ষড়ক্ষরাণি বিন্যস্তে-ন্মন্ত্রস্য মন্ত্রবিত্তমঃ॥" ইতি আদ্যং বীজস্ত রাং তস্য ধ্যানমাহ অত্রেতি। রামঃ দাশরথিঃ অনন্তরূপঃ ব্রহ্মরূপঃ তেজসা বলেন বহ্নিতুল্যঃ অথ চ রামঃ অনুষ্ণগুনা চন্দ্রেণ সীতয়া বিশ্বো ব্যাপ্তঃ বেষ্টিতশ্চেৎ তদা পুম্প্রকৃত্যাত্মকং জগৎ সিদ্ধম্ অথ চন্দ্রেণ বিশ্ববিন্দুনাবিষ্টশ্চেৎ তদা অগ্নীষোমাত্মকং জগৎ

সর্ব্বমন্ত্রেরই সাধারণ বিধি এই যে, পূর্ব্বোক্ত স্থানসমূহে বীজ, শক্তি ও কীলক এই ত্রয়ের ন্যাস করিবে। "ওঁ রামায় নমঃ" এই ষড়ক্ষর মন্ত্র সাধকবর্গের কামপ্রদ মণিস্বরূপ, অর্থাৎ যাহারা এই মন্ত্র ভজনা করে, তাহারা সর্ব্বকাম সম্পন্ন হয়। এই মন্ত্রের ঋষি-ব্রহ্মা, ছন্দ-গায়ত্রী এবং রাক্ষসমর্দ্দন রাম-দেবতা। দীর্ঘস্বরযুক্ত স্বীয় বীজদ্বারা অঙ্গন্যাস করিবে, অর্থাৎ "শিরশি ব্রহ্ম ঋষয়ে নমঃ মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ" ইত্যাদিরূপে ঋষ্যাদি ন্যাস করিয়া "রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে অঙ্গন্যাস করিবে। তৎপরে ব্রহ্মরন্ধ্রে, ভ্রূমধ্যে, নাভিতে ও পাদদ্বয়ে মন্ত্রন্যাস করিবে। অনন্তর এইরূপে তাঁহার ধ্যান করিতে হইবে। দশরথতনয় রাম ব্রহ্মস্বরূপ এবং তেজঃপ্রভাবে অগ্নির তুল্য, অথচ চন্দ্রের ন্যায় শীতল স্বভাব। ইনি যখন সীতার সহিত ব্যাপ্ত হন, তখনই পুং-প্রকৃত্যাত্মক জগৎস্বরূপ সিদ্ধ

প্রকৃত্যা সহিতঃ শ্যামঃ পীতবাসা জটাধরঃ।
দ্বিভুজী কুণ্ডলী রত্নমালী ধীরো ধনুর্দ্ধরঃ ॥ ৭ ॥
প্রসন্নবদনো জেতা ধৃষ্ট্যষ্টকবিভূষিতঃ।
প্রকৃত্যা পরমেশ্বর্য্যা জগদ্‌যোন্যাঙ্কিতাঙ্কভৃৎ ॥ ৮ ॥
হেমাভয়া দ্বিভুজয়া সর্ব্বালঙ্কৃতয়াচিতা।

তদ্বাচকঃ রামিতি সিদ্ধম্। উৎপন্নমিতি পূর্ব্বেণ সম্বধ্যতে। স রামঃ শীতা লাঙ্গলপদ্ধতিঃ শেতে শীতা ঔণাদিকস্তন্ প্রত্যয়ঃ। তজ্জত্বাৎ জনকাত্মজাপি শীতা তয়া ভাতি দৃষ্টান্তশ্চন্দ্র ইতি। ৫-৬।

ইদানীং ধ্যানার্থং দেবস্বরূপমাহ প্রকৃত্যেতি। শ্যামো বর্ণেন ধীরঃ নির্ভয়ঃ। ধৃষ্টিঃ প্রাগল্‌ভ্যং সাচ অষ্টকম্ অণিমাদ্যষ্টকঞ্চ তেন বিভূষিতঃ শোভিতঃ। অথবা ধৃষ্ট্যাদ্যষ্টকাবরণেন প্রকৃত্যা মূলপ্রকৃতিরূপয়া পরমৈশ্বর্য্যা পরময়া ঈশ্বর্য্যা জগতাং যোন্যা উৎপত্তিহেতুভূতয়া অঙ্কিতঃ চিহ্নিতঃ যঃ অঙ্কঃ উৎসঙ্গঃ তং বিভর্ত্তি ॥ ৭-৮ ॥

সর্ব্বালঙ্কৃতয়াচিতা সর্ব্বেণ অলঙ্কৃতেন অলঙ্কারেণ আচিতয়া ব্যাপ্তয়া। সর্ব্বালঙ্কৃতাচিতয়া ইতি বক্তব্যে ছান্দসো বিভক্তের্ম্মধ্যে প্রয়োগঃ। যদ্বা

হয়, আর "রাং" এই বিন্দুযুক্ত মন্ত্র অগ্নীষোমাত্মক জগদ্বাচক এবং এই রাম হইতেই জগৎ উৎপন্ন হইয়াছে। যেমন জ্যোৎস্নাদ্বারা চন্দ্র পরিশোভিত হয়, সেইরূপ রাম সীতার সহযোগে শোভিত হইয়া থাকেন ॥৫-৬॥

এইক্ষণ ধ্যানার্থ দেবের স্বরূপ নিরূপণ করিতেছেন।—শ্রীরাম প্রকৃতিরূপা সীতার সহিত বর্ত্তমান আছেন। শ্যামবর্ণ, পীতবস্ত্র পরিধান, জটাধারী, দ্বিভুজ, কুণ্ডলবান্, রত্নমালাবিভূষিত, প্রশান্তমূর্ত্তি, ধনুর্দ্ধর, প্রসন্নবদন, বিশ্ববিজয়ী, প্রগল্‌ভ এবং অণিমাদি অষ্টসিদ্ধি-বিভূষিত। ইহার অঙ্কদেশে মূলপ্রকৃতিরূপা পরমৈশ্বর্য্যশালিনী জগতের যোনিভূতা সীতাদেবীকে ধারণ করিয়াছেন ॥ ৭-৮ ॥

শ্রীরাম হেমবর্ণা দ্বিভুজা এবং সর্ব্বপ্রকার অলঙ্কারবিভূষিতা সীতার

শ্লিষ্টঃ কমলধারিণ্যা পুষ্টঃ কোশলজাত্মজঃ ॥ ৯ ॥
দক্ষিণে লক্ষ্মণেনাথ সধনুষ্পাণিনা পুনঃ।
হেমাভেনানুজেনৈব তদা কোণত্রয়ং ভবেৎ ॥ ১০ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

সর্ব্বৈরলঙ্কারৈরলঙ্কৃতয়া তথা চিতা চিচ্ছক্তিরূপয়া। সর্ব্বালঙ্কৃতয়া শ্লিষ্ট ইতি যুক্তঃ পাঠঃ। পুষ্টঃ বিপুলাঙ্গঃ কোশলজায়াঃ কৌশল্যায়াঃ আত্মজঃ পুত্রঃ ॥ ৯ ॥

দক্ষিণে ইতি দক্ষিণে ভাগে লক্ষ্মণেন শ্লিষ্টঃ অর্থাৎ বামে সীতয়া শ্লিষ্টঃ। তদুক্তম্—"বামভাগে সমাসীনাং সীতাং কাঞ্চনসন্নিভাম্" ইতি। তদা দেবতাত্রয় উপবিষ্টে সতি কোণত্রয়ং ভবেৎ একং ত্রিকোণং ভবেদিত্যর্থঃ। অনুজেনৈবেত্যেবকারেণ অস্মিন্ ত্রিকোণে দেবতান্তরপূজা বার্য্যতে ।১০॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

সহিত যুক্ত আছেন। আর ইনি কোশল রাজতনয়া কৌশিল্যার আত্মজ ॥ ৯ ॥

শ্রীরামের দক্ষিণভাগে সুবর্ণবর্ণ দ্বিভুজ লক্ষ্মণ ধনুর্দ্ধারণ করিয়া বর্ত্তমান আছেন এবং বামভাগে সীতাদেবী সমাসীনা রহিয়াছেন। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, বামভাগে কাঞ্চনবর্ণা সীতা উপবিষ্টা আছেন। এই-রূপে দেবত্রয়ের উপবেশনে একটি ত্রিকোণ হয়, এই ত্রিকোণে অন্য দেবতার পূজা করিতে পারে না ॥ ১০ ॥

ইতি তৃতীয় খণ্ড। ৩।

চতুর্থঃ খণ্ডঃ ।

তথৈব তস্য মন্ত্রস্য যস্যাণুশ্চ স্বংঙেতয়া ।
এবং ত্রিকোণরূপং স্যাৎ তং দেবা যে সমাযযুঃ ॥ ১ ॥
স্তুতিং চক্রুশ্চ জগতঃ পতিং কল্পতরৌ স্থিতম্ ।
কামরূপায় রামায় নমো মায়াময়ায় চ ॥ ২ ॥

তথৈবেতি যথা বীজমুক্তম্ এবং তস্য মন্ত্রস্য রামমন্ত্রস্য শেষোঽংশ উচ্যতে ইতি শেষঃ। তস্য কস্য ? যস্য স্বংঙেতয়া সহ অণুঃ স্বং রামস্বরূপং শব্দঃ তস্য ঙেতা বিভক্তিশ্চতুর্থ্যেকবচনং তেন সহ অণুঃ সূক্ষ্মো ভাগঃ নম্রাংশো নতিঃ নমঃশব্দ ইত্যর্থঃ। ঙেতো রামো নমঃ শব্দঃ স্বমন্ত্রশেষোঽংশ ইত্যর্থঃ। এবং সতি ষড়ক্ষরে মন্ত্রে সিদ্ধে সতি দ্বিতীয়ং ত্রিকোণরূপং স্যাৎ ত্রিকোণদ্বয়ে কোণষট্কষড়ক্ষরসমাবেশার্থং তং দেবা ইতি যে দেবাঃ তং সমাযযুঃ ॥ ১ ॥

দ্রষ্টুং লব্ধাবসরান্তে তং স্তুতিং স্তূয়তে যঃ স স্তুতিঃ তং স্তুতিং স্তুতিবিষয়ং চক্রুঃ। স্তুতিমাহ কামেতি কামেন স্বেচ্ছয়া রূপং যস্য তস্মৈ রামা

যেমন রামবীজ উক্ত হইয়াছে, সেইরূপ রামমন্ত্রের শেষ অংশ কথিত হইতেছে।—রামশব্দে চতুর্থী বিভক্তি যোগ করিয়া তাহার অন্তে "নমঃ" শব্দ যুক্তকরিবে। এইরূপ হইলে "রাং রামায় নমঃ" এই ষড়ক্ষর মন্ত্র হয়। ইহাতেও দ্বিতীয় ত্রিকোণ হয়, এই ত্রিকোণদ্বয়াত্মক ষট্‌কোণে ষড়ক্ষর মন্ত্রের সমাবেশ হইয়া থাকে। যে সকল দেবতা তাঁহাকে লাভ করিয়াছেন, তাঁহারা উক্ত মন্ত্রে রামের আরাধনা করিয়াছিলেন ॥ ১ ॥

দেবগণ শ্রীরামের দর্শনলাভ করিয়া দর্শনাবসরকালে জগৎপতি এবং কল্পতরুতে অবস্থিত রামকে এইরূপে স্তব করিয়াছিলেন।—যিনি আপন ইচ্ছানুসারে রূপধারণ করিতে পারেন, সেই রামকে নমস্কার করি।

নমো বেদাদিরূপায় ওঙ্কারায় নমোনমঃ ।
রমাধারায় রামায় শ্রীরামায়াত্মমূর্ত্তয়ে ॥ ৩ ॥
জানকীদেহভূষায় রক্ষোঘ্নায় শুভাঙ্গিনে ।
ভদ্রায় রঘুবীরায় দশাস্যান্তকরূপিণে ॥ ৪ ॥
রামভদ্র ! মহেশ্বাস !! রঘুবীর !!! নৃপোত্তম !!!! ।
ভো দশাস্যান্তকাস্মাকং রক্ষ দেহি শ্রিয়ঞ্চ তে ॥ ৫ ॥
ত্বমৈশ্বর্য্যং দাপয়াথ সম্প্রত্যাথরমারণম্ ।
কুর্ব্বিতি স্তুত্য দেবাদ্যাস্তেন সার্দ্ধং সুখং স্থিতাঃ ॥ ৬ ॥

স্ত্রী তস্যাঃ ধারায় ধত্রে রমাধারায়েতি যুক্তঃ পাঠঃ। শুভাঙ্গিনে শুভমঙ্গমস্যাস্তি শুভাঙ্গী তস্মৈ। ছান্দসত্বাৎ কর্ম্মধারয়াদপি মত্বর্থীয়ঃ সাধুঃ শুভশ্চাসাবঙ্গী চেতি বা অঙ্গী প্রধানপুরুষঃ ॥ ২-৩-৪ ॥

রামভদ্র ইত্যাদি সম্বোধনচতুষ্টয়ম্। ভো ভগবন্ দশাস্যান্তক ! দশ আস্যানি যস্য সঃ দশাস্যঃ রাবণঃ তস্য অন্তক ! অস্মাকং রক্ষ রক্ষণং কুরু তে তব শ্রিয়ঞ্চ অস্মভ্যং দেহি। যদ্বা তে অস্মান্ ত্বদীয়ানস্মান্ শ্রিয়ং দেহীত্যন্বয়ঃ। ত্বম্ ঐশ্বর্য্যম্ ঈশ্বরভাবং দাপয় রাক্ষসৈর্গৃহীতং প্রত্যর্পয়

যিনি মায়া করিয়া মানবরূপ ধারণ করিয়াছেন, সেই রামকে নমস্কার করি। যিনি বেদাদিরূপ, সেই ওঙ্কারস্বরূপ রামকে নমস্কার করি। যিনি রমার আধারস্বরূপ, সেই রামকে নমস্কার করি। যিনি আত্মমূর্ত্তিস্বরূপ, সেই শ্রীরামকে নমস্কার করি। যিনি জানকীর অঙ্গভূষণ, যিনি রাক্ষসকুল ধ্বংস করিয়াছেন, যাঁহার অঙ্গ অতি সুশোভন, যিনি রঘুকুলে অদ্বিতীয় বীরস্বরূপ, সেই দশাননের অন্তকস্বরূপ রামভদ্রকে আমি নমস্কার করি ॥ ২-৩-৪ ॥

হে রামভদ্র ! হে মহাধনুর্দ্ধারিন্ !! হে রঘুকুলবীর !!! হে রাজশ্রেষ্ঠ !!!! হে দশাননান্তক !!!!! তুমি আমাদিগের রক্ষাবিধান কর। তোমার শ্রী প্রদান কর এবং ঐশ্বর্য্য প্রদান কর, অর্থাৎ রাক্ষসগণ যে আমাদিগের

স্তুবন্ত্যেবং হি ঋষয়স্তদা রাবণ আসুরঃ।
রামপত্নীং বনস্থাং যঃ স্বনিবৃত্ত্যর্থমাদদে ॥ ৭ ॥
স রাবণ ইতি খ্যাতো যদ্বা রাবাচ্চ রাবণঃ।

অথ সম্প্রতি ইদানীং সংক্ষেপেণ প্রার্থয়ামহে আখরমারণং খরো নাম রাক্ষসঃ তস্য মারণপর্য্যন্তং কুরু ভো দশাস্যান্তক! অস্মাকং রক্ষেত্যাদিনা প্রার্থিতস্ত পৌরুষং পশ্চাৎ করিষ্যসি ইতি স্তত্য এবং স্তুত্বা দেবাদ্যাঃ মুখ্যদেবাঃ তেন রামেণ সার্দ্ধং সুখং যথা স্যাত্তথা স্থিতাঃ রাবণবধেন নিজশ্রীলাভং প্রতীক্ষমাণাঃ। অস্তিস্তত্যেতি পাঠে অস্তি সমীপে স্থিতা ইত্যন্বয়ঃ ॥ ৫-৬ ॥

ন কেবলং দেবাদ্যাঃ কিন্ত্বন্যেঽপীত্যাহ স্তুবন্তীতি। যথা চ দেবাঃ স্তুবন্তি এবমৃষয়োঽপীত্যর্থঃ। তদা খরাদিষু হতেষু রাবণনামা আসুরঃ অসুর এব আসুরঃ যঃ প্রসিদ্ধঃ স রামপত্নীং বনস্থাং স্বনিবৃত্ত্যর্থং স্ববিনাশার্থম্ আদদে ॥ ৭ ॥

স ইতি রামপত্নীং বনস্থামাদদে যঃ স রাবণ ইতি রাবণপদব্যুৎপত্তিঃ।

আধিপত্য গ্রহণ করিয়াছে, তাহা প্রত্যর্পণ কর। সম্প্রতি তোমার নিকট ইহাই বিশেষ প্রার্থনা যে, তুমি আপাতত খরনামা রাক্ষসকে বিনাশ করিয়া আমাদিগের রক্ষা কর, পরে আমাদিগের প্রার্থিত কার্য্যসাধন করিবে। দেবগণ এইরূপে রামের স্তব করিয়া রাবণ বধানন্তর আপন আপন সম্পৎলাভ করিবেন, এই অভিপ্রায়ে রামের সহিত সুখে অবস্থান করিতে লাগিলেন ॥ ৫-৬ ॥

পরে দেবগণ যেরূপে রামের স্তব করিয়াছিলেন, ঋষিগণও সেইরূপে শ্রীরামের স্তব করিলেন। অনন্তর রাম খরাদি রাক্ষসগণ বিনাশ করিলে রাবণনামা অসুর আত্মবিনাশার্থ বনস্থা রামপত্নী সীতাকে হরণ করিয়াছিল ॥ ৭ ॥

দশানন রামপত্নীকে বন হইতে হরণ করিয়াছিল, এই নিমিত্ত তাহার

তদ্ব্যাজেনেক্ষিতুং সীতাং রামো লক্ষ্মণ এব চ ॥ ৮ ॥
বিচেরতুস্তদা ভূমৌ দেবীং সন্দৃশ্য চাসুরম্।
হত্বা কবন্ধং শবরীং গত্বা তস্যাজ্ঞয়া তয়া ॥ ৯ ॥

যদ্বা অথবা রাবাৎ শব্দাৎ কৈলাসতোলনাবসরে ঈশ্বরেণ ভারে দত্তে রৌতি স্ম তেন রাবণঃ ততঃ পূর্ব্বন্তু দশাননামাভূৎ। তদিতি তৎ তস্মাৎ যতঃ রামপত্নীমাদদে তস্মাৎ কারণাৎ সীতামীক্ষিতুং যদ্ব্যাজং তেন। সীতা-শব্দো দন্ত্যাদিস্তালব্যাদিরপি ॥ ৮ ॥

বিচেরতুরিতি ন সীতেক্ষণমুদ্দেশ্যম্ কিন্তু দশাস্যবধ এবোদ্দেশ্যঃ যদর্থং দেবপ্রার্থনয়া অবতীর্ণঃ। ভূমৌ উপানদাদ্যনন্তর্হিতায়াং বিচেরতুঃ দেবীং রাজপত্নীং সীতাং সন্দৃশ্য ইতস্ততো বিলোক্য অসুরং কবন্ধং হত্বা শবরীং তাপসীং গত্বা প্রাপ্য তত্র তৎস্বাগতং গৃহীত্বা তস্য রামস্য আজ্ঞয়া তয়া

রাবণনাম হয়, অর্থাৎ রাম শব্দের "রা" এবং বন শব্দের "বন" এই উভয়ের যোগে রাবণ নাম হইল। অথবা দশানন এক দিবস কৈলাসপর্ব্বত উত্তোলন করিতে গিয়াছিলেন, মহাদেব তাহা জানিতে পারিয়া পর্ব্বতোপরি ভারার্পণ করেন, তাহাতে দশানন অতিশয় রব করিয়াছিলেন, তাহাতেই তাহার রাবণ নাম হয়, ইহার পূর্ব্বে তাহার দশানন নামই বিখ্যাত ছিল। যেহেতু রাবণ রামপত্নী হরণ করে; অতএব রাম ও লক্ষ্মণ সেই সীতাদর্শনচ্ছল করিয়া রাবণ বধের অনুষ্ঠান করিতে লাগিলেন ॥ ৮ ॥

অনন্তর রাম ও লক্ষ্মণ উভয়ে ভূমিতে বিচরণ করিতে লাগিলেন। কেবল সীতা সন্দর্শন এই বিচরণের উদ্দেশ্য নহে, পরন্তু রাবণবধই তাহাদিগের প্রকৃত উদ্দেশ্য ছিল, যেহেতু এই রাবণবধার্থ শ্রীরাম পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। রাম ও লক্ষ্মণ সীতা সন্দর্শনার্থ ইতস্ততঃ পাদচারে বিচরণ করিতে করিতে কবন্ধাসুরকে দেখিতে পাইলেন এবং তাহাকে বিনাশ করিয়া তাপসী শবরপত্নীর নিকট উপস্থিত হইলেন। ব্যাধ-

পূজিতা বীরপুত্রেণ ভক্তেন চ কপীশ্বরম্।
আহূয় শংসতাং সর্ব্বমাদ্যন্তং রামলক্ষ্মণৌ ॥ ১০ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

শবর্য্যা পূজিতৌ সন্তৌ। ঈরঃ বায়ুঃ তস্য পুত্রেণ ভক্তেন ভজনপরেণ হনূমতা করণেন প্রয়োজ্যকর্ত্রা বা কপীশ্বরং সুগ্রীবম্ আহূয় শংসতাম্ অশংসতাং কথিতবন্তৌ সর্ব্বম্ আদ্যন্তম্ আদিশ্চ অন্তশ্চ আদ্যন্তৌ তস্ আদ্যন্তং বাহিতাগ্ন্যাদিষু আদিত আরভ্য অন্তং যাবৎ ॥ ৯-১০ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

ভার্য্যা রামলক্ষ্মণকে দেখিবামাত্র তাহাদিগের স্বাগত জিজ্ঞাসাপূর্ব্বক অনুজ্ঞা গ্রহণ করিয়া ভক্তিভাবে উভয়ের যথাযোগ্য সৎকার করিলে রামভক্ত বায়ুতনয় হনুমানের সহিত সাক্ষাৎ হইল। অনন্তর হনুমানদ্বারা সুগ্রীবকে সম্বোধন করিয়া তাহার নিকট সীতাহরণাদি বৃত্তান্ত সমস্ত কীর্ত্তন করিলেন ॥ ৯-১০ ॥

ইতি চতুর্থ খণ্ড ॥ ৪ ॥

পঞ্চমঃ খণ্ডঃ ।

স তু রামে শঙ্কিতঃ সন্ প্রত্যয়ার্থঞ্চ দুন্দুভেঃ ।
বিগ্রহং দর্শয়ামাস যো রামস্তমচিক্ষিপৎ ॥ ১ ॥
সপ্ততালান্ বিভিদ্যাশু মোদতে রাঘবস্তদা ।

ততো রামেণ সুগ্রীবস্য রাজ্যে প্রতিজ্ঞাতে সতি স তু রামে শঙ্কিতঃ বালিবধে রামস্য সামর্থ্যমস্তি নবেতি সন্দিগ্ধঃ সন্ প্রত্যয়ার্থং স্ববিশ্বাসার্থম্। তৎপ্রত্যয়ার্থম্ ইতি পাঠে তস্মিন্ রামে পৌরুষস্য বিশ্বাসার্থং দুন্দুভেঃ দৈত্যস্য বালিহতস্য বিগ্রহম্ অস্থিপুঞ্জং রামায় দর্শয়ামাস অয়ং দৈত্যো বালিনা হত ইতি। ততো যঃ রামো দুন্দুভের্দ্রষ্টা স তং দুন্দুভিম্ অচিক্ষিপত অনতিপ্রযত্নেনৈব ক্ষিপ্তবান্। অথবা "যস্ত মাতরিশ্বনি" ইতি নির্ঘণ্টঃ যঃ মাতরিশ্বা ইব বায়ুরিব তূলপুঞ্জং শীঘ্রকারী রামঃ তং বিগ্রহম্ অচিক্ষিপৎ ॥ ১ ॥

ততো বলনিশ্চয়ে সত্যপি ধানুষ্কতাসন্দেহনিরাসার্থং সপ্ততালান্ একেন বাণেন আশু শীঘ্রং বিভিদ্য নির্ভিদ্য মোদতে রঘোরপত্যং রাঘবঃ রামঃ।

সুগ্রীবের সহিত রামের সাক্ষাৎ হইলে রাম প্রতিজ্ঞা করিলেন যে, আমি বালিকে বিনাশ করিয়া তোমাকে রাজ্য প্রদান করিব। অনন্তর কপিরাজ সুগ্রীব বালিবিনাশে রামের শক্তিবিষয়ে সন্দিগ্ধ হইয়া, অর্থাৎ রাম বালিকে বিনাশ করিতে পারিবেন কি না ? এই সন্দেহে বালি যে দুন্দুভিনামা অসুরকে বিনাশ করিয়াছিল, সেই বালিহত দুন্দুভির অস্থিময় শরীর রামকে দেখাইলেন। রাম দুন্দুভির অস্থিময় শরীর দর্শনমাত্র বায়ু যেমন তুলরাশি দূরে নিক্ষেপ করে, সেইরূপ দুন্দুভির শরীর তৃণবৎ নিক্ষেপ করিলেন ॥ ১ ॥

সুগ্রীব যখন রামের বল জানিতে পারিলেন, তখন রাম স্বীয় ধনুর্বিদ্যাবিষয়ে সন্দেহনিরাসার্থ এক বাণে সপ্ততাল ভেদ করিয়া আনন্দ

তেন হৃষ্টঃ কপীন্দ্রোঽসৌ সরামস্তস্য পত্তনম্ ॥ ২ ॥
জগামাগর্জ্জদনুজো বালিনো বেগতো গৃহাৎ।
বালী তদা নির্জ্জগাম তং বালিনমথাহবে ॥ ৩ ॥
নিহত্য রাঘবো রাজ্যে সুগ্রীবং স্থাপয়েত্ততঃ।
হরীনাহূয় সুগ্রীবস্ত্বাহ চাশাবিদোঽধুনা ॥ ৪ ॥
আদায় মৈথিলীমদ্য দদত শ্বাশু গচ্ছত।
ততস্ততার হনুমানব্ধিং লঙ্কাং সমায়য়ৌ ॥ ৫ ॥

বর্ত্তমানকালনির্দ্দেশস্তু কল্পে কল্পে এবং ভবতীতি দ্যোতনার্থম্। তেন সুগ্রীবো হৃষ্টঃ সন্ সরামঃ রামসহিতঃ তস্য বালিনঃ পত্তনং নগরং জগাম গতবান্। ততঃ অগর্জ্জৎ সিংহনাদং কৃতবান্ অনুজঃ কনিষ্ঠঃ বালিন ইত্যুভাভ্যাং সম্বধ্যতে। বেগতঃ বেগেন গৃহাৎ জগাম অগর্জ্জচ্চেত্যন্বয়ঃ। নির্জ্জগাম গৃহান্নির্গতঃ ॥ ২-৩ ॥

আশাবিদঃ দিক্কুশলান্ অধুনা শীঘ্রং গচ্ছত আশু মৈথিলীমাদায় অদ্য দদত শু আশু স্বরূপতো বা সন্দেশতো বা শু আদায় আশু দদতেত্যর্থঃ। শুশব্দ আশ্বর্থে দদত শু আশু ইতি পদচ্ছেদঃ। ততঃ তদনন্তরং হনুমান্ ঈরপুত্রঃ অব্ধিং সমুদ্রং ততার তীর্ণবান্ তীর্ত্বা লঙ্কাং সমাযযৌ। কথা-বিস্তরস্তু বাল্মীকীয়াদ্বোদ্ধব্যঃ ॥ ৪-৫ ॥

প্রকাশ করিতে লাগিলেন। অনন্তর সুগ্রীব প্রহৃষ্ট হইয়া রামের সহিত বালির নগরে গমন করিলেন এবং সিংহনাদে গর্জ্জন করিতে লাগিলেন। বালি সুগ্রীবের গর্জ্জন শ্রবণ করিয়া প্রবলবেগে গৃহ হইতে বহির্গত হইলেন এবং প্রতিগর্জ্জন করিলেন ॥ ২-৩ ॥

অনন্তর রাঘব বালির সহিত যুদ্ধ করিয়া তাহাকে বিনাশ করিলেন এবং সুগ্রীবকে রাজ্যপদে প্রতিষ্ঠিত করিলে সুগ্রীব দিগভিজ্ঞ কপিদিগকে সম্বোধন করিয়া কহিলেন,—বানরগণ! তোমরা সীতার অন্বেষণার্থ স্ব স্ব অভিলষিতদিকে গমন কর। অদ্যই মৈথিলীর অনুসন্ধান করিয়া রামের

সীতাং দৃষ্ট্বাসুরান হত্বা পুরং দগ্ধ্বা তথা স্বয়ম্।
আগত্য রামায় স্বয়ং ন্যবেদয়ত তত্ত্বতঃ ॥ ৬ ॥
তদা রামঃ ক্রোধরূপী তানাহূয়াথ বানরান্।
তৈঃ সার্দ্ধমাদায়াস্ত্রাংশ্চ পুরীং লঙ্কাং সমাযযৌ ॥ ৭ ॥

অশোকবনিকায়াং সীতাং দৃষ্ট্বা অসুরান্ রক্ষঃকুমারাদীন্ হত্বা পুরং লঙ্কাং পুচ্ছাগ্নিনা দগ্ধ্বা তথা স্বয়ং রামং প্রতি আগত্য রামায় স্বয়ং স্বমুখেন তত্ত্বতঃ ন্যবেদয়ত নিতরাং বোধিতবান্ দ্বিঃস্বয়ম্পদমাদরাতিশয়ার্থম্ ॥ ৬ ॥

ক্রোধরূপী ক্রোধং রূপয়তি নিরূপয়তি আত্মনা দর্শয়তি তদ্ধর্ম্মো। তৈঃ সার্দ্ধং লঙ্কাং সমাযযৌ। কিং কৃত্বা? অস্ত্রান্ একোনপঞ্চাশতঃ প্রয়োগমন্ত্রান্ একোনপঞ্চাশতঃ সংহারমন্ত্রান্ বিশ্বামিত্রোপদিষ্টান্ কৃশাশ্ব-সুতান্ আদায় গৃহীত্বা ॥ ৭ ॥

নিকট সীতা অর্পণ করিতে হইবে, তোমরা শীঘ্র প্রস্থান কর। সুগ্রীবের আজ্ঞা শ্রবণ করিয়া বানরগণ দিগ্দিগন্তরে সীতার অন্বেষণ করিতে লাগিল, পবনপুত্র হনুমান সাগরলঙ্ঘন করিয়া অপর পারে উত্তীর্ণ হইল এবং তৎক্ষণাৎ লঙ্কাপুরে প্রবেশ করিল। ৪-৫ ॥

হনুমান লঙ্কাপুরে প্রবেশ করিয়া অশোকবনমধ্যে সীতাকে দেখিতে পাইল এবং রাক্ষসদিগকে বিনাশ করিয়া পুচ্ছাগ্নিদ্বারা লঙ্কাপুর ভস্মসাৎ করিল। অনন্তর লঙ্কা হইতে প্রস্থান করিয়া রামসমীপে উপস্থিত হইল এবং রামের নিকট যথাবৎ সীতাবৃত্তান্ত নিবেদন করিল। ৬ ॥

রাম হনুমানের বাক্য শ্রবণ করিয়া ক্রোধপ্রদর্শনপূর্ব্বক বানরগণকে সম্বোধন করিলেন এবং ঐ সকল বানর ও বিশ্বামিত্রোপদিষ্ট প্রয়োগ-সংহার মন্ত্রসমন্বিত উনপঞ্চাশৎ অস্ত্র সঙ্গে লইয়া লঙ্কাপুরাভিমুখে প্রস্থান করিলেন। ৭ ॥

তাং দৃষ্ট্বা তদধীশেন সার্দ্ধং যুদ্ধমকারয়ৎ ;
ঘটশ্রোত্রসহস্রাক্ষজিদ্ভ্যাং যুক্তং তমাহবে ॥ ৮॥
হত্বা বিভীষণং তত্র স্থাপ্যাথ জনকাত্মজাম্।
আদায়াঙ্কস্থিতাং কৃত্বা স্বপুরং তৈর্জ্জগাম সঃ ॥ ৯ ॥
ততঃ সিংহাসনস্থঃ সন্ দ্বিভুজো রঘুনন্দনঃ।
ধনুর্দ্ধরঃ প্রসন্নাত্মা সর্ব্বাভরণভূষিতঃ ॥ ১০ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

তামিতি তাম্ লঙ্কাং দৃষ্ট্বা তদধীশেন রাবণেন সার্দ্ধং যুদ্ধম্ অকারয়ৎ কৃতবান্ কারিতবান্ বানরৈরিতি বা। ঘটশ্রোত্রঃ কুম্ভকর্ণঃ সহস্রাক্ষজিৎ ইন্দ্রজিৎ মেঘনাদঃ তৈঃ বানরবিভীষণাদিভিঃ ॥ ৮-৯-১০ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ। ৫ ॥

রাম লঙ্কা দর্শন করিয়া লঙ্কাধিপতি রাবণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। রামের বানরসৈন্য যুদ্ধ আরম্ভ করিলে তিনি কুম্ভকর্ণ মেঘনাদ প্রভৃতি রাক্ষসগণের সহিত রাবণকে বিনাশ করিলেন ॥ ৮ ॥

অনন্তর বিভীষণকে লঙ্কারাজ্যে স্থাপন করিয়া জনকনন্দিনী সীতাকে উদ্ধার করিলেন এবং তাঁহাকে ক্রোড়ে করিয়া সৈন্যগণের সহিত স্বপুরে আগমন করিলেন ॥ ৯ ॥

অনন্তর রাম অযোধ্যারাজ্যের সিংহাসনে অধিরূঢ় হইয়া দ্বিভুজ ধনুর্দ্ধারী প্রসন্নাত্মা রঘুনন্দন সর্ব্বাভরণে বিভূষিত হইলেন এবং প্রজাপালন পূর্ব্বক রাজ্য শাসন করিতে লাগিলেন ॥ ১০ ॥

ইতি পঞ্চম খণ্ড ॥ ৫ ॥

ষষ্ঠঃ খণ্ডঃ।

মুদ্রাং জ্ঞানময়ীং যাম্যে বামে তেজঃপ্রকাশনম্।
ধৃত্বা ব্যাখ্যাননিরতশ্চিন্ময়ঃ পরমেশ্বরঃ ॥ ১ ॥

যাম্যে দক্ষিণে বাহৌ জ্ঞানমুদ্রা তল্লক্ষণন্তু—"তর্জ্জন্যঙ্গুষ্ঠকৌ সক্তাবগ্রতো হৃদি বিন্যসেৎ। বামং হস্তাম্বুজং বামে জানুমূর্দ্ধনি বিন্যসেৎ। জ্ঞানমুদ্রা ভবেদেষা রামচন্দ্রস্য বল্লভা ॥" ইতি। বামে তেজঃ প্রকাশনং ধনুঃ ধৃত্বা যদ্বা প্রকাশনং তেজঃ পুস্তকাখ্যমুদ্রাং ধৃত্বা বামমুষ্টিং স্বাভিমুখী কৃত্বা পুস্তকমুদ্রিকাব্যাখ্যাননিরতঃ স্থিতঃ। ব্যাখ্যানমুদ্রা তু—"দক্ষিণাঙ্গুষ্ঠ-তর্জ্জন্যাবগ্রলগ্নে পরাঙ্গুলীঃ। প্রসার্য্য সংহতোত্তানা এষা ব্যাখ্যানমুদ্রিকা। রামস্য চ সরস্বত্যা অত্যন্তং প্রেয়সী মতা ॥" ইতি। জ্ঞানব্যাখ্যানপুস্ত-কানাং যুগপৎ সম্ভবঃ। ধনুর্ম্মুদ্রা তু---"বামস্য মধ্যমাগ্রন্ত তর্জ্জন্যগ্রে নিয়োজয়েৎ। অনামিকাং কনিষ্ঠাঞ্চ তস্যাঙ্গুষ্ঠেন পীড়য়েৎ। দর্শয়েদ্বামকে স্কন্ধে ধনুর্ম্মুদ্রেয়মীরিতা ॥" ইতি ॥ ১ ॥

চিন্ময় পরমেশ্বর শ্রীরাম দক্ষিণহস্তে জ্ঞানমুদ্রা এবং বামহস্তে ধনু-র্ম্মুদ্রা ধারণ করিয়া উপবিষ্ট ছিলেন, অথবা দক্ষিণহস্তে পুস্তকমুদ্রা এবং বামহস্তে ব্যাখ্যানমুদ্রা ধারণ করিলেন। জ্ঞানমুদ্রা যথা,—তর্জ্জনী ও অঙ্গু-ষ্ঠাঙ্গুলি সংযুক্ত করিয়া তাহার অগ্রভাগ বক্ষঃস্থলে বিন্যস্ত করিবে। অন-ন্তর বামহস্ত বাম জানুর উপরে স্থাপন করিলে জ্ঞানমুদ্রা হয়, এই মুদ্রা রামের অতি প্রিয়তর। ব্যাখ্যানমুদ্রা যথা,—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ সংলগ্ন করিয়া অপর অঙ্গুলি সকল সরলভাবে প্রসারিত করিবে, ইহার নাম ব্যাখ্যানমুদ্রা, এই মুদ্রা রামের অতি প্রিয়। ধনুর্ম্মুদ্রা যথা,—বামহস্তের মধ্যমাঙ্গুলির অগ্রভাগ তর্জ্জনীর অগ্রে নিয়োজিত করিবে এবং কনিষ্ঠা ও অনামিকাঙ্গুলিকে অঙ্গুষ্ঠদ্বারা আক্রমণ করিয়া বামহস্ত বামস্কন্ধোপরি স্থাপন করিলে ধনুর্ম্মুদ্রা হইয়া থাকে ॥ ১ ॥

উদগ্দক্ষিণয়োঃ স্বস্য শত্রুঘ্নভরতৌ ধৃতঃ।
হনূমন্তঞ্চশ্রোতারমগ্রতঃ স্যাত্রিকোণগম্॥ ২॥
ভরতাধস্তু সুগ্রীবং শত্রুঘ্নাধো বিভীষণম্।
পশ্চিমে লক্ষ্মণং ধৃত্বা ধৃতচ্ছত্রং সচামরম্॥ ৩॥
তদধস্তৌ তালবৃন্তকরৌ ত্র্যস্রং পুনর্ভবেৎ।
এবং ষট্‌কোণমাদৌ স্বদীর্ঘাঙ্গৈরেষ সংযুতঃ॥ ৪॥

স্বস্য রামস্য ধৃত ইত্যত্র ধৃতচামরৌ ইতি পদলোপো দ্রষ্টব্যঃ। তদুক্তম্—"উভৌ ভরতশত্রুঘ্নৌ পার্শ্বয়োর্ধৃতচামরৌ।" ইতি। যদ্বা ধৃঙ্ স্থৈর্য্যে ব্যত্যয়েন পরস্মৈপদম্ ছান্দসঃ শপ্লুক্। ধৃতঃ স্থিরীভূয় তিষ্ঠতঃ। হনূমন্তঞ্চ শ্রোতারং রামে ব্যাখ্যাতরি শিষ্যম্ অগ্রতঃ গুরোরগ্রে ত্রিকোণগং পূজয়েদিতি প্রকারঃ স্যাৎ। অথবা ভরতশত্রুঘ্নৌ ধৃতবান্ রামঃ স্যাৎ অগ্রতো হনূমন্তঞ্চ ধৃতঃ স্যাৎ কর্ত্তরি ক্তঃ ন লোকাব্যয়েতি ষষ্ঠীনিষেধঃ॥ ২॥

ভরতাধঃ রামাৎ ভরতব্যবধানেন ধৃত্বা স্থাপয়িত্বা রামঃ কর্ত্তা। তদধঃ লক্ষ্মণাধঃ তৌ ভরতশত্রুঘ্নৌ ধৃত্বা ব্যাখ্যাননিরতঃ স্থিত ইত্যনুষঙ্গঃ। পুনস্ত্র্যস্রং ভবেৎ তেন এবং ষড়স্রং জাতম্। ইদানীমাবরণান্যাহ আদা-

---

রামের উত্তরে ও দক্ষিণে ভরত ও শত্রুঘ্ন চামর ধারণ করিয়া উপবিষ্ট আছেন, অথবা ভরত ও শত্রুঘ্ন রামের অগ্রে স্থিরভাবে বিদ্যমান আছেন এবং রাম নানাপ্রকার উপদেশ করিতেছেন।—হনুমান তাহা শ্রবণ করিতেছেন।—অনন্তর হনুমান গুরুর অগ্রে ত্রিকোণমধ্যে রামের অর্চ্চনা করিতে লাগিলেন॥ ২॥

ভরতের অধোভাগে সুগ্রীব, শত্রুঘ্নের অধোদেশে বিভীষণ এবং পশ্চিমদেশে লক্ষ্মণ চামর ও ছত্রধারণ করিয়া আছেন, ইহাতে একটি ত্রিকোণ হইয়াছে এবং লক্ষ্মণের অধোদেশে ভরত ও শত্রুঘ্ন ব্যাখ্যানকার্য্যে নিরত আছেন, ইহাতেও পুনর্ব্বার ত্রিকোণান্তর হইল, ইহাতে ষট্‌কোণ

দ্বিতীয়ং বাসুদেবাদ্যৈরাগ্নেয়্যাদিষু সংযুতঃ।
তৃতীয়ং বায়ুসূনুঞ্চ সুগ্রীবং ভরতস্তথা ॥ ৫ ॥
বিভীষণং লক্ষ্মণঞ্চ অঙ্গদঞ্চারিমর্দ্দনম্।
জাম্ববন্তঞ্চ তৈর্যুক্তস্ততো ধৃষ্টির্জ্জয়ন্তকঃ ॥ ৬ ॥
বিজয়শ্চ সুরাষ্ট্রশ্চ রাষ্ট্রবর্দ্ধন এব চ।
অকোপো ধর্ম্মপালশ্চ সুমন্ত্রেরেভিরাবৃতঃ ॥ ৭ ॥
সহস্রদৃগ্বহ্নি-ধর্ম্ম-রক্ষো-বরুণানিলাঃ।

বিতি। এষঃ দেবঃ আদৌ প্রথমাবরণে স্বদীর্ঘাঙ্গৈঃ স্বস্য দীর্ঘাঙ্গৈঃ রাং রীং রূং রৈং রৌং রঃ ইত্যেতৈঃ সংযুক্তঃ স্যাৎ ইদং দলমূলে। ৩-৪ ॥

তৃতীয়মিতি বায়ুপুত্রাদীন্ প্রাপ্য তৈর্যুক্তো দেবো যদা ভবতি তদা তৃতীয়ং ভবেদিত্যর্থঃ। এতে পূর্ব্বাদিষষ্টসু ক্রমেণ পূজ্যাঃ। ততঃ অনন্তরং সুমন্ত্রৈঃ সুমন্ত্রসহিতৈঃ এভিরাবৃতশ্চেৎ তদা চতুর্থং ভবতি। ধৃষ্টিস্থানে স্বষ্টিরিতি কেচিৎ পঠন্তি ইদং দলাগ্রে। ৫-৬-৭।

পঞ্চমমাহ সহস্রদৃগিতি সহস্রদৃক্ ইন্দ্রঃ ধর্ম্মঃ যমঃ রক্ষোবরুণবায়বঃ

হইল। মধ্যভাগে দেব রাং রীং রূং রৈং রৌং রঃ এই বীজষট্‌কে পরিবৃত হইয়া উপবিষ্ট আছেন ॥ ৩-৪।

যখন রাম আগ্নেয়াদিকোণে উপবিষ্ট বাসুদেবাদির সহিত যুক্ত হন, তখন দ্বিতীয় ব্যূহ এবং বায়ুপুত্র হনুমান, সুগ্রীব, ভরত, বিভীষণ, অরিমর্দ্দন, অঙ্গদ, জাম্ববান, ধৃষ্টি ও জয়ন্তক, যখন এই সকলের সহিত যুক্ত হন তখন তৃতীয় ব্যূহ। আর যখন বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অকোপ, ধর্ম্মপাল ও সুমন্ত্র এই সকলের সহিত যুক্ত হন তখন চতুর্থ ব্যূহ হইয়া থাকে। এইরূপ হইলে পূর্ব্বাদি অষ্টদিকে উক্ত হনুমানাদির পূজা করিতে হইবে ॥ ৫-৬-৭।

এইক্ষণ পঞ্চম ব্যূহ বর্ণিত হইতেছে।—রাম যখন ইন্দ্র, অগ্নি, যম,

ইন্দ্বীশ-ধাত্রনন্তাশ্চ দশভিস্তৈরাবৃতঃ ॥ ৮ ॥
বহ্নিস্তদায়ুধৈঃ পূজ্যো নলাদিভিরলঙ্কৃতঃ।
বশিষ্ঠ-বামদেবাদি-মুনিভিঃ সমুপাসিতঃ ॥ ৯ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

ইতি যুক্তঃ পাঠঃ। ইন্দুঃ চন্দ্রঃ ঈশঃ ঈশানঃ ধাতা ব্রহ্মা স পূর্ব্বেশানয়োর্ম্মধ্যে পূজ্য অনন্তঃ শেষঃ স নির্ঋতিবরুণয়োর্ম্মধ্যে ততো বহ্নিঃ তদায়ুধৈঃ ইন্দ্রাদ্যায়ুধৈঃ আবৃতঃ পূজ্যঃ তদায়ুধান্যুক্তানি যথা—"বজ্রং শক্তিং দণ্ডমসিং পাশমঙ্কুশকং গদাম্। শূলং চক্রং পদ্মমেষামায়ুধানি ক্রমাদ্বিদুঃ ॥" ইতি। নলঃ নাম বানরঃ অনলাবতারঃ যেন বদ্ধঃ সেতুর্নলসেতুরুচ্যতে। আদিশব্দবাচ্যান্ নীলাদ্যান্ ষোড়শদলাবরণে বক্ষ্যামঃ। বশিষ্ঠাদিভিশ্চ দ্বাদশভিঃ সেবিতঃ তেঽপ্যাবরণে পূজ্যা ইতি ভাবঃ। তানপি বক্ষ্যামঃ এতেন দশাবরণপক্ষঃ সূচিতঃ ॥ ৮-৯ ॥ 26,471

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

নৈর্ঋত, বরুণ, বায়ু, চন্দ্র, ঈশান, ব্রহ্মা ও অনন্ত, এই দশদিক্‌পালের সহিত যুক্ত হন, তখন পঞ্চম ব্যূহ হয়। পূর্ব্বাদি অষ্টদিকে ইন্দ্রাদি অষ্টদিক্‌পালের, পূর্ব্বদিক্ ও ঈশানকোণের মধ্যে ব্রহ্মার এবং নৈঋতকোণ ও পশ্চিমদিকের মধ্যে অনন্তের পূজা করিবে ॥ ৮ ॥

উক্ত দশদিক্‌পাল স্বস্ব অস্ত্রে বিভূষিত, অর্থাৎ ইন্দ্রের বজ্র, অগ্নির শক্তি, যমের দণ্ড, নৈর্ঋতের খড়্গ, বরুণের পাশ, বায়ুর অঙ্কুশ, চন্দ্রের গদা, ঈশানের শূল, অনন্তের চক্র ও ব্রহ্মার পদ্ম, এই সকল অস্ত্রসমন্বিত দিক্‌পালগণের অর্চ্চনা করিবে। আর রাম নল (যিনি সেতুবন্ধন করিয়াছিলেন) ও নীলপ্রভৃতি বানরগণে পরিবৃত এবং বশিষ্ঠ বামদে-

সপ্তমঃ খণ্ডঃ।

এবমুদ্দেশতঃ প্রোক্তং নির্দ্দেশস্তস্য চাধুনা।
ত্রিরেখাপুটমালিখ্য মধ্যে তারদ্বয়ং লিখেৎ ॥ ১ ॥
তন্মধ্যে বীজমালিখ্য তদধঃ সাধ্যমালিখেৎ।
দ্বিতীয়ান্তঞ্চ তস্যোর্দ্ধং ষষ্ঠ্যন্তং সাধকং তথা ॥ ২ ॥

এবম্ উদ্দেশতঃ সঙ্ক্ষেপতঃ পূজনং প্রোক্তং তস্যাধুনা নির্দ্দেশঃ নিঃশেষতো দেশ উপদেশঃ ক্রিয়তে স্পষ্টতরম্ ধারণযন্ত্রমুপদিশ্যতে তদেব চাঙ্গাদিদেবতাসহিতং মন্ত্রবর্ণসহিতং পূজনযন্ত্রমিত্যর্থঃ। ত্রিধা রেখা ত্রিরেখা ত্রিকোণং তস্যাঃ পুটং দ্বয়ং ষট্কোণম্ আলিখ্য মধ্যে ষট্কোণমধ্যে তারদ্বয়ং সব্যবধানং লিখেৎ ॥ ১ ॥

তয়োর্ম্মধ্যে আদ্যবীজমালিখ্য তস্যাধঃ সাধ্যং ষট্প্রাপ্তয়াস্যতরবিষয়মালিখেৎ। কীদৃশং? দ্বিতীয়াবিভক্ত্যন্তং তস্যোর্দ্ধং বীজস্যোর্দ্ধভাগে

বাদি মুনিগণ-কর্ত্তৃক সমুপাসিত, অতএব নলনীলাদি বানরবর্গ ও বশিষ্ঠাদি মুনিগণ ইহাদিগের পূজা করিবে। ৯।

ইতি ষষ্ঠ খণ্ড ॥ ৬ ॥

পূর্ব্বোক্ত প্রকারে সংক্ষেপে পূজা ও পূজাযন্ত্র উক্ত হইল, এইক্ষণ স্পষ্টতর ধারণযন্ত্রের উপদেশ করিতেছেন।—পূর্ব্বোক্তপ্রকারে অঙ্গদেবতা ও মন্ত্রবর্ণ সহিত পূজা যন্ত্র লিখিবে। ত্রিরেখাদ্বারা ত্রিকোণ অঙ্কিত করিয়া তাহা পুটিত করিবে, অর্থাৎ ত্রিকোণদ্বয় করিয়া ষট্কোণ অঙ্কিত করিবে, অনন্তর সেই ষট্কোণের মধ্যে ব্যবধানরূপে প্রণবদ্বয় লিখিবে ॥ ১ ।

অনন্তর পূর্ব্বলিখিত প্রণবদ্বয়ের মধ্যে আদ্য বীজ (ক্লীং) লিখিয়া তাহার অধোভাগে দ্বিতীয়ান্তসাধ্য (বশ্য) নাম লিখিবে এবং সেই

কুরুদ্বয়ঞ্চ তৎপার্শ্বে লিখেদ্বীজান্তরে রমাম্।
তৎ সর্ব্বং প্রণবাভ্যাঞ্চ বেষ্টয়েদ্‌বুদ্ধি-বৃদ্ধিমান্॥ ৩॥
দীর্ঘভাজি-ষড়স্রেষু লিখেদ্বীজং হৃদাদিভিঃ।
কোণপার্শ্বে রমা মায়ে তদগ্রেঽনঙ্গমালিখেৎ॥ ৪॥

ষষ্ঠীবিভক্ত্যন্তং সাধকং বশ্যাদিকারকং লিখেৎ। কুরু কুরু ইতি বর্ণদ্বয়ং তৎপার্শ্বে বীজপার্শ্বে বীজস্য বামদক্ষিণয়োঃ লিখেৎ। বীজান্তরে বীজ-মধ্যে সাধ্যস্যোর্দ্ধভাগে রমাং শ্রীবীজং লিখেৎ। তৎসর্ব্বং বীজাদি প্রণ-বাভ্যাং পূর্ব্বোক্তাভ্যাং যথা বেষ্টিতং স্যাৎ তথা লিখেৎ। বুদ্ধের্বৃদ্ধিঃ তদ্বান্ লিপিবিচক্ষণঃ॥ ২-৩॥

দীর্ঘেতি ষড়স্রেষু ষট্‌কোণেষু হৃদাদিভিঃ সহ হৃদয়ায় নমঃ ইত্যাদি-জাতিসহিতং মূলস্য বীজং লিখেৎ। কীদৃশং বীজং? দীর্ঘভাজি দীর্ঘান্ ভজতি তচ্ছীলং দীর্ঘভাজি ষড়দীর্ঘযুক্তমিত্যর্থঃ। কোণপার্শ্বে ত্রিকোণ-গণ্ডেষু রমাবীজমায়াবীজে লিখেৎ। তদগ্রে কোণাগ্রে অনঙ্গং কামবীজং লিখেৎ। তেষামুদ্ধারো যথা—"বান্তং বহ্নিসমারূঢ়ং বামনেত্রেন্দুসংযুতম্। বীজমেতচ্ছ্রিয়ঃ প্রোক্তং চিন্তারত্নমিবাপরম্॥ নকুলীশোঽগ্নিমারূঢ়ো বামনেত্রার্দ্ধচন্দ্রবান্। বীজং তস্যাঃ সমাখ্যাতং সেবিতং সিদ্ধিকাঙ্ক্ষিভিঃ।

বীজের উপরিভাগে সাধক, অর্থাৎ বশীকারকের ষষ্ঠ্যন্ত নাম লিখিবে। তৎপরে সেই বীজের বাম-দক্ষিণ উভয়পার্শ্বে কুরু কুরু এই শব্দদ্বয় লিখিতে হইবে। বীজমধ্যে সাধ্যের ঊর্দ্ধভাগে শ্রীঁ এই বীজ লিখিতে হইবে। লিখনবিধিজ্ঞ সাধক যাহাতে বীজাদি সমুদয় পূর্ব্বলিখিত প্রণবদ্বয়ের মধ্যবর্ত্তী হয়, এইরূপ করিয়া অঙ্কিত করিবে এবং তাহা সুস্পষ্ট করিয়া লিখিবে। ২-৩।

অনন্তর যন্ত্রের ষট্‌কোণে ক্লাং হৃদয়ায় নমঃ, ক্লীঁ শিরসে স্বাহা, ক্লূঁ শিখায়ৈ বষট্, ক্লৈঁ কবচায় হুঁ, ক্লৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, ক্লঃ অস্ত্রায় ফট্ এই ছয় অঙ্গমন্ত্র লিখিবে, পরে কোণপার্শ্বে রমাবীজ ও মায়াবীজ,

ক্রোধং কোণাগ্রান্তরেষু লিখ্য মন্ত্র্যভিতো গিরম্।
বৃত্তত্রয়ং সাষ্টপত্রং সরোজং বিলিখেৎ স্বরান্॥ ৫॥
কেসরেষ্বষ্টপত্রেষু বর্গাষ্টকং তথা লিখেৎ।
তেষু মালামন্ত্রবর্ণান্ বিলিখেদূর্ম্মিসঙ্খ্যয়া। ৬॥
অন্তে পঞ্চাক্ষরানেবং পুনরষ্টদলং লিখেৎ।

ব্রহ্মা ভূম্যাং সমাসীনঃ শান্তিবিন্দুসমন্বিতঃ। বীজং মনোভুবঃ প্রোক্তং জগত্রয়বিমোহনম্॥" ইতি॥ ৪॥

ক্রোধমিতি ক্রোধঃ হুঙ্কারঃ হুং ক্রোধবীজং কবচম্ ইতি লক্ষ্মীকুলার্ণবে। তং ক্রোধং কোণাগ্রেষু কোণান্তরেষু চ লিখ্য লিখিত্বা অভিতঃ পরিতঃ গিরং সারস্বতং বীজম্ ঐমিতি লিখেৎ। বৃত্তত্রয়ং ষট্কোণস্যোপরি একং বৃত্তং মধ্যে চৈকং পত্রাগ্রে চৈকম্ অষ্টপত্রসহিতং সরোজং কমলং বিলিখেৎ। স্বরান্ কেসরেষু চ দ্বিশো লিখেৎ অষ্টপত্রেষু স্বরোপরি বর্গাষ্টকম্ ক-চ-ট-ত-প-য-শ লাখ্যং লিখেৎ। তেষু পত্রেষু বক্ষ্যমাণমালামন্ত্রবর্ণান্ ষট্ সংখ্যয়া বিলিখেৎ॥ ৫-৬॥

অন্তে চরমপত্রে পঞ্চাক্ষরান্ তাবতামেবাবশিষ্টত্বাৎ এবং পূর্ব্বোক্ত-

---

অর্থাৎ শ্রীঁ হ্রীঁ এই বীজদ্বয় লিখিতে হইবে এবং কোণাগ্রে ক্লীঁ এই বীজ লিখিবে॥ ৪॥

পরে কোণাগ্রমধ্যে হুঁ এই বীজ লিখিয়া কোণের পার্শ্বে ঐঁ এই বীজ লিখিবে, তৎপরে ষট্কোণের উপরি একবৃত্ত, মধ্যে একবৃত্ত এবং পত্রাগ্রে একবৃত্ত, এইরূপে তিনটি বৃত্ত অঙ্কিত করিয়া অষ্টদল পদ্ম লিখিবে। পরে অষ্টদিকে অষ্টকেসরে স্বর সকল লিখিয়া অষ্টপত্রে স্বরোপরি অকাদি অষ্টবর্গ লিখিতে হইবে, অর্থাৎ কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, পবর্গ, যবর্গ, শবর্গ ও লবর্গ এই অষ্টবর্গ লিখিবে। অনন্তর অষ্টপত্র মধ্যে ষট্-সংখ্যাক্রমে বক্ষ্যমাণ মালামন্ত্র লিখিবে॥ ৫-৬॥

অনন্তর চরমপত্রে অবশিষ্ট পঞ্চাক্ষর লিখিয়া পূর্ব্ববৎ বৃত্তত্রয় ও

তেষু নারায়ণাষ্টার্ণং লিখেৎ তৎকেসরে রমাম্ ॥ ৭ ॥
তদ্বহির্দ্বাদশদলং বিলিখেদ্‌দ্বাদশাক্ষরম্।
তথোং নমো ভগবতে বাসুদেবায় ইত্যয়ম্ ॥ ৮ ॥
আদিক্ষান্তান্ কেসরেষু বৃত্তাকারেণ সংলিখেৎ।
তদ্বহিঃ ষোড়শদলং বিলিখেৎ কেসরে হ্রিয়ম্ ॥ ৯ ॥
বর্ম্মাস্ত্র-নতি-সংযুক্তং দলেষু দ্বাদশাক্ষরম্।
তৎসন্ধিষ্বিরজাদীনাং মন্ত্রান্ মন্ত্রী সমালিখেৎ ॥ ১০ ॥

বৃত্তত্রয়ং সাষ্টপত্রমিত্যাদিমার্গেণ পুনরষ্টদলং লিখেৎ তেষু দলেষু নারায়ণস্য অষ্টাক্ষরম্ ওঁ নমো নারায়ণায়েতি প্রত্যেকমেকৈকাক্ষরং লিখেৎ। কেসরেষু রমাং শ্রীবীজং লিখেৎ ॥ ৭ ॥

তদ্বহিঃ তদুপরি দ্বাদশদলং পদ্মং বিলিখেৎ। দ্বাদশাক্ষরমাহ ওঁ নমঃ ইতি অয়ং দ্বাদশার্ণো জ্ঞেয় ইত্যর্থঃ ॥ ৮ ॥

আদিক্ষান্তান্ অকারাদি ক্ষকারান্তান্ বৃত্তাকারেণ নতু বৈষম্যেণ প্রতিকেসরং চতুরশ্চতুরো লিখিত্বা অন্তিমে সপ্তেতি সম্ভবঃ হ্রিয়ং মায়াং

অষ্টদলপদ্ম অঙ্কিত করিবে এবং এই পদ্মের অষ্টপত্রে ওঁ নমো নারায়ণায়, এই অষ্টাক্ষর লিখিতে হইবে, অর্থাৎ এক একপত্রে এক এক অক্ষর লিখিবে। পরে ঐ পদ্মের প্রতি কেসরে এক একটি শ্রীবীজ (শ্রীঁ) লিখিবে ॥ ৭ ॥

পরে পূর্ব্বোক্ত অষ্টদলের বহির্ভাগে দ্বাদশদল পদ্ম অঙ্কিত করিয়া তাহার পত্রসমূহে ওঁ নমো ভগবতে বাসুদেবায় এই দ্বাদশাক্ষর মন্ত্রের এক এক অক্ষর লিখিতে হইবে ॥ ৮ ॥

তদ্বাহে বৃত্তাকারে অকারাদিক্ষকারান্ত বর্ণসকল লিখিয়া তাহার বহির্ভাগে ষোড়শদল পদ্ম অঙ্কিত করিবে এবং এই পদ্মের কেসরে মায়া, অর্থাৎ হ্রীঁ এই বীজ লিখিতে হইবে ॥ ৯ ॥

অনন্তর উক্ত পদ্মের পত্রমধ্যে ওঁ নমো ভগবতে বাসুদেবায় হুঁ ফট্,

হ্রং স্রং ভ্রং ব্রং ল্রং শ্রং জ্রঞ্চ লিখেৎ সম্যক্ ততো বহিঃ।
দ্বাত্রিংশারং মহাপদ্মং নাদবিন্দুসমাযুতম্॥ ১১॥
বিলিখেন্মন্ত্ররাজার্ণান্ তেষু পত্রেষু যত্নতঃ।
ধ্যায়েদষ্টবসূনেকাদশ রুদ্রাংশ্চ তত্র বৈ॥ ১২॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ॥ ৭॥

বর্ম্ম হুং অস্ত্রং ফট্ নতিঃ নমঃশব্দঃ দলেষু ষোড়শসু প্রত্যেকমেকৈকো বর্ণঃ তৎসন্ধিষু ষোড়শপত্রসন্ধিষু ঈরজাদীনামিতি। ঈরঃ বায়ুঃ তজ্জো হনুমান্ তদাদীনাম্ আবরণোক্তানাং ষোড়শানাং স্বাদ্যাক্ষরাদীনি ঋকার-বিন্দুসহিতানি ষোড়শবীজানি অঙ্গদস্য ত্রমিতি অকোপস্যাপ্যমিতি ধৃষ্টে-র্ধর্ম্মপালস্য ধ্রমিতি রাষ্ট্রবর্দ্ধনস্য শ্রমিতি বীজানি চকারসমুচ্চিতানি হনু-মতো হ্রমিতি সুগ্রীবসুরাষ্ট্রয়োঃ স্রমিতি ভরতস্য ভ্রমিতি বিভীষণবিজ-য়য়োর্ব্রমিতি লক্ষ্মণস্য ল্রমিতি শত্রুমর্দ্দনস্য শ্রমিতি জাম্ববজ্জয়ন্তয়োর্জ্রমিতি সপ্তৈতানি পৃথক্ ষোড়শসন্ধিস্থানেষু লিখেৎ। নাদেতি নাদঃ অর্দ্ধচন্দ্রঃ

নমঃ" এই ষোড়শাক্ষর লিখিবে, অর্থাৎ উক্ত ষোড়শাক্ষর মন্ত্রের এক এক অক্ষর এক একপত্রে বিন্যাস করিবে। পত্রের সন্ধিতে হনুমদাদি আব-রণের মন্ত্র লিখিবে, অর্থাৎ হনুমান-প্রভৃতির নামের আদিবর্ণে ঋকার ও অনুস্বার যোগ করিলে যে ষোড়শ বীজ হয় তাহাই লিখিতে হইবে। অঙ্গদের অং, অকোপের অং, ধৃষ্টির ধ্রং, ধর্ম্মপালের ধ্রং, রাষ্ট্রবর্দ্ধনের শ্রং, হনুমানের হ্রং, সুগ্রীবের স্রং, সুরাষ্ট্রের স্রং, ভরতের ভ্রং, বিভীষণের ব্রং বিজয়ের ব্রং লক্ষ্মণের ল্রং, শত্রুমর্দ্দনের শ্রং, জাম্ববানের জ্রং এবং জয়ন্তের জ্রং এই সকল বীজ লিখিবে। অনন্তর তাহার বহির্ভাগে দ্বাত্রিংশদ্দল পদ্ম অঙ্কিত করিবে। ১০-১১।

অনন্তর উক্ত দ্বাত্রিংশদল পদ্মের পত্রেতে যত্নপূর্ব্বক মন্ত্ররাজের বর্ণ সকল লিখিবে। এই পদ্মেতে ধ্রুবাদি অষ্টবসু এবং একাদশ রুদ্রের

বিন্দুঃ চন্দ্রঃ তাভ্যাং প্রান্তে অঙ্কিতম্। যদ্বা নাদবিন্দুসমাবৃতং যথা স্যাত্তথা মন্ত্ররাজার্ণান্ নারসিংহান্ সবিন্দুকান্ লিখেৎ ধ্যায়েদষ্টবসূনিতি। তে যথা—"ধ্রুবো ধ্বরশ্চ সোমশ্চ আপশ্চৈবানিলোঽনলঃ। প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ" ইতি। রুদ্রানিতি। তে যথা—"বীরভদ্রশ্চ শম্ভুশ্চ গিরিশশ্চ মহাযশাঃ। অজৈকপাদহির্ব্রধ্নঃ পিণাকী চাপরাজিতঃ॥ ভুবনাধীশ্বরশ্চৈব কপালী চ বিশাম্পতিঃ। স্থাণুর্ভবশ্চ রুদ্রশ্চ ইত্যেকাদশরুদ্রকাঃ। মহাযশা বিশাম্পতিরিতি বিশেষণে। ৯-১০-১১-১২।

ইতি সপ্তমঃ খণ্ডঃ। ৭॥

ধ্যান করিবে, অর্থাৎ ধ্রুব, ধ্বর, সোম, আপ, অনিল, অনল, প্রত্যূষ ও প্রভাব এই অষ্ট বসু এবং বীরভদ্র, শম্ভু, গিরিশ, অজৈকপাদ, অহির্ব্রধ্ন, পিণাকী, অপরাজিত, কপালী, স্থাণু, ভব ও রুদ্র এই একাদশ রুদ্রের ধ্যান করিবে। ১২।

ইতি সপ্তম খণ্ড॥ ৭॥

অষ্টমঃ খণ্ডঃ ।

দ্বাদশেনাংশ্চ ধাতারং বষট্‌কারঞ্চ তদ্বহিঃ ।
ভূগৃহং বজ্রশূলাঢ্যং রেখাত্রয়সমন্বিতম্ ॥ ১ ॥

ইনান্ সূর্য্যাংশ্চ তে যথা—"ধাতার্য্যমা চ মিত্রশ্চ বরুণোঽংশো ভগস্তথা। ইন্দ্রো বিবস্বান্ পূষা চ পর্জ্জন্যো দশমঃ স্মৃতঃ। ততস্ত্বষ্টা ততো বিষ্ণুরজঘন্যো জঘন্যজঃ" ইতি দ্বাদশ। ধাতারমিতি ধাতা প্রথমাদিত্যঃ অয়ন্তু বষট্‌কারস্য বিশেষণম্। পুনরুক্তো বষট্‌কারো হি দানার্থঃ দানেন লোকা ধীয়ন্তে ইতি বষট্‌কারো ধাতা ভবতি। ধ্রুবাদি বষট্‌কারান্তান্ দ্বাত্রিংশৎ পত্রেষু ন্যসেৎ। ততো বহির্ভাগে ভূগৃহং ভূপুরং তল্লক্ষণন্তু ভূমৌ চতুরস্রং সবজ্রকং পীতঞ্চ ইতি। দীক্ষু বজ্রাঢ্যং কোণেষু শূলাঢ্যঞ্চ। বজ্রলক্ষণন্তু চতুরস্রসম্পাতরেখাঃ সমুদ্ধৃত্যাষ্টবজ্রাণি কুর্য্যাৎ ইতি কেচিৎ। সম্প্রদায়বিদস্তু চতুরস্ররেখাস্বেবাষ্টবজ্রাণি কার্য্যাণি ইতি বদন্তি। স্বরূপন্তু অন্যোঽন্যাভিমুখতয়াত্রিচক্রং রেখাদ্বয়ং পরস্পরসম্বদ্ধং পরস্পরসম্বদ্ধমধ্যেরেখাদ্বয়মিতি কেচিৎ। রেখেতি সাত্ত্বিকরাজসতামসভেদেন ॥ ১ ॥

তৎপরে দ্বাদশ আদিত্য, অর্থাৎ ধাতা, অর্য্যমা, মিত্র, বরুণ, অংশ, ভগ, ইন্দ্র, বিবস্বান্, পূষা, অর্য্যমা, ত্বষ্টা ও বিষ্ণু এই দ্বাদশ আদিত্য ও বষট্ এই সকল বিন্যাস করিবে। ধ্রুবাদি অষ্টবসু, বীরভদ্রাদি একাদশরুদ্র, ধাতাপ্রভৃতি দ্বাদশ আদিত্য এবং বষট্ এই দ্বাত্রিংশৎ দেবতা পদ্মের দ্বাত্রিংশৎ পত্রে বিন্যাস করিতে হইবে। ইহার বহির্ভাগে ভূপুর অঙ্কিত করিয়া যন্ত্র অঙ্কিত করিবে। এই যন্ত্রের দিক্‌চতুষ্টয়ে বজ্রচিহ্ন এবং কোণচতুষ্টয়ে শূলচিহ্নদ্বারা চিহ্নিত করিয়া এই যন্ত্রকে রেখাত্রয় যুক্ত করিবে। এই রেখাত্রয় সত্ত্ব, রজঃ ও তমোগুণের দ্যোতক ॥ ১ ॥

দ্বারোপেতঞ্চ রাশ্যাদিভূষিতং ফণিসংযুতম্।
এবং মণ্ডলমালিখ্য তস্য দিক্ষু বিদিক্ষু চ ॥ ২ ॥
নারসিংহঞ্চ বারাহং লিখেন্মন্ত্রদ্বয়ং তথা।
ক-ষ-রেফানুগ্রহেন্দু-নাদ-শক্ত্যাদিভির্যুতঃ ॥ ৩ ॥
যো নৃসিংহঃ সমাখ্যাতো গ্রহমারণকর্ম্মণি।
অন্ত্যার্ঘীশযুতো বিন্দুনাদৈর্ব্বীজঞ্চ শৌকরম্ ॥ ৪ ॥

দ্বারোপেতং মণ্ডপবৎ রাশ্যাদিভূষিতং জ্যোতিশ্চক্রবিরাজিতং পরিতো রাশ্যাদি স্থাপ্যমিত্যর্থঃ। ভূপুরমেব শূলাঢ্যং সদ্রাশিচক্রং ভবতি। ফণিসংযুতং ফণিনা শেষেণ ধৃতমিতি লেখ্যম্। দিক্ষু নারসিংহং বিদিক্ষু বারাহং লিখেৎ। নারসিংহমুদ্ধরতি কষেতি ক-ষ-যোগে ক্ষঃ ততো রেফঃ ততঃ অনুগ্রহঃ ওকারঃ ইন্দুঃ অনুস্বারঃ নাদঃ অনুস্বারানন্তরো রববিশেষঃ কাংস্যচরমধ্বনিনিভঃ ততঃ শক্তিঃ মন্ত্রসামর্থ্যম্ আদিশব্দাৎ ব্রহ্ম শাস্ত্রাখ্যং ক্ষ্রৌমিতি রূপম্ ॥ ২-৩ ॥

অস্য স্বাতন্ত্র্যমাহ য ইতি গ্রহকর্ম্মণি ভূতাদিবিমোক্ষণে মারণকর্ম্মণি-শত্রুক্ষয়াদৌ। অস্য ঋষ্যাদিকং যথা—"ঋষিরত্রিশ্চ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীনৃহরিঃ।

অনন্তর এই যন্ত্রকে মণ্ডপাদির ন্যায় দ্বারসংযুক্ত এবং রাশ্যাদি ভূষিত করিবে, অর্থাৎ জ্যোতিশ্চক্রাকার করিয়া চতুর্দ্দিকে রাশ্যাদি স্থাপন করিবে। ভূপুর শূলযুক্ত হইলেই রাশি চক্রাকার হয়, আর এই যন্ত্র শেষ নাগ ধারণ করিয়াছেন, এইরূপ করিয়া লিখিবে। এইরূপে মণ্ডল অঙ্কিত করিয়া তাহার চারিদিকে ক্ষ্রৌঁ এই নারসিংহ বীজ ও চারিকোণে হুঁ এই বারাহ মন্ত্র লিখিবে। গ্রন্থকার স্বয়ংই নারসিংহ মন্ত্র উদ্ধার করিয়াছেন, তাহাতেই ক্ষ্রৌং এই বীজ পাওয়া যায়, এই ক্ষ্রৌং বীজই দ্বারদেশে লিখিতে হইবে ॥ ২-৩ ॥

পূর্ব্বশ্রুতিতে যে নারসিংহ মন্ত্র উক্ত হইয়াছে, তাহা ভূতাদিনিবারণ-কার্য্যে ও শত্রুক্ষয়াদি মারণকার্য্যের সাধক। এই মন্ত্রের ঋষি, অত্রি,

হুঙ্কারশ্চাত্র রামস্য মালামন্ত্রোঽধুনেরিতা।
তারো নতিশ্চ নিদ্রায়াঃ স্মৃতির্মেদশ্চ কামিকা॥ ৫॥

প্রভুঃ। দেবতা দীর্ঘযুগ্বীজেনৈবাঙ্গং কল্পয়েৎ সুধীঃ। ধ্যানং সর্ব্বস্য দেবস্যৈকলক্ষং প্রজপেন্মনুম্। তদ্দশাংশং হুতে সম্যক্ ঘৃতাক্তৈঃ পায়সৈঃ শুভৈঃ। অর্চ্চাহোমাদিকং সর্ব্বমস্য পূর্ব্ববদাচরেৎ। মন্ত্ররাজবদেবাস্য প্রয়োগানপি সাধয়েৎ। হৃল্লেখাসম্পুটং কেচিৎ সঙ্গিরন্তে মনুত্বিমম্।" ইতি। বারাহমন্ত্রমুদ্ধরতি অন্ত্য ইতিঃ অন্ত্যঃ কেবলমাতৃকার্ণান্ত্যো হকারঃ অর্ঘীশঃ উকারঃ তেন যুতঃ বিন্দুনাদৈঃ বিন্দুনাদশক্ত্যাদিভিরপি যুতঃ। শৌকরং শূকরস্যেদং বর্ম্মাত্মকম্। ৪॥

দশাক্ষর-রামমন্ত্রবীজমাহ হুঙ্কারশ্চাত্র রামস্যেতি। রামস্য দশাক্ষরস্য হুঙ্কারং হ্রস্বোকারবিন্দুসহিতং হকারং বীজং জানীয়াৎ। তচ্চাত্র বারাহ-বীজসমীপে লিখেৎ। দশাক্ষরো যথা—"জানকীবল্লভায়াথ ভবেৎ পাবক-

---

ছন্দ গায়ত্রী এবং প্রভু নৃহরি দেবতা, অর্থাৎ শিরসি অত্রিঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ এবং হৃদয়ে নৃহরয়ে দেবতায়ৈ নমঃ, এইরূপে ঋষ্যাদি ন্যাস করিবে। অনন্তর ক্ষ্রাং হৃদয়ায় নমঃ ক্ষ্রীং শিরসে স্বাহা, ক্ষ্রূং শিখায়ৈ বষট্, ক্ষ্রৈং কবচায় হুঁ, ক্ষ্রৌ নেত্রত্রয়ায় বৌষট্, ক্ষ্রঃ অস্ত্রায় ফট্ এইরূপে ষড়ঙ্গন্যাস করিবে। এই দেবের ধ্যান করিয়া একলক্ষ মন্ত্র জপ করিবে এবং ঘৃতাক্ত পায়সদ্বারা জপের দশাংশ হোম করিবে। এই মন্ত্রে পূজা হোমাদি পূর্ব্ববৎ করিতে হইবে। আর পূর্ব্বোক্ত মন্ত্ররাজের ন্যায় অন্যান্য প্রয়োগ করিবে। আর হুঁ ইহাই নারসিংহ বীজ, অতএব দ্বারে ক্ষ্রৌং এবং কোণে হুঁ এই বীজ লিখিবে॥ ৪॥

এইক্ষণ রামের দশাক্ষর মন্ত্র কথিত হইতেছে।—"হুঁ জানকীবল্লভায় স্বাহা" এই মন্ত্র বরাহবীজসমীপে লিখিবে, ইহাই রামের মালামন্ত্র কথিত হইল। "ওঁ নমো ভগবতে রঘুনন্দনায় রক্ষোঘ্নবিশদায় মধুরপ্রসন্ন-বদনায় অমিততেজসে বলায় রামায় বিষ্ণবে নমঃ" এই সপ্তচত্বারিংশদক্ষর মন্ত্রও মালামন্ত্র নামে খ্যাত॥ ৫॥

রুদ্রেণ সংযুতা বহ্নির্মেধামরবিভূষিতা।
দীর্ঘা ক্রূরযুতা হ্লাদিন্যথো দীর্ঘা সমামদা॥ ৬॥
ক্ষুধা ক্রোধিন্যমোঘা চ বিশ্বমপ্যথ মেধয়া।
যুক্তা দীর্ঘা জ্বালিনী চ সসূক্ষ্মা মৃত্যুরূপিণী॥ ৭॥

বল্লভা। ছমাদিরেষ কথিতো রামমন্ত্রো দশাক্ষরঃ॥" ইতি মালামন্ত্রোঽধুনেরিতেতি রামস্য ইত্যেব। অধুনা রামস্য মালামন্ত্রঃ ঈরিতা লুট্ অদ্যতনেঽপি ছান্দসঃ। ঈরিষ্যতে কথয়িষ্যতে। তারঃ প্রণবঃ নতিঃ নমঃ শব্দঃ নিদ্রায়াঃ ভকারাৎ পরা স্মৃতিঃ গকারঃ। প্রণবকলাস্থ প্রায়েণৈতানি নামানি। অত্র স্বরাস্থক্তৌ প্রথমত্বাদকারো বোদ্ধব্যঃ। মেদো ধাতুঃ বকারঃ কামিকা তকারঃ সা রুদ্রেণ একারেণ একাদশত্বাৎ সংযুতা সহিতা তেন ওঁ নমো ভগবতে ইতি সিদ্ধম্। বহ্নিঃ রেফঃ মেধা ঘকারঃ সা অমরবিভূষিতা অমরঃ উকারঃ তেন বিভূষিতা শোভমানা তেন রঘু ইতি সিদ্ধম্। দীর্ঘা কলা নকারঃ অক্রূরেণ অনুস্বারেণ সংযুতা নং হ্লাদিনী দকারঃ অথো অনন্তরং দীর্ঘা নকারঃ সা সমানদা মানদয়া কলয়া আকারেণ সহ বর্ত্তমানা ক্ষুধা যকারঃ তেন নন্দনায় ইতি সিদ্ধম্।

পূর্ব্বোক্ত সপ্তচত্বারিংশদক্ষর সগুণ হইয়াও গুণান্তক, অর্থাৎ ভক্তগণের মোক্ষপ্রদহেতু ত্রৈগুণ্য বিনাশ করে। অথবা গুণান্ত, অর্থাৎ বীজত্রয়ের অন্ত এবং সগুণ এবং বীজত্রয়ের আদি। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, উক্ত মন্ত্রকে প্রণব ও কামবীজদ্বারা পুটিত করিয়া জপ করিলে সাধক সিদ্ধিলাভ করিতে পারে। আর মস্তকে, মুখে ভ্রূমধ্যে, কর্ণদ্বয়ে, নাসিকাদ্বয়ে, গণ্ডদ্বয়ে, ওষ্ঠদ্বয়ে, দন্তপংক্তিদ্বয়ে, বদনদেশে, হস্তসন্ধিতে, অঙ্গুল্যগ্রে, পাদসন্ধিতে, পাদাগ্রে, কণ্ঠে, হৃদয়ে, স্তনদ্বয়ে, পার্শ্বদ্বয়ে, পৃষ্ঠদেশে, উদরে, স্বাধিষ্ঠানে ও গুহ্যে এই সকল স্থানে মন্ত্র বিন্যাস ও মন্ত্রজপ করিবে। উক্ত মন্ত্রের সপ্ত, ষট্, সপ্তদশ, ষট্ ও একাদশ অক্ষরে ষড়ঙ্গন্যাস করিবে, অর্থাৎ "ওঁ নমো ভগবতে হৃদ-

সপ্রতিষ্ঠা হ্লাদিনী ত্বক্‌ক্ষ্বেলঃ প্রীতিশ্চ সামরা।
জ্যোতিস্তীক্ষ্ণাগ্নিসংযুক্তা শ্বেতানুস্বারসংযুতা ॥ ৮ ॥
কামিকাপঞ্চমো লান্তস্তান্তান্তো ধান্ত ইত্যথ।
স সানন্তো দীর্ঘযুক্তো বায়ুঃ সূক্ষ্মযুতো বিষঃ ॥ ৯ ॥
কামিকা কামিকা রুদ্রযুক্তাথোঽথ স্থিরা স এ।
তাপিনী দীর্ঘযুক্তা ভূরনিলোঽনন্তগোঽনলঃ ॥ ১০ ॥

ক্রোধিনী রেফঃ অমোঘা ক্ষকারঃ। অনন্তা চেতি যুক্তঃ পাঠঃ প্রণবকলাসু অনন্তায়াঃ ক্ষকারকলাত্বাৎ কীর্ত্ত্যাদিষমোঘায়াস্তৎসর্ব্বাক্ষরকালকলাত্বাচ্চ। বিশ্বম্ ওকারঃ অপি অথ মেধয়া ঘকারেণ যুক্তা দীর্ঘা নকারঃ জ্বালিনী বহ্নিকলা বকারঃ সা সসূক্ষ্মা সূক্ষ্মেণ শ্রীকণ্ঠাদি-তৃতীয়রূপেণ ইকারেণ সহিতা মৃত্যুরূপিণী মৃত্যুঃ প্রণবকলা শকারঃ সপ্রতিষ্ঠা প্রতিষ্ঠয়া অকারেণ সহিতা হ্লাদিনী দকারঃ ত্বক্ যকারঃ তেন রক্ষোঘ্ন বিশদায়েতি সিদ্ধম্। ক্ষ্বেলঃ মকারঃ প্রীতিঃ ধকারশ্চ সামরা সোকারা জ্যোতিঃ রেফঃ তীক্ষ্ণা পকারঃ অগ্নিসংযুক্তা রেফসংযুক্তা শ্বেতা সকারঃ সানুস্বারা কামিকা পঞ্চমঃ তকারপঞ্চমঃ নকারঃ লান্তঃ বকারঃ তান্তান্তঃ তস্তান্তঃ থকারঃ তস্যান্তো দকারঃ ধান্তঃ নকারঃ সঃ সানন্তঃ অনন্তেন আকারেণ সহিতঃ দীর্ঘস্বরেণ অকারেণ যুতঃ বায়ুঃ যকারঃ সূক্ষ্মেণ ইকারেণ যুতঃ বিষঃ মকারঃ কামিকা তকারঃ পুনঃ সৈব রুদ্রেণ একারেণ যুক্তা অথো অথ অনন্তরং স্থিরা জকারঃ ততঃ সঃ সকারাৎ পর একারঃ তেন মধুরপ্রসন্নবদনায়ামিত-

---

য়ায় নমঃ, রঘুনন্দনায় শিরসে স্বাহা, রক্ষোঘ্নবিশদায় শিখায়ৈ বষট্, মধুরপ্রসন্নবদনায় কবচায় হুঁ, অমিততেজসে নেত্রত্রয়ায় বৌষট্, বলায় রামায় বিষ্ণবে নমঃ অস্ত্রায় ফট্” এইরূপে অঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। শ্রীরামের আকার এইরূপ, তিনি প্রস্ফুটিত নীলকমলের ন্যায় দেহকান্তিবিশিষ্ট, তাঁহার হস্তে পদ্ম, ধনু, খড়্গ ও বাণ আছে, নেত্রযুগল পদ্মদলসদৃশ, পরিধান পীতবসন, তাঁহার হাস্ত সুধার

নারায়ণাত্মকঃ কালঃ প্রাণোঽন্তো বিদ্যয়া যুতম্।
পীতা রতিস্তথা লান্তো যোন্যা যুক্তোঽন্ততো নতিঃ। ১১॥
সপ্তচত্বারিংশদর্ণো গুণান্তঃ সগুণঃ স্বয়ম্।
রাজ্যাভিষিক্তশ্চ তস্য রামস্যোক্তক্রমাল্লিখেৎ ॥ ১২॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ। ৮॥

তেজসে ইতি সিদ্ধম্। অত্র সন্ধির্নকার্য্যঃ তাপিনী বকারঃ দীর্ঘযুক্তা ভূঃ লকারঃ অনিলঃ যকারঃ তেন বলায়েতি। অনন্তগঃ আকারগঃ অনলঃ রেফঃ নারায়ণঃ আকারঃ তদাত্মকঃ কালঃ মকারঃ প্রাণঃ যকারঃ তেন রামায়েতি সিদ্ধম্। অন্তঃ বকারঃ বিদ্যয়া ইকারেণ যুতং সহিতং পীতা ষকারঃ রতিঃ ণকারঃ তেন যুতা সংযুতা লান্তঃ বকারঃ যোন্যা একারেণ যুক্তঃ তেন বিষ্ণবে ইতি সিদ্ধম্। অন্ততঃ অন্তে নতিঃ নমঃ শব্দঃ। ৫-৬-৭-৮-৯ ১০-১১॥

এবং সপ্তচত্বারিংশৎ অর্ণাঃ বর্ণাঃ গুণান্তঃ সগুণঃ স্বয়ম্ স্বয়ং সগুণোঽপি ভক্তানাং গুণান্তঃ ত্রৈগুণ্যনাশকঃ মোক্ষদত্বাৎ। অথবা গুণান্তঃ বীজ-ত্রয়াদিঃ। তদুক্তম্—"তারকং কামবীজৈশ্চ সম্পুটং প্রজপেদমুম্। শির-স্থাননবক্ত্রে চ ভ্রূমধ্যে সিদ্ধয়েঽপি চ। শ্রোত্রয়োর্ঘ্রাণয়োশ্চৈব গণ্ডয়ো রোষ্ঠয়োরপি। দন্তয়োরাস্যদেশে চ দোঃ-পৎ-সন্ধ্যগ্রকেষু চ॥ কণ্ঠে হৃদি স্তনদ্বন্দ্বে পার্শ্বয়োঃ পৃষ্ঠদেশতঃ। জঠরে চাপ্যধিষ্ঠানে গুহ্যে বর্ণান্ প্রবি-ন্যসেৎ। সপ্ত ষট্ সপ্তদশ ষড়্ রুদ্রসংখ্যৈঃ ষড়ঙ্গকম্॥ উন্নিদ্রনীলকম-লামলকান্তিমজ্জচাপাসিবাণকরমম্বুজপত্রনেত্রম্। পীতাম্বরং স্মিতসুধা-

---

স্যায় মধুর এবং ইনি মিথিলাধিপনন্দিনী সীতার সহিত সর্ব্বদা বিদ্যমান আছেন। এইরূপ আকৃতিশালী রামের ধ্যান করিয়া বিজিতেন্দ্রিয় হইয়া দ্বাদশলক্ষ মন্ত্র জপ করিবে এবং ত্রিমধুযুক্ত বিল্বফল ও বিল্বপুষ্প-দ্বারা অথবা ত্রিমধুযুক্ত পায়সান্ন কিম্বা শ্বেতপদ্মদ্বারা জপের দশাংশ

মধুরং মুরারিং সঞ্চিন্তয়েন্মিথিলরাজসুতাসহায়ম্॥ জপেদ্বাদশলক্ষং ধ্যাত্বৈবং বিজিতেন্দ্রিয়ঃ। বিল্বৈঃ ফলৈঃ প্রসূনৈশ্চ পত্রৈস্ত্রিমধুরপ্লুতৈঃ। মধুরত্রয়যুক্তেন পয়োঽন্নেন সিতাম্বুজঃ। হোমং দশাংশতঃ কুর্য্যাৎ তথা সর্ব্বত্র তর্পণম্। প্রাক্ প্রোক্তে পূজয়েৎ পীঠে পূজ্যাঙ্গ বাহ্যদেবতাম্। প্রথমাঙ্গা রতিঃ প্রোক্তা সপ্তমো জ্যা সমীরিতা॥ লক্ষণো ভরতশ্চৈব শক্রঘ্নশ্চ হনূমতা। সুগ্রীবঃ পঞ্চমঃ প্রোক্তঃ ষষ্ঠ উক্তো বিভীষণঃ॥ অঙ্গদঃ সপ্তমঃ প্রোক্তো নীলোঽষ্টম উদাহৃতঃ। নারদশ্চ বশিষ্ঠশ্চ বামদেবস্তৃতীয়কঃ॥ জাবালো গৌতমশ্চাপি ভরদ্বাজোঽথ কশ্যপঃ। বাল্মীকিশ্চাষ্টমঃ প্রোক্তো লক্ষ্মীশ্চাথ সরস্বতী॥ রতিঃ প্রীতিঃ কীর্ত্তিকান্তী তুষ্টিঃ পুষ্টিরিমাঃ ক্রমাৎ। সৃষ্টির্জ্জয়ন্তবিজয়ৌ সিদ্ধার্থঃ কার্য্যসাধকঃ॥ অশোকশ্চৈব সর্ব্বস্যাং শ্রীবৎসশ্চ গদা তথা। পাঞ্চজন্যঃ কৌস্তভাখ্যো বনমালা চ দক্ষিণে। উত্তরে চক্রপদ্মে চ শার্ঙ্গং বাণং সখড়্গকম্। পশ্চিমে ধর্ম্মগরুড়ধর্ম্মপালসুমন্ত্রকান্॥ ইত্যুক্তক্রমাদেকৈকস্মিন্ ষট্ ষট্ অস্ত্রে পঞ্চেতি ক্রমেণ অষ্টোদ্ধারোঽন্যত্রাপ্যুক্তঃ। ওঁ নমো ভগবতে ব্রয়াচ্চতুর্থ্যা রঘুনন্দনম্। রক্ষোঘ্নবিশদায়েতি মধুরাদি সমীরয়েৎ। প্রসন্নবদনায়েতি পশ্চাদমিততেজসে। বলায় পশ্চাদ্রামায় বিষ্ণবে তদনন্তরম্। প্রণবাদি-নমোঽনন্তোঽয়ং মালামনুরুদীরিতঃ। ১২॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ। ৮॥

সংখ্যায় হোম করিবে। পূর্ব্বোক্ত পীঠেতে শ্রীরামের পূজা করিয়া বাহ্য দেবতার পূজা করিতে হইবে, প্রথমে রতি, তৎপরে লক্ষণ, ভরত, শক্রঘ্ন, হনুমান, সুগ্রীব, বিভীষণ, অঙ্গদ, নীল, নারদ, বশিষ্ঠ, বামদেব, জাবালি, গৌতম, ভরদ্বাজ, কশ্যপ, বাল্মীকি, লক্ষ্মী, সরস্বতী, রতি, প্রীতি, কীর্ত্তি, কান্তি, তুষ্টি, পুষ্টি, সৃষ্টি, জয়ন্ত, বিজয়, সিদ্ধার্থ, কার্য্যসাধক, অশোক, শ্রীবৎস, গদা, পাঞ্চজন্য, কৌস্তভ, বনমালা, চক্র, পদ্ম, শার্ঙ্গ,

নবমঃ খণ্ডঃ।

ইদং সর্ব্বাত্মকং যন্ত্রং প্রাগুক্তমৃষিসেবিতম্।
সেবকানাং মোক্ষকরমায়ুরারোগ্যবর্দ্ধনম্ ॥ ১ ॥
অপুত্রিণাং পুত্রদঞ্চ বহুনা কিমনেন বৈ।
প্রাপ্নুবন্তি ক্ষণাৎ সম্যগত্র ধর্ম্মাদিকানপি ॥ ২ ॥

সর্ব্বাত্মকম্ ত্রৈলোক্যময়ং প্রাগুক্তং পূর্ব্বাচার্য্যৈরুক্তম্ অনেন উক্তেন ধর্ম্মাদিকান্ ধর্ম্মার্থকামমোক্ষাম্ ধর্ম্মজ্ঞানবৈরাগৈ্যশ্বর্য্যাণি বা অপি শব্দাৎ অণিমাদিসিদ্ধিরপি। ১-২ ॥

খড়্গ, চর্ম্ম, গরুড়, ধর্ম্মপাল ও সুমন্ত্র, এই সকল আবরণের পূজা করিবে। ৬-৭-৮-৯-১০-১১-১২ ॥

ইতি অষ্টম খণ্ড। ৮।

পূর্ব্বে যে শ্রীরামের যন্ত্র উক্ত হইল, ইহা ত্রৈলোক্যাত্মক প্রাচীন ঋষিগণ এই যন্ত্রের সেবা করিয়াছেন। যাহারা এই যন্ত্রের সেবা করে, তাহাদিগের মোক্ষলাভ হয় এবং আয়ু ও আরোগ্য বৃদ্ধি হয়। যে ব্যক্তি অপুত্র সেও যদি এই যন্ত্রের সেবা করে, তাহাহইলে পুত্রলাভ করিতে পারে, এই যন্ত্রের আর অধিক মাহাত্ম্য কি বর্ণন করিব, ক্ষণকালমাত্র যন্ত্রের সেবা করিলে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, জ্ঞান, বৈরাগ্য, ঐশ্বর্য্য এবং অণিমাদি অষ্টসিদ্ধি পাইয়া থাকে ॥ ১-২ ।

ইদং রহস্যং পরমীশ্বরেণাপি দুর্গমম্।
এবং যন্ত্রং সমাখ্যাতং ন দেয়ং প্রাকৃতে জনে ইতি॥ ৩॥
ভূতাদিকং শোধয়েদ্দ্বারপূজাং
কৃত্বা পদ্মাদ্যাসনস্থঃ প্রসন্নঃ।

ঈশ্বরেণ সর্ব্বশক্তিমতাপি উপদেশং বিনা দুর্গমম্ অগম্যম্। ইতি শব্দো যন্ত্রাভিধানসমাপ্তৌ। ৩॥

ভূতাদিকমিতি ভূতানি পৃথিব্যাদীনি পঞ্চ আদিশব্দান্মহদহঙ্কারাদি তৎ শোধয়েৎ আত্মনি বিলাপয়েৎ। ভূতশুদ্ধিঃ প্রাণপ্রতিষ্ঠায়া মাতৃকা-ন্যাসস্য চোপলক্ষণম্ ভূতশুদ্ধিপ্রাণপ্রতিষ্ঠে মাতৃকান্যাসঞ্চ কুর্য্যাদিত্যর্থঃ। তৎকরণপ্রকারস্তু—ভূতশুদ্ধিং ততঃ কুর্য্যাত্তৎপ্রকারোঽধুনোচ্যতে। পাদাদিজানুপর্য্যন্তং চতুরস্রং সবজ্রকম্॥ লংযুতং পীতবর্ণঞ্চ ভুবঃ স্থানং বিচিন্তয়েৎ। জানোরানাভি চন্দ্রার্দ্ধনিভং রামেণ লাঞ্ছিতম্॥ শুক্লবর্ণং স্ববীজেন যুতং ধ্যায়েদপাং স্থলম্। নাভিতঃ কণ্ঠপর্য্যন্তং ত্রিকোণং রক্ত-বর্ণকম্॥ স্ববীজেন যুতং ধ্যায়েত্ততো বহ্নেস্তু মণ্ডলম্। কণ্ঠাদ্ভ্রূমধ্য-

---

এই রামযন্ত্র অতি গোপনীয়, উপদেশব্যতিরেকে সর্ব্বশক্তিমান্ ঈশ্বরও ইহা জানিতে পারেন না, এই রামযন্ত্র কথিত হইল, ইহা সাধা-রণজনের নিকট প্রকাশ করিবে না॥ ৩॥

এইরূপে যন্ত্র নির্ম্মাণ করিয়া ভূতশুদ্ধি, অর্থাৎ পৃথিব্যাদি পঞ্চভূত, মহ-ত্তত্ত্ব ও অহঙ্কারাদি শোধন করিবে, অর্থাৎ ভূতাদি আত্মাতে বিলয় করিবে। অনন্তর প্রাণপ্রতিষ্ঠা ও মাতৃকান্যাস করিবে। ভূতশুদ্ধির প্রকার এই-পাদ হইতে জানু পর্য্যন্ত চতুরস্র বজ্রযুক্ত লংবীজসমন্বিত পীতবর্ণ পৃথিবীমণ্ডল চিন্তা করিবে। জানু হইতে নাভি পর্য্যন্ত অর্দ্ধচন্দ্রাকৃতি রামমন্ত্র যুক্ত শুক্লবর্ণ বরুণবীজসমন্বিত জলমণ্ডল ধ্যান করিবে। নাভি হইতে কণ্ঠ পর্য্যন্ত ত্রিকোণাকার রক্তবর্ণ বহ্নিবীজযুক্ত বহ্নিমণ্ডল ভাবনা করিবে। কণ্ঠ হইতে ভ্রূমধ্য পর্য্যন্ত কৃষ্ণবর্ণ ষট্‌কোণ ষড়্‌বিন্দুযুক্ত

অর্চ্চাবিধাবস্থ পীঠাধরোর্দ্ধং
পার্শ্বার্চ্চনং মধ্যপদ্মার্চ্চনঞ্চ ॥ ৪ ॥

ইতি নবমঃ খণ্ডঃ ॥ ৯ ।

পর্য্যন্তং কৃষ্ণং বায়োস্তু মণ্ডলম্ ॥ ষট্‌কোণং বিন্দুভিঃ ষড়্‌ভির্যুতং বীজেন [illegible] [illegible]স্তং বর্ত্তুলং ধ্বজলাঞ্ছিতম্ ॥ ধূম্রবর্ণং স্ববী- [illegible] এবং ধ্যাত্বা পুনস্তানি ভূতানি প্রবিলাপ- [illegible] পৃথ্বীমপ্‌সু চ তা বহ্নৌ বহ্নিং বায়ৌ সমীরণম্। প্রবিলাপ্য তথাকাশেঽপ্যাকাশং প্রকৃতৌ ততঃ ॥ অপরব্রহ্মরূপাং তাং মায়াশক্তিং পরাত্মনি। ইত্থং সমস্তদেহাদিপ্রপঞ্চং পরমাত্মনি। প্রবিলাপ্য পর ব্রহ্মরূপস্তিষ্ঠেৎ কিয়ৎক্ষণম্। পুনরুৎপাদয়েদ্দেহং পবিত্রং পরমাত্মনঃ ॥ শব্দব্রহ্মাত্মিকা জাতা প্রকৃতিঃ পরমাত্মনঃ। অজায়ত জগন্মাতুরাকাশং প্রকৃতেস্তথা। নভসোঽভিন্ন • • • •। সমীরণাদভূদ্বহ্নির্বহ্নেরাপ- স্ততঃ ক্ষিতিঃ। স্বীয়মেভ্যোঽপি ভূতেভ্যস্তেজোরূপং কলেবরম্। দেব-

---

বায়ুবীজসমন্বিত বায়ুমণ্ডল ধ্যান করিবে। ভ্রূমধ্য হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত বর্ত্তুলাকার ধ্বজচিহ্নিত ধূম্রবর্ণ হংবীজযুক্ত আকাশমণ্ডল চিন্তা করিবে। এইরূপে পৃথিব্যাদি পঞ্চমণ্ডল চিন্তা করিয়া পুনর্ব্বার সেই সকল মণ্ডল বিলীন করিবে, অর্থাৎ পৃথিবী জলেতে, সেই জল বহ্নিতে, বহ্নি বায়ুতে, বায়ু আকাশেতে, আকাশ প্রকৃতিতে এবং সেই মায়াশক্তি প্রকৃতিকে পরমাত্মাতে বিলীন করিবে। এইরূপে সমস্ত দেহাদি প্রপঞ্চ পরমাত্মাতে বিলীন করিয়া পরংব্রহ্মরূপে কিয়ৎকাল অবস্থিতি করিবে। পরে পুনর্ব্বার পরমাত্মা হইতে এই দেহ উৎপাদন করিবে, অর্থাৎ পরমাত্মা হইতে জগন্মাতা প্রকৃতি, প্রকৃতি হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল এবং জল হইতে পৃথিবী উৎপাদন করিবে। অনন্তর ভূত হইতে উৎপন্ন তেজোময় এই দেহই

তারাধেন যোগ্যমুৎপন্নমিতি ভাবয়েৎ। তস্মিন্ দেহে পরাত্মানং সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তিমৎ। সমস্তদেবতারূপং সর্ব্বমন্ত্রময়ং শুভম্। আত্মরূপেণ দেহে স্বে বীজভাবেন তিষ্ঠতি। ইত্যেষা ভাবনা মুখ্যা ভূতশুদ্ধিরিতীরিতা॥ অথবান্য প্রকারেণ ভূতশুদ্ধির্ব্বিধীয়তে। ধর্ম্মকন্দসমুদ্ভূতং জ্ঞানতা লং সুশোভনম্। ঐশ্বর্য্যাষ্টদলঞ্চৈব পরং বৈরাগ্যকর্ণিকম্। স্বীয়হৃৎকমলং ধ্যায়েৎ প্রণবেন বিকাশিতম্। কৃত্বা তৎকর্ণিকাসংস্থং প্রদীপকলিকাকৃতিম্। সুষুম্না বর্ত্মনা তঞ্চ পরমাত্মনি যোজয়েৎ। যোগযুক্তেন বিধিনা সোঽহং মন্ত্রেণ সাধকঃ। তত্রৈব সর্ব্বতত্ত্বানি বিলীনানি বিচিন্তয়েৎ। পুরুষাভং ততঃ পাপমনাদিভবসঞ্চিতম্। ব্রহ্মহত্যাশিরস্কঞ্চ স্বর্ণস্তেয়ং ভুজদ্বয়ম্। সুরাপানহৃদা যুক্তং গুরুতল্পকটিদ্বয়ম্। তৎসংযোগিপদদ্বন্দ্বমঙ্গপ্রত্যঙ্গপাতকম্। উপপাতকরোমাণং রক্তশ্মশ্রুবিলোচনম্। খড়্গাচর্ম্মধরং কৃষ্ণং কুক্ষৌ দক্ষিণতঃ স্মরেৎ। ততঃ সংশোধয়েদ্দেহং পূরকাদি-

---

দেবতার আরাধনের যোগ্য, এইরূপ ভাবনা করিতে হইবে। আর এই বিশুদ্ধ দেহেতে সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্ সমস্ত দেবতারূপ সর্ব্বমন্ত্রময় শুভপ্রদ আত্মাকে চিন্তা করিবে। স্বীয় দেহ মধ্যে আত্মা জীবভাবে বিদ্যমান আছেন। এইরূপ ভাবনাকেই মুখ্য ভূতশুদ্ধি বলা যায়। অথবা অন্য প্রকারেও ভূতশুদ্ধি হইতে পারে। ধর্ম্মরূপ মূল হইতে সমুদ্ভূত লংবীজসুশোভিত ঐশ্বর্য্যাদি অষ্টদলসমন্বিত এবং বৈরাগ্য কর্ণিক একটি পদ্ম আপন হৃদয়মধ্যে আছে, এই পদ্মের চিন্তা করিবে। উক্ত হৃদয়কমল প্রণবদ্বারা প্রকাশিত, প্রদীপ কলিকাসদৃশ জীবকে এই পদ্মের মধ্যগত চিন্তা করিয়া সেই জীবকে সুষুম্নাপথে পরমাত্মাতে যোজিত করিবে। অনন্তর সাধক যোগযুক্ত বিধি অনুসারে "সোঽহং" এই মন্ত্রে তাহাতে সকল তত্ত্ব বিলীন আছে, এইরূপ ভাবনা করিবে। তৎপরে অনাদিসংসার-সঞ্চিত পাপপুরুষকে চিন্তা করিবে। ব্রহ্মহত্যা এই পাপ পুরুষের শির, স্বর্ণচৌর্য্য তাহার হস্তদ্বয়, সুরাপান তাহার হৃদয়, গুর্ব্বঙ্গনাহরণ তাহার কটি, অঙ্গপ্রত্যঙ্গ পাপসকল পদযুগল, উপপাতক সকল তাহার রোম। ইহার চক্ষু ও শ্মশ্রুগুলি রক্তবর্ণ এই পুরুষ খড়্গচর্ম্মধারী

ক্রমেণ বৈ। বিধায় প্রাণসংরোধং বায়ুবীজেন বায়ুনা। বহ্নিবীজেন তেনৈব সন্দহেৎ সকলাং তনুম্। ভস্ম তদ্‌ঘ্রাণমার্গেণ নির্গতং চিন্তয়েৎ সুধীঃ। ততো বমিতি বীজেন প্লাবয়েৎ সকলাং তনুম্। সঞ্জাতে নির্ম্মলে দেহে দেবতোপাসনক্ষমে। আত্মজীবাদিতত্ত্বানি স্বস্থানং প্রাপয়েত্ততঃ। আত্মানং হৃদয়াম্ভোজমানয়েৎ পরমাত্মনঃ। হংসমন্ত্রেণ বিধিবদেবাবগুং বিধীয়তে। ভূতশুদ্ধিবিহীনেন কৃতা পূজাভিচারিকা। বিপরীতং ফলং দদ্যাদভক্ত্যা পূজনং যথা। ভূতশুদ্ধিং বিধায়েত্থং ততো বৈ স্থাপয়েদসূন্। পাশাঙ্কুশেন পুটিতাং শক্তিমাদৌ সমুচ্চরেৎ। যকারাদিসকারান্তান্ বিন্দুমস্তকলাচ্ছিতান্ তদন্ত উদ্ধরেৎ প্রাজ্ঞো ব্যোমমর্দ্ধেন্দুসংযুতম্। ততো হংসপরাত্মানৌ ততোঽমুষ্য পদং বদেৎ। প্রাণা ইতি বদেৎ পশ্চাদিহ প্রাণাস্ততঃ পরম্। অমুষ্য জীব ইহ তু স্থিতোঽমুষ্য পদং ততঃ। সর্ব্বেন্দ্রিয়াণ্যমুষ্যান্তে বাঙ্মনশ্চক্ষুরস্ততঃ শ্রোত্রঘ্রাণপদে প্রাণা ইহাগত্য সুখং চিরম্। তিষ্ঠন্ত্বগ্নিবধূঃ পূর্ব্বং প্রত্যমুষ্যপদং বুধঃ। পাশাদ্যানি প্রয়ো-

---

কৃষ্ণবর্ণ। এই পাপপুরুষকে দক্ষিণ কুক্ষিতে স্মরণ করিবে। তৎপরে পূরকাদি ক্রমে দেহ শোধন করিতে হইবে, পরে বায়ুবীজদ্বারা প্রাণ সংযম করিয়া বহ্নিবীজদ্বারা সকল দেহ দগ্ধকরিবে এবং নাসিকাদ্বারা সেই সকল ভস্ম নির্গত হইল, এইরূপ ভাবনা করিবে। তৎপরে বং এই বীজদ্বারা সকল তনু প্লাবিত করিবে। অনন্তর দেবতার উপাসনাক্ষম দেহ জন্মিলে জীবাদি ও তত্ত্ব সকল স্বস্ব স্থানে স্থাপন করিবে এবং পরমাত্মা হইতে জীবাত্মাকে হংসমন্ত্রে হৃদয়ে আনয়ন করিবে। যেমন ভক্তি বিহীন হইয়া পূজা করিলে সেই পূজা আভিচারিক পূজা হয় এবং তাহাতে বিপরীত ফল হইয়া থাকে। সেইরূপ ভূতশুদ্ধি ব্যতিরেকে পূজা করিলেও বিপরীত ফল হয়। অতএব অগ্রে ভূতশুদ্ধি করিয়া পরে প্রাণপ্রতিষ্ঠা করিবে।—"যথা আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হং হংসঃ অমুষ্য প্রাণা ইহপ্রাণাঃ, পুনঃ আমিত্যাদি অমুষ্য জীব ইহস্থিতঃ, পুনঃ আমিত্যাদি অমুষ্য সর্ব্বেন্দ্রিয়াণি এবং আমিত্যাদি অমুষ্য বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।" এই মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিতে হইবে।

জ্যেবং প্রাণমন্ত্রং সমুদ্ধরেৎ। ব্রহ্মর্ষিরস্যচ্ছন্দস্তু বিরাট্ প্রাণস্তু দেবতা। প্রণবোঽগ্নিবধূর্ব্বীজং শক্তিরুক্তা মনীষিভিঃ। শিরোবদনহৃদ্‌গুহ্যপাদ-পৃষ্ঠাদি বিন্যসেৎ। অমুষ্যেতি পদস্থানে সাধ্যনাম সমুচ্চরেৎ। ত্রির্জ্জপেৎ সাধ্যসংস্পর্শং কৃত্বা মন্ত্রমুদারধীঃ। এষ প্রাণপ্রতিষ্ঠায়াঃ প্রকারঃ পরি-কীর্ত্তিতঃ। আং পাশঃ হ্রীং মায়া ক্রোম্ অঙ্কুশঃ। মাতৃকান্যাসো যথা ঋষ্যাদিপূর্ব্বঃ। ঋষির্ব্রহ্মা সমুদ্দিষ্টো গায়ত্রীচ্ছন্দ ঈরিতম্। সরস্বতী সমাখ্যাতা দেবতা দেশিকোত্তমৈঃ। অক্লীবহ্রস্বদীর্ঘান্তর্গতৈঃ ষড়্‌বর্গকৈঃ ক্রমাৎ। ষড়ঙ্গানি বিধেয়ানি জাতিযুক্তানি দেশিকৈঃ॥ পঞ্চাশল্লিপি-ভির্ব্বিভক্ত-মুখ-দোঃ-পন্মধ্য-বক্ষঃস্থলাং ভাস্বন্মৌলি-নিবদ্ধ-চন্দ্র-শকলামা-পীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্য-কলশং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্ব্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্দেবতাং সংশ্রয়ে॥ ললাট-মুখ-বৃত্তাক্ষি-শ্রুতি-

---

এই প্রাণপ্রতিষ্ঠা মন্ত্রের ব্রহ্মা, ঋষি, বিরাট্‌ছন্দঃ প্রাণদেবতা, ওঁ বীজ স্ত্রীঁ শক্তি। এই মন্ত্র দেবতার মস্তক, বদন, হৃদয়, গুহ্য, পাদ ও পৃষ্ঠাদি স্থানে বিন্যাস করিবে। উক্ত মন্ত্রে অমুষ্য পদস্থানে যে দেবতার প্রাণপ্রতিষ্ঠা করিবে, সেই দেবতার নাম উল্লেখ করিতে হইবে। সাধক অভিলষিত দেবতাকে স্পর্শ করিয়া তিনবার মন্ত্রপাঠ করিবে। ইহাই প্রাণ-প্রতিষ্ঠার ক্রম কথিত হইল। অতঃপর মাতৃকান্যাস করিবে। তাহার ক্রম এই—মাতৃকামন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ গায়ত্রী, দেবতা সরস্বতী। অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ, ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা, উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্, এং তং থং দং ধং নং ঐং কবচায় হুঁ, ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রায় বৌষট্, অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্ এইরূপে ষড়ঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। মাতৃকাদেবীর মুখ, বাহু, পাদ ও বক্ষঃস্থল পঞ্চাশৎ বর্ণে বিভক্ত হইয়াছে। ইহার সমুজ্জ্বল কপালে অর্দ্ধচন্দ্র বিরাজিত আছে, স্তনদ্বয় স্থূল ও উচ্চ, মাতৃকাদেবী চতুর্ভুজা। তাঁহার হস্তে মুদ্রা, অক্ষমালা, সুধাপূর্ণ কলস ও পুস্তক আছে, তাঁহার শরীর অতিশয় শুভ্র এবং ইনি ত্রিনয়না। এইরূপ বাগ্দেবীকে আশ্রয় করি। এই প্রকারে ধ্যান করিয়া ললাটে,

ঘ্রাণেষু গণ্ডয়োঃ। ওষ্ঠদন্তোত্তমাঙ্গাস্যে দোঃ-পৎ-সন্ধ্যগ্রকেষু চ। পার্শ্বতঃ পৃষ্ঠতো নাভৌ জঠরে হৃদয়েংসকে। ককুদ্যংসে চ হৃৎপূর্ব্বং পাণৌ পাদযুগে ততঃ। জঠরাননয়োর্ন্যস্তেন্মাতৃকার্ণান্ যথাক্রমাৎ। ইতি দ্বারপূজাং কুর্য্যেতি সা যথা—দেশিকো বিধিবৎ স্নাত্বা কৃত্বা পূর্ব্বাহ্নিকাঃ ক্রিয়াঃ। যায়াদলঙ্কৃতো মৌনী যাগার্থং যাগমণ্ডপম্॥ আচম্য বিধিবত্তত্র সামান্যার্ঘ্যং বিধায় চ। দ্বারমস্ত্রাম্বুভিঃ প্রোক্ষ্য দ্বারপূজাং সমাচরেৎ। অজ্বোড়ুম্বরকে বিঘ্নং মহালক্ষ্মীঃ সরস্বতী। ততো দক্ষিণশাখায়াং বিঘ্নক্ষেত্রসমন্বিতঃ। তয়োঃ পার্শ্বগতে গঙ্গাযমুনে পুষ্পবারিভিঃ। দেহল্যামর্চ্চয়েদস্ত্রং প্রতিদ্বারমিতি ক্রমাৎ॥" ইতি পদ্মাদ্যাসনস্থ ইতি পদ্মাসনন্তু—"বামোরূপরি দক্ষিণন্তু চরণং সংস্থাপ্য বামং তথা যাম্যোরূপরি পশ্চিমেন বিধিনা ধৃত্বা করাভ্যাং দৃঢ়ম্। অঙ্গুষ্ঠৌ হৃদয়ে নিধায় চিবুকং

মুখে, নেত্রদ্বয়ে, কর্ণদ্বয়ে, নাসিকাদ্বয়ে, গণ্ডদ্বয়ে, ওষ্ঠদ্বয়ে, দন্তপংক্তিদ্বয়ে, মস্তকে, মুখে, বাহুসন্ধিসমূহে, অঙ্গুল্যগ্রে, পাদসন্ধিসমূহে, পাদাঙ্গুল্যগ্রে, পার্শ্বদ্বয়ে, পৃষ্ঠে, নাভিতে, উদরে, হৃদয়ে, দক্ষিণস্কন্ধে ককুৎস্থানে বামস্কন্ধে, হৃদয়াদি দক্ষিণহস্তে, হৃদয়াদি বামহস্তে, হৃদয়াদি দক্ষিণপাদে, হৃদয়াদি বামপাদে, হৃদয়াদি উদরে ও হৃদয়াদি মুখে অং নমঃ আং নমঃ ইত্যাদিরূপে অকারাদিক্ষকারান্ত পঞ্চবর্ণের ন্যাস করিবে। এইরূপে ন্যাস করিয়া দ্বারপূজা করিতে হইবে। সাধক বিধিপূর্ব্বক স্নানাদি পূর্ব্বাহ্নিক ক্রিয়া সমাপন করিয়া অলঙ্কার পরিধানপূর্ব্বক যোগ সম্পাদনার্থ যাগমণ্ডপে গমন করিবে। সেই স্থানে আচমন করিয়া যথাবিধি সামান্যার্ঘ স্থাপনপূর্ব্বক সেই অর্ঘ্যোদকদ্বারা দ্বারদেশে অভ্যুক্ষণ করিয়া দ্বারপূজা আরম্ভ করিবে। দ্বারের ঊর্দ্ধভাগে বিঘ্ন, মহালক্ষ্মী, সরস্বতী, দক্ষিণ শাখাতে বিঘ্ননাশন, ক্ষেত্রপাল, এই উভয়ের পার্শ্বদেশে শুদ্ধবারিদ্বারা গঙ্গা ও যমুনা এবং দেহলীতে অস্ত্রপূজা করিবে। প্রতিদ্বারেই এইরূপে পূজা করিতে হইবে। তৎপরে পদ্মাসনে উপবেশন করিবে। পদ্মাসনবন্ধের নিয়ম এই—বাম ঊরুর উপরি দক্ষিণ চরণ এবং দক্ষিণ ঊরুর উপরি বামচরণ স্থাপন করিয়া পৃষ্ঠাবলম্বী উভয় হস্তদ্বারা

নাসাগ্রমালোকয়েদেতদ্ব্যাধি-বিঘাতকারি যমিনাং পদ্মাসনং প্রোচ্যতে" ইতি। আদিশব্দাৎ স্বস্তিকাদি। পূজাবিধৌ তু তন্নির্ব্বাহার্থমঙ্গুষ্ঠবন্ধনং হস্তাভ্যাং ন কর্ত্তব্যম্। আদৌ দ্বারপূজাং কৃত্বা পদ্মাসনে উপবিশ্য প্রসন্নচিত্তো ভূতশুদ্ধ্যাদিকং কুর্য্যাদিত্যন্বয়ঃ। অর্চ্চাবিধাবিতি অস্য রামস্য অর্চ্চাবিধৌ পূজাবিধৌ পীঠস্য অধরদেশার্চ্চনম্ উর্দ্ধদেশার্চ্চনম্ পার্শ্বদেশার্চ্চনং মধ্যবর্ত্তিনঃ পদ্মস্য চার্চ্চনং কৃত্বা পীঠস্যাঙ্ঘ্রিষু ধর্ম্মাদিকানর্চ্চয়েদিতি সম্বন্ধঃ॥ ৪॥

ইতি নবমঃ খণ্ডঃ॥ ৯॥

উভয় পাদের অঙ্গুষ্ঠ দৃঢ়ভাবে গ্রহণ করিবে এবং হৃদয়ে চিবুক স্থাপনপূর্ব্বক নাসিকার অগ্রভাগ অবলোকন করিবে। এইরূপে উপবেশন করিলেই পদ্মাসন হয়, এই আসন শারীরিক সকল ব্যাধি বিনাশ করে। এইরূপে পদ্মাসন ও স্বস্তিকাদি আসন বদ্ধ করিয়া পূজা করিবে। এই পদ্মাসনে হস্তদ্বারা পাদাঙ্গুষ্ঠ ধারণ করিবে না, তাহাহইলে পূজা সিদ্ধি হইতে পারে না। পূর্ব্বে দ্বার পূজা করিয়া পদ্মাসন বদ্ধপূর্ব্বক উপবিষ্ট হইয়া ভূতশুদ্ধ্যাদি করিবে। এই পূজাতে পীঠের অধোদেশার্চ্চন, উর্দ্ধদেশার্চ্চন, পার্শ্বদেশার্চ্চন এবং মধ্যবর্ত্তী পদ্মের অর্চ্চনা করিয়া পীঠ পাদে ধর্ম্মাদির পূজা করিবে॥ ৪॥

ইতি নবম খণ্ড॥ ৯॥

দশমঃ খণ্ডঃ।

কৃত্বা মৃদু-শ্লক্ষ্ণ-সতূলিকায়াং
রত্নাসনে দেশিকমর্চ্চয়িত্বা।
শক্তিঞ্চাধারাখ্যকাং কর্ম্ম-নাগৌ
পৃথিব্যব্জে স্বাসনাধঃ প্রকল্প্য ॥ ১ ॥

রত্নবন্ধে আসনে মৃদুঃ কোমলা শ্লক্ষ্ণা মনোহরা সমানা রত্নাসনতুল্য-পরিমাণা যা তূলিকা তস্যাং দেশিকং দেশঃ উপদেশোঽস্যাস্তি দেশিকঃ অত ইতি ঠন্। উপদেষ্টা তঞ্চ অর্চ্চয়িত্বা সম্পূজ্য। পীঠাধরভাগাদি-যুক্তমর্চ্চনং বিশদয়তি শক্তিমিতি। শক্তিঞ্চাধারাখ্যকাম্ আধারশক্তিং কূর্ম্মঃ কচ্ছপঃ নাগঃ শেষঃ তৌ চ পৃথিবীলক্ষণে চ অব্জে কমলে এতাঃ স্বাসনস্য দেবতাঃ শ্বাসনস্য অধঃ প্রকল্প্য। তদুক্তম্—"আধারশক্তিং প্রজপেৎ পঙ্কজদ্বয়ধারিণীম্। মূর্দ্ধ্নি তস্যাঃ সমাসীনং কূর্ম্মং নীলাভমর্চ্চয়েৎ। ঊর্দ্ধং ব্রহ্ম শিলাসীনমনন্তং কুন্দসন্নিভম্। যজেচ্চক্রধরং মূর্দ্ধ্নি ধারয়ন্তং বসুন্ধরাম্। তমালশ্যামলাং তস্মিন্ নীলেন্দীবরধারিণীম্। অভ্যর্চ্চয়েদ্বসুমতীং স্ফুরৎসাগরমেখলাম্ ॥" ইতি এবং মণ্ডপাস্তং পূজয়িত্বা মণ্ডপং

অনন্তর রত্ননিরুদ্ধ আসনে কোমল, মনোহর ও রত্নাসনতুল্য তুলিকাতে উপদেষ্টার অর্চ্চনা করিয়া আধারশক্তি, কূর্ম্ম, নাগ, অনন্ত, পৃথিবী ও পদ্ম স্বীয় আসনের অধোভাগে এই সকলের অর্চ্চনা করিবে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, পদ্মদ্বয়ধারিণী আধারশক্তির চিন্তা করিবে। ইহার মূর্দ্ধপ্রদেশে নীলবর্ণ কূর্ম্ম সমাসীন আছে। তাহার ঊর্দ্ধে শীলাস্থিত ব্রহ্মা কুন্দসন্নিভ, চক্রধারী অনন্তের অর্চ্চনা করিবে। এই মস্তকে বসুন্ধরাকে ধারণ করিয়াছেন, এইস্থলে তমালের ন্যায় শ্যামলবর্ণা নীলপদ্মধারিণী সাগরমেথলা বসুমতীর পূজা করিবে। এই সাগরেতে

বিঘ্নং দুর্গাং ক্ষেত্রপালঞ্চ বাণীং
বীজাদিকাংশ্চাগ্নি-দেশাদিকাংশ্চ।
পীঠস্যাঙ্ঘ্রিষ্বেষু ধর্ম্মাদিকাংশ্চ
নঞ্‌পূর্ব্বাংস্তাংস্তস্য দিক্ষ্বর্চ্চয়েচ্চ ॥ ২ ॥

প্রবিশেৎ। দ্বারে বিং বিঘ্নায় নমঃ দুং দুর্গায়ৈ নমঃ ক্ষং ক্ষেত্রপালায় নমঃ বাং বাণ্যৈ নমঃ ইতি বীজাদিকান্ যথাস্থানমভ্যর্চ্চ্য অগ্নিদেশাদিকান্ ধর্ম্মাদীন্ তদুক্তম্—"যজেৎ কল্পতরুং তস্মিন্ সাধকাভীষ্ট-সিদ্ধিদান্ অধস্তাৎ পূজয়েত্তেষাং বেদিকাং মণ্ডলোজ্জ্বলাম্। পশ্চাদভ্যর্চ্চয়েত্তস্যাং পীঠং ধর্ম্মাদিভিঃ পুনঃ। রক্তশ্যামহরিদিন্দ্রনীলাভান্ পাদরূপিণঃ। বৃষ-কেশরিভূতেভরূপান্ ধর্ম্মাদিকান্ যজেৎ। গাত্রেষু পূজয়েত্তাংস্তু নঞ্‌-পূর্ব্বকাননুক্রমাৎ। আগ্নেয়াদিষু কোণেষু দিক্ষু চাথাম্বুজং যজেৎ" ইতি। অংঘ্রিষু পাদেষু নঞ্‌পূর্ব্বান্ ধর্ম্মাদিকান্ তস্য পীঠস্য দিক্ষু পূর্ব্বাদিষু। ১-২ ॥

রত্নময় দ্বীপ আছে এবং এই দ্বীপে মণিময় মণ্ডপ রহিয়াছে। এইরূপে মণ্ডপান্তের পূজা করিয়া সেই মণ্ডপে প্রবেশ করিবে। পরে বিং বিঘ্নায় নমঃ, দুং দুর্গায়ৈ নমঃ, ক্ষং ক্ষেত্রপালায় নমঃ, বাং বাণ্যৈ নমঃ, এইরূপে পূজা করিয়া অগ্ন্যাদিকোণে ধর্ম্মাদির পূজা করিতে হইবে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, সাধকের অভীষ্টপ্রদ কল্পতরুর পূজা করিয়া সেই কল্প-তরুর মূলে রত্নমণ্ডলে সমুজ্জ্বল রত্নবেদিকার অর্চ্চনা করিতে হইবে। অনন্তর সেই রত্নবেদিকাতে ধর্ম্মাদির সহিত পীঠের পূজা করিতে হইবে। অর্থাৎ রক্তবর্ণ, শ্যামবর্ণ, হরিদ্বর্ণ ও ইন্দ্রনীল মণিবর্ণ বৃষ, সিংহ ভূত হস্তি-রূপী ধর্ম্মাদির পূজা করিবে। পীঠগাত্রে অধর্ম্মাদির পূজা করিবে। অগ্ন্যাদি চতুষ্কোণে উক্ত ধর্ম্মাদির পূজা করিয়া দিক্‌চতুষ্টয়ে পদ্মের পূজা করিবে ॥ ১-২ ।

মধ্যে ক্রমাদর্ক-বিধ্বগ্নিতেজাং-
স্যুপর্য্যুপর্য্যস্তমৈরর্চ্চিতানি।
রজঃ সত্ত্বং তম এতানি বৃত্ত-
ত্রয়ং বীজাঢ্যং ক্রমাদ্ভাবয়েচ্চ ॥ ৩ ॥
আশাব্যাশাস্বপ্যথাত্মানমন্ত-
রাত্মানঞ্চ পরমাত্মানমন্তঃ।
জ্ঞানাত্মানঞ্চার্চ্চয়েত্তস্য দিক্ষু
মায়াবিদ্যে যে কলাপারতত্ত্বে ॥ ৪ ॥

মধ্যে ইতি সূর্য্যেন্দ্বগ্নয়ঃ ক্রমেণ পূজ্যাঃ। যৎ বৃত্তত্রয়ং তৎ রজঃ সত্ত্বং তমঃ এতানি যানি গুণরূপাণি তজ্জ্ঞাতব্যম্ বীজাঢ্যং কলিকারূপং ক্রমাৎ অনুক্রমেণ ভাবয়েৎ পূজয়েৎ ॥ ৩ ॥

আশেতি আশাব্যাশাসু দিক্ষু বিদিক্ষু চ অষ্টৌ পদ্মপত্রাণি পূজয়েদিতি শেষঃ। অথেতি আত্মানং লিঙ্গম্ অন্তরাত্মানং জীবং পরমাত্মানম্ ঈশ্বরং জ্ঞানাত্মানং ব্রহ্মবিন্দুনাদশক্তিশান্তাত্মকান্ এতান্ অন্তঃ মধ্যে অর্চ্চয়েৎ। মায়া বিদ্যা কলা পারতত্ত্বং পরমং তত্ত্বঞ্চ এতানি চত্বারি তত্ত্বানি দিক্ষু পূজ্যানি। তদুক্তম্—"আনন্দকন্দং প্রথমং সংবিন্নালমনন্তরম্। সর্ব্ব-তত্ত্বাত্মকং পদ্মমভ্যর্চ্চ্য তদনন্তরম্। মন্ত্রী প্রকৃতিপত্রাণি বিকারময়-কেশ·

অনন্তর পদ্মমধ্যে সূর্য্য, চন্দ্র ও অগ্নি ইহাদিগের পূজা করিবে এবং উপর্য্যুপরি বৃত্তত্রয়ে রজঃ, সত্ত্ব ও তমোগুণের পূজা করিতে হইবে। অনন্তর কলিকারূপ বীজাঢ্য কর্ণিকার পূজা করিবে। ৩ ॥

তৎপরে দিকচতুষ্টয়ে ও কোণচতুষ্টয়ে পদ্মের অষ্টপত্রের পূজা করিবে এবং আত্মা অন্তরাত্মা ও পরমাত্মার অর্চ্চনা করিবে, পরে মায়া, বিদ্যা, কলা ও পরমতত্ত্ব ইহাদিগের পূজা করিতে হইবে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, প্রথমে আনন্দকন্দ, সংবিন্নাল ও সর্ব্বতত্ত্বাত্মক পদ্মের পূজা করিয়া প্রকৃতিময় পত্র, বিকারময় কেশর ও পঞ্চাশদ্বর্ণ বীজাঢ্য কর্ণিকার

সম্পূজয়েদ্বিমলাদীশ্চ শক্তী-
রভ্যর্চ্চয়েদ্দেবমাবাহয়েচ্চ।
অঙ্গব্যূহানি জলাদৈশ্চ পূজ্য
ধৃষ্ট্যাদিকৈর্লোকপালৈস্তদস্ত্রৈঃ ॥ ৫ ॥

রান্। পঞ্চাশদ্বর্ণবীজাঢ্যাং কর্ণিকাং পূজয়েত্ততঃ। কলাভিঃ পূজয়েৎ সার্দ্ধং তস্যাং সূর্য্যেন্দুপাবকান্। প্রণবস্য ত্রিভির্মন্ত্রৈরথ সত্ত্বাদিকান্ গুণান্। আত্মানমন্তরাত্মানং পরমাত্মানমর্চ্চয়েৎ। জ্ঞানাত্মানঞ্চ বিধিবৎ পীঠং মন্ত্রাবসানিকম্" ইতি। তত্ত্বপূজায়াং মাং মায়াতত্ত্বায় নমঃ বিং বিদ্যাতত্ত্বায় নমঃ কং কলাতত্ত্বায় নমঃ পং পরতত্ত্বায় নমঃ ইতি প্রয়োগঃ ॥ ৪ ॥

বিমলাদীশ্চেতি। বিমলোৎকর্ষিণী জ্ঞানাক্রিয়াযোগেতি শক্তয়ঃ "প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহা নবমী মতা।" ইত্যাসনস্থানমুক্তম্—"পীঠশক্তি-কেসরেষু মধ্যে চ সবরাভয়া।" ইতি পীঠমন্ত্রো নারায়ণীয়ে উক্তঃ। দেবমাবাহয়েচ্চেতি মূলমন্ত্রেণ আহুতো ভব ইত্যাদ্যুক্ত্বাবাহনাদিমুদ্রাঃ প্রদর্শয়েৎ। তা যথা—"আবাহনাদিকা মুদ্রা নব সাধারণী মতা। তথা

পূজা করিবে। পরে পদ্মকর্ণিকাতে কলার সহিত সূর্য্য, চন্দ্র ও অগ্নির অর্চ্চনা করিতে হইবে। অনন্তর প্রণবের বৃত্তত্রয়ে সত্ত্বাদিগুণত্রয়ের পূজা করিয়া আত্মা, অন্তরাত্মা, পরমাত্মা ও জ্ঞানাত্মার পূজা করিয়া বিধিবৎ পীঠ পূজা করিবে এবং মাং মায়াতত্ত্বায় নমঃ, বিং বিদ্যাতত্ত্বায় নমঃ, কং কলাতত্ত্বায় নমঃ। ৪ ॥

অনন্তর বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা, ঈশানা ও অনুগ্রহা এই সকল শক্তির পূজা করিয়া মূলদেবের আবাহন করিবে, মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "আহুতো ভব" এই বলিয়া আবাহনাদি মুদ্রা প্রদর্শন করিবে। আবাহনাদি নবমুদ্রা ও ষড়ঙ্গমুদ্রা এই সকল মুদ্রা সর্ব্ব মন্ত্রে প্রয়োগ করিবে। উভয় হস্তে অঞ্জলি বন্ধন করিয়া অনামিকার মূলপর্ব্বে অঙ্গুষ্ঠদ্বয় ক্ষেপণ করিবে, ইহাকে আবাহনী মুদ্রা বলে।

ষড়ঙ্গমুদ্রাশ্চ সর্ব্বমন্ত্রেষু যোজয়েৎ। হস্তাভ্যামঞ্জলিং বদ্ধানামিকা-মূল-পর্ব্বণোঃ। অঙ্গুষ্ঠৌ নিক্ষিপেৎ সেয়ং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা। অধোমুখী ত্বিয়ং চেৎ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা। উচ্ছিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোস্তু সংযোগাৎ সন্নিধাপনী। অন্তঃপ্রবেশিতাঙ্গুষ্ঠা সৈব সংরোধিনী মতা। উত্তান-মুষ্টিযুগলা শম্মুখীকরণী মতা। দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলী-কৃতিঃ। সব্যহস্তকৃতা মুষ্টিদীর্ঘাধো-মুখতর্জ্জনী। অবগুণ্ঠনমুদ্রেয়মভিতো ভ্রামিতা সতী। অন্যোহন্যাভিমুখাশ্লিষ্টকনিষ্ঠানামিকা পুনঃ। তথৈব তর্জ্জনীমধ্যা ধেনুমুদ্রা সমীরিতা। অমৃতীকরণং কুর্য্যাৎ তয়া সাধকসত্তমঃ। অন্যোহন্যগ্রথিতাঙ্গুষ্ঠা প্রসারিতপরাঙ্গুলী। মহামুদ্রেয়মাখ্যাতা পরমী-করণে বুধৈঃ প্রয়োজয়েদিমা মুদ্রা দেবতাহ্বানকর্ম্মণি।" ইতি। অঙ্গ-ব্যূহানীতি। অঙ্গব্যূহানি হৃদয়াদীনি জলাদ্যৈঃ উদকদানাদ্যৈঃ পাদ্যা-

---

এই আবাহনী মুদ্রা করিয়া হস্তদ্বয় অধোমুখ করিলেই স্থাপনী মুদ্রা হয়। হস্তদ্বয়ের অঙ্গুষ্ঠ উচ্ছ্রিত করিয়া মুষ্টি বন্ধনপূর্ব্বক উভয় মুষ্টি যুক্তকরিলে সন্নিধাপনী মুদ্রা হয়। উক্ত মুদ্রাতে অঙ্গুষ্ঠদ্বয় মুষ্টিমধ্যে প্রবেশিত করিবে, ইহাকে সংরোধনী মুদ্রা বলিয়া থাকে। হস্তদ্বয় উত্তান করিয়া মুষ্টিবন্ধন করিলে সম্মুখীকরণী মুদ্রা হয়। আর দেবতার অঙ্গে যে ষড়ঙ্গ-ন্যাস তাহাকে সকলীকরণ মুদ্রা বলা যায়। বামহস্তে মুষ্টিবন্ধন করিয়া তর্জনীকে দীর্ঘভাবে অধোমুখ করিবে এবং এই মুদ্রাকে চতুর্দ্দিকে ভ্রামিত করিবে, ইহাকে অবগুণ্ঠন মুদ্রা বলে। বামহস্তের কনিষ্ঠা ও দক্ষিণ হস্তের অনামিকা, দক্ষিণ হস্তের কনিষ্ঠা ও বামহস্তের অনামিকা, বামহস্তের তর্জ্জনী ও দক্ষিণ হস্তের মধ্যমা, দক্ষিণ হস্তের তর্জ্জনী ও বাম-হস্তের মধ্যমা পরস্পর সম্মুখ ও সংযুক্ত করিলে ধেনুমুদ্রা হয়। এই ধেনুমুদ্রাদ্বারা সাধক পূজা দ্রব্যের অমৃতীকরণ করিবে। উভয় হস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলি পরস্পর গ্রথিত করিয়া অপর অঙ্গুলিসকল প্রসারিত করিবে। ইহাকে মহামুদ্রা বলে, এই মুদ্রা পরমীকরণে প্রশস্ত। দেব-তার আবাহন কার্য্যে এই সকল মুদ্রা প্রয়োগ করিবে। অনন্তর পাদ্যাদিদ্বারা হৃদয়াদি ষড়ঙ্গের পূজা করিয়া অথবা হনুমান প্রভৃতি

দিভিঃ সম্পূজ্যেত্যর্থঃ। অঙ্গব্যূহানিলজাদ্যৈরিতি পাঠে অঙ্গব্যূহৈঃ অনিলজাদ্যৈঃ হনুমদাদ্যৈশ্চ সাকং দেবং পূজ্যেত্যন্বয়ঃ। অঙ্গব্যূহানলাদ্যৈরিতি তু যুক্তঃ পাঠঃ। নলাদ্যৈঃ নীলাদ্যৈঃ ষোড়শভিঃ সহেত্যর্থঃ। তেষাং স্থানানি "আগ্নেয়াদিষু কোণেষু হৃদয়াদীনি পূজয়েৎ। নেত্রমগ্রে দিশাস্বস্ত্রম্" ইতি। অঙ্গমুদ্রা যথা—"অঙ্গন্যাসস্য যা মুদ্রাস্তাসাং লক্ষণমুচ্যতে। অনঙ্গুষ্ঠা ঋজবো হস্তশাখা ভবেন্মুদ্রা হৃদয়ে শিরস্যপি। অধোঽঙ্গুষ্ঠা খলু মুষ্টিঃ শিখায়াং করদ্বন্দ্বাঙ্গুলয়ো বর্ম্মণি স্যুঃ। নারাচমুষ্ট্যুদ্ধৃতবাহুযুগ্মকাঙ্গুষ্ঠতর্জ্জন্যাদিতো ধ্বনিস্ত। বিষ্বগ্বিষিক্তঃ কথিতাস্ত্রমুদ্রা যত্রাক্ষিণী তর্জ্জনিমধ্যমে স্তঃ। নেত্রত্রয়ং তত্র ভবেদনামা ষড়ঙ্গমুদ্রাঃ কথিতা যথাবৎ" ইতি। ধৃষ্ট্যাদিকৈরিতি সৃষ্ট্যাদীনন্যে পঠন্তি। তথাহি—"পূজয়েদ্বৈষ্ণবে পীঠে মূর্ত্তিং মূলেন কল্পয়েৎ। শ্রীং সীতায়ৈ দিগন্তেন সীতাং পার্শ্বগতাং যজেৎ। অগ্রে পার্শ্বদ্বয়ে শার্ঙ্গশরানঙ্গানি তদ্বহিঃ। হনুমন্তং সসুগ্রীবং ভরতং সবিভীষণম্। লক্ষ্মণাঙ্গদশত্রুঘ্নান্ জাম্ববন্তং দলেষ্বিমান্। বাচয়ন্তং হনুমন্তমগ্রতো ধৃতপুস্তকম্। যজেদ্ভরতশত্রুঘ্নৌ

কিম্বা নলাদি ষোড়শ অঙ্গব্যূহের পূজা করিয়া দেবের পূজা করিবে। অগ্ন্যাদি কোণে এই অঙ্গ পূজা করিতে হইবে। অঙ্গন্যাসের যে মুদ্রা কথিত আছে, তাহার লক্ষণ বলিতেছেন।—অঙ্গুষ্ঠাভিন্ন অঙ্গুলি সকল সরল করিয়া হৃদয়ে ও শিরোদেশে ন্যাস করিবে। অঙ্গুষ্ঠা অধোগত করিয়া মুষ্টিবন্ধন করিলে শিখান্যাসের মুদ্রা হয়। উভয় হস্তের সর্ব্বাঙ্গুলিদ্বারা কবচ ন্যাস করিবে। নারাচ মুদ্রার ন্যায় তর্জ্জনী ও মধ্যমা দ্বারা করতলে ধ্বনি করিবে, ইহাকেই অস্ত্রমুদ্রা বলে এবং তর্জ্জনী, মধ্যমা ও অনামা এই অঙ্গুলিত্রয়ে নেত্রে ন্যাস করিবে, এই ষড়ঙ্গমুদ্রা কথিত হইল। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, শ্রীরামের পীঠোপরি মূলমন্ত্রে মূর্ত্তিকল্পনা করিয়া শ্রীঁ সীতায়ৈ নমঃ এই মন্ত্রে শ্রীরামের পার্শ্বগতা সীতার পূজা করিয়া অগ্রভাগে পার্শ্বদ্বয়ে শৃঙ্গ নির্ম্মিত শর এবং অঙ্গ পূজা করিবে। তাহার বহির্ভাগে অষ্টদলে হনুমান, সুগ্রীব, ভরত, বিভীষণ, লক্ষণ, অঙ্গদ, শত্রুঘ্ন ও জাম্ববান এই সকলের পূজা করিতে হইবে। হনুমান শ্রীরামের

বশিষ্ঠাদ্যৈর্মুনিভির্নীলমুখ্যৈ-
রারাধয়েদ্রাঘবং চন্দনাদ্যৈঃ।
মুখ্যোপহারৈর্ব্বিবিধৈশ্চ পূজ্য
স্তস্মৈ জপাদীংশ্চ সমর্প্য সম্যক্ ॥ ৬ ॥

পার্শ্বয়োর্ধৃতচামরৌ। ধৃতাতপত্রং হস্তাভ্যাং লক্ষ্মণং পশ্চিমে যজেৎ। সৃষ্টিং জয়ন্তং বিজয়ং সুরাষ্ট্রং রাষ্ট্রবর্দ্ধনম্। অকোপং ধর্ম্মপালাখ্যং সুমন্ত্রঞ্চ দলাগ্রতঃ। সর্ব্বাভরণসম্পন্নাল্লোকেশানর্চ্চয়েত্ততঃ। তদস্ত্রাণি ততো বাহ্যে বজ্রাদীনি চ পূজয়েৎ॥" ইতি ॥ ৫ ॥

বশিষ্ঠাদ্যৈরিতি। বশিষ্ঠ-বামদেব-জাবাল-গোতম-ভরদ্বাজ-কুশিক-বাল্মীকি-নারদ-সনক-সনন্দন-সনাতন-সনৎকুমারান্ দ্বাদশ কমণ্ডলুধরান্ সর্ব্বান্ মন্ত্রমুচ্চরতো মুনীন্ দ্বাদশাব্জেষু অর্চ্চয়েৎ পূর্ব্বাদিক্‌ক্রমেণ চ তৎ-

---

সম্মুখে পুস্তক ধারণ করিয়া পাঠ করিতেছেন, ভরত ও শত্রুঘ্ন উভয়পার্শ্বে চামর ধারণ করিয়াছেন, লক্ষ্মণ পশ্চাদ্ভাগে ছত্রধারণ করিয়া দণ্ডায়মান রহিয়াছেন, এইরূপ চিন্তা করিয়া পূজা করিবে। অনন্তর সৃষ্টি, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অকোপ, ধর্ম্মপাল ও সুমন্ত্র পদ্মের দলাগ্রে এই সকলের পূজা করিতে হইবে। তৎপরে সর্ব্বাভরণযুক্ত ইন্দ্রাদি লোকপাল ও তাহাদিগের বজ্রাদি অস্ত্রের পূজা করিবে॥ ৫ ॥

অনন্তর দ্বাদশদলপদ্মের দ্বাদশদলে পূর্ব্বাদি ক্রমে বশিষ্ঠ, বামদেব, জাবাল, গোতম, ভরদ্বাজ, কুশিক, বাল্মীকি, নারদ, সনক, সনন্দন, সনাতন ও সনৎকুমার কমণ্ডলুধারী এই দ্বাদশ মুনির পূজা করিবে। এই সকল মুনি মন্ত্র উচ্চারণ করিয়া স্তব করিতেছেন, এইরূপ চিন্তা করিয়া পূজা করিতে হইবে। তৎপরে ষোড়শদল পদ্মের ষোড়শপত্রে পূর্ব্বাদিক্রমে নীল, সুষেণ, মান্দ্য, শরভ, দ্বিবিদ, গবাক্ষ, কিরীট, কুণ্ডল, শ্রীবৎস, কৌস্তুভ, শঙ্খ, চক্র, গদা ও পদ্ম এই সকলের পূজা করিবে। চন্দনাদি বিবিধ উপচারদ্বারা এই সকল অঙ্গদেবতার পূজা করিতে হইবে। এইরূপে পূজা করিয়া মূলমন্ত্র জপ করিবে এবং সেইরূপ

এবম্ভূতং জগদাধারভূতং
রামং বন্দে সচ্চিদানন্দরূপম্।
গদাদি-শঙ্খাব্জধরং ভবারিং
স যো ধ্যায়েন্মোক্ষমাপ্নোতি সর্ব্বতঃ॥ ৭॥

বিশ্বব্যাপী রাঘবোঽথো তদানী-
মন্তর্দ্দধে শঙ্খচক্রে গদাব্জে।
ধৃত্বা রমাসহিতঃ সাবৃতশ্চ
সসপত্নজঃ সানুজঃ সর্ব্বলোকী॥ ৮॥

পরান্। নীলমুখ্যৈরিতি—নীল-সুষেণ-মৈন্দ-শরভ-দ্বিবিদ-ধনদ-গবাক্ষ-কিরীট-কুণ্ডল-শ্রীবৎস-কৌস্তভ-শঙ্খ-চক্র-গদা-পদ্মানি ষোড়শাব্জে অর্চ্চয়েৎ পূর্ব্বদিক্‌ক্রমেণ কৃতাঞ্জলীন্। চন্দনাদ্যৈঃ সুগন্ধিভিঃ জপাদীনিতি। আদিশব্দেন উপচারাঃ। জপসমর্পণে মন্ত্রঃ—গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেব! ত্বৎপ্রসাদাত্ত্বয়ি স্থিতাঃ॥" ইতি। অরিচক্রম্ সর্ব্বতঃ সর্ব্বস্মাৎ বন্ধনাৎ। সর্ব্বঃ ইতি তু যুক্তঃ পাঠঃ॥ ৬-৭॥

রাঘবঃ অথো তদানীম্ ইতি পদচ্ছেদঃ। অন্তর্দ্দধে লোকাদৃশ্যো বভূব ন তু দেহধর্ম্মং গতঃ রামায়ণেঽপি তেনৈব রূপেণ ব্রহ্মলোকে গমনমুক্তম্।

শ্রীরামে সমর্পণ করিয়া এইরূপে প্রার্থনা করিবে যে, তুমি অতি গুহ্য ও সকলের গোপ্তা, তুমি আমাদিগের এই জপ গ্রহণ কর। আমি যেন তোমার প্রসাদে সিদ্ধিলাভ করিতে পারি॥ ৬॥

যিনি উক্তরূপে জগদাধার ভূত সচ্চিদানন্দরূপী জগতের আদিভূত শঙ্খপদ্মধারী, ভববিনাশক, শ্রীরামচন্দ্রের ধ্যান করে সে সর্ব্ববিষয়ে সংসার হইতে বিমুক্ত হইয়া মোক্ষলাভ করিবে॥ ৭॥

শঙ্খ চক্র-গদা-পদ্মধারী বিশ্বব্যাপী রাম রঘুকুলে জন্মগ্রহণ করিয়া রাক্ষসধ্বংসাদি দেবকার্য্য সাধনান্তে অনুজগণের সহিত সপরিবারে

তদ্ভক্ত্যা যে লব্ধকামাংশ্চ ভুক্ত্বা
তথা পদং পরমং যান্তি তে চ।
ইমা ঋচঃ সর্ব্বকামার্থদাশ্চ
যে তে পঠন্ত্যমলা যান্তি মোক্ষম্।
যে তে পঠন্ত্যমলা যান্তি মোক্ষম্ ॥ ৯ ॥

ইতি দশমঃ খণ্ডঃ ॥ ১০ ॥

ইত্যথর্ব্ববেদে রামপূর্ব্বতাপনীয়োপনিষৎ সমাপ্তা ॥

সাবৃতঃ আবরণৈঃ পরিবারৈঃ সহিতঃ সসপত্নজঃ সপত্নজেন বৈরিসন্তানেনাপি সহিতঃ সমদর্শিত্বাৎ সর্ব্বলোকী সর্ব্বদর্শী ॥ ৮।

যে তদ্ভক্তাঃ তে কামান্ লভন্তে লব্ধাংশ্চ কামান্ ভুক্ত্বা পরং পদং যান্তি। উপনিষৎপাঠে ফলমাহ ইমা ইতি দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা। দশাবরণপূজা গণসংহিতায়ামুক্তা—"ষট্‌কোণে প্রথমা বৃত্তিঃ স্যাদঙ্গৈরন্বিতঃ ক্রমাৎ। দ্বিতীয়াত্মাদিকৈঃ প্রোক্তা দেবৈরষ্টাক্ষমূলকে ॥" ইতি। তথা আত্মা নিবৃত্তিঃ অন্তরাত্মা প্রতিষ্ঠা পরমাত্মা বিদ্যা জ্ঞানাত্মা শান্তিঃ ইত্যা-

---

অন্তর্ধান হইয়াছিলেন তখন আর তাঁহাকে কেহ দেখিতে পাইল না। তিনি সর্ব্বত্র সমদর্শী ছিলেন, এই নিমিত্ত শত্রুসন্তানগণকে সঙ্গে লইয়া অন্তর্হিত হইয়াছিলেন ॥ ৮।

যাহারা শ্রীরামের ভক্ত, তাহারা সর্ব্বকাম লাভ করে এবং সর্ব্বকাম ভোগ করিয়া সংসার হইতে মুক্ত হইয়া পরমপদ প্রাপ্ত হয়। এই সকল মন্ত্রই সর্ব্বকামার্থ প্রদ, যাঁহারা এই উপনিষৎ পাঠ করেন, তাঁহারা সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া মোক্ষপদ লাভ করিয়া থাকেন। গণসংহিতাতে দশাবরণ পূজাতে উক্ত আছে যে, পূর্ব্বোক্ত যন্ত্রের ষট্‌কোণে ষড়ঙ্গ-

দয়ঃ। "তৃতীয়া বাসুদেবাদ্যৈরষ্টপত্রে তথৈব চ। চতুর্থী বায়ুপুত্রাদ্যৈঃ পত্রাগ্রে পূর্ব্বতঃ ক্রমাৎ। ধৃষ্ট্যাদ্যৈঃ পঞ্চমী বৃত্তির্দ্বিতীয়াষ্টদলে তথা। ষষ্ঠী দ্বাদশপত্রেষু নারদাদ্যৈর্মহর্ষিভিঃ। সপ্তমী ষোড়শাব্জে স্যান্নীলাদ্যৈঃ কপিপুঙ্গবৈঃ। ধ্রুবাদ্যৈরষ্টমী জ্ঞেয়া দ্বাত্রিংশদ্দলপদ্মকে। ইন্দ্রাদ্যৈর্ভূগৃহে চাদ্যে নবমাবরণং শুভম্। দশাবরণপূজেয়ং কর্ত্তব্যা সাধকোত্তমৈঃ॥" ইতি। পূজাযন্ত্রে চৈতান্যাবরণানি অস্য ধারণযন্ত্রাদয়ং বিশেষঃ। অত্র হি ষট্‌কোণাদিভূপুরান্তে দেবরূপাণি ভবন্তি। ধারণযন্ত্রে তু মন্ত্রবর্ণা ইতি আবরণক্রমোঽপ্যয়মেব শ্রুতৌ দ্রষ্টব্যঃ পাঠক্রমাদর্থক্রমস্য বলীয়স্ত্বাৎ॥ ৯॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং রামপূর্ব্বস্য দীপিকা॥

ইতি দশমঃ খণ্ডঃ॥ ১০॥

ইতি রামপূর্ব্বতাপনীয়োপনিষদো-দীপিকা সম্পূর্ণা॥

পূজা করিবে, ইহাই প্রথমাবরণ। আত্মা, নিবৃত্তি, অন্তরাত্মা, প্রতিষ্ঠা, পরমাত্মা, বিদ্যা, জ্ঞানাত্মা ও শান্তি অষ্টদলপদ্মের অষ্টপত্রে এই অষ্ট দেবতার পূজা করিবে, ইহাই দ্বিতীয় আবরণ। ঐ অষ্টপত্রে বাসুদেবাদির পূজা করিবে, ইহাই তৃতীয় আবরণ। পত্রের অগ্রে পূর্ব্বাদিক্রমে হনুমান্ প্রভৃতির পূজা করিবে, ইহাই চতুর্থ আবরণ। দ্বিতীয় অষ্টদলে ধৃষ্ট্যাদির পূজা করিবে, ইহাই পঞ্চমাবরণ। দ্বাদশদলপদ্মের পত্রেতে নারদাদি ঋষিগণের পূজা করিবে, ইহাই ষষ্ঠ আবরণ। ষোড়শদল পদ্মের পত্রেতে নীলাদি কপিগণের পূজা করিবে, ইহাই সপ্তমাবরণ। দ্বাত্রিংশৎপত্রে যে ধ্রুবাদি অষ্টবসুর পূজা করিবে, তাহাই অষ্টম আবরণ। ভূতপূর্ব্বে যে ইন্দ্রাদি দশদিক্‌পালের পূজা করিবে, তাহাই নবমাবরণ। আর

বজ্রাদি অস্ত্রই দশমাবরণ। সাধকগণ এই দশবিধ আবরণ পূজা করিবে। পূজাযন্ত্রেই এইরূপ আবরণ পূজা করিতে হইবে। ধারণযন্ত্রে বিশেষ আছে। ধারণযন্ত্রে ষট্‌কোণাদি ভূপুর পর্য্যন্ত মন্ত্রবর্ণ সকলকে দেবতা-রূপে পূজা করিবে। উপনিষদের বাক্য দুইবার পাঠ করিবে, ইহাই প্রাচীন পদ্ধতি, অতএব "যে পঠন্ত্যমলাযান্তি মোক্ষং" এই বাক্য বারদ্বয় উল্লিখিত হইয়াছে। ৯॥

ইতি দশম খণ্ড॥ ১০॥

রামপূর্ব্বতাপনী সমাপ্ত॥

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

রামতাপনী।

উত্তরভাগঃ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যম্। যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। অবি-

---

ওঁ রামোত্তরতাপনীয়ং স্বরূপমহিমোক্তয়ে।
রামচন্দ্রস্য ষট্‌ত্রিংশ খণ্ডপঞ্চকমণ্ডিতম্॥

ঋষিসংবাদেন রামচন্দ্রস্য মন্ত্রতোঽর্থশ্চ মহিমানং স্বরূপঞ্চ প্রকাশয়িতুমাদৌ ক্ষেত্রোত্তমং বিবিনক্তি বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যমিতি। যৎ ক্ষেত্রম্

ঋষিসংবাদ প্রসঙ্গে মন্ত্রত ও অর্থত শ্রীরামচন্দ্রের মাহাত্ম্য ও স্বরূপ প্রকাশার্থ আদিতে ক্ষেত্রবিবরণ করিতেছেন।—বৃহস্পতি যাজ্ঞবল্ক্যকে

মুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। তস্মাদ্ যত্র কচন গচ্ছতি তদেব মন্যেতেতি ॥ ১ ॥

অনু হীনং কুরুক্ষেত্রং কুরুক্ষেত্রাদপি যন্মহিম্না অধিকং কুরুক্ষেত্রং হি কুরোঃ ব্রহ্মণো বরদানাৎ ক্ষেত্রোত্তমং প্রসিদ্ধং তত্তু যতো হীনমিত্যর্থঃ। হীনে দ্যোতে অনুঃ কর্ম্মপ্রবচনীয়ম্ তদ্‌যোগে যদিতি দ্বিতীয়া। তথা দেবানামপি দেবপূজাস্থানং তথা সর্ব্বেষাং প্রাণিনাং ব্রহ্মলোকতুল্যং তৎ বাক্‌পতিঃ যজ্ঞবল্ক্যাপত্যং প্রতি উবাচ তন্নামতো লিঙ্গতশ্চ দর্শয়েতি পপ্রচ্ছেত্যর্থঃ। যাজ্ঞবল্ক্যস্তু উত্তরয়ন্ তাবত্তন্নামতো নির্দ্দিশতি অবিমুক্তং বৈ ইতি। ন বিমুক্তম্ ঈশ্বরেণাপরিত্যক্তম্ অবিমুক্তং বারাণসীক্ষেত্রং কুরুক্ষেত্রং কুরু ইতি দেবৈঃ প্রার্থিতেন শিবেন কৃতত্বাৎ কুরুক্ষেত্রম্। তথা দেবানামিত্যাদি বিশেষণদ্বয়ম্ উত্তরেঽপ্যনূদিতম্। দেশান্তরং তদ্দৃষ্ট্যোপাস্যমিত্যাহ তস্মাদিতি। তদেব অবিমুক্তমেব মন্যেত জানীয়াৎ ॥ ১ ॥

জিজ্ঞাসা করিয়াছিলেন। ব্রহ্মার বরদানে কুরুক্ষেত্র সর্ব্বক্ষেত্রোত্তম বলিয়া প্রসিদ্ধ আছে, যে ক্ষেত্র কুরুক্ষেত্র হইতেও অধিক, দেবতাদিগেরও দেবপূজা স্থান এবং সর্ব্বপ্রাণীর ব্রহ্মলোকতুল্য, সেই ক্ষেত্র কি? তাহা আমাকে উপদেশ কর? এইরূপে বৃহস্পতি যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলে যাজ্ঞবল্ক্য বৃহস্পতিকে সেই সর্ব্বোত্তম ক্ষেত্র উপদেশ করিতেছেন।—যাজ্ঞবল্ক্য কহিলেন,—যাহা কখন মহেশ্বর পরিত্যাগ করেন না, সেই বারাণসী ক্ষেত্রই সর্ব্বপ্রধান ক্ষেত্র। দেবগণ মহাদেবের নিকট প্রার্থনা করিলে মহাদেব এই ক্ষেত্রোত্তম বারাণসী প্রস্তুত করেন, অতএব ইহাকেও কুরুক্ষেত্র বলিয়া থাকে, ইহাই অবিমুক্ত স্থান বলিয়া জানিবে। অতএব দেশান্তরকেও বারাণসীর ন্যায় জ্ঞান করিবে। যেখানেই গমন করুন্ না কেন, সর্ব্বত্রই অবিমুক্ত স্থান জ্ঞান করিবে। ১ ॥

ইদং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। অত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতী ভূত্বা মোক্ষী ভবতি। তস্মাদবিমুক্তমেব নিষেবেত অবিমুক্তং ন বিমুঞ্চেদেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥ ২

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

তস্য মননোল্লেখমাহ ইদং বা ইতি ইদং যত্র বয়ং বিচরামঃ তদেব বিশেষণত্রয়যুক্তমবিমুক্তমিতি মন্তেতেত্যন্বয়ঃ। এবং কৃতে সতি অবিমুক্ত নিবাসফলং ভবতীতি ভাবঃ। নন্বন্যান্যেভ্যঃ ক্ষেত্রেভ্যঃ কো বিশেষঃ? অত্রাহ অত্র হীতি। জন্তোঃ প্রাণিমাত্রস্য ন মনুষ্যস্যৈব তারকং ষড়ক্ষরং বীজং বা। তস্য কিং ফলম্? অত আহ যেনেতি। অমৃতীভূত্বা ব্রহ্মীভূয় মোক্ষী ভবতি মোক্ষোঽস্যাস্তীতি বন্ধাদ্রহিতো ভবতি। কর্ত্তব্যমাহ তস্মাদিতি। নিষেবণং চিন্তনাদি দেশান্তরস্থস্যাপি সম্ভবতীত্যত উক্তং ন বিমুঞ্চেদিতি। এবমেবৈতৎ ভবদুক্তং যাজ্ঞবল্ক্যোক্তিং আহ বৃহস্পতিঃ যাজ্ঞবল্ক্যেনোক্তমর্থং স্বীকৃতবান্। এবমেষ ভগবন্ ইতি পাঠে

এইরূপে মনন করিতে হইবে যে, আমরা যে স্থানের বিবরণ করিতেছি, তাহাই কুরুক্ষেত্র, অর্থাৎ দেবগণের প্রার্থনানুসারে শিব নির্ম্মিত স্থান, উহা দেবতাদিগের দেবপূজার আস্পদ এবং সর্ব্বভূতের মোক্ষপ্রদ। অন্যান্য ক্ষেত্র হইতে ইহার বিশেষ এই যে, এই স্থানে সর্ব্বপ্রাণীরই প্রাণপ্রয়াণসময়ে রুদ্র তারকব্রহ্ম নাম বা "ওঁ রামায় নমঃ" এই ষড়ক্ষর মন্ত্র প্রদান করেন ইহাতেই প্রাণিগণ ব্রহ্মস্বরূপ হইয়া মোক্ষলাভ করে, তাহার সর্ব্বপ্রকার সংসারবন্ধন ছিন্ন হইয়া যায়। অতএব সেই অবিমুক্ত স্থান সর্ব্বদা চিন্তা করিবে। কেহই এই অবিমুক্ত স্থানের চিন্তা পরিত্যাগ করিবে না, দেশান্তরে থাকিয়াও উক্ত

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

অথ হৈনং ভরদ্বাজঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যম্ কিং তারকং? কিং তরতীতি? স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ তারকং বিন্দু-পূর্ব্বকং দীর্ঘানলং পুনর্ম্মায়নমঃ চন্দ্রায়নমঃ ভদ্রায়নমঃ

হে ভগবন্! এষঃ ভবদুক্তোঽর্থঃ এবং নান্যথা ইতি যাজ্ঞবল্ক্যং শ্রোতা বৃহস্পতিরাহ ইত্যর্থঃ॥ ২॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

এবং বৃহস্পতিপ্রোক্তার্থতত্ত্বং যাজ্ঞবল্ক্যং প্রশ্নস্বরূপম্ আহ কিং তারক মিতি। ননু তরণক্রিয়া কর্ম্ম প্রসিদ্ধমেব ইত্যাশঙ্ক্য প্রশ্নস্য বিশেষতামাহ কিং তরতীতি। যৎ তরতি সংসারং তারয়তি তস্য কিং স্বরূপমিত্যর্থঃ তরতিরন্তর্ভূতণ্যর্থঃ। যদ্বা কর্ম্মপ্রশ্নোঽয়ং যস্য গর্ভেত্যাদ্যুত্তরং ভাবি উত্তরমাহ স হেতি। দীর্ঘানলং দীর্ঘে আকারে আরূঢ়ঃ অনলঃ রেফঃ যস্মিন্ তৎ তচ্চ বিন্দুপূর্ব্বকং বিন্দোঃ পূর্ব্বমেব পূর্ব্বকং বা সিদ্ধম্। দীর্ঘা-

---

স্থানের চিন্তা করিলে পূর্ব্ববৎ ফল লাভ হয়। বৃহস্পতি যাজ্ঞবল্ক্যের কথা শ্রবণ করিয়া স্বীকার করিলেন॥ ২॥

ইতি প্রথম খণ্ড॥ ১॥

পূর্ব্বোক্ত প্রকারে যাজ্ঞবল্ক্য বৃহস্পতিকে উপদেশ করিলে ভরদ্বাজ যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন,—তারকব্রহ্ম কাহাকে বলা যায়? অর্থাৎ যাহা সংসার হইতে পরিত্রাণ করে, তাহার স্বরূপ কি? ইহাই ভরদ্বাজ যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন। যাজ্ঞবল্ক্য ভরদ্বাজের প্রশ্ন শ্রবণ

ইতি। ওঁ তৎ ব্রহ্মাত্মকাঃ সচ্চিদানন্দাখ্যা ইত্যুপাসিতব্যম্ ॥ ১ ॥

অকারঃ প্রথমাক্ষরো ভবতি উকারো দ্বিতীয়াক্ষরো ভবতি মকারস্তৃতীয়াক্ষরো ভবতি অর্দ্ধমাত্রশ্চতুর্থাক্ষরো ভবতি বিন্দুঃ পঞ্চমাক্ষরো ভবতি নাদঃ ষষ্ঠাক্ষরো ভবতি

লং রা ইতি পুনর্ম্মায় নমঃ ইতি স্বরূপম্। চন্দ্রায় নমঃ ভদ্রায় নমঃ তি দ্বৌ মন্ত্রৌ পৃথক্। তদুক্তম্—"রামেতি রামভদ্রেতি রামচন্দ্রেতি বা রন্। নরো ন লিপ্যতে পাপৈর্ভুক্তিং মুক্তিঞ্চ বিন্দতি॥" ইতি। ওঁ পাঃ তদ্রূপাঃ ব্রহ্মরূপাঃ তথা সদাখ্যাশ্চিদাখ্যা আনন্দাখ্যাশ্চেত্যেবমেতা মাদ্যাখ্যা উপাসিতব্যাঃ। তদুক্তং গীতায়াম্—"ওঁ তৎসদিতি নির্দ্দেশো হ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ। ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরাঃ॥" তি॥ ১ ॥

ওঙ্কারাত্মিকা রামাদ্যাখ্যা ইত্যুক্তম্ তেন রামাদীনাং তারকত্বমুপপাদয়িতুমোঙ্কারস্য তারকত্বমুপপাদয়তি অকার ইত্যাদিনা। অকারাদয়-

---

রিয়া কহিতেছেন, "রামায় নমঃ, রামচন্দ্রায় নমঃ, রামভদ্রায় নমঃ" এই ল মন্ত্র তারক। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, রাম, রামভদ্র বা রাম- এইরূপে স্মরণ করিলে সেই ব্যক্তি সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া বিধ ভোগাবসানে মুক্তিপদ লাভ করে। রামাদিমন্ত্রত্রয় ওঁস্বরূপ, স্বরূপ ও ব্রহ্মস্বরূপ এবং সৎস্বরূপ, চিৎস্বরূপ ও আনন্দস্বরূপে উপা- া করিবে। গীতাতে উক্ত আছে যে, "ওঁ, তৎ ও সৎ" এইরূপ ব্রহ্মের বিধ্য প্রসিদ্ধ আছে, এই নিমিত্ত পূর্ব্বে ব্রাহ্মণ, দেবতা ও যজ্ঞ বিহিত য়াছে॥ ১ ॥

রামনাম ওঙ্কারাত্মক, ইহাই পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে, অতএব াদিনামের তারকত্ব জানা যায়, ইহা প্রতিপাদনর্থ ওঙ্কারের তার- প্রতিপাদন করিতেছেন।—"ওঁ" এই তারকমন্ত্রের প্রথমাক্ষর অকার,

তারকত্বাত্তারকো ভবতি তদেব তারকং ব্রহ্ম ত্বং বিদ্ধি তদেবোপাস্যমিতি জ্ঞেয়ম্ গর্ভ-জন্ম-জরা-মরণ-সংসার-মহ- দ্ভয়াৎ সন্তারয়তীতি তস্মাদুচ্যতে তারকমিতি ॥ ২ ॥

য এতত্তারকং ব্রাহ্মণো নিত্যমধীতে স সর্ব্বং পাপ্মানং তরতি স মৃত্যুং তরতি স ব্রহ্মহত্যাং তরতি স ভ্রূণহত্যাং তরতি স বীরহত্যাং তরতি স সর্ব্বহত্যাং তরতি স সংসারং তরতি স সর্ব্বং তরতি সোঽবিমুক্তমাশ্রিতো ভবতি স মহান্ ভবতি সোঽমৃতত্বঞ্চ গচ্ছতীতি ॥ ৩ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

স্ত্রয়ো মূর্ত্তাঃ অর্দ্ধমাত্রাদয়স্ত্রয়োঽমূর্ত্তাঃ নাদাৎ পরে শক্তিশান্ত্যাখ্যে অপ বস্থে বেদিতব্যে। তদেব রাং বীজমেব প্রণবাত্মকত্বাদ্‌ব্রহ্মণো বাচক অবিমুক্তং বারাণসীক্ষেত্রম্ যত্র তত্র স্থিতো বারাণস্যামেব স্থিতো ভব যত্র তত্র মৃতো বারাণস্যামেব মৃতো ভবতীত্যর্থঃ। আশ্রিতো ভবতীত

দ্বিতীয়াক্ষর উকার, তৃতীয়াক্ষর মকার, চতুর্থাক্ষর অর্দ্ধমাত্রা এবং ষষ্ঠ ক্ষর নাদ। এই ষড়ক্ষরাত্মক প্রণবমন্ত্রই তারক, অর্থাৎ উক্ত মন্ত্র জ করিলে সংসার হইতে পরিত্রাণ পায়। রাং এই বীজও প্রণবাত্মক সুতরাং এই বীজকেও তারক বলিয়া জানিতে হইবে। অতএব এ তারক মন্ত্রের উপাসনা করিবে। যেহেতু এই মন্ত্র, গর্ভ, জন্ম, জরা মরণজন্যপ্রভৃতি সংসারভয় হইতে পরিত্রাণ করে, অতএব উক্ত রা মন্ত্রকে তারক বলা যায়। ২।

যে ব্যক্তি উক্ত তারকমন্ত্র নিত্য জপ করে, সেই ব্যক্তি সকল প্রকা পাপ, মৃত্যুভয়, ব্রহ্মহত্যা, ভ্রূণহত্যা, বীরহত্যা, সর্ব্বহত্যাপ্রভৃতি পা হইতে পরিত্রাণ পান, সংসার হইতে অপসৃত হইতে পারে, অবিমু

তৃতীয়ঃ খণ্ডঃ।

অথৈতে শ্লোকা ভবন্তি।

অকারাক্ষরসম্ভূতঃ সৌমিত্রির্ব্বিশ্বভাবনঃ।
উকারাক্ষরসম্ভূতঃ শত্রুঘ্নস্তৈজসাত্মকঃ ॥ ১ ॥
প্রজ্ঞাত্মকস্তু ভরতো মকারাক্ষরসম্ভবঃ।
অর্দ্ধমাত্রাত্মকো রামো ব্রহ্মানন্দৈকবিগ্রহঃ ॥ ২ ॥

স্থানন্তরং স মহান্ ভবতীতি কৈশ্চিৎ পঠ্যতে তেন ভুক্তিরুক্তা অমৃতত্বঞ্চেতি মুক্তিরুক্তা ॥ ২-৩ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ। ২ ॥

প্রণবষড়ক্ষরাণাং ক্রমেণার্থানাহ মন্ত্রৈঃ অথৈতে ইত্যাদিনা। বিশ্বভাবনঃ বিশ্বাভিধানঃ জাগ্রদভিমানী সঙ্কর্ষণঃ তৈজসাত্মকঃ স্বপ্নাভিমানী প্রদ্যুম্নঃ প্রজ্ঞাত্মকঃ সুষুপ্ত্যভিমানী অনিরুদ্ধঃ রামঃ ॥ ১-২ ॥

স্থান বারাণসীকে আশ্রয় করিতে পারে, সে অতি মহাত্মা হয় এবং অমৃত হয়, অর্থাৎ মুক্তিলাভ করিয়া থাকে ॥ ৩ ॥

ইতি দ্বিতীয় খণ্ড। ২ ॥

অনন্তর প্রণবের ষড়ক্ষরের অর্থ কথিত হইতেছে।—প্রণবের অকারাক্ষর হইতে জাগ্রদাভিমানী সুমিত্রাতনয় লক্ষ্মণ সমুদ্ভূত হইয়াছেন, উকারাক্ষর হইতে স্বপ্নাভিমানী শত্রুঘ্নের সম্ভব হয়, মকারাক্ষর হইতে সুষুপ্ত্যভিমানী ভরত সমুদ্ভূত হইয়াছেন। রাম অর্দ্ধমাত্রাত্মক ইনি ব্রহ্মানন্দবিগ্রহ, অর্থাৎ সচ্চিদানন্দময়। এইরূপে প্রণবই রামাত্মক ॥ ১-২ ॥

শ্রীরামসান্নিধ্যবশাজ্জগদানন্দদায়িনী।
উৎপত্তিস্থিতিসংহারকারিণী সর্ব্বদেহিনাম্॥ ৩॥
সা সীতা ভবতি জ্ঞেয়া মূলপ্রকৃতিসংজ্ঞিতা।
প্রণবত্বাৎ প্রকৃতিরিতি বদন্তি ব্রহ্মবাদিনঃ ইতি॥ ৪॥

ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব। যচ্চান্যত্ত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব। সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্ম অয়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পাজ্জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুগ্-বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ। স্বপ্ন-

---

তুরীয়াবস্থং ব্রহ্মকৃষ্ণাখ্যং বিন্দ্বর্থমাহ শ্রীরামেতি। আনন্দস্য ব্রহ্মাংশত্বাৎ কেবলয়া প্রকৃত্যা স দাতুমশক্যঃ কার্য্যকর্ত্তৃবিন্দ্বংশবাচ্যা কার্য্যোন্মুখী নাদাংশবাচ্যা সা রুক্মিণী। সীতায়াঃ শান্তিশান্ত্যাখ্যে অপ্যবস্থে আহ প্রণবত্বাদিতি। বাচ্যবাচকভাবং ত্যক্ত্বা প্রণবেন যদাভেদং গতা তদা প্রকৃতিরিতি বদন্তি ব্রহ্মবাদিনঃ জ্ঞানিনঃ। ইতিশব্দঃ শ্লোকসমাপ্ত্যর্থঃ॥ ৩-৪॥

ত্রিকালাতীতম্ আত্মস্বরূপম্। নন্বু কথমেকস্য মূর্ত্তামূর্ত্তরূপতা? বিরোধাৎ অত আহ সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্মেতি। মায়িকত্বাৎ মূর্ত্তস্য ন বিরোধ ইতি

শ্রীরামের সান্নিধ্যবশত জগতের আনন্দপ্রদায়িনী এবং সর্ব্বপ্রাণীর উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের কারণীভূতা সীতাকে মূলপ্রকৃতিরূপা জানিবে। যখন সীতা প্রণবের সহিত অভেদপ্রাপ্ত হয়েন, তখন ব্রহ্মবাদীরা তাঁহাকে প্রকৃতি বলেন॥ ৩-৪॥

ওঁ এই অক্ষরই সর্ব্বময়। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয় সেই প্রণবের উপব্যাখ্যামাত্র, বাস্তবিক প্রণব ত্রিকালাতীত ও সর্ব্বময়। আর ত্রিকালাতীত অন্য যাহা কিছু আছে, তাহাও প্রণবাত্মক। সেই ত্রিকালাতীত প্রণবই আত্মস্বরূপ। এই সমস্তই ব্রহ্মস্বরূপ হইতে মূর্ত্তামূর্ত্তভেদে ব্রহ্মের

স্থানোঽন্তঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ প্রবিবিক্ত-ভুক্ তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ। যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তং সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ। এষ সর্ব্বেশ্বরঃ এষ সর্ব্বজ্ঞঃ এষো-ঽন্তর্য্যামী এষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং নান্তঃ প্রজ্ঞং ন বহিঃপ্রজ্ঞং নোভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞং না-প্রজ্ঞং ন প্রজ্ঞাঘনং ন ঘনপ্রজ্ঞং ন প্রজ্ঞানমদৃষ্টমব্যবহার্য্য-মগ্রাহ্যমলক্ষণমলিঙ্গমচিন্ত্য-মব্যবদেশ্যমেকাত্ম-প্রত্যয়সারং

ভাবঃ। নমু তথাপি জীবস্য ব্রহ্মণো ভেদে কথমৈক্যসিদ্ধিরিত্যত আহ অয়মাত্মা ব্রহ্মেতি। যোঽয়ম্ আত্মা জীবঃ প্রসিদ্ধঃ সোঽপি ব্রহ্মৈব তস্য আত্মনো ব্রহ্মণঃ ওঙ্কারবাচ্যস্য রামস্যৈকাত্মত্বে কথং ভেদব্যবহারঃ ?

দ্বৈবিধ্যাশঙ্কা নিবৃত্ত হইল। আর জীবও ব্রহ্ম ; সুতরাং জীব ও ব্রহ্মের অভেদ প্রতিপাদিত হইল, তবে ওঙ্কারবাচ্য রামের সহিত ব্রহ্মের ঐক্য হইল, কিরূপে ভেদব্যবহার হয় ? এই আশঙ্কা হইতে পারে না, কারণ উপাধিভেদেই ঐরূপ ভেদজ্ঞান হইয়া থাকে, বাস্তবিক উহা অভিন্ন। সেই আত্মা চতুষ্পাদ, জাগরিত স্থান, বহিপ্রজ্ঞঃ, সপ্তাঙ্গ, একোনবিংশতি মুখ ও স্থূলভুক্। বৈশ্বানর ইহারাই তাঁহার প্রথম পাদ, স্বপ্নস্থান অন্তঃপ্রাজ্ঞ, সপ্তাঙ্গ, একোনবিংশতিমুখ, প্রবিভক্তভুক্ ও তৈজস পুরুষ ইহারা দ্বিতীয়পাদ ; যাহাতে সুপ্ত হইলে কোনরূপ কামনা বা কোনরূপ স্বপ্নদর্শন করে না, সেই সুষুপ্তি স্থান, একীভূত প্রজ্ঞানঘন, আনন্দময়, আনন্দভুক্ চেতোমুখ প্রাজ্ঞই তৃতীয় পাদ। ইনি সর্ব্বেশ্বর, ইনি সর্ব্বজ্ঞ, ইনি অন্তর্য্যামী, ইনি সকলের কারণ, ইহা হইতেই সর্ব্বভূতের উৎপত্তি ও প্রলয় হইয়া থাকে। ইনি অন্তঃপ্রজ্ঞ নহেন, বহিঃপ্রজ্ঞ নহেন, উভয়প্রজ্ঞ নহেন, ইনি প্রাজ্ঞ নহেন, অপ্রাজ্ঞ নহেন, অপ্রজ্ঞ নহেন, প্রজ্ঞানঘন নহেন,

প্রপঞ্চোপশমং শিবমদ্বৈতঃ চতুর্থং মন্যতে। স আত্মা স বিজ্ঞেয়ঃ সদোজ্জ্বলোঽবিদ্যা-তৎকার্য্যহীনঃ স আত্মা বন্ধ-হরঃ সর্ব্বদা দ্বৈতরহিতঃ আনন্দরূপঃ সর্ব্বাধিষ্ঠানঃ সন্মাত্রো নিরস্তাবিদ্যাতমোমোহোঽহমেবেতি সম্ভাব্যোঽহমি-ত্যোম্ তৎ সৎ যৎ পরং ব্রহ্ম রামচন্দ্রঃ ॥ ৫ ॥

চিদাত্মকঃ সোঽহমোং তদ্রামভদ্রঃ পরং জ্যোতীর-সোঽহমিত্যাত্মানমাদায় মনসা ব্রহ্মণৈকীকুর্য্যাৎ। সদা

ইত্যাশঙ্ক্যোপাধিভেদাদিত্যাহ সোঽয়মিতি। চতুর্থং মন্যন্তে ইত্যন্তো গ্রন্থো মাণ্ডুক্যে নারসিংহে চ ব্যাখ্যাতঃ। স আত্মেত্যাদিঃ স্পষ্টঃ। অহ-মিত্যোং তৎসদিতি এতচ্ছব্দচতুষ্টয়বাচ্যং যৎ পরং ব্রহ্ম স রামচন্দ্রঃ ॥ ৫ ॥

স কিং ভূতাত্মকঃ? ন ইত্যাহ চিদাত্মক ইতি। জ্ঞানৈকবিগ্রহঃ সোঽহমিতি সঃ প্রসিদ্ধঃ অমুকপুত্রোঽমুকনামা অহমস্ম। স মনুষ্যাদি-

---

ঘনপ্রজ্ঞ নহেন, ইনি অদৃষ্ট, অব্যবহার্য্য, অগ্রাহ্য, অলক্ষণ, অলিঙ্গ, অচিন্ত্য, অব্যপদেশ্য এই এক আত্মার জ্ঞান হইলে সর্ব্বভূত এবং প্রপঞ্চের উপশম হয়, ইনি সর্ব্বমঙ্গলপ্রদ ও অদ্বিতীয়, ইহাঁকে তুরীয়াবস্থ জানিবে। আর তিনিই আত্মা, তাঁহাকেই জানিতে হইবে, তিনি সর্ব্বদা উজ্জ্বল, তাঁহাতে অবিদ্যা বা অবিদ্যার কার্য্য নাই। সেই আত্মা সর্ব্বপ্রকার বন্ধন হরণ করেন, সর্ব্বদা দ্বৈতরহিত, আনন্দস্বরূপ সর্ব্বভূতের অধিষ্ঠান, সৎস্বরূপ, ইহাঁর অবিদ্যা নিরস্ত হইয়াছে, তাঁহার তমঃ বা মোহ নাই। সেই পরং-ব্রহ্মই রামচন্দ্র ॥ ৫ ॥

তিনি ভূতাত্মক নহেন, চিদাত্মক, অর্থাৎ জ্ঞানময়বিগ্রহ। তিনি মনুষ্যের ন্যায় অমুক নামক, অমুকের পুত্র এবং অমুকের সম্বন্ধীয় নহেন, অথচ ওঙ্কারস্বরূপ এবং তিনিই রামচন্দ্র, তিনিই জ্যোতির্ম্ময়। আমিই সেই ওঙ্কাররূপী জ্যোতির্ম্ময় রামচন্দ্র, এইরূপে তত্ত্বমসি প্রভৃতি বাক্যের ব্যাখ্যানদ্বারা আত্মাকে গ্রহণ করিয়া যিনি মনে মনে ব্রহ্মের সহিত

রামোঽহমিত্যেতৎ তত্ত্বতঃ প্রবদন্তি যেন তে সংসারিণো নূনং রাম এব ন সংশয়ঃ ইত্যুপনিষৎ য এবং বেদ স মুক্তো ভবতীতি যাজ্ঞবল্ক্যঃ ॥ ৬ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

রূপো ন কিন্তু ওঙ্কাররূপঃ তদ্রূপঃ পরং জ্যোতীরূপঃ ইত্যেবমাত্মানং প্রসিদ্ধমাদায় তত্ত্বমস্যাদি ব্যাখ্যানন্যায়েন মনসা করণেন ব্রহ্মণা অবিকৃতেন সহৈকীকুর্য্যাৎ। একীকরণে ফলমাহ সদেতি উপনিষৎ পরমার্থজ্ঞানং যাজ্ঞবল্ক আহ ভরদ্বাজং প্রতীতিশেষঃ ॥ ৬ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

আত্মার একীভাব করিতে পারেন, তিনি সর্ব্বদাই এইরূপ বলিয়া থাকেন যে, আমিই যথার্থ শ্রীরাম এবং সেই সংসারীরা নিশ্চয়ই রামস্বরূপ হয়। এইরূপে যাজ্ঞবল্ক্য ভরদ্বাজকে উপদেশ দিয়াছিলেন। যিনি এইরূপ জ্ঞানলাভ করেন, তিনি মুক্ত হইতে পারেন ॥ ৬ ॥

ইতি তৃতীয় খণ্ড ॥ ৩ ॥

চতুর্থঃ খণ্ডঃ।

অথ হৈনমত্রিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্য! য এষোঽনন্তো-ঽব্যক্ত আত্মা তং কথমহং জানীয়ামিতি। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। সোঽবিমুক্ত উপাস্যঃ য এষোঽক্ষরোঽনন্তোঽব্যক্তঃ পরিপূর্ণানন্দৈকরসশ্চিদাত্মা যোঽয়মনন্তো-ঽব্যক্ত আত্মা সোঽবিমুক্তে প্রতিষ্ঠিত ইতি। সোঽবিমুক্তঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? ইতি। বরণায়াং নাশ্যাঞ্চ

অবিমুক্তাধিষ্ঠানপুরুষস্বরূপমাহ য এষ ইতি। অব্যক্তঃ ইন্দ্রিয়াগ্রাহ্যঃ অবিমুক্তে কিমিত্যুপাস্যঃ? ইত্যত উক্তম্ অবিমুক্তে প্রতিষ্ঠিত ইতি। নন্ববিমুক্তো দেশো ন জ্ঞায়তে অতঃ পৃচ্ছতি স ইতি। বরণায়াং বরণ-নামিকায়াং নদ্যাং নাশ্যাং নাশীনামিকায়াঞ্চ মধ্যে যো দেশঃ ঐতিহ্য-প্রসিদ্ধ তত্র প্রতিষ্ঠিতোঽবিমুক্তঃ। প্রবৃত্তিনিমিত্তং পৃচ্ছতি কা বৈ বরণা

এইক্ষণ অবিমুক্ত স্থানের অধিষ্ঠিত পুরুষের স্বরূপ কথিত হইতেছে।— অত্রি যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—যাজ্ঞবল্ক্য! এই যে অনন্ত অব্যক্ত, অর্থাৎ ইন্দ্রিয়ের অগ্রাহ্য আত্মার উল্লেখ করিলে আমি তাঁহাকে কিরূপে জানিতে পারি? যাজ্ঞবল্ক্য কহিলেন,—যিনি অবিমুক্তস্থানে প্রতি-ষ্ঠিত, তাঁহাকে উপাসনা করিবে। যে অক্ষর অনন্ত অব্যক্ত পূর্ণানন্দ এক-রসাত্মক সচ্চিদানন্দ আত্মা, তিনিই অবিমুক্ত স্থানে প্রতিষ্ঠিত আছেন। পুনর্ব্বার অত্রি জিজ্ঞাসা করিলেন,—সেই অবিমুক্ত কোনস্থানে প্রতিষ্ঠিত আছেন? অত্রির এই প্রশ্ন শ্রবণ করিয়া যাজ্ঞবাল্ক্য কহিলেন,—বরণা ও নাশীনামে দুই নদী আছে, এই নদীদ্বয়ের মধ্যবর্ত্তী স্থানের নাম বারাণসী, এই বারাণসীই অবিমুক্তস্থান। পুনর্ব্বার অত্রি জিজ্ঞাসা করিলেন,—ভগবন্! আপনি যে বরণা ও নাশী নামে নদীর উল্লেখ করিলেন, সেই বরণা ও

মধ্যে প্রতিষ্ঠিত ইতি। কা বৈ বরণা? কা চ নাশী? ইতি। সর্ব্বানিন্দ্রিয়কৃতান্ দোষান্ বারয়তীতি তেন বারণা। সর্ব্বানিন্দ্রিয়কৃতান্ পাপান্ নাশয়তীতি তেন নাশী ভবতীতি ॥ ১ ॥

কতমচ্চাস্য স্থানং ভবতি? ভ্রুবোর্ঘ্রাণস্য চ যঃ সন্ধিঃ স এব দ্যৌর্লোকস্য পরস্য চ সন্ধির্ভবতি এতদ্বৈ সন্ধিং

ইতি। উত্তরমাহ সর্ব্বানিতি যত্র স্নাতাঃ পাপদোষরহিতা ভবন্তি। তদুক্তম্—"অসীবরণয়োর্ম্মধ্যে পঞ্চক্রোশং মহত্তরম্। অমরা মরণমিচ্ছন্তি কা কথা ইতরে জনাঃ॥" ইতি ॥ ১ ॥

স্কান্দে বাহ্যস্য প্রসিদ্ধৈব জ্ঞাতত্বাদান্তরাভিপ্রায়েণ পৃচ্ছন্তি কতমচ্চেতি। অস্য অবিমুক্তস্য ভ্রুবোর্ঘ্রাণস্য চ যঃ সন্ধিঃ কূর্পস্থানমিত্যর্থঃ তত্র ইড়া-পিঙ্গলে সঙ্গতে। সন্ধিশব্দস্য নিমিত্তান্তরমাহ স এষ ইতি দ্যৌরিতি প্রসিদ্ধস্য লোকস্য পরস্য দিবো জ্যোতিষশ্চ এতৎ বস্তুসন্ধিরূপং ব্রহ্মবিদঃ যোগিনঃ সন্ধ্যেত্যুপাসতে সোঽবিমুক্তঃ সন্ধিধিয়া উপাস্য ইত্যর্থঃ। ইতি

নাশী কে? এই প্রশ্নে যাজ্ঞবল্ক্য কহিলেন,—যে নদীতে স্নান করিলে সর্ব্বপ্রকার ইন্দ্রিয়কৃত দোষ বারণ করে, তাহারই নাম বরণা এবং যে নদীতে স্নান করিলে সর্ব্বপ্রকার ইন্দ্রিয়কৃত পাপাদিদোষ নাশ করে, তাহারই নাম নাশী। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, অসী বরণার মধ্যে যে পঞ্চক্রোশ পরিমিত মহত্তর স্থান আছে, এই স্থানে দেবগণও মরণ ইচ্ছা করেন, মনুষ্যাদিরা যে বারাণসীতে মরণ ইচ্ছা করিবে, তাহাতে কোন সংশয়ই নাই ॥ ১ ॥

বাহ্য অবিমুক্ত স্থান প্রসিদ্ধ আছে; সুতরাং তাহা সাধারণের জ্ঞাতই আছে, অতএব এইক্ষণ অন্তের অবিমুক্তস্থান কহিতেছেন।—নাসিকা ও ভ্রূ এই উভয়ের যে সন্ধি, তাহাতে ইড়া ও পিঙ্গলানাড়ী সঙ্গত হইয়াছে, আর ঐ স্থান স্বর্গ ও পরমজ্যোতির্ম্ময় লোকেরও সন্ধি, অতএব ব্রহ্মবিদ্

সন্ধ্যা ব্রহ্মবিদ উপাসত ইতি সোঽবিমুক্ত উপাস্য ইতি।
সোঽবিমুক্তং জ্ঞানমাচষ্টে যো বৈ তদেবং বেদেতি ॥ ২ ॥

অথ তং প্রত্যুবাচ স্বয়মেব যাজ্ঞবল্ক্যঃ।
শ্রীরামস্য মনুং কাশ্যাং জজাপ বৃষভধ্বজঃ।
মন্বন্তরসহস্রৈস্তু জপহোমার্চ্চনাদিভিঃ ॥ ৩ ॥
ততঃ প্রসন্নো ভগবান্ শ্রীরামঃ প্রাহ শঙ্করম্।
বৃণীষ্ব যদভীষ্টং তদ্দাস্যামি পরমেশ্বরঃ ইতি ॥ ৪ ॥

শব্দো বাক্যসমাপ্তৌ। স রামঃ পরমাত্মা অবিমুক্তক্ষেত্রে উপাস্য ইতি বিধিফলমাহ স ইতি। অবিমুক্তং জ্ঞানম্ অবিমুক্তপ্রদেশে ধ্যানবলেন যৎ প্রাপ্তম্। যদ্বা অবিমুক্তম্ অত্যক্তং নিত্যং জ্ঞানং ব্রহ্মাখ্যং যৎ তৎ আচষ্টে কথয়তি যঃ পুমান্ বৈ নিশ্চিতং তৎ অবিমুক্তং স্থানম্ উক্তপ্রকারং বেদ জানাতি ॥ ২ ॥

অথেতি তম্ অত্রিং প্রতি যাজ্ঞবল্ক্যঃ কথান্তরমুবাচ শ্রীরামস্যেতি। বৃষভধ্বজঃ কাশ্যাং শ্রীরামস্য মনুং মন্ত্রং জজাপ। ততঃ শ্রীরামঃ প্রাহ অহং পরমেশ্বরঃ যদভীষ্টং তৎ দাস্যামি ইতি বাক্যসমাপ্তৌ ॥ ৩-৪ ॥

যোগিগণ সন্ধিজ্ঞানে ঐ স্থানের উপাসনা করেন ; সুতরাং উহা সন্ধি বুদ্ধিতে সাধারণের উপাস্য। আর সেই রামই পরমাত্মা, অতএব অবিমুক্ত ক্ষেত্রে তাঁহার উপাসনা কর্ত্তব্য। অবিমুক্ত প্রদেশে যাহাকে ধ্যান করিলে জ্ঞানলাভ করায় তাঁহাকেই অবিমুক্ত জ্ঞান করিয়া থাকে, অথবা ব্রহ্ম-বিজ্ঞানই অবিমুক্ত। মনুষ্যগণ এই প্রকারে অবিমুক্ত স্থান জানিবে ।২॥

অনন্তর যাজ্ঞবল্ক্য স্বয়ং অত্রিকে কহিতেছেন,—মহাদেব কাশীতে শ্রীরামের মন্ত্র জপ করিয়াছিলেন, জপ, হোম ও অর্চ্চনাদিদ্বারা সহস্র মন্বন্তর পর্য্যন্ত শ্রীরামের আরাধনা করিলে ভগবান্ শ্রীরাম প্রসন্ন হইয়া মহেশ্বরকে বলিয়াছিলেন,—আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তুমি আপন অভীষ্ট বরগ্রহণ কর। আমিই পরমেশ্বর, তুমি যে বর প্রার্থনা করিবে, আমি তাহাই তোমাকে প্রদান করিব ॥ ৩-৪ ॥

অতঃ সত্যানন্দচিদাত্মা শ্রীরামমীশ্বরঃ পপ্রচ্ছ।
মণিকর্ণ্যাং বা মৎক্ষেত্রে গঙ্গায়াং বা তটে পুনঃ।
ম্রিয়তে দেহি তজ্জন্তোর্মুক্তিং নাতো বরান্তরম্ ॥ ৫ ॥

অথ স হোবাচ শ্রীরামঃ।

ক্ষেত্রেঽত্র তব দেবেশ! যত্র কুত্রাপি বা মৃতাঃ।
ক্রিমিকীটাদয়োঽপ্যাশু মুক্তাঃ সন্তু ন চান্যথা ॥ ৬ ॥
অবিমুক্তে তব ক্ষেত্রে সর্ব্বেষাং মুক্তিসিদ্ধয়ে।
অহং সন্নিহিতস্তত্র পাষাণপ্রতিমাদিষু ॥ ৭ ॥

অতঃপরং শ্রীরামমীশ্বরঃ পপ্রচ্ছঃ যযাচে ইতি। সত্যানন্দচিদাত্মেতি দ্বিতীয়ার্থে প্রথমা সত্যানন্দচিদাত্মানং শ্রীরামম্ ঈশ্বরং পপ্রচ্ছ ইতি। অন্য স্থানে সহোবাচেতি ক্বচিৎ পাঠঃ। মণিকর্ণ্যাং মণিকর্ণিকায়াং মৎক্ষেত্রে কাশ্যাং যো ম্রিয়তে তজ্জন্তোর্মুক্তিং দেহি অতঃপরং বরান্তরং ন প্রার্থনীয়ম্। ৫ ॥

তব ক্ষেত্রে ইতি ক্ষেত্রমপি তুভ্যং ময়া দত্তমিতি ভাবঃ। ক্রমেরিচ্ছোপধায়া ইতীত্বম্ ইন্। ক্রিমিঃ ক্রমচারী পিপীলিকাদিঃ কীট বন্ধ-

---

অনন্তর মহাদেব সচ্চিদানন্দরূপী সনাতন শ্রীরামের নিকট প্রার্থনা করিয়া বলিলেন যে, যে জন্তু মণিকর্ণিকা গঙ্গাতে অথবা কাশীতে প্রাণত্যাগ করে, তুমি তাহাকে মুক্তিপ্রদান করিবে, ইহাই আমার প্রার্থনা, এতদ্ভিন্ন আমার অন্য প্রার্থনীয় নাই ॥ ৫।

অনন্তর শ্রীরাম কহিলেন,—দেবেশ্বর! আমিই তোমাকে এই ক্ষেত্র প্রদান করিয়াছি, আর এইক্ষণ বলিতেছি,—তোমার এই ক্ষেত্রের যে কোন স্থানে ক্রিমিকীটাদি জন্তু প্রাণত্যাগ করে, তাহারাই তৎক্ষণাৎ মুক্তিলাভ করিবে, ইহার অন্যথা হইবে না ॥ ৬ ॥

মহেশ্বর! আমি তোমার এই অবিমুক্তক্ষেত্রে সকলের মুক্তিসিদ্ধির নিমিত্ত পাষাণ প্রতিমাদিতে সংস্থিত থাকিব, অর্থাৎ যে যখন এই স্থানে প্রাণত্যাগ করিবে, আমি তৎক্ষণাৎ তাহাকে মুক্ত করিব। ৭।

ক্ষেত্রেঽস্মিন্ যোঽর্চ্চয়েদ্ভক্ত্যা মন্ত্রেণানেন মাং শিব।
ব্রহ্মহত্যাদিপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ৮ ॥
ত্বত্তো বা ব্রহ্মণো বাপি যে লভন্তে ষড়ক্ষরম্।
জীবন্তো মন্ত্রসিদ্ধাঃ স্যুর্মুক্তা মাং প্রাপ্নুবন্তি তে ॥ ৯ ॥
মুমূর্ষোর্দ্দক্ষিণে কর্ণে যস্য কস্যাপি বা স্বয়ম্।
উপদেক্ষ্যসি মন্মন্ত্রং স মুক্তো ভবিতা শিব ॥ ১০ ॥
শ্রীরামচন্দ্রেণোক্তং যোঽবিমুক্তং পশ্যতি।
স জন্মান্তরিতান্ দোষান্ নাশয়তীতি ॥ ১১ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

বর্ণয়োঃ কীটতি বধ্নাতীতি। কীটঃ লূতাদিঃ ন চান্যথা ইতি মদ্বাক্যশেষঃ অনেন ষড়ক্ষরেণ মা শুচঃ প্রাণিদুঃখেন শোকং মা কৃথাঃ। মুক্তাঃ ত্যক্তদেহাঃ যস্য কস্যাপি পশুপক্ষিমৃগাদেরপি। জন্মান্তরিতানিতি অন্য-

---

হে শিব! যে ব্যক্তি তোমার এই কাশীক্ষেত্রে ভক্তিপূর্ব্বক পূর্ব্বোক্ত ষড়্ক্ষর মন্ত্রে আমার অর্চ্চনা করিবে, আমি তৎক্ষণাৎ তাহাকে ব্রহ্ম-হত্যাদি পাপ হইতেও মোচন করিব। তুমি ইহার নিমিত্ত মনে কিঞ্চি-ন্মাত্র শোক করিও না। ৮॥

বৃষধ্বজ! যে ব্যক্তি তোমার নিকটে, কি ব্রহ্মার নিকটে উক্ত ষড়ক্ষর মন্ত্র গ্রহণ করিতে পারে, সেই ব্যক্তি জীবদবস্থাতেই মন্ত্রসিদ্ধ হইয়া দেহ-পরিত্যাগপূর্ব্বক আমাকে পাইয়া থাকে। ৯।

হে শিব! যে কোন মুমূর্ষু জন্তুর দক্ষিণকর্ণে আমি স্বয়ং ষড়ক্ষর তারকব্রহ্ম মন্ত্র উপদেশ করিব, সেই জন্তু নিঃসংশয় মুক্তিলাভ করিবে। এমন কি পশুপক্ষী মৃগাদি জন্তুও যদি কাশীতে মরে, তাহাহইলে আমি তাহাদিগকে মুক্তিপদ প্রদান করিয়া থাকি॥ ১০॥

এইরূপে শ্রীরামচন্দ্র যে অবিমুক্তস্থান কহিলেন,—সেই অবিমুক্তস্থান

পঞ্চমঃ খণ্ডঃ।

অথ হৈনং ভরদ্বাজো যাজ্ঞবল্ক্যমুবাচ। অথ কমন্ত্র-স্তুতঃ শ্রীরামঃ প্রীতো ভবতি স্বাত্মানং দর্শয়তি তন্নো ব্রূহি ভগবন্নিতি। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ শ্রীরামেণৈবং শিক্ষিতো ব্রহ্মা পুনরেতয়া গদয়া নমস্করোতি ॥ ১ ॥

জন্মার্জ্জিতানপি দোষান্ নাশয়তি ছিনত্তি। তেন বরেণেতি কচিৎ পাঠঃ শ্রীরামদত্তেন বরেণ। ইতি শব্দঃ স্বখণ্ডসমাপ্তৌ ইদং বারাণশী শব্দস্য ব্যুৎপত্ত্যন্তরম্ বরেণ নাশয়তি দোষান্ বারাণশীতি। ৬-১১ ॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ। ৪ ।

শ্রীরামেণেতি যদ্যপি শঙ্করঃ প্রকৃতস্তথাপি সময়ান্তরে ব্রহ্মাপি এবং বারাণশীবৃত্তান্তং রামেণ শিক্ষিতঃ সন্নিত্যর্থঃ। গদয়া গদ্যেন গাথয়া ব্যক্ত-বাচা গদ্ ব্যক্তয়াং বাচি ॥ ১ ॥

কাশীক্ষেত্র যে দর্শন করে, সে পূর্ব্বজন্মকৃত পাপাদি দোষসকল বিনাশ করিতে পারে ॥ ১১ ॥

ইতি চতুর্থ খণ্ড ॥ ৪ ॥

অনন্তর ভরদ্বাজ যাজ্ঞবল্ক্যকে কহিয়াছিলেন,—ভগবন্! কোন মন্ত্রে শ্রীরামচন্দ্রকে স্তব করিলে তিনি প্রসন্ন হইয়া স্বীয়রূপ প্রদর্শন করেন?

বিশ্বাধারং মহাবিষ্ণুং নারায়ণমনাময়ম্।
পূর্ণানন্দৈকবিজ্ঞানং পরং জ্যোতিঃস্বরূপিণম্।
মনসা সংস্মরন্ ব্রহ্মা তুষ্টাব পরমেশ্বরম্॥ ২॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবানদ্বৈতপরমানন্দাত্মা যঃ পরং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৩॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চাখণ্ডৈকরসাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪॥

যঃ প্রসিদ্ধঃ বৈ নিশ্চিতং শ্রিয়া জুষ্টো রামচন্দ্রঃ স ভগবান্ ষড়্‌বিধৈশ্বর্য্যসম্পন্নঃ অদ্বৈতপরমানন্দাত্মা অদ্বৈতো যঃ পরমানন্দঃ তদাত্মা যঃ পরম্ উৎকৃষ্টং ব্রহ্মাপি সন্ ভূর্ভুবঃ স্বঃ লোকত্রয়রূপঃ মূলস্থূলব্যূহরূপঃ তস্মৈ এবং রূপায় বৈ নিশ্চিতং নমো নমঃ॥ ২-৩॥

তাহা আমার নিকট বল। যাজ্ঞবল্ক্য ভরদ্বাজের কথা শ্রবণ করিয়া কহিলেন,—ব্রহ্মা শ্রীরামের নিকট এইরূপে বারাণসীবৃত্তান্ত শ্রবণে শিক্ষিত হইয়া ব্যক্তবাক্যে তাঁহাকে নমস্কার করিয়াছিলেন॥ ১॥

ব্রহ্মা জগতের আধারভূত মহাবিষ্ণু নারায়ণরূপী সনাতন পূর্ণানন্দময় অদ্বিতীয় বিজ্ঞানাত্মা জ্যোতিঃস্বরূপ পরংব্রহ্ম শ্রীরামচন্দ্রকে মনে মনে স্মরণকরতঃ স্তব করিয়াছিলেন॥ ২॥

যিনি শ্রীরাম, অর্থাৎ শ্রীকর্ত্তৃক পরিষেবিত ষড়্‌বিধ ঐশ্বর্য্যসম্পন্ন অদ্বিতীয় পরমানন্দস্বরূপ, ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী পরংব্রহ্ম, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৩॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি পূর্ণানন্দরসস্বরূপ এবং ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী পরংব্রহ্ম, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ ব্রহ্মানন্দামৃতং ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৫॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ তারকং ব্রহ্ম ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৬॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ ব্রহ্মা বিষ্ণুরীশ্বরো যঃ সর্ব্ববেদাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৭॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চ সর্ব্বে বেদাঃ সাঙ্গাঃ সশাখাঃ সপুরাণা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৮॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যো জীবাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৯॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি ব্রহ্মানন্দ ও অমৃতস্বরূপ এবং ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী পরংব্রহ্ম, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৫॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি তারকব্রহ্ম এবং ভূঃ ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি॥ ৬॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর-স্বরূপ, যিনি সর্ব্বদেবময় এবং ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৭॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি সর্ব্ববেদময়, ষড়ঙ্গস্বরূপ, সর্ব্বশাখাত্মক, সর্ব্বপুরাণরূপী এবং ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৮॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, যিনি জীবাত্মাস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৯॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ সর্ব্বভূতান্তরাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১০ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে দেবাসুরমনুষ্যাদি-ভাবা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১১ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ মৎস্যকূর্ম্মাদ্যব-তারঃ ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১২ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ প্রাণো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৩ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চান্তঃকরণচতুষ্টয়াত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৪ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ যমো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৫ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্বভূতের অন্তরাত্মা, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১০ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, দেব, অসুর ও মনুষ্যাদিময়, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ১১ ।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, মৎস্যকূর্ম্মাদি-অবতারস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥১২॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্বপ্রাণিস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৩ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই অন্তঃকরণচতুষ্টয়াত্মক, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৪ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্বসংহারকারী যমস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥১৫॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চান্তকো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৬ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ মৃত্যুর্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৭ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চামৃতং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৮ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যানি চ পঞ্চমহাভূতানি ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ১৯ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যঃ স্থাবরজঙ্গমাত্মকো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২০ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চ পঞ্চাগ্নয়ো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২১ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সকলের অন্তকারী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৬ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, মৃত্যুস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৭ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, অমৃতস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৮ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ক্ষিত্যাদি পঞ্চভূতস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ১৯ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, স্থাবরজঙ্গমাত্মক জগৎস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ২০ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, পঞ্চাগ্নিস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ২১ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ সপ্ত ব্যাহৃতয়ো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২২ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা বিদ্যা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২৩ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা চ সরস্বতী ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২৪ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা চ লক্ষ্মীর্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২৫ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা চ গৌরী ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২৬ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা চ জানকী ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২৭ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ভূরাদি সপ্তব্যাহৃতিস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি।২২॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্ববিদ্যাস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ২৩।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সরস্বতীস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ২৪।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, লক্ষ্মীস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ২৫ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, গৌরীস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ২৬ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, জানকীস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ২৭ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ ত্রৈলোক্যং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ২৮॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ সূর্য্যো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ২৯॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ সোমো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৩০॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যানি চ নক্ষত্রাণি ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৩১॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চ নবগ্রহা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৩২॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চাষ্টৌ বসবো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৩৩॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ত্রৈলোক্যময়, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ২৮॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সূর্য্যরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ২৯॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, চন্দ্রস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী পরংব্রহ্ম, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৩০॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সর্ব্বনক্ষত্রময়, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৩১॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, নবগ্রহাত্মক, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৩২॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ধ্রুবাদি অষ্টবসুস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৩৩॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চাষ্টৌ লোকপালা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৪ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চৈকাদশ রুদ্রা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৫ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যে চ দ্বাদশাদিত্যা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৬ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ ভূতং ভব্যং ভবিষ্যৎ ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৭ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ ব্রহ্মাণ্ডস্যান্তর্ব্বহির্ব্ব্যাপ্নোতি বিরাট্ ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৮ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ হিরণ্যগর্ভো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৩৯ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ইন্দ্রাদি অষ্টলোকপালরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥৩৪।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, একাদশরুদ্রস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৩৫ ।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, দ্বাদশ আদিত্যরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৩৬ ।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমানরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৩৭ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, বিরাটপুরুষরূপে ব্রহ্মাণ্ডের অন্তরে ও বাহ্যে ব্যাপ্ত আছেন, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৩৮ ।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, হিরণ্যগর্ভরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি । ৩৯ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যা চ প্রকৃতির্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪০ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চোঙ্কারো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪১ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ চতস্রোঽর্দ্ধমাত্রা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪২ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ পরমপুরুষো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪৩ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ মহেশ্বরো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪৪ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ মহাদেবো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ॥ ৪৫ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, প্রকৃতিস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪০ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, ওঙ্কাররূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪১ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী ও চারি অর্দ্ধমাত্রাত্মক, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪২ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, পরমপুরুষস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪৩ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, মহেশ্বররূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪৪ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী ও মহাদেব স্বরূপ যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি॥ ৪৫ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চোঁ নমো ভগবতে বাসুদেবায় মহাবিষ্ণুর্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৪৬॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ পরমাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৪৭ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ জ্ঞানাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৪৮ ॥

ওঁ যো বৈ শ্রীরামঃ স ভগবান্ যশ্চ সচ্চিদানন্দাদ্বৈতৈকরসাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৪৯ ॥

এতান্ ব্রহ্মবিৎ সপ্তচত্বারিংশন্মন্ত্রৈর্নিত্যং দেবং স্তুবন্ ততো দেবঃ প্রীতো ভবতি তস্মাদ্ য এতৈর্মন্ত্রৈর্নিত্যং

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, "ওঁ নমো ভগবতে বসুদেবায়" এই মন্ত্রাত্মক মহাবিষ্ণুরূপী, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৪৬ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, স্বয়ং পরমাত্মা, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৪৭ ॥

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, জ্ঞানাত্মস্বরূপ, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি। ৪৮।

যিনি শ্রীরাম, তিনি ষড়ৈশ্বর্য্যশালী, সচ্চিদানন্দময় একরসাত্মক, যিনি ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয়রূপী, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ।৪৯।

এইরূপে পূর্ব্বোক্ত মালামন্ত্রের অক্ষর সংখ্যায় এবং নারসিংহ মন্ত্রের অনুষ্টুভাক্ষর সংখ্যায় সপ্তচত্বারিংশৎ পর্য্যায় উক্ত হইল। অতএব প্রতি পর্য্যায়ের পূর্ব্বে ক্রমতঃ পূর্ব্বোক্ত মালামন্ত্রের এক এক অক্ষর আদিতে উচ্চারণ করিবে। শ্রীরামের শরীরকল্পনা করিয়াই তাহার সপ্তচত্বারিংশৎ-ব্যূহ ও সেনাদিকল্পনা হইয়াছে। যিনি পূর্ব্বোক্ত অদ্বৈত পরমানন্দাদিকে ব্রহ্মরূপে জানিয়া উক্ত সপ্তচত্বারিংশন্মন্ত্রে প্রতিদিন রামদেবকে

দেবং স্তৌতি স দেবং পশ্যতি সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি সোঽমৃতত্বঞ্চ গচ্ছতীতি ॥ ৫০ ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৫ ॥

এবং সপ্তচত্বারিংশৎ পর্য্যায়াঃ পূর্ব্বোদ্ধৃতমালামন্ত্রাক্ষরসঙ্খ্যকা নারসিংহস্যৈবানুষ্টুভাক্ষরসঙ্খ্যকা দ্রষ্টব্যাঃ অতঃ প্রতিপর্য্যায়ং ক্রমেণ মালামন্ত্রাক্ষরাণ্যেকৈকশ আদাবুচ্চার্য্যাণি। অয়ং ষড়ক্ষরবাচ্যরামমূলব্যূহস্য মালামন্ত্রবাচ্যঃ সপ্তচত্বারিংশদ্‌ব্যূহঃ। তদুক্তম্—"কল্পিতস্য শরীরস্য তস্য সেনাদিকল্পনা।" ইতি শরীরস্য মূলব্যূহস্য সেনাদিকল্পনা সপ্তচত্বারিংশদ্‌ব্যূহস্য কল্পনা ইত্যর্থঃ ইতি শব্দঃ স্তুতিসমাপ্তৌ। এতান্ পূর্ব্বোক্তান্ অদ্বৈতপরমানন্দাত্মাদীন্ ব্রহ্মত্বেন বিৎ বেত্তা এতৈর্ম্মন্ত্রৈঃ নিত্যং প্রত্যহং দেবং রামং স্তুবন্ ভবেৎ। ততঃ স্তবনাৎ দেবঃ প্রীতঃ অনুকূলো ভবতি। তস্মাৎ যতঃ অয়ং স্তবঃ প্রীতিকৃৎ তস্মাৎ যঃ পুমান্ এতৈর্ম্মন্ত্রৈঃ নিত্যং ত্রিসন্ধ্যং দেবং স্তৌতি সঃ স্তোতা দেবং বিষ্ণুং পশ্যতি সাক্ষাৎ করোতি অমৃতত্বঞ্চ গচ্ছতি দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা। উক্তমেব পুনরুচ্যতে উত্তরগ্রন্থাভাবাদিতি হি দ্বিরুক্ত্যা সূচ্যতে। ১-৫০ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং রামোত্তরপ্রদীপিকা ॥

ইতি পঞ্চমঃ খণ্ডঃ। ৫ ॥

ইতি রামোত্তরতাপনীয়োপনিষদো-দীপিকা সম্পূর্ণা ॥

স্তব করেন, তাহার প্রতি শ্রীরামচন্দ্র প্রসন্ন হয়েন, যেহেতু এই স্তব রামচন্দ্রের প্রসন্নতা সাধক, অতএব নিয়তরূপে যিনি উক্ত সপ্তচত্বারিংশন্মন্ত্র পাঠ করিয়া স্তব করেন, তিনি আদিদেব বিষ্ণুর সাক্ষাৎকার লাভ করিতে পারেন এবং অমৃতত্ব, অর্থাৎ মোক্ষপদ পাইয়া থাকেন। অধ্যায় সমাপ্তি-

ষষ্ঠঃ খণ্ডঃ।

অথৈনং ভরদ্বাজো যাজ্ঞবল্ক্যমুপসমেত্যোবাচ।
শ্রীরামচন্দ্রস্য মহাত্মনো ব্রূহি ভগবন্! ইতি ॥ ১ ॥

স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ।

স্বপ্রকাশঃ স্বয়ং জ্যোতিঃ স্বয়ম্ভুরেকচিন্ময়ঃ।
তদেব রামচন্দ্রস্য মনুরধ্যক্ষরঃ স্মৃতঃ ॥ ২ ॥
অথণ্ডৈক-রসানন্দ তারকব্রহ্মবাচকঃ।
রামায়েতি সুবিজ্ঞেয়ঃ সদানন্দচিদাত্মকঃ ॥ ৩ ॥
নমঃ পদং সুবিজ্ঞেয়ং পূর্ণানন্দৈকবিগ্রহম্।
সদা রমন্তি হৃদয়ে সর্ব্বে দেবা মুমুক্ষবঃ ইতি ॥ ৪ ॥

কালে শেষ বাক্য দুইবার পাঠ করিতে হয়, অতএব "অমৃতত্বঞ্চ গচ্ছতি" এই শেষ বাক্য দুইবার উল্লিখিত হইয়াছে। ৫০ ॥

ইতি পঞ্চম খণ্ড। ৫ ॥

পুনর্ব্বার ভরদ্বাজ যাজ্ঞবল্ক্যের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, ভগবন্! আমাকে মহাত্মা শ্রীরামচন্দ্রের মন্ত্র উপদেশ করুন ॥১॥

যাজ্ঞবল্ক্য ভরদ্বাজের প্রশ্ন শ্রবণ করিয়া কহিলেন, শ্রীরামচন্দ্র স্বপ্রকাশমান, স্বয়ং জ্যোতিঃস্বরূপ, তিনি স্বয়ম্ভূ এবং চিন্ময়। "রাং" এই অক্ষরই রামচন্দ্রের মন্ত্র ॥ ২।

উক্ত মন্ত্রই অখণ্ড একরসাত্মক আনন্দময়। এই মন্ত্রই তারকব্রহ্মের বাচক। ইহার সহিত নাম ও নমঃ শব্দ যোগ করিলে রাং রামায় নমঃ এই মন্ত্র হয়। এই ষড়ক্ষরমন্ত্রকেও সচ্চিদানন্দস্বরূপ ও পূর্ণানন্দবিগ্রহ বলিয়া জানিবে। ইনি সর্ব্বদা মুমুর্ষুদিগের হৃদয়ে রমণ করেন ॥ ৩-৪ ॥

য এতং মন্ত্ররাজং রামচন্দ্রস্য ষড়ক্ষরং নিত্যমধীতে সোঽগ্নিপূতো ভবতি স সোমপূতো ভবতি স ব্রহ্মণা পূতো ভবতি স বিষ্ণুনা পূতো ভবতি স রুদ্রেণ পূতো ভবতি স সর্ব্বেণ পূতো ভবতি স সর্ব্বযজ্ঞক্রতুভিরিষ্টবান্ ভবতি স সর্ব্বৈর্দ্দেবৈর্জ্ঞাতো ভবতি ইতিহাসপুরাণানাং রুদ্রাণাং শতসহস্রাণি জপ্তানি ভবন্তি গায়ত্র্যাঃ ষষ্টিশতসহস্রাণি জপ্তানি ভবন্তি প্রণবানামযুতানি জপ্তানি ভবন্তি। দশ পূর্ব্বান্ দশোত্তরান্ পুনাতি স পঙ্‌ক্তিপাবনো ভবতি স মহান্ ভবতি সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি ॥ ৫ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬ ॥

যিনি রামচন্দ্রের ষড়ক্ষরমন্ত্র নিয়ত ধ্যান করেন, তিনি অগ্নিপূত হইতে পারেন, সোমপূত হইতে পারেন এবং ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র ইহারা তাঁহাকে পবিত্র করেন। সর্ব্ববিধযজ্ঞ করিলে যেরূপ পুণ্যসঞ্চয় হয়, রামমন্ত্র জপেও সেইরূপ পুণ্য হইয়া থাকে। রামমন্ত্রজাপী-সাধক দেবজ্ঞাত হয়েন। ইতিহাস, পুরাণ ও রুদ্রমন্ত্র শতসহস্রবার জপ করিলে যেরূপ ফল হয়, রামমন্ত্র জপে সেইরূপ ফল হইয়া থাকে। ষষ্টিশত গায়ত্রী জপ করিলে যেরূপ সুকৃতি জন্মে, কেবল রামমন্ত্র জপে সেইরূপ সুকৃতি হইয়া থাকে। প্রণবমন্ত্র দশসহস্রবার জপ করিলে যেরূপ পুণ্য হইয়া থাকে, রামমন্ত্র জপে সেইরূপ পুণ্য হয়। যিনি রামমন্ত্র জপ করেন, তিনি পূর্ব্ব দশপুরুষ এবং পর দশপুরুষকে পবিত্র করিতে পারেন, তাহার সমস্ত বংশ পবিত্র হইয়া থাকে, তিনি মহাত্মা হইয়া থাকেন এবং মোক্ষপদ প্রাপ্ত হয়েন ॥ ৫ ॥

ইতি ষষ্ঠ খণ্ড ॥ ৬ ॥

সপ্তমঃ খণ্ডঃ।

অথ পুরাণেষু উদাহরন্তি।

গাণপত্যেষু শৈবেষু শাক্তসৌর্য্যমন্ত্রেষ্বথ।
বৈষ্ণবেষ্বপি সর্ব্বেষু রামমন্ত্রঃ ফলাধিকঃ॥ ১॥
গাণপত্যাদিমন্ত্রেষু জপঃ কোটিগুণাধিকঃ।
মন্ত্ররাজস্ত্বনায়াসফলদোঽয়ং ষড়ক্ষরঃ॥ ২॥
ষড়ক্ষরোঽয়ং মন্ত্রস্তু সর্ব্বাঘৌঘবিনাশনঃ।
মন্ত্ররাজ ইতি প্রোক্তঃ সর্ব্বেষামুত্তমোত্তমঃ॥ ৩॥
কৃতং দৈনন্দিনং দুরিতং পক্ষমাসর্ত্তুবর্ষজম্।
স হরেত নিঃশেষস্তু চলাচলমিবাচলঃ॥ ৪॥

রামের মাহাত্ম্য পুরাণেও উদাহৃত আছে। গণপতিমন্ত্র, শিবমন্ত্র, শক্তিমন্ত্র, সূর্য্যমন্ত্র, বিষ্ণুমন্ত্র এবং অন্যান্য যে সকল মন্ত্র প্রসিদ্ধ আছে, তাহাতে যেরূপ ফল হইয়া থাকে, কেবল রামমন্ত্রে তাহাহইতেও অধিক ফল প্রদর্শন করে। ১॥

রামমন্ত্র গণপতি প্রভৃতির মন্ত্র হইতে কোটিগুণ পুণ্যপ্রদান করে। এই ষড়ক্ষর মন্ত্ররাজ অনায়াসে ফলপ্রদান করিয়া থাকে। এই মন্ত্রের আরাধনাতে অতি সহজে ফললাভ হয়। ২॥

এই ষড়ক্ষর মন্ত্র সর্ব্বপ্রকার পাপ বিনাশ করে, অতএব ইহা মন্ত্ররাজ বলিয়া কথিত আছে, এই মন্ত্র সর্ব্ব মন্ত্রের শ্রেষ্ঠ। ৩॥

পক্ষ, মাস, ঋতু, অয়ন ও বৎসরে যত দুষ্কৃত হইয়া থাকে, তৎসমুদায়ই রাম নিঃশেষরূপে সংহার করেন। ব্রহ্ম সাক্ষাৎকার হইলে যেমন পার্থিক্য জ্ঞান বিনাশ হয়, সেইরূপ রামমন্ত্র জপে সকল পাপ বিনাশ পাইয়া থাকে। ৪।

ব্রহ্মহত্যা-সহস্রাণি জ্ঞানাজ্ঞান-কৃতানি চ।
স্বর্ণস্তেয়-সুরাপাণ-গুরুতল্পাযুতানি চ ॥ ৫ ॥
কোটিকোটি-সহস্রাণি উপপাতকজান্যপি।
সর্ব্বাণ্যপি প্রণশ্যন্তি রাম-মন্ত্রানুকীর্ত্তনাৎ ॥ ৬ ॥
ভূত-প্রেতপিশাচাদ্যাঃ কুষ্মাণ্ড-গ্রহ-রাক্ষসাঃ।
দূরাদেব প্রধাবন্তি রামমন্ত্র-প্রভাবতঃ ॥ ৭ ॥
গ্রাম্যারণ্য-পশুঘ্নত্বে সঞ্চিতং দুরিতঞ্চ তৎ।
মদ্যপানেন যৎ পাপং তদপ্যাশু বিনাশয়েৎ ॥ ৮ ॥
অভক্ষ্য-ভক্ষণোৎপন্নং মিথ্যাজ্ঞান-সমুদ্ভবম্।
সর্ব্বং বিলীয়েত পাপং রামমন্ত্রানুকীর্ত্তনাৎ ॥ ৯ ॥
শ্রোত্রিয়স্বর্ণহরণাৎ যচ্চ পাপমুপস্থিতং।
রত্নাদের্ব্বাথ হরণাজ্জপেন তদ্বিনাশয়েৎ ॥ ১০ ॥
গত্বাপি মাতরং মোহাদগম্যাশ্চৈব যোষিতম্।

একবার রামমন্ত্র কীর্ত্তন করিলে সহস্র ব্রহ্মহত্যা, জ্ঞান ও অজ্ঞানকৃত পাপ, স্বর্ণস্তেয়, সুরাপান ও গুরুপত্নী হরণজন্য অনন্ত মহাপাপ, সহস্র উপপাতক এবং অন্যান্য সর্ব্বপ্রকার পাপ বিনাশ হয়। ৫-৬ ॥

রামমন্ত্র স্মরণ করিলে ভূত, প্রেত, পিশাচ, কুশাণ্ড, গ্রহ, রাক্ষস, দূরে পলায়ন করে, রামজাপীদিগকে ভূতাদিরাও কোন ক্লেশ দিতে পারে না ॥৭॥

গ্রাম্য, কিম্বা আরণ্য পশু হিংসা করিলে ও মদ্য পান করিলে যে পাপ জন্মে রামমন্ত্র জপে সেই পাপ বিনাশ পাইয়া থাকে। ৮।

অভক্ষ্য ভক্ষণ করিলে যে পাপ জন্মে, মিথ্যা আচরণে যে পাপ জন্মে, রামমন্ত্র কীর্ত্তন করিলে সেই সমুদায় পাপ বিলীন হয় ॥ ৯ ॥

ব্রাহ্মণের সুবর্ণ হরণ করিলে অথবা রত্নাদি হরণ করিলে যত পাপ উৎপন্ন হয়, রামমন্ত্র জপ করিলে সমুদায় পাপ বিনাশ পায় ॥ ১০ ॥

মোহে অভিভূত হইয়া যদি মাতৃগমন, কিম্বা অন্য কোন অগম্যা নারী

উপাসিতেন মন্ত্রেণ রামস্তদপি নাশয়েৎ ॥ ১১ ॥
মহাপাতকয়া বধ্বা সঙ্গত্য সঞ্চিতঞ্চ যৎ।
বুদ্ধিপূর্ব্বমঘং কৃত্বা তদপ্যাশু বিনাশয়েৎ ॥ ১২ ॥
কৃচ্ছ্রৈঃ সপ্ত পরাকাদ্যৈর্নানাচান্দ্রায়ণৈরপি।
পাপং দুরপনোদ্যং যৎ তদপ্যাশু বিনাশয়েৎ ॥ ১৩ ॥
আত্মতুল্য-সুবর্ণাদ্যৈর্দানৈর্ব্বহুবিধৈরপি।
এতদপ্যপরিক্ষীণং তদপ্যাশু বিনাশয়েৎ ॥ ১৪ ॥
অবস্থাস্তু ত্রয়শ্চৈব মূলবন্ধমঘঞ্চ যৎ।
তন্মন্ত্র-স্মরণাদেব ন শেষং তৎ প্রণশ্যতি ॥ ১৫ ॥
তত্তদ্‌গুরূপদিষ্টেন বর্ত্মনানুষ্ঠিতঞ্চ যৎ।
রামাত্মা মনুরেবায়ং পাপরাশি-বিনাশকৃৎ ॥ ১৬ ॥

গমন করে, তাহাহইলে যে পাপ জন্মে, রামমন্ত্র জপ করিয়া শ্রীরামের উপাসনা করিলে রাম সেই সকল পাপ বিনাশ করিয়া থাকেন। ১১।

জ্ঞানত অকর্ত্তব্য কার্য্য করিলে যে পাপ জন্মে, রামের উপাসনা করিলে শ্রীরাম সেই পাপ বিনাশ করিয়া থাকেন। ১২।

সপ্তকৃচ্ছ্রব্রত ও পরাক-ব্রতাদি এবং অনন্ত-চান্দ্রায়ণ-ব্রত করিলে যে সকল পাপ বিনষ্ট হইতে পারে না, রামের উপাসনা করিলে শ্রীরামচন্দ্র সেই সমুদায় পাপ বিনাশ করেন ॥ ১৩ ॥

দেহ পরিমিত সুবর্ণাদিরত্ন দান করিলে যে যে পাপের ক্ষয় হয় না, রামের উপাসনা করিলে সেই পাপ বিনাশ পায় ॥ ১৪ ॥

মূল, বন্ধ ও অধঃ, এই যে ত্রিবিধ অবস্থা আছে, তাহাও রামমন্ত্র স্মরণ করিলে সমূলে বিনাশ পায়, তাহার কিছুমাত্র অবশিষ্ট থাকে না। ১৫।

যিনি গুরুর নিকটে উপদিষ্ট হইয়া সেই উপদেশে কার্য্য করেন তিনি রামরূপ প্রাপ্ত হইয়া থাকেন তাঁহার পাপরাশি বিনাশ পায়। ১৬।

ওঁ ব্রহ্মবীজদোষাচ্চ নাশয়েত পৃথক্ তথা।
পিতৃ-মাতৃ-বধোৎপন্নং বুদ্ধিপূর্ব্বমঘঞ্চ যৎ।
নিঃশেষং নাশয়েত্ত্বেব রামমন্ত্রানুকীর্ত্তনাৎ॥ ১৭॥
পিতৃ-মাতৃ-স্বসৃঘ্নানাং যদ্বা বিশ্বাস-ঘাতিনাম্।
যদ্বা বালবধোৎপন্নং কৃত্যাঃ শস্ত্রাস্ত্রসায়কম্॥ ১৮॥
গুরুপুত্র-কলত্রাদি-বধোৎপন্নমঘঞ্চ যৎ।
তদনুধ্যানমাত্রেণ সর্ব্বমেতদ্বিলীয়তে॥ ১৯॥
যঃ প্রয়াগাদি-তীর্থেষু সর্ব্বেষু কুরুক্ষেত্রাদিষু।
সূর্য্য-নিয়মাদি-ক্রমাদ্ ভূয়ঃ শ্রীরামকীর্ত্তনাৎ॥ ২০॥
স্ত্রীণাঞ্চ পুরুষাণাং স্যান্মন্ত্রেণানেন দোষতঃ।
যেষু যেষু বিরোধেষু রামভদ্রমুপাসতে।
দৌর্ব্বল্যাদি-ভয়ান্যেষু ন ভবন্তি কদাচন॥ ২১॥

ব্রহ্ম-বীজের দোষে পিতৃ মাতৃ হত্যা করিলে যে পাপ হয়, সেই পাপ রামমন্ত্র জপে বিনাশ পায়, রামমন্ত্রের আরাধনা করিলে অন্যান্য জ্ঞানকৃত পাপও সমূলে বিনষ্ট হইয়া যায়॥ ১৭॥

পিতৃ মাতৃ ঘাতীর যে পাপ উৎপন্ন হয়, বালক বধ করিলে যে দুষ্কৃতি জন্মে, বিশ্বাস-ঘাতীদিগের যেরূপ পাপ উক্ত আছে, সেই সকল পাপ রামোপাসককে স্পর্শ করিতে পারে না॥ ১৮।

গুরুর পুত্র বা কলত্র বধ করিলে যেরূপ পাপ সমুৎপন্ন হয়, রামের ধ্যান করিলে তৎক্ষণাৎ সেই সমুদায় পাপ বিলীন হইয়া যায়॥ ১৯।

প্রয়াগাদি তীর্থে, কুরুক্ষেত্রাদি পুণ্য ভূমিতে এবং অন্যান্য সর্ব্বপ্রকার তীর্থে, আর সূর্য্য ব্রতাদি নিয়ম করিলে যে সকল পুণ্য সঞ্চিত হইতে পারে, একবার শ্রীরামের ধ্যান করিলেই সেইরূপ পুণ্য জন্মিয়া থাকে। ২০।

উক্ত মন্ত্রে শ্রীরামচন্দ্রের উপাসনা করিলে স্ত্রী ও পুরুষের দোষ এবং

শান্তঃ প্রসন্ন-বদনো অক্রোধো ভক্তবৎসলঃ।
অনেন সদৃশো মন্ত্রো জগৎস্বপি ন বিদ্যতে ॥ ২২ ॥
সম্যগারাধিতো রামঃ প্রসীদত্যেব সত্বরম্।
দদাত্যায়ুষ্যমৈশ্বর্য্যমন্তে বিষ্ণু-পদঞ্চ যৎ ॥ ২৩ ॥
তদেতদৃচাভ্যুক্তং তদ্বিষ্ণোঃ পরমং পদম্।
স মুক্তো ভবতি স মুক্তো ভবতি ॥

ইতি সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭ ॥

ইত্যথর্ব্বণ-রহস্যে-রামোত্তর-তাপনীয়োপনিষৎ সমাপ্তা ॥

ইতি অথর্ব্ববেদীয়-রামতাপনীয়োপনিষৎ সমাপ্তা ॥

দৌর্ব্বল্যাদি ভয় কদাচ কোন বাধা জন্মাইতে পারে না। রামমন্ত্র জপ করিলে সর্ব্বপ্রকার দোষের শান্তি হইয়া থাকে ॥ ২১ ॥

শ্রীরামচন্দ্র প্রশান্তমূর্ত্তি, প্রসন্ন বদন, ক্রোধবিহীন, ভক্ত বৎসল। এই রামমন্ত্রের তুল্য মন্ত্র এই জগতে নাই। এই মন্ত্র সর্ব্বমন্ত্রের প্রধান ॥ ২২ ॥

শ্রীরামচন্দ্রকে আরাধনা করিলে তিনি প্রসন্ন হইয়া ইহকালে দীর্ঘায়ু ঐশ্বর্য্য ও অন্তকালে বিষ্ণুপদ প্রদান করেন ॥ ২৩ ॥

পূর্ব্বোক্ত মন্ত্রসমূহে যেরূপ শ্রীরামের মাহাত্ম্য উক্ত হইল, এইরূপ বেদেও উক্ত হইয়াছে যে, বিষ্ণুর পদই পরমধাম। যিনি এই পরমপদের ধ্যান করেন, তিনি অনায়াসে মুক্তিলাভ করিয়া থাকেন। উপনিষদাদির শেষ বাক্য দুইবার পাঠ করাই বৈদিক পদ্ধতি, এই নিমিত্তই "সমুক্তো ভবতি" এই বাক্য বারদ্বয় উল্লিখিত হইয়াছে।

ইতি সপ্তম খণ্ড ॥ ৭ ॥

ইতি অথর্ব্বণ-রহস্যে-রামোত্তর-তাপনীয়োপনিষৎ সমাপ্ত।

ইতি অথর্ব্ববেদীয়-রামতাপনীয়োপনিষৎ সমাপ্ত ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

গোপালতাপনীয়ো-

পনিষৎ।

(শ্রুতি, বিশ্বেশ্বর কৃত-টীকা ও বঙ্গানুবাদসমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব সারসারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আশ্বিন।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

গোপালতাপনী।

পূর্ব্বভাগঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ সচ্চিদানন্দরূপায় কৃষ্ণায়াক্লিষ্টকারিণে।
নমো বেদান্তবেদ্যায় গুরবে বুদ্ধিসাক্ষিণে ॥ ১ ॥

পরমকারুণিকতয়া সগুণোপাসনক্রমেণাধিকারিজনানামনর্থনিবৃত্তয়ে সচ্চিদানন্দস্বরূপশ্রীকৃষ্ণাত্মতাবাপ্তয়ে চ শ্রীগোপালবিদ্যামুদ্দীপয়ন্তী তাপনী শ্রুতিঃ শ্রোতৃণামবিঘ্নবিদ্যাসিদ্ধয়ে সদাচারাবোধনায় বিষয়সৌলভ্যপ্রকাশনেন তৎপ্রবৃত্তিসিদ্ধয়ে চ প্রতিপাদ্যপরমদৈবতপ্রণতিলক্ষণং মঙ্গলং

গোপালবিদ্যা-প্রকাশিনী পরম-কারুণিকা গোপালতাপনী শ্রুতি সগুণ ব্রহ্মের উপাসনাতে অধিকারী জনগণের অনর্থনিবৃত্তি, অর্থাৎ রাগ, দ্বেষ, হিংসাপ্রভৃতি অনর্থের শান্তি এবং সচ্চিদানন্দরূপী শ্রীকৃষ্ণের স্বারূপ্য-প্রাপ্তি, শ্রোতৃবর্গের নির্ব্বিঘ্নে গোপালবিদ্যাসিদ্ধি, সদাচারজ্ঞাপন ও

প্রকাশয়তি সচ্চিদানন্দরূপায়েতি। কৃষ্ণায় নমঃ ইতি সম্বন্ধঃ কৃষশব্দঃ সচ্চিদ্বাচকঃ ন শব্দশ্চানন্দবাচকঃ ইত্যভিপ্রেত্য কৃষ্ণশব্দার্থমাহ সদিতি। সচ্চিদানন্দঃ এব স্বরূপং যস্য সঃ তস্মৈ ক্লেশকর্ষকত্বং কৃষ্ণশব্দার্থমাহ অক্লিষ্টেতি। অক্লিষ্টম্ অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশলক্ষণক্লেশপঞ্চকরহিতং ভক্তজনং করোতি তচ্ছীলায়। তৎসদ্ভাবে প্রমাণমাহ বেদান্তবেদ্যায় লক্ষণাবৃত্ত্যা প্রকাশ্যায় ইত্যর্থঃ। তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ ইতি শ্রুতেঃ স্মৃতেশ্চ। নমস্ততৌপয়িকং রূপমাহ বিশেষণদ্বয়েন। গুরবে সর্ব্বহিতোপদেষ্ট্রে বুদ্ধেঃ সর্ব্বেন্দ্রিয়প্রাণমনোধিয়াং সাক্ষিণে। এতেন জ্ঞানদাতৃত্বেন প্রাধান্যং সূচিতম্। বেদান্তবেদ্যায় ইতি বিষয়ঃ সূচিতঃ। উপনিষচ্ছব্দবাচ্যত্বাদপি তাপন্যা বিষয়প্রয়োজনাদিকং সূচিতম্। তথা হি যে ইমাং গোপালবিদ্যামুপযান্তি মুমুক্ষবস্তেষামিয়ং গোপালবিদ্যা গর্ভজন্মজরারোগাদ্যনর্থব্রাতং শাতয়তি তথা কৃষ্ণাখ্যং সংসারবিনিবর্ত্তকং পরং ব্রহ্ম গময়তি। সংসারহেত্ববিদ্যাদিকং চ অত্যন্তমবসাদয়তি বিনাশয়তীতি ব্যুৎপত্ত্যা গোপালবিদ্যা উপনিষদুচ্যতে। তদ্ধেতুত্বাচ্চ গ্রন্থোঽপি উপনিষদিত্যুচ্যতে। আয়ুর্ব্বৈ ঘৃতম্ ইত্যাদিবৎ।

বিষয়ের সৌলভ্যপ্রকাশদ্বারা শ্রীকৃষ্ণবিষয়িণী প্রবৃত্তিসিদ্ধির নিমিত্ত শ্রুতিপ্রতিপাদ্য পরম-দৈবতলক্ষণ শ্রীকৃষ্ণের নমস্কাররূপ মঙ্গলাচরণ করিতেছেন।—যিনি ভক্তবৃন্দের অবিদ্যা, অহঙ্কার, রাগ, দ্বেষ ও অভিনিবেশরূপ পঞ্চক্লেশ নিবারণ করেন, যিনি বেদান্তশাস্ত্রের প্রতিপাদ্য, যিনি গুরুরূপে সর্ব্বপ্রকার হিতসাধনার্থ উপদেশ করেন, যিনি সমস্ত ইন্দ্রিয়, বুদ্ধি, প্রাণ ও মনের সাক্ষী, সেই নিত্যজ্ঞানবান্, নিত্যানন্দরূপী শ্রীকৃষ্ণকে নমস্কার করি। এই গোপালবিদ্যা জ্ঞানপ্রদান করে বলিয়াই ইহার প্রাধান্য জানা যায়, অর্থাৎ যে মুক্তিকামী ব্যক্তি গোপালবিদ্যা লাভ করিতে পারে, এই গোপালবিদ্যা তাহার গর্ভজন্ম, জরা, রোগাদি অনর্থসমূহ শান্তি করিয়া সংসারনিবর্ত্তক পরংব্রহ্ম লাভ করায় এবং সংসারের হেতুভূত অবিদ্যাবিনাশ করে, এই ব্যুৎপত্তিবলেই এই গোপালবিদ্যাকে উপনিষৎ বলা যায়। অতএব জানা যাইতেছে যে, যাহারা মুক্তিকামী, তাঁহারাই

ওঁ মুনয়ো হ বৈ ব্রহ্মাণমূচুঃ কঃ পরমো দেবঃ কুতো মৃত্যুর্ব্বিভেতি কস্য বিজ্ঞানেন অখিলং বিজ্ঞাতং ভাতি কেনেদং বিশ্বং সংসরতি ইতি ॥ ২ ॥

তদু হোবাচ ব্রাহ্মণঃ শ্রীকৃষ্ণো বৈ পরমং দৈবতম্ ॥৩॥

অত্র মুমুক্ষুরধিকারী কৃষ্ণাখ্যং সংসারবিনিবর্ত্তকং সচ্চিদানন্দস্বরূপং বিষয়ঃ আত্যন্তিকী সংসারনিবৃত্তিঃ কৃষ্ণস্বরূপাবাপ্তিশ্চ প্রয়োজনম্ ॥ ১ ॥

গ্রন্থপ্রয়োজনাদীনাঞ্চ সাধ্যসাধনভাবঃ সম্বন্ধ ইত্যভিপ্রেত্য গোপাল-বিদ্যাস্তত্যর্থমাখ্যায়িকামারচয়তি মুনয়ো হ বৈ ব্রহ্মাণমিতি। হ বৈ ইত্য-ব্যয়ম্ হ বৈ স্মর্য্যতে মুনয়ঃ তত্ত্বমননশীলাঃ সনকাদয়ঃ ব্রহ্মাণং প্রতি উচুঃ। কিম্ কঃ পরমঃ সর্ব্বোৎকৃষ্টো দেবঃ। কুতঃ কস্মাৎ চ মৃত্যুঃ বিভেতি ত্রস্যতি। কস্য বিজ্ঞানেন অখিলং সকলং জগৎ ভাতি। কেনেদং বিশ্বং সংসরতি প্রসরতি উৎপদ্যতে ॥ ২ ॥

তদু হেতি তৎ তত্র প্রশ্নেষু ব্রাহ্মণঃ ছান্দসত্বাৎ ব্রহ্মা উ অপি তান্

এই বিদ্যার অধিকারী, শ্রীকৃষ্ণাখ্য সংসারবিনিবর্ত্তক সচ্চিদানন্দস্বরূপই এই বিদ্যার বিষয় এবং আত্যন্তিক সংসারনিবৃত্তি ও শ্রীকৃষ্ণস্বরূপপ্রাপ্তিই ইহার প্রয়োজন ॥ ১ ॥

গ্রন্থের প্রারম্ভে প্রয়োজনাদির উল্লেখ করা কর্ত্তব্য, এই প্রাচীনপদ্ধতি অনুসারে গোপালতাপনী শ্রুতি গোপালবিদ্যার প্রয়োজন ও সাধ্যসাধন-ভাব সম্বন্ধাদি প্রদর্শনার্থ আখ্যায়িকার অবতরণ করিতেছেন।—সনকাদি মুনিগণ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—ব্রহ্মন্! এই অনন্ত ব্রহ্মাণ্ড মধ্যে পরমদেব কে? কাহার নিকটে মৃত্যু ভয় পায়? কাহাকে জানিতে পারিলে অখিল জগৎ জানা যায়, আর কে এই জগৎ সৃষ্টি করিয়াছেন? এই সকল বিষয়ের যথাবৎ উত্তর প্রদান করিয়া আমাদিগের কৌতূহলা-ক্রান্তচিত্ত চরিতার্থ করুন ॥ ২ ॥

প্রজাপতি সনকাদি মুনিগণের প্রশ্ন শ্রবণ করিয়া তাহাদিগের প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন;—মুনিগণ! কৃষ্ণই পরম দৈবত। কৃষ্ণশব্দের

গোবিন্দান্মৃত্যুর্ব্বিভেতি ॥ ৪ ॥

গোপীজনবল্লভজ্ঞানেন তজ্জ্ঞাতং ভবতি ॥ ৫ ॥

প্রতি হ কিল গোপালবিদ্যয়ৈবোত্তরম্ উবাচ। কিম্ শ্রীকৃষ্ণঃ বৈ প্রসিদ্ধং পরমং দৈবতং। কৃষশব্দঃ সত্তাবাচকঃ নকারশ্চ আনন্দবাচকঃ তথাচ সদানন্দঃ পরমং দৈবতমিত্যর্থঃ। যদ্বা ভক্তপাপকর্ষণাৎ কৃষ্ণঃ পরমং দৈবতমিত্যর্থঃ ॥ ৩ ॥

গোবিন্দাদিতি গবা জ্ঞানেন বেদ্য উপলভ্যঃ গোবিন্দঃ তস্মাৎ উপলব্ধাৎ অমৃতস্বরূপাবাপ্তৌ মৃত্যুঃ বিভেতি ভয়েন তদাজ্ঞাকারী ভবতি ইত্যর্থঃ। ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ ইত্যাদিশ্রুতেঃ ॥ ৪ ॥

গোপীজনেতি ইদং সকলজগৎ নামরূপাভ্যাং গোপায়তি রক্ষতি অথবা পরং পুমাংসং পরব্রহ্মস্বরূপং গোপায়তি সংবৃণোতীতি ব্যুৎপত্ত্যা গোপীপ্রকৃতির্ম্মায়া তস্যাঃ সকাশাজ্জাতঃ প্রপঞ্চঃ গোপীজনঃ তস্য বল্লভঃ

ব্যুৎপত্তিলভ্য অর্থদ্বারা তাঁহাকে সদানন্দ বলিয়া জানা যায়, অর্থাৎ কৃষধাত্বর্থ সত্তা এবং নকারার্থ আনন্দ; অতএব কৃষ্ণই সদানন্দরূপী পরম দৈবত, অথবা তিনি ভক্তগণের পাপ আকর্ষণ করেন বলিয়া তাঁহাকে কৃষ্ণ বলা যায় ॥ ৩ ॥

ব্রহ্মা পুনর্ব্বার কহিতেছেন,—গোবিন্দ হইতে মৃত্যু ভয় পায়। গো, অর্থাৎ জ্ঞানদ্বারা যাঁহার লাভ হয়, তিনিই গোবিন্দ, সেই গোবিন্দকে লাভ করিলেই মনুষ্য অমৃত হয়; সুতরাং মৃত্যু তাহার নিকট ভীত হইয়া আজ্ঞাকারী থাকে। শ্রুতিতে লিখিত আছে যে, পবন তাঁহার ভয়ে সর্ব্বদা প্রবাহিত হইতেছেন এবং সূর্য্য তাঁহারই ভয়ে উদিত হইয়া থাকেন ॥ ৪ ॥

কাহার বিজ্ঞানে জগৎ বিজ্ঞাত হয়? এই প্রশ্নের উত্তরে ব্রহ্মা কহিতেছেন।—গোপীজনবল্লভের পরিজ্ঞান হইলে জগৎ পরিজ্ঞাত হইয়া থাকে। "গোপীজনবল্লভ" এই শব্দের অর্থে জানা যাইতেছে যে, গোপী, অর্থাৎ যিনি এই পরিদৃশ্যমান জগৎকে নামরূপদ্বারা রক্ষা করিতেছেন, অথবা যিনি পরমপুরুষ পরমব্রহ্মকে সম্বরণ করিয়াছেন, সেই প্রকৃতি

স্বাহয়েদং সংসরতীতি ॥ ৬ ॥

তদু হোচুঃ কঃ কৃষ্ণো গোবিন্দশ্চ কোঽসাবিতি গোপীজনবল্লভঃ কঃ কা স্বাহেতি ॥ ৭ ॥

স্বামী ঈশ্বরঃ উৎপাদনপালনসংহরণাধানম্ ইত্যধিষ্ঠানত্বাৎ তদ্বিজ্ঞানেন তৎ অখিলং বিশ্বং বিজ্ঞানং ভবতি। যথা একেন মৃৎপিণ্ডেন অখিলং মৃন্ময়ং বিজ্ঞাতং ভবতি ইতি শ্রুতিস্মৃতীতিহাসলোকেষু প্রসিদ্ধেঃ ॥ ৫ ॥

স্বাহয়েতি সুষ্টু আহ আহুতিক্রিকা যয়া সা স্বাহা ইতিব্যুৎপত্ত্যা স্বাহা শব্দবাচ্যয়া মায়য়া ইদং জীবজাতং সংসরতি সংসারবন্তবতি ইত্যর্থঃ ॥ ৬ ॥

এবং মূঢ়ার্থে ব্রহ্মণা উক্তে তদর্থজিজ্ঞাসবো মুনয়ঃ তৎ তত্র উহপূর্ব্বং চুঃ ইত্যাহ কঃ কৃষ্ণ ইতি ॥ ৭ ॥

ায়া হইতে এই প্রপঞ্চ জগৎ জন্মিয়াছে, এই নিমিত্ত গোপীজন শব্দে গৎ জানা যায়, তাহার বল্লভ, অর্থাৎ স্বামী। অতএব তিনিই সৃষ্টি-স্থিতিপ্রলয়ের কর্ত্তা; সুতরাং তাঁহাকে জানিতে পারিলেই সকল জানিতে ারা যায়। যেমন এক মৃৎপিণ্ড জানিতে পারিলেই সকল মৃত্তিকা ানা যায়, সেইরূপ সেই গোপীজনবল্লভকে জানিলেই সকল পরিজ্ঞাত য়, ইহা শ্রুতি, স্মৃতি, ইতিহাস ও লৌকিকে প্রসিদ্ধ আছে। ৫ ॥

কে এই জগৎ সৃষ্টি করিয়াছে? এই প্রশ্নের উত্তরে কহিতেছেন।— স্বাহাকর্ত্তৃক জগৎ উৎপন্ন হইয়াছে। "সু ও আহ" এই দুই শব্দের যোগে স্বাহা পদ হইয়াছে, এই স্বাহাশব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থদ্বারা মায়া জানা যায়, অতএব স্বাহা, অর্থাৎ মায়াকর্ত্তৃক প্রপঞ্চ জগৎ উৎপন্ন হইয়াছে ॥ ৬ ॥

উক্ত প্রকারে ব্রহ্মা গূঢ়ার্থ প্রকাশ করিলে মুনিগণ জিজ্ঞাসু হইয়া সংশয়নিরাসার্থ পুনর্ব্বার ব্রহ্মার নিকট প্রশ্ন করিলেন,—ব্রহ্মন্! কৃষ্ণ কে? গোবিন্দ কে? গোপীজনবল্লভ কে? এবং স্বাহাই বা কে? আমাদিগের এই সকল প্রশ্নের উত্তর প্রদান করিয়া সংশয় নিবারণ করুন্ ॥ ৭ ॥

তানুবাচ ব্রাহ্মণঃ পাপকর্ষণো গোভূমিবেদবিদিতো বিদিতা গোপীজনাবিদ্যাকলাপ্রেরকস্তন্মায়া চেতি ॥ ৮ ॥

প্রাগুক্তার্থে ব্রহ্মা প্রাহ ইত্যাহ তানুবাচ ব্রাহ্মণ ইতি। ব্রাহ্মণঃ ব্রহ্মা তান্ সনকাদীন্ প্রতি উবাচ। কৃষ্ণস্বরূপমাহ পাপেতি পাপকর্ষকত্বাৎ প্রাগুক্তরীত্যা চ সচ্চিদানন্দরূপত্বাৎ পাপকর্ষকসচ্চিদানন্দ এব কৃষ্ণঃ অতঃ পরমো দেব ইত্যর্থঃ। গোবিন্দস্বরূপমাহ গোভূমিবেদবিদিত ইতি। গবি ভূমৌ গোশব্দবাচ্যাৎ বেদাৎ বিদিতঃ বিদিতা বেত্তা দ্রষ্টা গোবিন্দং অতস্তস্মাদধিষ্ঠানতয়া জ্ঞাত্বা মৃত্যুঃ বিভেতি ইত্যর্থঃ। গোপীজনবল্লভ-স্বরূপমাহ গোপীজনেতি। গোপায়ন্তীতি গোপ্যঃ পালনশক্তয়ঃ তাসাং জনঃ সমূহঃ তদ্বাচ্যা অবিদ্যাকলাঃ চ তাসাং বল্লভঃ স্বামী প্রেরকঃ ঈশ্বরঃ ইতি ব্যুৎপত্ত্যা গোপীজনবল্লভস্যেশ্বরস্য সর্ব্বাধিষ্ঠানস্য জ্ঞানেন সর্ব্বমারোপিতত্বেন বিদিতং ভবতি ইত্যর্থঃ। স্বাহাস্বরূপমাহ তন্মায়েতি প্রাগুক্তরীত্যা তস্য ঈশ্বরস্য অধীনা মায়া স্বাহা তয়া সর্ব্বং সংসরতি ইত্যর্থঃ ॥ ৮ ॥

ব্রহ্মা উক্তপ্রকার মুনিগণের প্রশ্ন শ্রবণ করিয়া তাহাদিগের সংশয় নিরাসার্থ কৃষ্ণাদির স্বরূপ নিরূপণ করিতেছেন।—প্রজাপতি মুনিগণকে কহিলেন,—যিনি ভক্তগণের পাপ আকর্ষণ করেন, সেই সচ্চিদানন্দই কৃষ্ণ এবং তিনিই পরম দৈবত। যিনি পৃথিবীতে বেদবিদিত বলিয়া বিখ্যাত আছেন এবং যিনি সকলের অধিষ্ঠান, তিনিই গোবিন্দ। অত এব এই জগদধিষ্ঠানভূত গোবিন্দকে মৃত্যু ভয় করিয়া থাকে, যাঁহারা রক্ষা করেন, তাঁহারাই গোপী, অর্থাৎ পালনশক্তি, তৎসমূহ, অর্থাৎ অবিদ্যাকলা, ইহাদিগের যিনি বল্লভ, অর্থাৎ স্বামী, অবিদ্যার প্রেরক ঈশ্বর এবং ইনিই অনন্তজগতের অধিষ্ঠান, ইহাকেই গোপীজনবল্লভ বলিয়া জানিতে হইবে। এই জগদধিষ্ঠানকে জানিতে পারিলেই সকল পদার্থ জানিতে পারা যায়। পূর্ব্বোক্ত রীতিক্রমে যিনি পরমেশ্বরের মায়া, তিনিই স্বাহা, এই মায়াই জগৎ সৃষ্টি করিয়াছেন ॥ ৮ ॥

সকলং পরং ব্রহ্মৈব তৎ ॥ ৯ ॥

যো ধ্যায়তি রসয়তি ভজতি সোঽমৃতো ভবতি সোঽমৃতো ভবতীতি ॥ ১০ ॥

তে হোচুঃ কিং তদ্রূপং কিং রসনং কথং চাহো তদ্ভজনং তৎ সর্ব্বং বিবিদিষতামাখ্যাহীতি ॥ ১১ ॥

সকলমন্ত্রস্য ফলিতার্থমাহ সকলমিতি। কলয়া মায়য়া সহিতং সকলং পরমেশ্বরাখ্যং পরং ব্রহ্মৈব তৎ উক্তমন্ত্রপ্রতিপাদ্যম্ ॥ ৯ ॥

এতদ্ধ্যানাদেঃ ফলমাহ যো ধ্যায়তীতি। যঃ তদ্রূপং ধ্যায়তি তথা রসয়তি কামবীজেন পঞ্চপদীং জপতি ভজতি পূজয়তি সঃ অমৃতো ভবতি মরণাৎ বিবর্জ্জিতো ভবতি ইত্যর্থঃ ॥ ১০ ॥

ধ্যেয়ং পৃচ্ছন্তি তথা রসনাদিকঞ্চ পৃচ্ছন্তি তে হোচুরিত্যাদিনা ॥ ১১ ॥

এইক্ষণ সকল মন্ত্রার্থ কহিতেছেন।—যিনি মায়ার সহিত বিদ্যমান আছেন, সেই পরমেশ্বরাখ্য পরংব্রহ্মই "কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা" এই মন্ত্রের প্রতিপাদ্য ॥ ৯ ॥

এইক্ষণ উক্তরূপ পরব্রহ্মের ধ্যানফল কহিতেছেন।—যে ব্যক্তি পূর্ব্বোক্ত পরমব্রহ্মরূপী সচ্চিদানন্দ কৃষ্ণকে ধ্যান করেন, "ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা" এই পঞ্চপদীমন্ত্র জপ করেন এবং তাহার অর্চ্চনা করেন, তিনি মৃত্যুকে অতিক্রম করিতে পারেন ॥ ১০ ॥

সনকাদি ঋষিগণ ব্রহ্মার বচন শ্রবণে বিস্মিত হইয়া পুনর্ব্বার তাহাকে জিজ্ঞাসা করিলেন,—ব্রহ্মন্! সেই শ্রীকৃষ্ণাখ্য ব্রহ্মের স্বরূপ কি? তাহার পঞ্চপদীমন্ত্রের জপ কি রূপ? এবং তাহার অর্চ্চনাই বা কি প্রকার? আমরা এই সকল জানিতে সমুৎসুক হইয়া আপনার নিকট জিজ্ঞাসা করিতেছি, আপনি আমাদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া আমাদিগকে সদুপদেশ প্রদান করুন্ ॥ ১১ ॥

তদু হোবাচ হৈরণ্যো গোপবেশমভ্রাভং তরুণং কল্প-দ্রুমাশ্রিতম্ ॥ ১২ ॥

তত্র ধ্যেয়রূপনিরূপণমবতারয়তি তদু হোবাচেতি। তৎ তত্র প্রশ্নেষু হৈরণ্যঃ হিরণ্যগর্ভস্যাপত্যং হৈরণ্যঃ ব্রহ্মা ধ্যেয়ং রূপম্ উবাচ ইত্যর্থঃ। গোপবেশমিতি গোপায়তীতি গোপস্তস্য বেশো যস্য তং গোপবেশ পালক-স্বরূপম্ অপো বিভর্ত্তি ইত্যব্ভ্রঃ সমুদ্রঃ তদ্বদাভা যস্য তম্ অব্ভ্রাভং সমুদ্র-বদ্গাম্ভীরম্ অগাধমিত্যর্থঃ। তরুণং জরাদিদোষরহিতং কল্পদ্রুমঃ বেদঃ সর্ব্বপুরুষার্থহেতুত্বাৎ তম্ আশ্রিতং তৎপ্রতিপাদ্যম্। ইতি তেনৈব বা সর্ব্বোপাসনাকর্ম্মপ্রতিপাদকেন তত্তৎকর্ম্মফলসিদ্ধয়ে আশ্রিতম্ ঈশ্বরায়ত্তং ফলমত উপপত্তেঃ ইতি ন্যায়াৎ। লভতে চ ততঃ কামান্ময়ৈব বিহিতান্ হিতান্ ইতি স্মৃতেশ্চ। যদ্বা গোপঃ ধেনুপালকঃ তস্য বেশঃ যস্য তম্। অব্ভ্রাভং সজলজলদনীলং তরুণং নবযৌবনং। কল্পবৃক্ষমূলে সিংহাসন-স্থাম্বুজোপবিষ্টমিত্যর্থঃ ॥ ১২ ॥

হিরণ্যগর্ভতনয় ব্রহ্মা সনকাদি মুনিগণের প্রশ্ন শ্রবণ করিয়া ধ্যেয়স্বরূপ নিরূপণ করিতেছেন।—মুনিগণ! তোমাদিগের অভিলষিত শ্রীকৃষ্ণাখ্য ব্রহ্মের স্বরূপ বর্ণন করিতেছি, শ্রবণ কর। শ্রীকৃষ্ণ গোপবেশধারী, অর্থাৎ পালকরূপী, তিনি সমুদ্রের ন্যায় গভীর, তরুণ, অর্থাৎ জরাদিদোষ-রহিত সর্ব্বপুরুষার্থহেতু বেদরূপ কল্পদ্রুমে আশ্রিত, অর্থাৎ বেদ প্রতি-পাদ্য। বেদই সর্ব্বপ্রকার উপাসনা কর্ম্মের প্রতিপাদক, কিন্তু সেই সেই কর্ম্মের ফলসিদ্ধির নিমিত্ত পরমেশ্বর সেই বেদকে আশ্রয় করিয়া আছেন, ঈশ্বরায়ত্তই ফল ইহা ন্যায়প্রসিদ্ধ। স্মৃতিতেও লিখিত আছে যে, ভগবান্ কহিয়াছেন,—আমিই সকল কর্ম্মের ফলবিধান করি। অথবা তিনি গোপ, অর্থাৎ ধেনুপালকগণের বেশধারী নবীন মেঘের ন্যায় বর্ণবিশিষ্ট, নবযৌবনান্বিত ও কল্পতরুমূলে সিংহাসনোপরি পদ্মে উপবিষ্ট আছেন। ইহাই শ্রীকৃষ্ণের স্বরূপ জানিবে। ১২ ॥

তদিহ শ্লোকা ভবন্তি।

সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরং।
দ্বিভুজং জ্ঞানমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরং॥ ১৩॥

উক্তরূপধ্যানং মন্ত্রসম্মতিব্যাজেন সবিস্তরমাহ তদিহেতি। তৎ তত্র ইহ উক্তরূপধ্যানে শ্লোকা মন্ত্রাঃ অপি ভবন্তি। সৎপুণ্ডরীকনয়নমিতি সৎ নির্ম্মলং পুণ্ডরীকং হৃৎকমলং নয়নং প্রাপকং যস্য তং। মেঘা উপ-তপ্তমনসি সচ্চিদানন্দস্বরূপা আভা যস্য তং। বিশেষেণ দ্যোতত ইতি বিদ্যুৎ বিদ্যুদেব বৈদ্যুতম্ তাদৃশম্ অম্বরং স্বপ্রকাশচিদাকাশমিত্যর্থঃ। দ্বৌ হিরণ্যগর্ভবিরাড়াত্মানৌ ভুজৌ মৌক্তিকশিল্পহেতুভূতৌ হস্তৌ যস্য তং দ্বিভুজং। জ্ঞানমুদ্রা তৎ ত্বমসীতি সচ্চিদানন্দৈকরসাকারা বৃত্তিঃ তত্র আঢ্যং প্রকাশমানং বনে বিবিক্তপ্রদেশে স্বভক্তেষু মালতে প্রকাশতে ইতি তং বনমালিনম্ ঈশ্বরং ব্রহ্মাদীনামপি নিয়ন্তারম্। ১৩।

এইক্ষণ মন্ত্রসম্মতিরূপে উক্তরূপ ধ্যান সবিস্তর কহিতেছেন।—উক্ত-রূপ ধ্যানবিষয়ে মন্ত্রার্থে জানা যায় যে, নির্ম্মল হৃদয়কমলেই তাঁহাকে লাভ করা যায়, তিনি মেঘাভ, অর্থাৎ সচ্চিদানন্দস্বরূপ আভাবিশিষ্ট, উত্তপ্ত মনেও তিনি শান্তিপ্রদান করেন। সর্ব্বদাই তিনি বিশেষরূপে দীপ্তি পাইতেছেন, স্বপ্রকাশ ও চিদাকাশস্বরূপ, হিরণ্যগর্ভ ও বিরাট-পুরুষ ইহারা তাঁহার দুই হস্তরূপে বিদ্যমান আছেন, অতএব তিনি দ্বিভুজ, "তত্ত্বমসি" ইত্যাদিরূপে সচ্চিদানন্দৈকরসাকার বৃত্তিতে প্রকাশ-মান, তিনি নির্জ্জনপ্রদেশে স্বীয় ভক্তগণের নিকট প্রকাশ পাইয়া থাকেন এবং তিনি ব্রহ্মাদি দেবগণেরও নিয়ন্তা, অর্থাৎ তাঁহারই আজ্ঞাতে ব্রহ্মা-দিরা স্ব স্ব কার্য্যে নিয়ত আছেন, অথবা শ্রীকৃষ্ণ নির্ম্মল পুণ্ডরীকনয়ন, জলধরকান্তি, পীতবসন, দ্বিভুজমূর্ত্তি, জ্ঞানমুদ্রাধারী, বনমালাবিভূষিত এবং সকলের ঈশ্বর। ১৩॥

গোপগোপীগবাবীতং সুরদ্রুমতলাশ্রিতং।
দিব্যালঙ্করণোপেতং রত্নপঙ্কজমধ্যগং ॥ ১৪ ॥
কালিন্দীজলকল্লোলসঙ্গিমারুতসেবিতং।
চিন্তয়ংশ্চেতসা কৃষ্ণং মুক্তো ভবতি সংস্থতেরিতি ॥ ১৫

আত্মানং গোপায়তীতি গোপঃ জীবঃ গোপী মায়া গাবঃ বেদাশ্চ তৈঃ আবীতং স্বামিতয়া আশ্রিতং। সুরদ্রুমঃ বেদঃ তস্য তলং স্বরূপম্ আশ্রিতং তৎপ্রতিপাদ্যম্ ইত্যর্থঃ। দিব্যালঙ্করণৈঃ ষড়বিধৈশ্বর্য্যৈঃ উপেতম্। তথা রত্ন তুল্যম্ অতিস্বচ্ছং যৎ পঙ্কজং হৃদয়কমলং তদন্তঃস্থাকাশগতং তম্। ঐশ্বর্য্যস্য সমগ্রস্য ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ বৈরাগ্যস্য চ মোক্ষস্য ষণ্মাং ভগ ইতীঙ্গনা ইতি। তে চ ষড়্ ধর্ম্মা যস্য সন্তীতি ভগবান্ কালিন্দী নাম নির্ম্মলোপাসনা তস্যাঃ জলকল্লোলাঃ নানাস্ফুরণতরঙ্গাঃ তৎ সঙ্গী মারুতঃ নিশ্চলপ্রাণবায়ুশ্চ তাভ্যাং সেবিতম্ আরাধিতম্। যদ্বা ভক্তানুগ্রহার্থ-মাবিষ্কৃতচিদ্ঘনস্য যথাশ্রুতমেবেদং ধ্যানং। সৎপুণ্ডরীকবদতিনির্ম্মলে নয়নে যস্য তম্। মেঘাভং নীরদশ্যামলং তড়িদাভম্ অম্বরং যস্য তং পীতাম্বরম্। দ্বিভুজং দেবকীপ্রার্থনয়া অন্যভুজদ্বয়স্যোপসংহৃতত্বাৎ যদ্বা

যিনি আপনাকে গোপন করেন, তিনিই গোপ অর্থাৎ জীব, গোপী অর্থাৎ মায়া, গো অর্থাৎ বেদ, এই সকলই শ্রীকৃষ্ণের আশ্রিত, শ্রীকৃষ্ণ এই সমুদায়ের স্বামী, ইনি সুরদ্রুম তলাশ্রিত, অর্থাৎ বেদপ্রতিপাদ্য আর দিব্য অলঙ্কারে অলঙ্কৃত, অর্থাৎ ষড়বিধ ঐশ্বর্য্যে বিভূষিত এবং রত্নতুল্য অতি নির্ম্মল হৃদয়কমলের অন্তঃস্থ আকাশের মধ্যবর্ত্তী, অথবা শ্রীকৃষ্ণ গোপগণ গোপীসকল ও গোসমূহে সর্ব্বদা সমাবৃত কল্পতরুমূলে আশ্রিত দিব্য অলঙ্কারে বিভূষিত এবং রত্নপঙ্কজের মধ্যবর্ত্তী ॥ ১৪ ॥

শ্রীকৃষ্ণ নির্ম্মল উপাসনার নানাপ্রকার বিস্ফুরণ এবং তৎসঙ্গী বায়ু অর্থাৎ নিশ্চল প্রাণবায়ু, এই উভয়ের আরাধিত, অথবা তিনি যমুনার তরঙ্গাসঙ্গী বায়ুহিল্লোল সর্ব্বদা সেবা করেন। যে ভক্ত এইরূপ, অর্থাৎ যিনি ভক্তগণের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ আভির্ভূত হইয়াছেন, যাঁহার

তস্য পুনা রসনং জলভূমীন্দুসম্পাতকামাদি কৃষ্ণায়েত্যেকং পদং গোবিন্দায়েতি দ্বিতীয়ং গোপীজনেতি তৃতীয়ং বল্লভায়েতি তুরীয়ং স্বাহেতি পঞ্চপদীং জপন্

অষ্টাদশাক্ষরে দ্বিভুজো ধ্যেয় ইতি সূচিতম্। জ্ঞানমুদ্রা হৃদ্যাশ্রিততর্জ্জন্যঙ্গুষ্ঠযোগরূপা তয়া আঢ্যং যুক্তং। বনমালা নাম নানাপুষ্পপল্লবরচিতা পাদতলাবলম্বিনী মালা বিদ্যতে যস্য তং বনমালিনম্। ঈশ্বরম্ উক্তার্থম্ গোপাঃ শ্রীদামাদয়ঃ গোপ্যঃ রাধাদ্যাঃ গাবঃ কপিলাপ্রভৃতয়ঃ তাভিঃ সংবীতং পরিবৃতম্। কল্পবৃক্ষাশ্রয়ম্ দিব্যৈঃ অলৌকিকৈঃ আভরণৈঃ উপেতং। সিংহাসনোপরি রত্নময়সুবর্ণকমলমধ্যস্থিতম্। যমুনাজলতরঙ্গসম্বন্ধিবায়ুনা সেবিতম্। এবং বিধং শ্রীকৃষ্ণং চেতসা চিন্তয়ন্ ধ্যায়ন্ নরঃ সংসৃতেঃ সংসারাৎ মুক্তো ভবতি ইতি শব্দো ধ্যানসমাপ্ত্যর্থঃ। ১৪-১৫ ॥

দ্বিতীয়প্রশ্নোত্তরমাহ তস্য পুনা রসনমিতি। তস্য কৃষ্ণাখ্যব্রহ্মণঃ রসনং জলভূমীন্দুসম্পাতকামাদি যথা স্যাৎ তথা পঞ্চপদজপনম্ ইতি শেষঃ। জলং ককারঃ ভূমিঃ লকারঃ ঈকারঃ অগ্নিঃ ইন্দুঃ অনুস্বারঃ এতেষাং

নয়নযুগল প্রফুল্ল শ্বেতপদ্মসদৃশ, নবজলধরের ন্যায় যাঁহার শরীরের কান্তি, যাহার পরিধেয় বসন বিদ্যুতের ন্যায় পীতবর্ণ, যিনি দ্বিভুজ এবং যিনি হৃদয়ে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর যোগরূপ জ্ঞানমুদ্রা ধারণ করিয়াছেন, বিবিধ পুষ্পপত্ররচিত মালা যাঁহার আপদমস্তকে লম্বমান আছে, যিনি স্বয়ং ঈশ্বর এবং শ্রীদামাদি গোপগণ রাধিকাপ্রভৃতি গোপীসকল ও কপিলাদি ধেনু সমূহে পরিবেষ্টিত, যিনি কল্পবৃক্ষমূলে অবস্থিতি করিতেন, দিব্য অলঙ্কার দ্বারা যাঁহার অঙ্গ বিভূষিত, যিনি রত্নখচিত সিংহাসনোপরি স্থিত পদ্মোপরি উপবিষ্ট, যিনি যমুনার তরঙ্গসঙ্গী মন্দ-মন্দ সমীরণে পরিসেবিত, সেই শ্রীকৃষ্ণকে স্বীয় চিত্তে ধ্যান করিতে পারে, সেই ভক্ত নিশ্চয় সংসার হইতে পরিত্রাণ পায়। ১৫ ॥

এইক্ষণ দ্বিতীয় প্রশ্নোত্তর কহিতেছেন,—অর্থাৎ শ্রীকৃষ্ণের কোন মন্ত্র জপ করিবে? তাহা বলিতেছেন।—ক্লীঁ কৃষ্ণায় এই এক পদ, গোবিন্দায়

পঞ্চাঙ্গং দ্যাবাভূমী সূর্য্যাচন্দ্রমসৌ সাগ্নী তদ্রূপতয়া ব্রহ্ম সম্পদ্যতে ব্রহ্ম সম্পদ্যত ইতি ॥ ১৬ ॥

ইতি প্রথমোপনিষৎ ॥ ১ ॥

সম্পাতরূপং যৎ কামবীজং তৎ আদৌ প্রথমং যথা স্যাত্তথেত্যর্থঃ। তান্যেব পঞ্চ পদানি বিবৃণোতি কৃষ্ণায়েত্যেকং পদমিত্যাদিনা। উক্ত-রসনস্য ফলমাহ পঞ্চপদীমিতি। পঞ্চপদীং জপন্ পুরুষঃ পঞ্চাঙ্গং ব্রহ্ম নারায়ণাত্মকং তদ্রূপতয়া পঞ্চাঙ্গব্রহ্মতাদাত্ম্যেন প্রাপ্নোতীতি সম্বন্ধঃ। ইদন্তু সকৃজ্জপফলম্। পঞ্চাঙ্গান্যাহ দ্যাবাভূমী তথা অগ্নিনা সহিতৌ স্বাগ্নী সূর্য্যাচন্দ্রমসৌ অভ্যাসঃ প্রথমোপনিষৎসমাপ্ত্যর্থঃ ॥ ১৬ ॥

ইতি প্রথমোপনিষৎ ॥ ১ ॥

এইটি দ্বিতীয় পদ, গোপীজন এইটি তৃতীয় পদ, বল্লভায় এইটি চতুর্থ পদ এবং স্বাহা এইটি পঞ্চম পদ, এই পঞ্চপদাত্মকমন্ত্রই নারায়ণাত্মক ব্রহ্ম, যিনি এই পঞ্চপদাত্মকমন্ত্র জপ করেন, তিনি স্বর্গ, পৃথিবী, চন্দ্র, সূর্য্য এবং অগ্নি এই পঞ্চাঙ্গাত্মক নারায়ণরূপী ব্রহ্মকে লাভ করিতে পারেন। উক্ত মন্ত্র একবারমাত্র জপ করিলেই এইরূপ ফল হইয়া থাকে ॥ ১৬ ॥

ইতি প্রথম উপনিষৎ। ১ ॥

দ্বিতীয়োপনিষৎ।

তদেষ শ্লোকঃ ক্লীমিত্যেতদাদাবাদায় কৃষ্ণায় গোবিন্দায়েতি চ গোপীজনবল্লভায় বৃহদ্ভানব্যা সকৃদুচ্চরেৎ যো গতিস্তস্যাস্তি মঙ্‌ক্ষু নান্যা গতিঃ স্যাদিতি ॥ ১ ॥

ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈরাস্যেনৈবামুষ্মিন্ মনসঃ কল্পনমেতদেব চ নৈষ্কর্ম্ম্যম্ ॥ ২ ॥

উক্তরসনে মন্ত্রসংবাদমাহ তদেষ ইতি। তৎ তত্র উক্তেরসনে এষঃ শ্লোকঃ মন্ত্রঃ বর্ত্তত ইতি। ক্লীমিত্যেতৎ আদৌ আদায় উচ্চার্য্য অথ কৃষ্ণায় গোবিন্দায় ইতি চ পুনঃ গোপীজনবল্লভায় বৃহদ্ভানব্যা স্বাহয়া ইত্যর্থঃ। ইতি যঃ সকৃৎ একবারমপি উচ্চরেৎ তস্য মঙ্‌ক্ষু শীঘ্রং পঞ্চাঙ্গব্রহ্মাত্মরূপ-গতিঃ ভবতি অন্যা চন্দ্রমণ্ডলরূপা গতিঃ তস্য ন স্যাৎ ইতি শব্দো রসন-সমাপ্ত্যর্থঃ ॥ ১ ॥

কথঞ্চাহো তদ্ভজনমিত্যস্যোত্তরং বক্তুং ভজনশব্দার্থমাহ ভক্তিরস্য ভজন-মিতি। পর্য্যায়েণার্থাঽবগমাসম্ভবাৎ পুনর্ভজনস্য লক্ষণমাহ তদিহা-মুত্রেতি। ইহ অমুত্র উপাধেঃ ঐহিকপারলৌকিকপ্রয়োজনস্য নৈরাস্যেন

সাধক ক্লীঁ এই বীজ আদিতে উচ্চারণ করিয়া কৃষ্ণায় গোবিন্দায় এই পদদ্বয় যোজনা করিবে, পরে গোপীজনবল্লভায় ও স্বাহা এই দুই পদ যোগ করিয়া অর্থাৎ "ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা" এই মন্ত্র জপ করিবে। একবারমাত্র উক্ত মন্ত্র জপ করিলে তৎক্ষণাৎ পঞ্চাঙ্গ ব্রহ্মপ্রাপ্তি হয়, অর্থাৎ সাধক মুক্তিলাভ করে, উৎপত্তি ধ্বংসশীল চন্দ্রলোকাদি প্রাপ্তি হয় না ॥ ১ ॥

শ্রীকৃষ্ণের যে ভক্তি, তাহাই ভজন অর্থাৎ ঐহিক ও পারত্রিক কামনা পরিত্যাগপূর্ব্বক কৃষ্ণরূপী পরব্রহ্মেতে মনঃ সমর্পণ করিয়া তাহাতে প্রেমা-

কৃষ্ণং তং বিপ্রা বহুধা যজন্তি গোবিন্দং সন্তং বহুধা-রাধয়ন্তি গোপীজনবল্লভো ভুবনানি দধ্রে ॥ ৩ ॥

স্বাহাশ্রিতো জগদেজয়ৎ সুরেতাঃ ॥ ৪ ॥

নিরসনমেব নৈরাশ্যং তেন ঐহিকামুষ্মিকফলকামনারাহিত্যেন এব অমুষ্মিন্ কৃষ্ণাখ্যে ব্রহ্মণি মনসঃ কল্পনং প্রেম্ণা তন্ময়ত্বং তদেব ভজনমুক্তমিত্যর্থঃ এতৎ ভজনম্ এব নৈষ্কর্ম্ম্যং জ্ঞানম্ ইত্যর্থঃ ॥ ২ ॥

কৃষ্ণং তমিতি তং কৃষ্ণম্ আনন্দাত্মানং বিপ্রাঃ সাত্ত্বিকাঃ বহুধা দ্রব্যযজ্ঞপাঠযজ্ঞযোগযজ্ঞাদিভিঃ যজন্তি। গোবিন্দমিতি গোভূমিবেদবিদিতং সন্তং বহুধা শ্রবণকীর্ত্তনস্মরণপাদসেবনার্চ্চনবন্দনদাস্যসখ্যাত্মনিবেদনাদিভিঃ বিপ্রাদয়ঃ সর্ব্বেঽপি আরাধয়ন্তি সেবয়ন্তি। তস্যৈব সেব্যত্বে হেতুঃ গোপীজনবল্লভ ইতি। গোপ্যঃ পালনশক্তয়ঃ তাসাং জনঃ সমুদায়ঃ তস্য বল্লভঃ স্বামী প্রেরকঃ সন্ ভুবনানি অনন্তকোটিব্রহ্মাণ্ডানি দধ্রে উপলক্ষণমেতৎ অপালয়ৎ পালয়তি পালয়িষ্যতি চ ॥ ৩ ॥

এবং পালকত্বাৎ সেব্যত্বমুক্তম্ অথজনকত্বাদপি তদাহ স্বাহাশ্রিত

ধিক্যবশত তৎস্বরূপতা প্রাপ্তিই ভজন এবং ইহাকেই নৈষ্কর্ম্ম জ্ঞান বলা যায় ॥ ২ ॥

সাত্ত্বিক বিপ্রগণ উক্তরূপ আনন্দময় কৃষ্ণাখ্য পরংব্রহ্মকে দ্রব্যযজ্ঞ, পাঠযজ্ঞ ও যোগযজ্ঞ প্রভৃতিদ্বারা অর্চ্চনা করেন, সর্ব্বপ্রকার ব্রাহ্মণই সেই বেদপ্রতিপাদ্য গোবিন্দকে শরণ, কীর্ত্তন, মনন, পাদসেবন, অর্চ্চন, দাস্য, সৌখ্য ও আত্মসমর্পণ রূপ নানাবিধ ভক্তিদ্বারা আরাধনা করিতেছে, জনসমূহে তাহার আরাধনা করিবে, এই নিমিত্তই তিনি সমস্ত লোক ব্রহ্মাণ্ডে প্রেরণ করিয়াছেন এবং অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই কালত্রয়ে অনন্তকোটি ব্রহ্মাণ্ড পালন করিতেছেন, অর্থাৎ যেহেতু শ্রীকৃষ্ণ ব্রহ্মাণ্ড পালন করিতেছেন, অতএব সর্ব্বদা সর্ব্বতোভাবে তাঁহার আরাধনা কর্ত্তব্য ॥ ৩ ॥

পূর্ব্বশ্রুতিতে ব্রহ্মাণ্ডপালক বলিয়া শ্রীকৃষ্ণের আরাধনার কর্ত্তব্যতা

বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো জন্যে জন্যে পঞ্চরূপো বভূব। কৃষ্ণস্তথৈকোঽপি জগদ্ধিতার্থং শব্দেনাসৌ পঞ্চপদো বিভাতীতি ॥ ৫ ॥

ইতি। স্বাহা মায়া তদাশ্রিতঃ তদধিষ্ঠাতা সন্ জগৎ অব্যক্তনামরূপম্ এজয়ৎ অচালয়ৎ ব্যক্তীভাবায়োন্মুখমকরোৎ সৃষ্টিকালে। অত্র হেতুগভবিশেষণমাহ সুরেতা ইতি। সুষ্টু শোভনং চিদ্রূপং মায়ায়াং প্রতিবিম্বোন্মুখং রেতো যস্য সঃ সুরেতাঃ। রূপং রূপং প্রতিরূপো বভূব ইতি শ্রুতেঃ মম যোনির্ম্মহদ্ ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্ ইতি স্মৃতেশ্চ ॥ ৪ ॥

ভক্তানামারাধনসৌকর্য্যায় গোপালবিদ্যাত্মকশব্দরূপেণ ভগবান্ পঞ্চধা ভাতীতি সদৃষ্টান্তমাহ বায়ুর্যথৈক ইতি। যথা ভুবনং ব্রহ্মাণ্ডং প্রবিষ্টঃ একঃ এব বায়ুঃ জন্যে জন্যে শরীরে শরীরে প্রতিশরীরং পঞ্চরূপঃ প্রাণাপানব্যানাদিরূপঃ বভূব। তথা এব একোঽপি অসৌ কৃষ্ণঃ জগদ্ধিতার্থং ভুবনং প্রবিষ্টঃ শব্দেন গোপালবিদ্যাত্মকেন পঞ্চ পদানি যস্য সঃ পঞ্চপদঃ বিবিধং ভাতি প্রকাশতে ইতি শব্দো মন্ত্রসমাপ্ত্যর্থঃ ॥ ৫ ॥

প্রতিপাদন করিয়া এইক্ষণ শ্রীকৃষ্ণই অনন্তকোটি ব্রহ্মাণ্ডের জনক, অতএব তাঁহার আরাধনা করিবে, ইহাই প্রতিপাদন করিতেছেন।—পরংব্রহ্মরূপী শ্রীকৃষ্ণ মায়ার অধিষ্ঠাতা হইয়া অব্যক্তনামরূপ জগৎকে ব্যক্তীভূতকরণার্থ পরিচালিত করিয়াছিলেন, অনন্তর সৃষ্টিকালে সেই অব্যক্ত জগৎকে নামরূপদ্বারা ব্যক্ত করেন, যেহেতু তিনি সুরেতা, অর্থাৎ শ্রীকৃষ্ণ প্রতিবিম্ব প্রকাশ করিয়া মায়াতে বীর্য্যাধান করিয়াছেন। শ্রুতিতে লিখিত আছে যে, ব্রহ্মই প্রতিব্যক্তিতে পৃথক্-পৃথক্‌রূপে আবির্ভূত হয়েন। স্মৃতিপ্রমাণে জানা যায় যে, প্রকৃতি বলিয়াছেন, ব্রহ্মই আমার যোনি, আমি তাহাতেই গর্ভ ধারণ করি ॥ ৪ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তবৃন্দের আরাধনার সৌকার্য্যার্থ গোপালবিদ্যাত্মক শব্দরূপে পঞ্চধা প্রকাশিত হইয়াছেন, যেমন একই বায়ু ভুবনে প্রবেশ করিয়া প্রতিশরীরেই প্রাণ, অপান, সমান, উদান, ব্যান এই পঞ্চরূপে

তে হোচুরুপাসনমেতস্য পরমাত্মনো গোবিন্দস্যা-খিলাধারিণো ব্রূহীতি ॥ ৬ ॥

তানুবাচ যত্তস্য পীঠং হৈরণ্যাষ্টপলাশমম্বুজং। তদন্ত-রালিকেঽনলাস্রযুগং তদন্তরাদ্যার্ণাখিলবীজং কৃষ্ণায় নম

নিষদের আরম্ভযুক্ত হইতেছে। অতএব শক্তিবীজ নির্ণয়ানন্তর এই উপনিষদের আরম্ভ সুসঙ্গত ইহা উক্ত হইয়াছে। দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—ব্রহ্মন্! আমাদিগের নিকট আনুষ্টুভ মন্ত্ররাজ এবং নরসিংহের অঙ্গমন্ত্র বর্ণন করুন। অনন্তর প্রজাপতি দেবগণের বাক্য শ্রবণ করিয়া কহিতেছেন,—প্রণব, সাবিত্রী, যজুঃ, লক্ষ্মী ও নৃসিংহগায়ত্রী এই সকলই অঙ্গমন্ত্র বলিয়া জানিবে। যিনি এই সকল অঙ্গমন্ত্র জানেন, তিনি মুক্তিলাভ করিতে পারেন। যেরূপ ক্রমেতে অঙ্গমন্ত্র সকলের উপ-দেশ করিবে, সেইরূপ ক্রমেই তাহাদিগের ব্যাখ্যান কর্ত্তব্য। আর "ওম্" এই অক্ষরই সর্ব্বময় এবং ওঙ্কারই সাকার আত্মতত্ত্বপরিজ্ঞানের উপায় ওঙ্কার অবলম্বন করিয়াই সত্যকাম জ্ঞানলাভ করিয়াছিলেন। আর

ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব যচ্চান্যত্ত্রিকালা-
তীতং তদপ্যোঙ্কার এব ॥ ১ ॥

সর্পাদি-বিকল্পস্যাদ্বয়াত্মা পরমার্থঃ সন্ প্রাণাদিবিকল্পাস্পদো যথা তথা সর্ব্বোবাক্‌প্রপঞ্চঃ প্রাণাদ্যাত্ম-বিষয় ওঙ্কার এব। স চানুষ্টুবঙ্গং সন্নাত্মস্বরূপমেব তদভিধায়কত্বাৎ। ওঙ্কারবিকার-শব্দাভিধেয়শ্চ সর্ব্বঃ প্রাণাদিরাত্মবিকল্পোঽভিধান-ব্যতিরেকেণ নাস্তি। "বাচারম্ভণং বিকারো নামধেয়ং তস্যেদং বাচাতন্ত্যানামভির্দ্দামভিঃ সর্ব্বং সিতং সর্ব্বং হীদং নামনী-ত্যাদি শ্রুতিভ্যঃ"। অতআহ ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি। যদিদমর্থজাতমভিধানাভিধেয়ভূতং তস্যাভিধানাব্যতিরেকাদভিধানভেদস্যো-ঙ্কারাব্যতিরেকাদোঙ্কার এবেদং সর্ব্বং পরঞ্চ ব্রহ্মাভিধানাভিধেয়োপায়-পূর্ব্বকমবগম্যতে ইত্যোঙ্কার এব। তস্য এতস্য পরাপরব্রহ্মরূপস্যাক্ষরস্য ওমিত্যেতস্য উপব্যাখ্যানং ব্রহ্মপ্রতিপত্ত্যুপায়ত্বাৎ ব্রহ্মসমীপতয়া বিস্পষ্টঃ প্রকথনমুপব্যাখ্যানং প্রস্তুতং জানীয়াদিতিশেষঃ নত্বমুষঙ্গঃ। ব্যবায়ান্নানুষজ্যতে ইতি ন্যায়াৎ। ভূতং ভবদ্ভবিষ্যদিতি। কালত্রয়-পরিচ্ছেদ্যং যৎ তদোঙ্কার এবোক্তন্যায়তঃ। যচ্চান্যত্ত্রিকালাতীতং কার্য্যাধিগম্যং কালত্রয়া-পরিচ্ছেদ্যমব্যাকৃতাদি তদপ্যোঙ্কার এব। ১।

ওঙ্কারশব্দে আত্মারই প্রয়োগ হয়, ওঙ্কারই ব্রহ্ম এবং ওঙ্কারই এই অখিল ব্রহ্মস্বরূপ ইত্যাদি শ্রুতিতে রজ্জু প্রভৃতিতে সর্পাদি বিকল্পের ন্যায় অদ্বয় আত্মাই পরমার্থরূপে প্রাণাদি বিকল্পের আস্পদ। এইরূপ সর্ব্ববিধ বাক্যপ্রপঞ্চই ওঙ্কার এবং তাহাই প্রাণাদি আত্মবিষয়, ইহাই অনুষ্টুপ্ অঙ্গ এবং আত্মস্বরূপ। প্রাণাদি সকলই ওঙ্কারশব্দের অভিধেয় বটে, কিন্তু আত্মবিকারাভিধেয় ব্যতিরেকে প্রাণাদিও সম্ভবে না। "বাচারম্ভণং বিকারোনামধেয়ং" ইত্যাদি শ্রুতিতেই উহা প্রকাশিত আছে, অতএব "ওম্" এই অক্ষরই সর্ব্বময় ইহা প্রমাণীকৃত হইল। ভূত, ভবিষৎ, অতীত এবং যাহা ত্রিকালাতীত সেই সমুদায়ই ওঙ্কার, এই ওঙ্কারই ব্রহ্মপ্রাপ্তির উপায়স্বরূপ ॥ ১ ॥

সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্ম অয়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পা-

অভিধানাভিধেয়য়োরেকত্বেনাভিধান-প্রাধান্যেন নির্দ্দেশঃ কৃতঃ। ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিত্যাদি। অভিধানপ্রাধান্যেন নির্দ্দিষ্টস্য পুনরভিধেয়প্রাধান্যেন নির্দ্দেশোঽভিধানাভিধেয়য়োরেকত্বপ্রতিপত্ত্যর্থম্ ইতরথা হ্যভিধান-তন্ত্রাভিধেয়-প্রতিপত্তিরিত্যভিধেয়স্যাভিধানত্বং গৌণমিত্যাশঙ্কা স্যাৎ। একত্বপ্রতিপত্তেশ্চ প্রয়োজনমভিধানাভিধেয়য়োরেকেনৈব প্রযত্নেন প্রবিলাপয়ংস্তদ্বিলক্ষণং ব্রহ্ম প্রতিপদ্যতে ইতি। তথাচ বক্ষ্যতি। পাদা মাত্রা মাত্রাশ্চ পদা ইতি। তদাহ। সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্ম সর্ব্বং যদুক্তমোঙ্কারমাত্রমিতি তদেতদ্‌ব্রহ্ম। তচ্চ ব্রহ্ম পরোক্ষাভিহিতং প্রত্যক্ষতো বিশেষেণ নির্দ্দিশতি, অয়মাত্মা ব্রহ্মেতি। অয়মিতি চতুষ্পাত্ত্বেন প্রবিভজ্যমানং প্রত্যগাত্মানং প্রত্যগাত্মতয়াভিনয়েন নির্দ্দিশতি, অয়মাত্মেতি।

ইতিপূর্ব্বে "ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং" ইত্যাদি শ্রুতিতে অভিধান ও অভিধেয় ইহাদিগের একত্বহেতু অভিধানপ্রাধান্যরূপে ব্রহ্মের নির্দ্দেশ করা হইয়াছে। পরন্তু যিনি অভিধানপ্রাধান্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন, তাঁহার যে পুনর্ব্বার অভিধেয়প্রাধান্যরূপে নির্দ্দেশ, তাহাও অভিধান এবং অভিধেয় ইহাদিগের একত্ব প্রতীতির নিমিত্ত জানিবে। অন্যথা অভিধানহেতু অভিয়ের প্রতীতি হয়, এইরূপে অভিধেয়ের অভিধানত্বের গৌণত্ব শঙ্কা হইতে পারে, অতএব অভিধান ও অভিধেয়প্রতীতির প্রয়োজনকে একপ্রকার যত্নে উক্ত উভয়েতে বিলয় করিয়া এক ব্রহ্মই প্রতিপন্ন হইতেছেন; এই নিমিত্তই পরে কথিত হইবে যে "পাদই মাত্রা এবং মাত্রাই পাদ"। এই অভিপ্রায়ে বলিতেছেন, ওঙ্কারাত্মক এই চরাচর পরিদৃশ্যমান সমস্তই ব্রহ্ম। সেই ব্রহ্মও পরোক্ষরূপে কথিত হইয়াছেন, এইক্ষণ বিশেষণদ্বারা প্রত্যক্ষরূপে নির্দ্দেশ করিতেছেন। যিনি চতুষ্পাদরূপে বিভজ্যমান প্রত্যগাত্মা, তিনি ব্রহ্মরূপে নির্দ্দিষ্ট হইতেছেন। সেই ওঙ্কারপ্রতিপাদ্য আত্মা পরাপররূপে ব্যবস্থিত আছেন, যেমন কার্ষাপণের চতুর্থাংশে এক এক পাদ হয়, ব্রহ্মও সেইরূপ চতু-

জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতি-মুখঃ

সোঽয়মাত্মা ওঙ্কারাভিধেয়ঃ পরাপরত্বেন ব্যবস্থিতঃ চতুষ্পাৎ কার্ষাপণবং ন গৌরিব চতুষ্পাৎ ত্রয়াণাং বিশ্বাদীনাং পূর্ব্বপূর্ব্ব-বিলাপনেন তুরীয়স্য প্রতিপত্তিরিতি করণসাধনঃ পাদশব্দঃ। তুরীয়স্য তু পদ্যত ইতি কর্ম্মসাধনঃ পাদশব্দঃ। কথং চতুষ্পাত্ত্বমিত্যত্রাহ। জাগরিতং স্থানমস্যেতি জাগরিত-স্থানঃ বহিঃপ্রজ্ঞঃ স্বাত্মব্যতিরিক্তে বিষয়ে প্রজ্ঞা যস্য সঃ বহিঃপ্রজ্ঞঃ, বহির্ব্বিষয়ে যস্য প্রজ্ঞাঽবিদ্যাকৃতাঽবভাসতে ইত্যর্থঃ। তথা সপ্তাঙ্গঃ সপ্ত শক্তয়োঽঙ্গে হৃদয়াখ্যে যস্য স তথোক্তঃ। বিষ্ণুশক্তীনাং বিষ্ণুবক্ষঃ-স্থলাশ্রয়ত্বপ্রসিদ্ধেঃ বিষ্ণোর্ব্বক্ষঃস্থলাশ্রয়া ইতি স্মৃতেঃ বিষ্ণোর্ব্বক্ষঃস্থলে স্থিতাম্ ইতি প্রবিকাশিপঙ্কজাং বক্ষঃস্থলেন শ্রিয়মুদ্বহন্ ইতি চ। তথা একোনবিংশতিমুখঃ মূলমন্ত্রাপেক্ষয়া একোনবিংশতিতমম্ অক্ষরং বীজং মুখং যস্য মূলনৃসিংহব্যূহস্য স তথোক্তঃ। নাভেরূর্দ্ধমূর্দ্ধতঃ প্রাক্ যতো

ষ্পাদ, গবাদির ন্যায় চতুষ্পাদ নহেন। বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ এই ত্রয়ের পূর্ব্ব পূর্ব্বের অভাবে তুরীয়াবস্থা হইয়া ব্রহ্মপ্রতীতি হয়, এইরূপ করণসাধ-নার্থই ব্রহ্মের পাদশব্দ ব্যবহৃত হইয়া থাকে। যিনি জাগরিত স্থানে বিদ্যমান আছেন এবং বহিঃপ্রজ্ঞ, অর্থাৎ আত্মারিক্ত বাহ্য বিষয়ে যিনি প্রজ্ঞাবান, সপ্তাঙ্গ অর্থাৎ সপ্ত শক্তি যাঁহার হৃদয়ে বিদ্যমান আছে, যেহেতু বিষ্ণুর বক্ষঃস্থলই শক্তিসকলের আশ্রয়, ইহা প্রসিদ্ধ আছে। আর স্মৃতিতেও লিখিত আছে যে, শক্তিসকল বিষ্ণুর বক্ষঃস্থল আশ্রয় করিয়া রহিয়াছে। আর যিনি একোনবিংশতিমুখ, অর্থাৎ মূলমন্ত্রের একোনবিংশতি অক্ষরাত্মক বীজই তাঁহার একোনবিংশতি মুখস্বরূপে বিদ্যমান আছে। মূল নৃসিংহ ব্যূহে একোনবিংশতি অক্ষরাত্মক মন্ত্র উক্ত আছে, তাহাই মুখ। মাণ্ডুক্যোপনিষদে প্রণববিদ্যাতে ব্যাখ্যাত হই-য়াছে যে, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চজ্ঞানেন্দ্রিয়; পায়ু, উপস্থ, পাণি, পাদ ও হস্ত এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; প্রাণ, অপান, ব্যান, সমান ও উদান এই পঞ্চ বায়ু এবং মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার ইহারাই

স্থূলভুগ্‌বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ। স্বপ্নস্থানোঽন্তঃপ্রজ্ঞঃ

হৃদয়াখ্যমঙ্গম্ অত উপাস্যোপাসকয়োরৈক্যে ভেদে বা হৃদয়াঙ্গন্যাস-ব্যাখ্যানমবিরুদ্ধম্। নন্বেতৎসপ্তাঙ্গানি মূর্দ্ধৈব সুতেজা ইত্যেবমাদীনি যস্য স তথোক্তঃ তথা একোনবিংশতি মুখান্যস্য বুদ্ধীন্দ্রিয়-কর্ম্মেন্দ্রিয়াণি বায়বঃ প্রাণাদয়ঃ পঞ্চ মনোবুদ্ধিরহঙ্কারশ্চিত্তমিতি মুখানীব তান্যুপলব্ধি-দ্বারত্বাদিত্যেবং যথাসঙ্খ্যং বিরাড়্-হিরণ্যগর্ভ-পরত্বেন বাক্যদ্বয়ং মাণ্ডূ-ক্যোপনিষৎ-প্রণববিদ্যায়াং ব্যাখ্যাতং, তথাত্রাপি কস্মান্ন ব্যাখ্যায়তে। উচ্যতে। অত্রাপরবিদ্যা-প্রকরণাশ্রিতত্বাৎ প্রণববিদ্যায়াস্তথাঙ্গত্বেন বিনি-য়োগাৎ প্রণবমঙ্গং জানীয়াদিতি। তথা শক্তিবীজ-নির্ণয়ানন্তরমস্যাঙ্গস্য পাঠাৎ মাণ্ডূক্যে প্রণববিদ্যায়াঃ অনারভ্যাধীতত্বাৎ প্রাধান্যম্ অঙ্গত্বেন বিনিয়োগাভাবাচ্চ তথা তত্র শক্তিবীজয়োরপ্রস্তুতত্বাচ্চ বিদ্যাভেদাচ্চ তথা ব্যাখ্যানভেদেনার্থভেদাৎ পৃথগর্থপ্রতীতির্জ্জ্যায়সী। নন্বু উভয়ত্রাপি অন্যূ-নানতিরিক্ত-পাঠপ্রত্যভিজ্ঞানেন বিদ্যৈক্যাদঙ্গবিদ্যায়া উৎকর্ষঃ প্রধান-

ঊনবিংশতি মুখ। যেহেতু উক্ত জ্ঞানেন্দ্রিয়াদিই তাঁহার উপলব্ধির দ্বার। এইরূপে হিরণ্যগর্ভ ও বিরাট পুরুষ ব্যাখ্যাত হইয়াছেন। এইস্থলেও সেই-রূপ ব্যাখ্যাত হইল না কেন? ইহাতে বক্তব্য এই যে, এইস্থলে অপর বিদ্যাপ্রকরণাশ্রিতপ্রযুক্ত এবং প্রণব বিদ্যার অঙ্গরূপে বিনিয়োগহেতু প্রণবকে অঙ্গ বলিয়া জানিবে, আর শক্তিবীজ নির্ণয়ানন্তর এই অঙ্গের পাঠহেতু মাণ্ডূক্যোপনিষদে প্রণববিদ্যার প্রাধান্য উক্ত হইয়াছে। বিশেষত তাহাতে ইহার অঙ্গরূপে নিয়োগ নাই। আর মাণ্ডূক্যোপ-নিষদে শক্তি ও বীজ ইহারা প্রকৃত প্রস্তাবের বিষয় নহে এবং বিদ্যার বিশেষ বিভেদ আছে, আর ব্যাখ্যানভেদেই অর্থের ভেদ হয়, এই নিমিত্ত পৃথক্ পৃথক্ অর্থ প্রতীতিই প্রধান বলিয়া জানা যায়। আর যদিও উভয়স্থলেই অন্যূন ও অনতিরিক্ত পাঠের প্রত্যভিজ্ঞানহেতু বিদ্যার ঐক্যপ্রযুক্ত অঙ্গবিদ্যা জানাযায় বটে, তথাপি প্রধান বিদ্যাতেই অঙ্গ বিদ্যার প্রবেশ হয়। ইহাতে বিশেষ বক্তব্য এই যে, শব্দহেতুতেই

সপ্তাঙ্গ একোনবিংশতি-মুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়ঃ

বিদ্যায়ামঙ্গবিদ্যায়াঃ প্রবেশঃ। অত্রোচ্যতে। অন্যথাত্বং শব্দাদিতি চেন্ন। বিশেষাদিতিন্যায়েন বিদ্যাভেদস্যৈব যুক্তত্বাদাভ্যুদয়িক-কাম্যেষ্টিবাক্যবচ্চ। নন্ধু ভেদেঽপি প্রধানবিদ্যায়া একাঙ্গত্বেন বিনিয়োগোঽস্তু প্রত্যভিজ্ঞানাচ্চ বিদৈক্যমিতি। তন্ন। প্রকরণান্তরে প্রয়োজনান্যত্বমিতি ন্যায়েন নৈয়মিকাগ্নিহোত্র কৌণ্ডপায়িনাময়নাগ্নিহোত্রবদ্ভেদস্যৈব যুক্তত্বাৎ। কিঞ্চ উভয়ত্রাপি বহুতরপাঠসাম্যেঽপি কচিৎ পাঠভেদোঽপি দৃশ্যতে। তুরীয়মাত্রা-নিরূপণাবসরে, এষোঽন্তর্যাম্যেষ ঈশান এষ প্রভুরিতি, মাণ্ডূক্যে পাঠঃ। তাপনীয়ে তু, এষোঽন্তর্যাম্যেষ যোনিরিতি, ঈশানপ্রভুপদদ্বয়ং বিহায় পাঠঃ তস্মাদ্ভিন্নতা, যদ্যত্র যোগ্যং প্রস্তুতঞ্চ তত্তথা ব্যাখ্যেয়ম্। তথা স্থূলভুক্ স্থূলাং পৃথিবীং হৃদয়াঙ্গান্তর্গতাং ভুঙ্ক্তে সেবতে ইতি স্থূলভুক্। বিশ্বেষাং নরাণাং তস্মিন্নেবানেকধা নয়নাৎ বৈশ্বানরঃ বিশ্বনর এব বৈশ্বানরঃ। নন্ধু যথা মাণ্ডূক্যে বৈশ্বানরশব্দ-সামর্থ্যাৎ সপ্তাঙ্গৈকোন-

---

যাহার অন্যথা প্রতীতি হয়, তাহাও নহে, বিশেষন্যায়ে বিদ্যাভেদই যুক্ত হইতেছে, আর ভেদ হইলেও যদি প্রধান বিদ্যার অঙ্গত্বরূপে বিনিয়োগ হউক, যেহেতু প্রত্যভিজ্ঞানবশতই বিদ্যার ঐক্য আছে, তাহাও নহে, কারণ প্রকারান্তরে প্রয়োজনের অন্যত্ব প্রতীতি হয়, এই ন্যায়ে নিয়মিত অগ্নিহোত্র এবং কুণ্ডপায়ী যজ্ঞ যেমন অগ্নিহোত্রের ভেদমাত্র, সেইরূপ এইস্থলেও ভেদ জানিবে। আর উভয়স্থলেই বহুতর পাঠের সাম্যসত্ত্বেও কোন কোনস্থলে পাঠভেদ দেখা যায়। পরন্তু তুরীয়াবস্থা নিরূপণকালে "এষোঽন্তর্যাম্যেষ ঈশান এষ প্রভুঃ" এইরূপ পাঠ মাণ্ডূক্যে দৃষ্ট হইতেছে। তাপনীয়েও ইনিই অন্তর্যামী এবং ইনিই কারণ, এইরূপে ঈশান ও প্রভু এই পদদ্বয় পরিত্যাগে পাঠ উক্ত আছে, এই নিমিত্তই ভিন্নতা জানা যায়। আর ইনি স্থূলভুক্, অর্থাৎ হৃদয়াদির অন্তর্গত স্থূলা পৃথিবীকে সেবা করেন এবং ইনিই বৈশ্বানর, যেহেতু ইহাতে সকল নরের একদা সন্নিবেশ হয়, অর্থাৎ ইনিই সকল নরের আশ্রয়। যেমন মাণ্ডূক্যোপ-

পাদঃ। যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন

বিংশতিমুখ-পদদ্বয়ং যথাসঙ্খ্যং বিরাড়্-হিরণ্যগর্ভ-পরত্বেন ব্যাখ্যাতম্, তথাত্রাপি বৈশ্বানরশব্দ-সামর্থ্যাৎ তদুভয় পরত্বেন ব্যাখ্যায়তাং কিমিতি শক্তিবীজ-পরত্বেন, প্রকরণসন্নিধের্ব্বাক্যসন্নিধের্ব্বলীয়স্ত্বাৎ। সত্যম্। যদ্যত্র বৈশ্বানরশব্দো বৈশ্বানর-বিদ্যাপরত্বেনৈব বর্ত্তেত তর্হি এবং স্যাৎ নত্বে-তদস্তি, যৌগিক্যা বৃত্ত্যান্যপরত্বেন ব্যাখ্যাতত্বাৎ। কিঞ্চ তত্র তত্র বিধেয়ার্থ-ভেদেন বাক্যভেদেন বাক্যসন্নিধির্নিশ্চিতঃ অত উভয়াত্রাপি প্রকরণ-সন্নিধেরবিশিষ্টত্বাৎ প্রাগ্‌ব্যাখ্যৈব জ্যায়সী। প্রথমঃ পাদঃ তত্রাকারোকার-মকারাশ্রিতত্বেন তদ্বাচকত্বেন বা এবংবিধ-বিশিষ্ট-বুদ্ধ্যুৎপত্তিরিতি প্রথমঃ পাদঃ, এতৎপূর্ব্বকত্বাদুত্তর-পাদাধিগমস্যেতিপ্রাথম্যম্।

নন্বয়মাত্মা ব্রহ্মেতি প্রত্যগাত্মনোঽস্য চতুষ্পাত্ত্বে প্রকৃতে কথং শক্তি-বীজয়োরঙ্গমুখত্ব-কীর্ত্তনমিতি। নৈষ দোষঃ। উপাস্যোপাসকযোরভেদ-

---

নিষদে বৈশ্বানর শব্দের সামর্থ্যহেতু "সপ্তাঙ্গ ও একোনবিংশতিমুখ" এই পদদ্বয় যথাক্রমে বিরাট ও হিরণ্যগর্ভরূপে ব্যাখ্যাত হইয়াছে, সেই-রূপ এইস্থলে বৈশ্বানর শব্দের সামর্থ্যহেতু, উক্ত শব্দ উভয়পর বলিয়া ব্যাখ্যা করা যায়, তবে বৈশ্বানর শব্দের শক্তিবীজরূপে ব্যাখ্যা করিবার প্রযোজন কি? বাস্তবিক প্রকরণ সান্নিধ্য হইতে বাক্য সান্নিধ্যের বল-বত্তা আছে, ইহা সত্য বটে, পরন্তু যদি বৈশ্বানর শব্দ বৈশ্বানর বিদ্যা-পর হয়, তবে এইরূপ হইতে পারে, কিন্তু তাহা নহে, যেহেতু যৌগিকী শক্তিদ্বারা বৈশ্বানর শব্দ অন্যপর বলিয়া ব্যাখ্যাত হইয়াছে, অতএব উক্ত বৈশ্বানরই প্রথমপাদ। যেহেতু এই বৈশ্বানর অকার, উকার ও মকারাত্মক প্রণবের আশ্রিত বা প্রণব বাচকপ্রযুক্তই উক্তরূপ বিশিষ্ট বুদ্ধির উৎপত্তি হয়, এই নিমিত্তই ইনি প্রথম পাদ। এই পাদের অব-গতিতেই উত্তর পাদেরও অবগতি হইয়া থাকে।

যদি এই আত্মাই ব্রহ্ম এইরূপে প্রত্যগাত্মারই চতুষ্পাদ স্থিরীকৃত হইল, তবে কিরূপে শক্তি ও বীজ ইহাদিগের মুখ্য ও অঙ্গকীর্ত্তন হইতে

স্বপ্নং পশ্যতি তৎসুষুপ্তং সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞান-ঘন

স্যাত্র বিবক্ষিতত্বাৎ। এবঞ্চ সতি নৃসিংহব্রহ্মাদ্বৈতসিদ্ধিঃ। সর্ব্বভূতস্থশ্চাত্মৈকো দৃষ্টঃ স্যাৎ সর্ব্বভূতানি চাত্মনি যস্ত সর্ব্বাণি ভূতানীত্যাদি-শ্রুত্যর্থশ্চৈবমুপসংহৃতঃ স্যাৎ। অন্যথা পরিচ্ছিন্ন এব প্রত্যগাত্মা সাঙ্খ্যাদিভিরিব দৃষ্টঃ স্যাৎ। দৃশ্যতে চ সর্ব্বোপনিষদাং সর্ব্বাত্মৈকত্ব-প্রতিপাদকত্বম্। অতো যুক্তমেবাস্যোপাসকস্যাত্মন উপাস্যেনাত্মনৈকত্বমভিপ্রেত্য সপ্তাঙ্গত্ববচনং মুখবচনঞ্চ। সপ্নঃ স্থানমস্য তৈজসস্য স স্বপ্নস্থানঃ। জাগ্রৎ প্রজ্ঞানেক-সাধনা বহির্ব্বিষয়ে হবভাসমানা মনঃস্পন্দনমাত্রা সতী তথাভূতং সংস্কারং মনঃস্বাধত্তে তন্মনস্তথা সংস্কৃতং চিত্রিত ইব পটো বাহ্যসাধনানপেক্ষমবিদ্যা-কর্ম্মভ্যাং প্রের্য্যমাণং জাগ্রদ্বদবভাসতে। তথাচোক্তম্। অস্য লোকস্য সর্ব্বাবতো মাত্রামুপাদায়েত্যাদি, পরে দেবে মনস্যেকীভবন্তীতি প্রস্তুত্যাত্রৈব দেবঃ স্বপ্নে মহিমানমনুভবতীত্যাথর্ব্বণে। ইন্দ্রিয়াপেক্ষ-

---

পারে? এই দোষ হয় না, যেহেতু এইস্থলে উপাস্য ও উপাসক অভেদরূপে বিবক্ষিত হইয়াছে। এইরূপ বিবক্ষাতেই নৃসিংহ ব্রহ্মের অদ্বৈতসিদ্ধি হয়। আর সর্ব্বভূতস্থ আত্মাই এক দৃষ্ট হইতেছেন, সর্ব্বভূতই আত্মাতে বিদ্যমান আছে, ইত্যাদি শ্রুতিবও উপসংহার হইল। অন্যথা সাংখ্যাদিমতের ন্যায় প্রত্যগাত্মা পরিচ্ছিন্ন হইতে পারেন। আর সকল উপনিষদই সর্ব্ব আত্মার একত্ব প্রতিপাদকরূপে দৃষ্ট হইতেছে, অতএব এই উপাসক আত্মার উপাস্য আত্মার সহিত একত্ব অভিপ্রায়েই সপ্তাঙ্গত্ব কথন যে মুখ্য বচন তাহা যুক্তিযুক্ত। যিনি স্বপ্নস্থানে বিদ্যমান আছেন, সেই তৈজস পুরুষই স্বপ্নস্থানীয় এবং জাগ্রদবস্থাতে যে প্রজ্ঞা, তাহা অনেক কার্য্য সাধন করত বহিঃপ্রদেশে মনের স্পন্দনমাত্র আভাসমান হইয়া মনেতে সংস্কার স্থাপন করে এবং এই সংস্কারবিশিষ্ট মন বিচিত্র ঘটের ন্যায় বাহ্যসাধন অপেক্ষা না করিয়া অবিদ্যা ও কর্ম্মদ্বারা প্রেরিত হয় ও জাগ্রৎ স্বরূপে প্রকাশ পায়। আর ইনি অন্তঃপ্রজ্ঞ, অর্থাৎ ইন্দ্রিয়াপেক্ষায় অন্তঃস্থপ্রযুক্ত মনের তদ্বাসনারূপ অন্তর লাভ করিয়া স্বপ্নে

এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ।

য়ান্তঃস্থত্বান্মনসস্তদ্বাসনারূপাস্তর্লব্ধ্বা স্বপ্নে প্রজ্ঞায়েতেতি অন্তঃপ্রজ্ঞঃ তেজসি বিষয়শূন্যায়াং প্রজ্ঞায়াং কেবল-প্রকাশরূপায়াং বিষয়িত্বেন ভবতীতি তৈজসঃ বিশ্বস্য সবিষয়ত্বেন প্রজ্ঞায়াঃ স্থূলায়া ভোগ্যত্বম্, ইহ পুনঃ কেবলা বাসনামাত্রা অস্ফুটপ্রজ্ঞা ভোগ্যেতি প্রবিবিক্তো ভোগ ইত্যুকার-মিশ্রণং শক্তিবীজয়োঃ সমানমন্যৎ। দ্বিতীয়ঃ পাদস্তৈজসঃ। ত্রিষ্বপি স্থানেষু তত্ত্বাপ্রতিবোধ-লক্ষণঃ স্বাপোঽবিশিষ্ট ইতি পূর্ণাভ্যাং সুষুপ্তং বিভজতে। যত্র সুপ্তো ন কঞ্চনেত্যাদি। নহি সুষুপ্তে পূর্ব্বয়োরিবান্যথা-গ্রহণলক্ষণং স্বপ্নদর্শনং কামো বা কঞ্চন বিদ্যতে। তদেতৎ সুষুপ্তং স্থান-মস্যেতি সুষুপ্তস্থানঃ স্থানদ্বয়-প্রবিভক্তং মনঃস্পন্দিতং দ্বৈতজাতং তদ্যথা-রূপাপরিজ্ঞানেনাবিবেকাপন্নং নৈশতমোগ্রস্তমিবাহঃ অস্ফুটপ্রপঞ্চমেকী-ভূতমুচ্যতে। অতএব স্বপ্নজাগ্রন্মনঃস্পন্দনানি প্রজ্ঞানানি চেয়মবস্থাঽবি-বেকরূপত্বাৎ প্রজ্ঞানঘন উচ্যতে। যথা রাত্রৌ নৈশেন তমসাঽবিভজ্য-

---

জ্ঞান জন্মাইয়া থাকেন, আর ইনি কেবল প্রকাশরূপা বিষয়শূন্যা প্রজ্ঞার বিষয়ীরূপে প্রকাশ পাইয়া থাকেন, অতএব তাহাকেই তৈজস পুরুষ বলা যায়। আর এই বিশ্বই সবিষয়ী; সুতরাং স্থূল প্রজার ভোগ্যত্ব জানা যায়, এইস্থলে কেবল বাসনামাত্র অস্ফুট প্রজ্ঞাই ভোগ্য, অত-এব ইহাকেই প্রবিভক্তভুক্ বলা যায়। ইনিও সপ্তাঙ্গ এবং একোন-বিংশতিমুখ, এই তৈজস পুরুষই দ্বিতীয় পাদ। যাহাতে সুপ্ত হইলে কোন কামনা করে না ও কোন স্বপ্ন দর্শন হয় না, তাহাই সুষুপ্ত, এই সুষুপ্তাবস্থাই তাহার স্থান। জাগ্রৎ ও সুষুপ্তি এই স্থানদ্বয়ে প্রবিভক্ত মন স্পন্দনেই দ্বৈত বুদ্ধি হয়। যেমন রূপের অপরিজ্ঞানে অবিবেকবশত দিনকে রাত্রিকালীন তমোগ্রস্ত বলিয়া বোধ হয়, সেইরূপ এই প্রপঞ্চকে অস্ফুট ও একীভূত বলা যায়, অতএব জাগ্রৎ, স্বপ্ন ও মনঃস্পন্দন হয়। যাহার প্রজ্ঞান ঘনীভূত, তাহা প্রজ্ঞানঘন। উক্ত অবস্থায় অবিবেক-রূপত্বহেতু প্রজ্ঞানঘন বলিয়া কথিত হয়। যেমন রাত্রিকালে অন্ধকারের

এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ ॥ ২ ॥

মানং সর্ব্বং ঘনমিব তদ্বৎ প্রজ্ঞানঘনঃ। এবশব্দাজ্জাত্যন্তরং নাস্তী-ত্যর্থঃ। মনসো বিষয়-বিষয্যাকার-স্পন্দনায়াসদুঃখাভাবাদানন্দপ্রায়োঽনা-নন্দ এবানাত্যন্তিকত্বাৎ। যথা লোকে নিরায়াসস্থিতৌ মুখ্যানন্দভুক্ উচ্যতে। এষোঽস্য পরমানন্দ ইতি শ্রুতেঃ। স্বপ্নাদিপ্রতিবোধে চেতঃ প্রতি-দ্বারীভূতত্বাৎ চেতোমুখঃ বোধলক্ষণং বা চেতো মুখং দ্বারমস্য স্বপ্নাদ্যা-গমনং প্রতীতি চেতোমুখঃ। ভূত-ভবিষ্যদ্জ্ঞাতৃত্বাৎ সর্ব্ববিষয়জ্ঞাতৃত্ব-মস্যৈবেতি প্রাজ্ঞঃ সুপ্তো হি ভূতপূর্ব্বগত্যা প্রাজ্ঞ ইত্যুচ্যতে। অথবা প্রজ্ঞপ্তিমাত্রমস্যৈব সাধারণং স্বরূপমিতি প্রাজ্ঞঃ। ইতরয়োর্ব্বিশিষ্টমজ্ঞপ্তি-জ্ঞানমস্তি। সোঽয়ং প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ। এষ হি স্বরূপাবস্থস্য সাধি-দৈবিকস্য ভেদজাতস্য সর্ব্বস্যেশিতা নৈতস্মাজ্জাত্যন্তরভূতোঽন্যেষামিব।

গাঢ়তাবশত কোন পদার্থ বিভক্ত করা যায় না, সকলই ঘনবৎ প্রতীয়-মান হয়, প্রজ্ঞানঘনও সেইরূপ, অর্থাৎ প্রকৃত জ্ঞানোদয় হইলে সকলই একীভূত প্রতীয়মান হয়, তখন দ্বৈতবুদ্ধি থাকে না। তাহা হইলে বিষয় ও বিষয়ীরূপে মনের স্পন্দনজন্য আয়াসদুঃখাভাবহেতু আনন্দময় হয়। যেমন লোকে পরিশ্রম ব্যতিরেকে থাকিতে পারিলেই তাহাকে মুখ্য আনন্দভুক্ বলা যায়, সেইরূপ এই স্থানেও পরমানন্দ জানা-যায়। স্বপ্নাদির প্রতিবোধ হইলে চিত্ত প্রতিদ্বারে গমন করে, তাহাকে চেতোমুখ বলা যায়, অথবা যিনি বোধস্বরূপ, তিনিই চেতোমুখ, অর্থাৎ স্বপ্নাদি আগমনের প্রতি চিত্তই দ্বারস্বরূপ, এই নিমিত্তই তিনি চেতোমুখ। ভূত ও ভবিষ্যৎ পদার্থ অপরিজ্ঞাত থাকে, যাহার সর্ব্ববিষয়ে জ্ঞান হয়, তাহাকে প্রাজ্ঞ বলা যায়, অথবা জ্ঞানমাত্রই যাহার স্বরূপ তিনিই প্রাজ্ঞ। ইতর, অর্থাৎ বৈশ্বানর ও তৈজসের বিশিষ্ট বিজ্ঞান নাই, এই প্রজ্ঞাই তৃতীয় পাদ। ইনিই স্বরূপাবস্থাপন্ন অধিদেবযুক্ত, বিভিন্ন পদার্থ সমূহের কর্ত্তা, অন্যান্য পদার্থের ন্যায় ইহার জাত্যন্তর নাই। শ্রুতিতে

প্রাণবন্ধনং হি সৌম্য মন ইতি শ্রুতেরয়মেব হি সর্ব্বস্যেশ্বরঃ অয়মেব হি সর্ব্বভেদাবস্থাজ্ঞাতেত্যেষ সর্ব্বজ্ঞঃ। এষোঽন্তর্য্যামী অন্তরমনুপ্রবিশ্য সর্ব্বেষাং ভূতানাং নিয়ন্তাপ্যেষ এব। অত এব যথোক্তং সভেদং জগৎ প্রসূয়তে ইতি এষ যোনিঃ অতএব প্রভবশ্চাপ্যয়শ্চ প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ এষ এব। এতাবানুভয়ত্রাপি সমানঃ পাঠঃ। অত ঊর্দ্ধং মাণ্ডূক্যে উক্ত এবার্থে শ্লোকান্ পঠিত্বা তুরীয়ঃ পাদঃ তাপনীয়ে তু তান্ বিহায় তুরীয়ঃ পাদঃ। এতস্মিন্নপি কিয়ান্ পাঠভেদস্তদ্ব্যাখ্যানাবসরে প্রদর্শিত এব। তত্রোপযোগী শ্লোকঃ পঠ্যতে। দক্ষিণাক্ষিমুখে বিশ্বো মনস্যন্তস্তু তৈজসঃ। আকাশে চ হৃদি প্রাজ্ঞস্ত্রিধা দেহে ব্যবস্থিতঃ। জাগরিতাবস্থায়ামেব বিশ্বাদীনাং ত্রয়াণামনুভব-প্রদর্শনার্থং শ্লোকঃ। দক্ষিণাক্ষ্যেব মুখং যস্য স তথোক্তস্তস্মিন্। সর্ব্বেষু করণেষবিশেষেঽপি দক্ষিণেঽক্ষিণ্যুপলব্ধি-পাটবদর্শনাত্তত্র বিশেষনির্দ্দেশো বিশ্বস্য। দক্ষিণাক্ষিগতো রূপং দৃষ্ট্বা

লিখিত আছে যে, মনই প্রাণের বন্ধন, আর ইনিই সকলের ঈশ্বর, ইনিই সর্ব্বপ্রকার ভেদাবস্থার জ্ঞাতা এবং ইনিই সর্ব্বজ্ঞ, আর ইনিই অন্তর্যামী, অর্থাৎ সকল ভূতের অন্তরে প্রবেশ করিয়া তাহাদিগকে নিয়মিত করিতেছেন, অতএব এই বিভিন্ন জগৎ প্রসব করেন বলিয়া ইনিই সর্ব্ব-যোনি, এই প্রাজ্ঞপুরুষ হইতেই জগতের প্রভব ও লয় হইতেছে। মাণ্ডূক্যে ইহার পরশ্লোকেই ইহাকে তুরীয় অর্থাৎ চতুর্থপাদ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। তাপনীয়েও ইহাই তুরীয় পাদ বলিয়া কথিত আছে। তাপনীয় ব্যাখ্যানে ইহার কতিপয় পাঠভেদ প্রদর্শিত হইয়াছে, সেই তাপনীয়ে আরও লিখিত আছে যে, দক্ষিণাক্ষিরূপমুখে বিশ্ব, মনেতে তৈজস এবং হৃদয়াকাশে প্রাজ্ঞ, এইরূপে দেহমধ্যে ত্রিধা পুরুষ অবস্থিত আছেন। আর জাগরিত অবস্থাতেই বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ এই ত্রয়ের অনুভব প্রদর্শনার্থ শ্লোকে উক্ত আছে যে, দক্ষিণাক্ষিই তাঁহার মুখ, সর্ব্ব ইন্দ্রিয়ে তাঁহার অবিশেষ হইলেও দক্ষিণ চক্ষুতেই উপলব্ধির পটুতা দর্শনহেতু দক্ষিণ চক্ষুকেই মুখ বলিয়া বিশেষ নির্দ্দেশ করিয়াছেন। এই প্রাজ্ঞ পুরুষ দক্ষিণ চক্ষুগত হইয়া রূপ দর্শনপূর্ব্বক চক্ষুকে নিমীলিত

নিমীলিতাক্ষস্তদেব স্মরন্ মনস্তস্থং স্বপ্ন ইব বাসনারূপমভিব্যক্তং পশ্যতি যথা অত্র তথা স্বপ্নে। অতো মনস্তস্থস্য তৈজসো বিশ্ব এব। আকাশে বাহ্যাদিস্মরণ-ব্যাপারাভাবাৎ। দর্শন-স্পর্শনে এব হি মনঃস্পন্দিতং তদ-ভাবে হৃদ্যেবাবিশেষেণ প্রাণাত্মনাবস্থানাৎ প্রাণঃ। প্রাণোহ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্ক্তে ইতি শ্রুতেঃ। তৈজসো হিরণ্যগর্ভো মনস্যবস্থিতত্বাৎ প্রাণঃ সুষুপ্তে তদাত্মিকানি করণানি ভবন্তি কথমব্যাকৃততা নৈষ দোষঃ। অব্যাকৃতস্য দেশ-কাল-বিশেষাভাবাৎ যদ্যপি প্রাণাভিমানে সতি ব্যাকৃত-তৈব প্রাণস্য তথাপি পিণ্ডপরিচ্ছিন্ন-বিশেষাভিমান-নিরোধঃ প্রাণো ভবতীত্যব্যাকৃত এব প্রাণঃ পরিচ্ছিন্নাভিমানবতাম্। যথা প্রাণলয়ে পরিচ্ছিন্নাভিমানিনাং প্রাণোঽব্যাকৃতস্তথা প্রাণাভিমানিনোঽপ্যবিশেষা-পন্নত্বাদব্যাকৃততা সমানা প্রসববীজাত্মকত্বঞ্চ। তদধ্যক্ষশ্চৈকোঽব্যাকৃতা-

---

করেন এবং তাহাই স্মরণকরত কর্ণেতে অন্তঃস্বপ্নের ন্যায় বাসনারূপ ব্যক্ত দর্শন করে, আর স্বপ্নকালেও এইরূপ দর্শন হইয়া থাকে। স্বপ্নাবস্থায় এইরূপ দর্শন হয় বলিয়াই মনেতে তৈজস, আকাশে বিশ্ব, বাহ্যাদি স্মরণ ব্যাপারোপরমে প্রাজ্ঞ একীভূত হইয়া ঘনপ্রাজ্ঞবৎ হয়, যেহেতু তখন মনের কোন ব্যাপারই থাকে না, দর্শন, স্পর্শন ও স্পন্দনমাত্র। মনঃ স্পন্দনাভাবে অবিশেষে প্রাণাত্মরূপে অবস্থানহেতু প্রাণ বলিয়া প্রতীয়-মান হয়। শ্রুতিতে লিখিত আছে যে, প্রাণই সকল আবরণ করে, শ্রুতিতে আরও লিখিত আছে যে, তৈজস ও হিরণ্যগর্ভ ইহারা মনে অব-স্থিত হইয়া থাকে এবং যাহাতে মন আছে, তিনিই মনোময় পুরুষ। যদি বল, প্রাণ ব্যক্ত হইলেই ইন্দ্রিয় সকল তদাত্মক হয়, তবে কিরূপে অব্যক্ত প্রাণের ইন্দ্রিয়াকারতা হইতে পারে? এই দোষ হয় না, কারণ অব্যক্তের দেশ কালাদিবিশেষ নাই। তথাপি যদি প্রাণাভিমান হই-লেই প্রাণের ব্যক্ততা হয়, তথাপি প্রাণের শরীরপরিচ্ছিন্নাভিমান নিরুদ্ধ হইয়া থাকে, এই নিমিত্ত যাহারা দেহাদিপরিচ্ছিন্নাভিমানী তাহাদি-গের অব্যক্ত প্রাণ বলা যায়। যেমন প্রাণলয় হইলে পরিচ্ছিন্নাভিমানি-দিগের প্রাণ অব্যক্ত হয়, সেইরূপ প্রাণাভিমানীরও অবিশেষে প্রাণের

ন বহিঃ প্রজ্ঞং নান্তঃপ্রজ্ঞং নোভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞং

বস্থঃ পরিচ্ছিন্নাভিমানাধ্যক্ষাণাঞ্চ তেনৈকত্বমিতি পূর্ব্বোক্তং বিশেষণমেকীভূতপ্রজ্ঞানঘন ইত্যাদ্যুপপন্নং তস্মিন্। উক্তহেতুত্বাৎ প্রাণশব্দমব্যাকৃতস্য প্রাণবন্ধনং হি সৌম্য মন ইতি শ্রুতেঃ ॥ ২ ।

এবং তাবৎ প্রভবাপ্যয়ৌ হি ভূতানামিত্যনেন একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞা দর্শিতা। তথা মাণ্ডূক্যেশ্লোকে জাগরিতাবস্থায়ামেবাবস্থাত্রয়মুক্তং তস্যামেবাবস্থায়াম্। তত্রৈবিধ্যে মনোব্যাপারং ব্যাবৃত্য প্রাগুক্তোপাস্তে মনোব্যাপারং প্রবর্ত্তয়িতুমুপাস্যস্বরূপমাহ ন বহিঃ প্রজ্ঞমিতি। বহির্ব্বিষয়-ব্যাপারোপরমাৎ জাগরিতাবস্থা-প্রতিষেধান্মনসো হি স্বস্মিন্ ব্যাপারেণান্তঃপ্রজ্ঞত্বে তৈজসত্বে চ প্রত্যগাত্মনঃ প্রাপ্তে তন্নিষেধতি নান্তঃপ্রজ্ঞমিতি। উভয়ত্র ব্যাপার-প্রতিষেধেন তদন্তরালব্যাপারে প্রাপ্তে তন্নিষেধতি নোভয়তঃ প্রজ্ঞমিতি। জাগ্রৎ

অব্যক্ততা সমান হয়, আর ঐ প্রাণই সকলের কারণ। যিনি এই প্রাণের অধ্যক্ষ, একমাত্র তিনিই অব্যক্তাবস্থাপন্ন, আর যাহারা সেই অধ্যক্ষের পরিচ্ছিন্নাভিমান করে, তাহাদিগের মতে পূর্ব্বোক্ত একত্ব উপপন্ন হইল। শ্রুতিতেও ইহা প্রতিপাদিত হইয়াছে। ২।

ইতি পূর্ব্বে ভূতসকলের উৎপত্তিপ্রলয়প্রসঙ্গে একের বিজ্ঞানেই সর্ব্ববিজ্ঞান হয়, ইহা প্রদর্শিত হইয়াছে এবং মাণ্ডূক্যশ্লোকেও জাগরিতাবস্থাতেই অবস্থাত্রয় উক্ত হইয়াছে। এইক্ষণ সেই ত্রিবিধ অবস্থাতে মনের ব্যাপার ব্যাবৃত্তি করিয়া পূর্ব্বোক্ত উপাস্যেতে মনোব্যাপার প্রবর্ত্তিত করিবার নিমিত্ত উপাস্যের স্বরূপ নিরূপণ করিতেছেন, পরমাত্মা বহিঃপ্রজ্ঞ নহেন, অর্থাৎ বাহ্য বিষয়ে তাঁহার কোন ব্যাপার থাকে না বলিয়া তাহাকে বহিঃপ্রজ্ঞ বলা যায় না, বস্তুত তিনি বাহ্য কোন বিষয়ই জানেন না। জাগরিতাবস্থার প্রতিষেধপ্রযুক্ত মনের স্বীয় ব্যাপারদ্বারা পরমাত্মারই অন্তঃপ্রজ্ঞত্ব ও তৈজসত্ব হইতে পারে, অতএব তাহা নিষেধ করিয়া বলিতেছেন, পরমাত্মা অন্তঃপ্রজ্ঞ নহেন, আর যখন তাঁহার বহিঃ-

নাপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘনম্ অদৃষ্টম্ অব্যবহার্য্যম্ অগ্রাহ্যম্ অলক্ষণম্ অচিন্ত্যম্ অব্যপদেশ্যম্ একাত্মপ্রত্যয়সারং

স্বপ্নান্তরালে মনোব্যাপারং প্রজ্ঞার্থং ন কুর্য্যাদিত্যর্থঃ। অন্তরাল-প্রতিষেধেনোভয়ত্র যুগপৎ প্রজ্ঞার্থং ব্যাপারে প্রাপ্তে তন্নিষেধতি ন প্রজ্ঞমিতি। এবং সর্ব্বমনোব্যাপারপ্রতিষেধাদব্যাপৃতং মনোঽবিদ্যাত্মকং সমবতিষ্ঠেত তৎ স্থিতিং প্রতিষেধতি নাপ্রজ্ঞমিতি। তৎ স্থিতি প্রতিষেধাদজ্ঞান-সাক্ষিকে স্বাপে প্রাপ্তে তন্নিষেধতি ন প্রজ্ঞানঘনমিতি। এবং ষট্‌প্রতিষেধৈঃ প্রণববিদ্যাঙ্গভূতৈরুপাস্য প্রতিকূলং প্রতিষিধ্য ব্যাবৃত্য যদুপাস্যে মনো ব্যাপৃতং কার্য্যং তদুপাস্যং নির্দ্দিশতি অদৃষ্টমিতি। নহি ঈদৃশমুপাস্যং কচিদ্দৃষ্টং পুরুষাকারমেব বা তির্য্যগাকারমেব বা যথা গোপালকূর্ম্মাদি। নতূভয়রূপং নৃসিংহাত্মকং ত্রিনেত্রং পিনাক-

---

প্রজ্ঞা ও অন্তঃপ্রজ্ঞা নাই; সুতরাং তিনি উভয়তঃ অপ্রাজ্ঞ, অর্থাৎ তাহার বাহ্যব্যাপার বা আন্তরিক ব্যাপার কিছুই নাই, তিনি জাগ্রৎ ও স্বপ্ন এই উভয়ের অন্তরালে প্রজ্ঞার্থ মনোব্যাপার করেন না। এইরূপ প্রতিষেধে একদা জ্ঞানার্থ ব্যাপার সম্ভব হয়, তাহাও নহে, অর্থাৎ তিনি প্রজ্ঞ নহেন, এই প্রকারে তাঁহার সর্ব্ব মনোব্যাপারের প্রতিষেধ হইলে অব্যক্ত ও অবিদ্যাত্মকরূপে তাঁহার অবস্থিতি হইতে পারে, অতএব সেইরূপ অবস্থিতি তাঁহার নাই, যেহেতু পরমাত্মা প্রজ্ঞও নহেন। তাঁহার অবস্থান প্রতিষেধে অজ্ঞানসাক্ষিক স্বপ্নাবস্থা পাওয়া যায়, অতএব তাহা নিষেধ করিতেছেন, তিনি প্রজ্ঞানঘন নহেন। এইরূপে ষড়্‌বিধ প্রতিষেধে প্রণববিদ্যার অঙ্গদ্বারা উপাস্যের প্রতিকূলতা নিষেধ করিয়া সেই উপাস্যেতেই মনকে আশক্ত করিবে এবং সেই উপাস্য নির্দ্দেশার্থ বলিতেছেন, তিনি অদৃষ্ট, অর্থাৎ যেমন গোপাল ও কূর্ম্ম প্রভৃতিকে পুরুষাকারে ও তির্য্যগাকারে দেখা যায়, সেইরূপ উক্ত উপাস্যদেবকে কোন স্থলেও পুরুষাকারে কিম্বা তির্য্যগাকারে দেখা যায় না এবং উভয়াত্মক নৃসিংহাকার ত্রিনেত্র ও পিণাকহস্ত, এইরূপও

প্রপঞ্চোপশমং শিবম্ অদ্বৈতং চতুর্থং মন্যন্তে স আত্মা বিজ্ঞেয়ঃ ॥ ৩ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

হস্তমিতি। অতএব অব্যবহার্য্যম্ অতএব অলক্ষণমিতি। ন লক্ষণং লিঙ্গং বিদ্যতে যস্য তৎ অলক্ষণম্ অতএব অচিন্ত্যম্ অনুমানেন তর্কেণ বা। অতএব অব্যপদেশ্যম্ নিয়তাকারোপাস্য-প্রতিপাদকৈঃ শব্দৈঃ। অতএব একাত্ম-প্রত্যয়সারং একস্মিন্ সর্ব্বেষামাত্মনাং প্রত্যয় একাত্মপ্রত্যয়ঃ স এব সারঃ প্রাপ্তিসাধনং যস্য তৎ তথোক্তম্। অথবা একএবাত্মা উপাস্যোপাসকয়োরিত্যেবং প্রত্যয়ঃ শেষং পূর্ব্ববৎ। অতএব প্রপঞ্চোপশমং প্রাগুক্তেন মনসোহি বাহ্যদর্শনস্মরণ-ব্যাপারাভাবাদব্যাপৃতত্বাচ্চ স্বাপা-ভাবাদুপাস্য-ব্যতিরেকেণ প্রপঞ্চাপ্রতীতেঃ প্রপঞ্চোপশমমিতি। শিবে শঙ্করং চতুর্থং তুরীয়ং পাদং মন্যন্তে অর্দ্ধমাত্রানাদাত্মকমিতি। তচ্চো-পাস্যং প্রত্যগাত্মতয়োপাস্যমাহ সঃ উপাস্যঃ আত্মা প্রত্যগাত্মা ইত্যেবং

নহেন, অতএব তিনিই অব্যবহার্য্য এবং অলক্ষণ, তাঁহার এমন কোন চিহ্ন নাই যে, তাহা দ্বারা কেহ তাঁহাকে গ্রহণ করিতে পারে : সুতরাং তিনি অগ্রাহ্য। আর তিনি অচিন্ত্য, অনুমান অথবা তর্কদ্বারা পরমা-ত্মাকে চিন্তা করিয়া স্থির করা যায় না এবং তিনি অব্যপদেশ্য, অর্থাৎ নিয়তাকারে উপাস্য প্রতিপাদক শব্দদ্বারা তাহার নির্ণয় হয় না, অত-এব তিনি একাত্মপ্রত্যয়সার, অর্থাৎ একেতে সকল আত্মার জ্ঞানই তাঁহার প্রাপ্তির কারণ, অথবা "উপাস্য ও উপাসকের একই আত্মা" এইরূপ জ্ঞানই তাহার প্রাপ্তির উপায়, আর পূর্ব্বোক্ত প্রকারে মনের বাহ্য দর্শন ও স্মরণরূপ ব্যাপারাভাব হেতু, নির্লিপ্তপ্রযুক্ত এবং স্বপ্নাভাব-বশতঃ উপাস্য ব্যতিরেকে প্রপঞ্চপ্রতীতি হয় না, এই নিমিত্ত তাঁহাকে প্রপঞ্চোপশম বলাযায় এবং তিনি সর্ব্বমঙ্গলপ্রদ ও অদ্বৈত, তাঁহাকেই চতুর্থপাদ বলিয়া জানাযায়। ইনিই অর্দ্ধমাত্রা ও নাদাত্মক এবং ইনিই প্রত্যগাত্মরূপে উপাস্য, ইহা জানিতে হইবে। উক্ত প্রণববিদ্যাই ষড়্বিধ

দ্বিতীয় খণ্ড।

অথ সাবিত্রী গায়ত্রী যা যজুষা প্রোক্তা তয়া সর্ব্ব-

বিজ্ঞেয়ঃ দ্রষ্টব্যঃ। এবমিয়ং প্রণববিদ্যা ষট্-প্রতিষেধবতী সপ্তশক্তিক-হৃদয়াঙ্গবীজমুখবত্যঙ্গিনি মনোব্যাপারং স্থিরংকুর্ব্বত্যস্যাং বিদ্যায়ামুপ-কারবত্তো অসকৃদাবর্ত্তনীয়োপাসকেনেতি তাৎপর্য্যম্॥ ৩॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

এবং তাবৎ সামান্য-প্রণব-বিদ্যাং নৃসিংহব্রহ্মবিদ্যোপকারিণীমভিধায় অথেদানীং তদুপকারিণীমেব শিরোঽঙ্গ-ব্যাখ্যাত্রীং সামান্য-সবিতৃমন্ত্র-প্রতিপাদ্যাং বিদ্যাং নৃসিংহ-ব্রহ্মবিদ্যাঙ্গভূতামাহ অথ সাবিত্রী গায়ত্রীতি। অথশব্দঃ ক্রমপ্রাপ্তানন্তর্য্যার্থঃ। মন্ত্রে সবিতৃপদাভাবেঽপি সাবিত্রীতি বদন্ সবিতৃকালীন-প্রকাশবৎ সুষুম্নাপ্রকাশবচ্চ বাহ্যাভ্যন্তরতমো-নিবারক-প্রকাশবদয়ং শিরোঽঙ্গ-প্রকাশো নিবিড়াবিদ্যা-নিবর্ত্তক ইতি দর্শয়তি।

প্রতিষেধহেতু সপ্তশক্তিকে হৃদয়াঙ্গবীজ ও মুখশালী অঙ্গীতে মনোব্যাপার-স্থিরকারিণী বিদ্যার উপকার সাধন করে। উপাসকগণ ইহাকে পুনঃ পুনঃ পর্য্যালোচনা করিবে। এই বিদ্যাদ্বারাই সাধকদিগের ইষ্টলাভ হয়॥ ৩॥

ইতি প্রথম খণ্ড॥ ১॥

পূর্ব্ব শ্রুতিতে নৃসিংহ ব্রহ্মবিদ্যার উপকারিণী সামান্য প্রণববিদ্যা নিরূপণ করিয়া এইক্ষণ উক্ত বিদ্যার উপকারিণী নৃসিংহ ব্রহ্মবিদ্যার ব্যাখানকর্ত্রী সামান্য সবিতৃমন্ত্রপ্রতিপাদ্যা নৃসিংহ ব্রহ্মবিদ্যার অঙ্গীভূতা বিদ্যা কহিতেছেন।—মন্ত্রমধ্যে সবিতৃপদের উপাদান না থাকিলেও সাবিত্রী এই শব্দ বলিয়াই যেমন সূর্য্যোদয়কালে জগৎ প্রকাশ হয় এবং যেমন সুষুম্না নাড়ীর প্রকাশে বাহ্য ও আন্তরিক তমোবিনাশ হয়, সেইরূপ শিরোঙ্গ প্রকাশক এই মন্ত্রেও নিশ্চিত অবিদ্যা নিবৃত্তি করে, ইহাই প্রদ-

মিদং ব্যাপ্তম্। ঘৃণিরিতি দ্বে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি আদিত্য ইতি ত্রীণি এতদ্বৈ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তং য এবং বেদ শ্রিয়া হৈবাভিষিচ্যতে তদে-তদৃচাভ্যুক্তম্। ঋচোঽক্ষরে পরমে ব্যোমন্ যস্মিন্ দেবা

গায়ত্রী অষ্টাক্ষরত্বাৎ। তাং গায়ত্রীং যজুষা ব্যাচষ্টে। যা যজুষা প্রোক্তা তয়া সর্ব্বমিদং ব্যাপ্তং শিরোঽঙ্গমুপাস্যঞ্চ। অক্ষরাণি গণয়তি। ঘৃণিরিতি দ্বে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি পৃথগ্‌রেফগণনাৎ আদিত্য ইতি ত্রীণি এতদ্বৈ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তমিতি। শ্রিয়াদিভিঃ তদাদিন্যায়েন সপ্তভিঃ শক্তিভির্ব্বিগ্রহবতীভির্ম্মণিগণ-খচিতৈর্হেমকুম্ভৈরমৃতপূর্ণৈঃ শিরোঽভিষিক্তমিত্যর্থঃ। য উপাসক এবমুপাস্তে তস্য ফলং নির্দ্দিশতি। শ্রিয়া হৈবাভিষিচ্যতে। প্রাগুক্তাভিঃ শক্তিভিঃ প্রাগুক্তেন প্রকারেণ সোঽপ্য-ভিষিচ্যতে ইত্যর্থঃ। তদেতদৃচাভ্যুক্তম্ উক্তার্থম্। ঋচো নিষেব্যঃ নিতরাং সেবনং কৃতবত্যঃ। ঋগ্‌গ্রহণমুপলক্ষণার্থম্। যদ্বা ঋচ ইতি ষষ্ঠী ঋচঃ সপ্ত-মিত্যাদিকায়াঃ তয়া প্রতিপাদিতাঃ শক্তয়ো বেদা বা ন কেবলং শক্তয়ঃ অপিতু বিশ্বদেবাঃ সর্ব্বে দেবাঃ অধি ইত্যুপরি শিরসি অক্ষরে ন ক্ষরতি ন

র্শিত হইতেছে। অষ্টাক্ষর প্রযুক্তই ইহাকে গায়ত্রী বলে, যজুর্ব্বেদে এই সাবিত্রী উক্ত আছে। যে গায়ত্রী যজুর্ব্বেদে কথিত আছে, এই গায়ত্রী কর্ত্তৃক সকল পরিব্যাপ্ত রহিয়াছে। এই গায়ত্রী অষ্টাক্ষরী, অর্থাৎ "ঘৃণী" এই পদে দুই অক্ষর, "সূর্য্য" এই পদে সকার, রেফ ও যকার এই তিন অক্ষর এবং আদিত্য এই পদে তিন অক্ষর, সমুদায়ে অষ্টাক্ষরী গায়ত্রী উক্ত আছে। "ঘৃণি সূর্য্য আদিত্য" ইহাই অষ্টাক্ষরী। এই সাবিত্র অষ্টাক্ষর পদ শ্রিয়াভিষিক্ত, অর্থাৎ যেমন মণিগণ শ্রীবিভূষিত অমৃত পূর্ণ হেমকুম্ভ দ্বারা মানবের শির অভিষিক্ত হয়, সেইরূপ শ্রীপ্রভৃতি বিগ্রহধারিণী সপ্ত শক্তি-দ্বারা সাধক অভিষিক্ত হয়, অর্থাৎ যে উপাসক উক্তরূপে উপাসনা করে, সেও পূর্ব্বোক্ত শ্রীপ্রভৃতি দ্বারা অভিষিক্ত হয়, ইহাই মন্ত্রার্থে উক্ত আছে এবং ইহা সকল বেদেই প্রতিপাদিত হইয়াছে। সকল শক্তি, সকল বেদ

অধি বিশ্বে নিষেদুঃ। যস্তন্ন বেদ কিমৃচা করিষ্যতি। য ইত্তদ্বিদুস্ত ইমে সমাসতে ইতি। ন হ বা এতস্য ঋচা ন যজুষা ন সাম্নার্থোঽস্তি যঃ সাবিত্রীং বেদেতি ॥ ১ ॥

ওঁ ভূর্লক্ষ্মীর্ভুবর্লক্ষ্মীঃ স্বঃ কালকর্ণী তন্নো মহালক্ষ্মীঃ

বিলীনং ভবতি পরমে ব্যোমন্ ব্যোমনি সর্ব্বাভিষেকদ্বারত্বাৎ পরমং মোক্ষদ্বারত্বাচ্চ ব্যোম যস্মিন্ শিরসি। যঃ উপাসকঃ তৎ শিরঃ বেদ-দেব-দেবীভিঃ প্রাগুক্তেন প্রকারেণাভিষিক্তং ন বেদ ন জানাতি কিমৃচা ঋগ্বেদাদিনা করিষ্যতি। যদ্বা সঙ্গং পাঠীত্যনয়র্চা কিং করিষ্যতি। যে ইৎ ইত্থমেব তৎ অভিষিক্তং শিরঃ বিদুঃ উপাসতে তে ইমে উপাসকাঃ সমাসতে সম্যক্‌প্রকারেণাসতে সুখিন ইত্যর্থঃ। ঋগ্‌গতং ঋক্‌পদং ব্যাচষ্টে। ন হ বা এতস্যর্চা ন যজুষা ন সাম্না অর্থঃ প্রয়োজনমস্তি যঃ সাবিত্রীং সশিখশিরোঽভিষেকসাধনভূতাং বেদেতি। ততশ্চায়মর্থঃ। অষ্টাক্ষরাং সাবিত্রীং পঠিত্বা প্রাগুক্তাঃ সর্ব্বে বেদা দেবাদয়োঽভিষিঞ্চন্তীতি। সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং অষ্টাবক্ষরাণ্যভিষেচনায় যস্মিন্ শিরসি তদষ্টাক্ষরং শিরঃ তদেব পদমাশ্রয় ইতি তত্ত্বার্থঃ ॥ ১ ॥

এবং তাবন্নৃসিংহব্রহ্মবিদ্যা-শিরোঙ্গোপকারিণীং সাবিত্র্যাভিষেচনীং

এবং সকল দেব, এই সমুদায়ই যে পরম ব্যোমস্বরূপ অক্ষরাত্মক শিরোঙ্গে নিষণ্ণ আছে, যে উপাসক ঋগাদি বেদ. দেব, দেবীগণ কর্ত্তৃক পূর্ব্বোক্ত প্রকারে অভিষিক্ত শিরঃ জানে না, ঋগাদি বেদদ্বারা তাহার কি করিতে পারে? আর যে উপাসকগণ উক্ত প্রকারে অভিষিক্ত শির জানিয়া উপাসনা করে, সেই সকল উপাসক সম্যক্ প্রকারে সুখে বাস করিতে পারে। আর যিনি সশিখ সশিরঃ এবং অভিষেকসাধনভূতা সাবিত্রীকে জানেন, তাঁহার ঋক্, যজুঃ ও সামদ্বারা কোন প্রয়োজন নাই। অষ্টাক্ষরী সাবিত্রী পাঠ করিয়া পূর্ব্বোক্ত সকল বেদ, সকল ও দেব ইহারা অভিষেক করিয়া থাকেন। ১।

ইতিপূর্ব্বে নৃসিংহ ব্রহ্মবিদ্যার শির ও অঙ্গের উপকারিণী সাবিত্রীরূপা

প্রচোদয়াৎ। ইত্যেষা হ বৈ মহালক্ষ্মীর্যজুর্গায়ত্রী চতুর্ব্বিংশদক্ষরা ভবতি। গায়ত্রী বা ইদং সর্ব্বং যদিদং কিঞ্চ

বিদ্যামভিধায় অথেদানীং তদুপকারিণীং শিখাঙ্গদ্বারাং সামাঙ্গ-মহালক্ষ্মী-বিদ্যামাহ ওঁ ভূর্লক্ষ্মীরিতি। প্রণববিদ্যাপুরঃসরা এতাঃ শক্তয়ো ভূরিত্যাদ্যা ব্যাহৃতয়ঃ। ভূঃ ভূসত্তায়ামিতি সত্তায়ামত্র বর্ত্ততে। অত এবোক্তমস্মাভিঃ সপ্ত ব্যাহৃতীর্ব্যাচক্ষাণৈঃ প্রপঞ্চসারে। ভূঃ পদাদ্যা ব্যাহৃতয়ো ভূঃ শব্দঃ সতি বর্ত্ততে। তৎ পদং সদিতি প্রোক্তং সন্মাত্রত্বাচ্চ ভূরতঃ। ভূতত্বাৎ কারণত্বাচ্চ ভুবঃ শব্দস্য সঙ্গতিঃ। সর্ব্বস্য স্বীকরণাৎ স্বাত্মতয়া স্বরিতীরিতম্। মহত্বাচ্চ সহস্ত্বাচ্চ মহঃ শব্দঃ সমীরিতঃ ইতি। ততশ্চ যথাসঙ্খ্যং ভূর্লক্ষ্মীরিতি সন্মাত্র-ব্রহ্মণো ব্যাপিকা শক্তির্ভূর্লক্ষ্মীরিত্যুচ্যতে। কারণমাত্ররূপস্য ব্রহ্মণঃ শক্তির্ভুবর্লক্ষ্মীরিতি। সর্ব্বত্র স্বাত্মতয়াবস্থিতস্য ব্রহ্মণঃ শক্তিঃ স্বঃ কালকর্ণী ইত্যুচ্যতে। মহতঃ প্রকাশাত্মকস্য ব্রহ্মণঃ

বিদ্যা নিরূপণ করিয়া এইক্ষণ সেই বিদ্যার উপকারিণী শিখা ও অঙ্গের দ্বারভূতা সামাঙ্গ মহালক্ষ্মী বিদ্যা কহিতেছেন। ভূরাদি ব্যাহৃতিরূপা শক্তি সকল প্রণববিদ্যাপুরঃসর চিন্তা করিবে, অর্থাৎ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ইত্যাদিরূপে উক্ত শক্তি সকলের ধ্যান করিবে। "ভূঃ" এই শব্দের অর্থ সত্তা অতএব আমরা ব্যাহৃতিকথনপ্রসঙ্গে প্রপঞ্চসারে বলিয়াছি যে, "ভূঃ" এই পদই ব্যাহৃতি সকলের আদি এবং ঐ ভূঃ শব্দ সত্তা প্রতিপাদন করে; সুতরাং আমরা সপ্ত ব্যাহৃতির অর্থ নিরূপণ করত প্রপঞ্চসারে বলিয়াছি যে, "ভূরাদিসপ্ত ব্যাহৃতি নির্দ্দিষ্ট আছে, তন্মধ্যে ভূঃ শব্দ সত্তা বাচক, তৎপদে সৎ কথিত আছে, অতএব ভূঃ শব্দে সত্তা প্রতীতি হয়।" ভূত এবং অন্য সকলের কারণ বলিয়া ভুবঃশব্দের সঙ্গতি হয়, আর সকলের স্বীকরণহেতু স্বীয় আত্মতারূপে স্বশব্দ পরিকীর্ত্তিত আছে। মহঃ শব্দ মহত্ব ও তেজোবাচক বলিয়া কথিত হইয়াছে এবং যথাক্রমে ভূঃ ও লক্ষ্মী ইহারা সন্মাত্র ব্রহ্মের ব্যাপিকা শক্তি বিধায় ভূঃ লক্ষ্মী বলিয়া কথিত হয়, অর্থাৎ ভূঃ ও লক্ষ্মী ইহারা কারণরূপী ব্রহ্মের শক্তি, আর সর্ব্বত্র স্বীয়

তস্মাৎ য এতাং মহালক্ষ্মীং যাজুষীং বেদ মহতীং শ্রিয়মশ্নুতে ॥ ২ ॥

শক্তির্মহালক্ষ্মীরিতি। সৈকৈকা শক্তিস্তদঙ্গ-শিখাখ্যং তেজোময়ং সুষুম্নামৃতময়ং সোমরূপেণোপাস্যত্বাৎ তস্য পাদস্য। য ওষধীনাং প্রভবতি তারাপতিঃ সোমস্তং সামস্তৃতীয়ং পাদং জানীয়াদিতি শ্রুতেঃ। সোমশ্চন্দ্রঃ সুষুম্নঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা ইতি শ্রুতেঃ। নঃ অস্মান্ প্রতি প্রচোদয়াদিতি চুদ্ প্রেরণে প্রেরয়েৎ। তদঙ্গমেকৈকা বিগ্রহবতী শক্তিরমৃতস্রাবণায় প্রেরয়তু। অভিষেক্ত্রীণাং শক্তীনাং শিখাধিষ্ঠাত্রীঃ শক্তীঃ প্রতি অনয়র্চা গায়ত্র্যা যজুর্মহালক্ষ্ম্যা প্রার্থনারূপং বচনম্। ততশ্চ তদঙ্গমমৃতস্রাব্যমৃতরূপমুপাস্যমিতি। অথবা সৈকৈকা শক্তিস্তদঙ্গং নো প্রচোদয়াদিতি ন প্রেরয়তু, অসংবিবাদমেবাঙ্গং কুর্য্যাৎ। ইতোষা বৈ মহালক্ষ্মীর্যজুর্গায়ত্রী মহতীনাং লক্ষ্ম্যাদীনাং প্রতিপাদকত্বাৎ মহালক্ষ্মীঃ। সাবিত্রমন্ত্রে অত্র চ যজুরিতি বদন্ সামাঙ্গত্বেঽপি গীতিরহিতমঙ্গদ্বয়মিতি দর্শয়তি। প্রণবান্তর্ভাবায়াক্ষরাণি গণয়তি চতুর্বিংশদক্ষরা ভবতীতি। চতুর্বিংশদিতি ছান্দ-

---

আত্মস্বরূপে অবস্থিত ব্রহ্মের কালকর্ণী শক্তিরূপে স্বঃশব্দ কথিত হয়। আর মহালক্ষ্মীও প্রকাশাত্মক ব্রহ্মের শক্তি। সেই এক শক্তি আমাদিগের প্রতি তেজোময় সুষুম্নামৃত প্রেরণ করেন, অর্থাৎ সেই এক এক বিগ্রহবতী শক্তি, অঙ্গ সকলকে অমৃত স্রাবণার্থ প্রেরণ করুন। ইহা শিখাধিষ্ঠাত্রী শক্তি সকলের প্রতি অভিষেককারিণী শক্তিগণের প্রার্থনা বচন বলিয়া জানিবে। এই নিমিত্তই সেই অঙ্গ অমৃতস্রাবী এবং অমৃতরূপে উপাস্য, অথবা সেই এক এক শক্তি ঐ অঙ্গ প্রেরণ করেন, অর্থাৎ অঙ্গ সকলের সামঞ্জস্য করেন। এই হেতু মহালক্ষ্মীই যজুর্গায়ত্রী। এই গায়ত্রী মহতী লক্ষ্মী প্রভৃতির প্রতিপাদক বলিয়া ইহাই মহালক্ষ্মী। এই সাবিত্র মন্ত্রে "যজুঃ" এই পদ বলিয়া ইহার সামাঙ্গত্ব সত্বেও গীতিরহিত অঙ্গদ্বয় প্রদর্শন করিতেছেন। এই গায়ত্রী প্রণব সহিত চতুর্বিংশতি অক্ষরাত্মক, এই গায়ত্রীই তৃতীয় অঙ্গ এবং এই

ওঁ নৃসিংহায় বিদ্মহে বজ্রনখায় ধীমহি তন্নঃ সিংহঃ প্রচোদয়াৎ। ইত্যেষা হ বৈ নৃসিংহগায়ত্রী দেবানাং

সম্। গায়ত্রী বা ইদং তৃতীয়মঙ্গং সর্ব্বং কৃৎস্নং যদিদং কিঞ্চ যস্মাদেবং তস্মাদ্যঃ এতাং শিখাং পারমেশ্বরীং মহালক্ষ্মীং যাজুষীং প্রাগুক্তাং সবিগ্রহশক্ত্যুপাস্যাং বেদ উপাস্তে। তস্য ফলং নির্দ্দিশতি মহতীং শ্রিয়মশ্নুতে ইতি মহতীং শ্রিয়ং প্রাপ্নোতীত্যর্থঃ। ততশ্চৈতদ্‌গায়ত্র্যুক্তাঃ শক্তয়ো বিগ্রহবত্যোঽভিষেচন-শক্তীনামুপকারায় অমৃতময়ীং শিখামমৃত-স্রাবণায় তদ্বন্ধনায় চোপাসতে ইতি তত্ত্বার্থঃ॥ ২॥

এবং তাবন্নৃসিংহ-ব্রহ্মবিদ্যোপকারিণীং সামাঙ্গ-তৃতীয়াঙ্গবিদ্যামভিধায় অথেদানীং সামাঙ্গ-চতুর্থাঙ্গবিদ্যাং নৃসিংহগায়ত্রীমাহ। ওঁ প্রণবো ব্যাখ্যাতঃ। তৎ অঙ্গং কবচাখ্যং পারমেশ্বরং ধীমহীতি ধ্যায়েমহি। কিমর্থম্। বজ্রনখায় নৃসিংহায় তাদর্থ্যে চতুর্থী তদর্থং বিদ্মহে জানীমঃ যতঃ তদেবাঙ্গং নঃ অস্মান্ প্রতি সিংহঃ প্রচোদয়াৎ ইত্যুক্তার্থম্। নরশব্দং বিহায় সিংহ ইতি বদন্নস্যাং বিদ্যায়াং সিংহাকারস্য প্রাধান্যং দর্শয়তি।

কৃৎস্ন জগৎই উক্ত গায়ত্রীস্বরূপ, অতএব যিনি পারমেশ্বরী শিখা, যাজুষী মহালক্ষ্মী এবং পূর্ব্বোক্ত সাবিত্রীশক্তিকে উপাস্য বলিয়া জানেন, অর্থাৎ উপাসনা করেন, তিনি মহৎ সম্পদ ভোগ করিতে পারেন। আর এই গায়ত্রীতে যে সকল শক্তি উক্ত আছে, তাঁহারা বিগ্রহবতী হইয়া অভিষেচন শক্তিদিগের উপকারার্থ এবং অমৃত-স্রাবণার্থ অমৃতময়ী শিখার উপাসনা করিবে। ২।

পূর্ব্বোক্ত প্রকারে নৃসিংহ ব্রহ্মবিদ্যার উপকারিণী সামাঙ্গভূত তৃতীয়াঙ্গবিদ্যা নিরূপণ করিয়া এইক্ষণ অঙ্গীভূত চতুর্থাঙ্গ বিদ্যাস্বরূপ নৃসিংহ গায়ত্রী কথিত হইতেছে।—পরমেশ্বরের কবচাখ্য অঙ্গ ধ্যান করি, বজ্রণখায়ুধ নৃসিংহের নিমিত্তই আমরা উক্ত অঙ্গ জানিতেছি। সিংহ আমাদিগের প্রতি সেই অঙ্গ প্রেরণ করুন। নরশব্দ পরিত্যাগ করিয়া কেবল সিংহ শব্দ প্রয়োগ করিয়া এই বিদ্যাতে সিংহাকারের প্রাধান্য

বেদানাং নিদানং ভবতি য এবং বেদ স নিদানবান্ ভবতি ॥ ৩ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

ইতি শব্দো মন্ত্রসমাপ্তিং দ্যোতয়তি। এষা বৈ নৃসিংহগায়ত্রী নৃসিংহার্থ-কবচ-প্রতিপাদকত্বাৎ। গায়ত্রীতি প্রণবান্তর্ভাবং দর্শয়তি। কবচাশ্রিত-তদাবৃত-হৃদয়ান্তর্গতানাং বেদানাং দেবানাং যথাযোগ্যতয়া নিদানং মূল-কারণং ভবতি। উপাসকস্য ফলং নির্দ্দিশতি য এবং বেদ স নিদানবান্ ভবতীতি মূলকারণং ভবতীতি। ততশ্চায়মর্থঃ। পারমেশ্বরং কবচাখ্যমঙ্গং হৃৎসম্বন্ধি-সর্ব্ববেদ-দেব-নিদানত্বেনোপাস্যম্। তৎপ্রতিপাদকত্বাৎ হৃৎ-সম্বন্ধিসর্ব্ববেদ-দেব নিদানং গায়ত্র্যুচ্যতে ইতি তত্ত্বার্থঃ। ৩ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ।

প্রদর্শন করিয়াছেন। নৃসিংহার্থ কবচ প্রতিপাদক বিধায় ইহাই নৃসিংহ-গায়ত্রী, এই নৃসিংহগায়ত্রীই কবচাশ্রিত এবং হৃদয়ান্তর্গত সকল বেদ ও সকল দেবতার মূলকারণ। যিনি এই গায়ত্রী জানেন, তিনিও সকলের কারণ হইতে পারেন, অতএব পরমেশ্বরের কবচাঙ্গে হৃদয়সম্বন্ধীয় সর্ব্ব-বেদ ও সর্ব্বদেবের কারণ বলিয়া কথিত হয় ॥ ৩ ।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ । ২ ॥

তৃতীয় খণ্ড।

দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্ অথ কৈর্ম্মন্ত্রৈর্দেবঃ স্তুতঃ প্রীতো ভবতি স্বাত্মানং দর্শয়তি তন্নো ব্রুহি ভগব ইতি স হোবাচ প্রজাপতিঃ ॥ ১ ॥

এবং তাবন্নৃসিংহ-ব্রহ্মবিদ্যোপকারিণীং সামাঙ্গ-চতুর্থাঙ্গ বিদ্যাং নৃসিংহ-গায়ত্র্যুক্তামভিধায় অথেদানীং পঞ্চমাঙ্গবিদ্যাং তদুপকারিণীমঙ্গচতুষ্টয়-ব্যাপিনীং মহাচক্রাখ্যামভিধাতুং তস্মিংশ্চক্রে দ্বাত্রিংশৎপত্রে যথাসঙ্খ্যং কৃত-প্রণব-সম্পুট-ন্যস্ত-মূলমন্ত্রাক্ষরে একৈকস্মিন্ তত্তদ্দেবতা-নৃসিংহ-ব্যূহং স্তুতি-মন্ত্রবর্ণ-সামর্থ্যলভ্যঞ্চ প্রদর্শয়িতুং তান্ মন্ত্রান্ প্রশ্নোত্তররূপাখ্যায়িকয়া-রভতে। দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্নিত্যাদি। স হোবাচ প্রজাপতি-রিত্যন্তং স্পষ্টার্থম্ ॥ ১ ॥

পূর্ব্বোক্ত প্রকারে নৃসিংহ ব্রহ্মবিদ্যার উপকারিণী নৃসিংহগায়ত্রীতে কথিত সামাঙ্গ চতুর্থবিদ্যা নিরূপণ করিয়া এইক্ষণ উক্ত নৃসিংহ ব্রহ্ম-বিদ্যার উপকারিণী অঙ্গচতুষ্টয়ব্যাপিনী মহাচক্রাখ্যা পঞ্চমাঙ্গবিদ্যা কথনার্থ সেই চক্রের দ্বাত্রিংশৎপত্রে যে প্রণবসম্পুটীকৃত মূল মন্ত্রাক্ষর সকল ন্যস্ত আছে, সেই পত্র সকলের এক এক পত্রে সেই সেই দেবতা-রূপী নৃসিংহব্যূহের স্তুতি, মন্ত্রবর্ণ ও সামর্থ্যলাভ প্রদর্শনার্থ প্রশ্নোত্তরচ্ছলে সেই সকল মন্ত্র কথনের নিমিত্ত আখ্যায়িকা আরম্ভ করিতেছেন।—দেব-গণ প্রজাপতিকে জিজ্ঞাসা করিলেন, ভগবন! কোন কোন মন্ত্রে নৃসিংহ-দেবকে স্তব করিলে তিনি প্রসন্ন হন এবং স্বীয় রূপ প্রদর্শন করেন; সেই সকল মন্ত্র আমাদিগের নিকট কীর্ত্তন করুন। প্রজাপতি দেবগণের প্রশ্ন শ্রবণে তাহাদিগের অভিলাষ জানিয়া বলিতেছেন, দেবগণ! আমি নৃসিংহদেবের স্তুতি মন্ত্র বলিতেছি, শ্রবণ কর ॥ ১ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চব্রহ্মা তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ বিষ্ণুস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ মহেশ্বরস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৪ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ পুরুষস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৫ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চেশ্বরস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৬ ॥

ওঁ যো বৈ নৃসিংহোদেবো ভগবান্ যা সরস্বতী তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৭ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি ব্রহ্মরূপে সৃষ্টি করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ২ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি বিষ্ণুরূপে পালন করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ৩ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি মহেশ্বররূপে সংহার করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৪ ॥

যিনি নৃসিংহদেব তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি পরম পুরুষ বলিয়া নির্দ্দিষ্ট আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ৫।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি সকলের ঈশ্বর, অর্থাৎ সকলকেই নিয়মিত করিয়া রাখিয়াছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৬।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি সরস্বতী, অর্থাৎ সকলের বাক্যস্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৭ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা শ্রীস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৮ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা গৌরী তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৯ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা প্রকৃতিস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১০ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা বিদ্যা তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১১ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চোঙ্কারস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১২ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে বেদাঃ সাঙ্গাঃ সশাখাস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৩ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি শ্রীস্বরূপ, অর্থাৎ সকলের সম্পৎ প্রদান করেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি গৌরী, অর্থাৎ শিবশক্তিরূপে বিদ্যমান আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ৯ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি প্রকৃতিস্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১০ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি বিদ্যা, অর্থাৎ জ্ঞান-স্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ১২ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি ওঙ্কারপ্রতিপাদ্য ব্রহ্ম, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১২ ।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি সকল বেদ,

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে পঞ্চাগ্নয়স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৪ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যাঃ সপ্ত ব্যাহৃতয়স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৫ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চাষ্টৌ লোকপালাস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৬ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চাষ্টৌ বসবস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৭ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চ রুদ্রাস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৮ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চাদিত্যাস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ১৯ ॥

বেদাঙ্গ ও বেদশাখারূপে সর্ব্বত্র জ্ঞান প্রচার করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৩ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি পঞ্চাগ্নিরূপে জগতের পাকক্রিয়া সাধন করেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৪ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি ভূরাদি সপ্তব্যাহৃতিস্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৫ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি অষ্টলোকপালরূপে জগৎ রক্ষা করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৬ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি অষ্টবসুস্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৭ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি একাদশ রুদ্ররূপী, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৮ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চাষ্টৌ গ্রহা-স্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২০ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যানি পঞ্চ মহা-ভূতানি তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২১ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যচ্চ ত্রৈলোক্যং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২২ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ কালস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৩ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ মনুস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৪ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি দ্বাদশ আদিত্য-স্বরূপ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ১৯।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি রবি প্রভৃতি অষ্ট-গ্রহরূপে জগৎপালন করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ২০ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি পঞ্চমহাভূত-রূপে সর্ব্বত্র বিদ্যমান আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২১ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি ত্রিভুবনরূপী, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি। ২২ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি কালস্বরূপে সর্ব্বত্র বিদ্যমান আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২৩ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি চতুর্দ্দশ মনুরূপে অবতীর্ণ হইয়া লোকসকল সৃষ্টি করিয়াছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২৪ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ মৃত্যুস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৫ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ যমস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৬ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চান্তকস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৭ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ প্রাণস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৮ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ সূর্য্যস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ২৯ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ সোমস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩০ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি মৃত্যুরূপে জগৎকে পরিবর্ত্তিত করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২৫ ।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি যমস্বরূপে জগতের কার্য্যসাধন করিতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি । ২৬ ।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি অন্তকরূপে সকলের অন্তঃসাধন করেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ২৭ ।

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি প্রাণরূপে জগতের জীবগণকে জীবিত রাখিয়াছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি । ২৮ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি সূর্য্যস্বরূপে জগতে প্রকাশ পাইতেছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি । ২৯ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ জীবস্তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩১ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ বিরাট্ তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩২ ॥

ওঁ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যচ্চ সর্ব্বং তস্মৈ বৈ নমোনমঃ ॥ ৩৩ ॥

ইতি তান্ প্রজাপতিরব্রবীদেতৈর্দ্বাত্রিংশন্মন্ত্রৈর্নিত্যং

অত্র হি সর্ব্বে মন্ত্রাঃ প্রণবাদিকাস্তদাদিন্যায়েন প্রণবং মূলমন্ত্রাক্ষরং পুনঃ প্রণবং সর্ব্বেষু মন্ত্রেষু দর্শয়ন্তি। অত্র হি মন্ত্রেষু যচ্ছব্দদ্বয়েনান্ততঃ সিদ্ধমন্ত্রদ্য কুত্রচিচ্চ শব্দসামর্থ্যাৎ কুত্রচিত্তস্মা ইত্যেকবচন-সামর্থ্যাদেক এব ব্যূহঃ প্রতীয়তে। স চ দ্বিবিধঃ। ক্বচিদসাধারণায়ুধৈস্তদ্দেবতাগম্যঃ প্রতীয়তে ক্বচিচ্চ বিশ্বরূপস্তেনৈব ন্যায়েন। উভয়ত্রাপি নৃসিংহা-

---

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি চন্দ্ররূপে সর্ব্বত্র অমৃতবর্ষণ করিয়া থাকেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥৩০॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি জীবরূপে সর্ব্ব প্রাণীতে বিদ্যমান আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥৩১॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি বিরাট পুরুষ, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৩২ ॥

যিনি নৃসিংহদেব, তিনি ষড়ৈশ্বর্য্যশালী এবং যিনি সর্ব্বস্বরূপে সর্ব্বত্র বিদ্যমান আছেন, সেই পরংব্রহ্মকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৩৩ ॥

উক্ত মন্ত্রসকলই প্রণবাদি জানিবে, অর্থাৎ মন্ত্রের আদিতে প্রণব তৎপরে মূলমন্ত্র এবং অন্তেও প্রণবযোগ করিয়া পাঠ করিবে। প্রতি মন্ত্রেই দুইটি করিয়া যদ্শব্দের প্রয়োগ থাকিলেও এক নৃসিংহই প্রতীয়মান হইতেছেন। কোন কোন মন্ত্রে অসাধারণ অস্ত্রদ্বারা সেই দেবতাগম্যরূপে এবং কোন কোন মন্ত্রে বিশ্বাত্মরূপেপ্রতীয়মান হইয়াছেন। উভয়বিধ মন্ত্রেই

স্তবধ্বং, ততো দেবঃ প্রীতো ভবতি স্বাত্মানং দর্শয়তি তস্মাদ্য এতৈর্ম্মন্ত্রৈর্নিত্যং স্তৌতি সদেবং পশ্যতি সোঽ-

---

কারো যোগারূঢ়োঽধস্তন-হস্তাভ্যাং বরদাভয়হস্ত উপরিতনাভ্যাং তত্ত-দ্দেবতায়ুধধারী কচিচ্ছঙ্খ-চক্র-গদাধারী চৈতৎ সর্ব্বং স্পষ্টং করিষ্যামঃ। যথা অত্রৈব নৃসিংহাকারা ব্যূহা ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাত্মকাঃ স্রুক্-স্রুব-শঙ্খ-চক্র-পিনাক ত্রিশূলৈরায়ুধৈর্গম্যন্তে। নৃসিংহাত্মকঃ পুরুষব্যূহো দ্বিভুজঃ। দশহস্ত্যা অঙ্গুলয়ো দশপাদ্যা যাবানেষ পুরুষ ইতি শ্রুতেঃ। অত উর্দ্ধং নৃসিংহ-ব্যূহাশ্চতুর্ভুজা নৃসিংহাত্মকাশ্চ ঈশ্বর-ব্যূহ ঈশ্বরায়ুধগম্যঃ পূর্ব্বেষাং পঞ্চানাং যথাসঙ্খ্যং পঞ্চ শক্তিব্যূহাঃ। সরস্বতী-শ্রী-গৌরী-প্রকৃতি-বিদ্যা-ত্মিকাঃ স্ত্রিয়ঃ স্বায়ুধৈর্গম্যাঃ। এবং মূলমন্ত্রাক্ষরেষু দশসু ঐশানীং দিশ-মারভ্য প্রণব-সম্পুটিতেষু সর্ব্বাভরণযুক্তাঃ শ্বেতরূপা উপাস্যাঃ। এবং বক্ষ্যমাণাঃ সর্ব্বে ব্যূহা যথাসঙ্খ্যং মূলমন্ত্রাক্ষরেষূপাস্যাঃ। প্রণবব্যূহঃ

একমাত্র নৃসিংহই যৌগিকার্থ লভ্য। ইনি দ্বিভুজ, অর্থাৎ অধঃস্তন হস্তদ্বয়ে বরাভয় প্রদান করেন এবং উপরিতন হস্তদ্বয়ে সেই সেই দেবতার অস্ত্র-ধারণ করিয়াছেন, ঐ সকল আকারও শঙ্খ-চক্র-গদা-পদ্মাদিধারী এবং এই নৃসিংহব্যূহ ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাত্মক, ঐ সকল মূর্ত্তি স্রুক্, স্রুব, শঙ্খ, চক্র, পিণাক, ত্রিশূল প্রভৃতি অস্ত্রধারী বলিয়া জানিবে। এই নৃসিংহাত্মক পুরুষের দ্বিভুজ বিষয়ে শ্রুতিতে লিখিত আছে যে, নৃসিংহের হস্তাঙ্গুলি দশ এবং পাদাঙ্গুলিও দশ; সুতরাং তাহাকে দ্বিভুজ বলিয়াই জানা যাইতেছে। অতঃপর নৃসিংহব্যূহ চতুর্ভুজ বলিয়াও বর্ণিত আছে, পূর্ব্বোক্ত পঞ্চ মূর্ত্তি, অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, পুরুষ ও ঈশ্বর ইহারা যথাক্রমে সরস্বতী, শ্রী, গৌরী, প্রকৃতি ও বিদ্যা এই পঞ্চ শক্তি সমন্বিত। এই শক্তি সকলকেও স্বস্ব অস্ত্রদ্বারা বিভূষিত জানিতে হইবে এবং দশ মূলমন্ত্রাক্ষরে ঈশানদিক্ হইতে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, পুরুষ, ঈশ্বর, সরস্বতী, গৌরী, প্রকৃতি ও বিদ্যা এই দশ মূর্ত্তিকে প্রণব সম্পুটিত সর্ব্বাভরণযুক্ত ও শ্বেতরূপে উপাসনা করিবে। আর অন্যান্য মূর্ত্তি সকলকে যথাক্রমে মূলমন্ত্রাক্ষরেতে উপাসনা

মৃতত্ত্বঞ্চ গচ্ছতি সোঽমৃতত্ত্বঞ্চ গচ্ছতি য এবং বেদেতি মহোপনিষৎ ॥ ৩৪ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

ইত্যথর্ব্ববেদে নৃসিংহপূর্ব্বতাপনীয়ে মহোপ-
নিষচ্চতুর্থী সমাপ্তা ॥ ৪ ॥

একেন প্রণবাক্ষরেণ বক্ষসি চিহ্নিতঃ প্রণবচতুষ্টয়-মাত্রোপাস্যো-দেববিগ্রহঃ সশাখবেদ-বিগ্রহঃ পঞ্চাগ্নিবিগ্রহঃ সপ্তব্যাহৃতিবিগ্রহঃ অষ্টলোকপাল-বিগ্রহঃ বসু-রুদ্রাদিত্যাষ্টগ্রহ-পঞ্চমহাভূত-বিগ্রহা একৈকস্মিন্ নৃসিংহব্যূহে যথাসঙ্খ্যমন্তর্ভূতা উপাস্যাঃ ইতি দশব্যূহা বিশ্বরূপা উপাস্যাঃ। কাল-মনু-মৃত্যু-যমান্তক প্রাণ-সূর্য্য--সোম--বিরাট্-পুরুষ-জীব-রূপ-চেতনাচেতন-সর্ব্বাত্মকা ইত্যেতে ব্যূহাঃ অবিশ্বরূপাস্তত্তদসাধারণ-রূপা গম্যাঃ। এব-মেকৈক উপাস্যঃ তেন তেন চ মন্ত্রেণোপাস্যঃ স্তুত্যঃ। ততো দেবঃ আত্মানং স্বকীয়ং রূপং বিশ্বরূপমবিশ্বরূপঞ্চ যথাযোগ্যং দর্শয়তি। যস্মা-

---

করিতে হইবে। প্রণবমূর্ত্তি একমাত্র প্রণবাক্ষরের সহিত বক্ষেতে চিহ্নিত আছে, দেববিগ্রহ প্রণবচতুষ্টয়মাত্রোপাস্য, সামাদিবেদবিগ্রহ, পঞ্চাগ্নি-বিগ্রহ, সপ্তব্যাহৃতিবিগ্রহ, অষ্টলোকপালবিগ্রহ, একাদশ রুদ্রবিগ্রহ, দ্বাদশ আদিত্যবিগ্রহ, অষ্টগ্রহবিগ্রহ; এই সকল এক এক নৃসিংহব্যূহের অন্তর্ভূতরূপে উপাসনা করিবে। উক্ত দশ ব্যূহই বিশ্বরূপরূপে উপাস্য, আর কাল, মনু, মৃত্যু, যম, অন্তক, প্রাণ, সূর্য্য, সোম, বিরাট, পুরুষ, জীব, রূপ, চেতন, অচেতন ও সর্ব্বাত্মক মূর্ত্তি অবিশ্বরূপ, ইহারা সেই সেই অসাধারণরূপে অগম্য। নৃসিংহদেবের ঐ এক এক মূর্ত্তিতে স্ব স্ব মূলমন্ত্রে উপাসনা করা কর্ত্তব্য। এইরূপে উপাসনা করিলে দেব স্বীয়-রূপে দর্শন দেন, অতএব যে উপাসক উক্ত দ্বাত্রিংশন্মন্ত্র পাঠ করিয়া

দেবং তস্মাৎ যঃ উপাসকঃ এতৈঃ মন্ত্রৈঃ নিত্যং নিয়মেন স্তৌতি স দেবং বিশ্বরূপমবিশ্বরূপঞ্চ পশুতি সাক্ষাৎকরোতি। সোঽমৃতত্বমিত্যাদি মহোপনিষদিত্যন্তং স্পষ্টার্থম্। তত্রামৃতত্বঞ্চ গচ্ছতীতি ফলস্ত দ্বিরভ্যাসঃ স্তুতিমাত্রাদেব পরমফলাবাপ্তিং মন্ত্রাণাঞ্চ সামর্থ্যং দর্শয়তি। মহোপনিষচ্ছব্দঃ প্রণববাহুল্যমিতি সর্ব্বং নির্ম্মলম্॥ ২-৩৪।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ॥ ৩।

ইতি শ্রীগোবিন্দ-ভগবৎ পূজ্যপাদশিষ্যস্ত পরমহংসপরিব্রাজকাচার্য্যস্ত শ্রীশঙ্কর-ভগবতঃ কৃতাবাথর্ব্বণতাপনীয়োপনিষদ্ভাষ্যে চতুর্থোপনিষৎ সমাপ্তা। ৪॥

নিয়ত নৃসিংহদেবের স্তব করে, সে নৃসিংহদেবের বিশ্বরূপ দর্শন করিতে পারে। প্রজাপতি পুনর্ব্বার দেবগণকে বলিলেন, তোমরা এই দ্বাত্রিংশৎ মন্ত্র পাঠ করিয়া নিয়ত সেই নৃসিংহদেবকে স্তব কর, তাহাহইলেই তিনি তোমাদিগের প্রতি প্রসন্ন হইবেন এবং স্বীয় বিশ্বরূপ দর্শন করাইবেন। আর যে মনুষ্য উক্ত মন্ত্রে স্তব করে, সে নৃসিংহদেবের সাক্ষাৎকার লাভ করিয়া মোক্ষপদ পাইয়া থাকে। "সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি" এই বাক্যের দ্বিরাবৃত্তিতে জানাযাইতেছে যে, এই স্তুতিপাঠ করিবামাত্রই মহাফলপ্রাপ্তি হইয়া থাকে॥ ৩৪।

ইতি তৃতীয় খণ্ডঃ॥ ৩।

ইতি চতুর্থোপনিষৎ॥ ৪॥

পঞ্চমোপনিষৎ।

—oo—

প্রথমঃ খণ্ডঃ।

ওঁ দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্ মহাচক্রং নাম চক্রং নো ব্রূহি ভগব ইতি সর্ব্বকামিকং মোক্ষদ্বারং যদ্‌যোগিন

এবং তাবচ্চতুর্থোপনিষদন্তে স্তুত্যুপনিষদা মহাচক্রস্থ-দ্বাত্রিংশৎ পত্রেষু যথাসঙ্খ্যং দ্বাত্রিংশন্নৃসিংহান্ স্তুত্যোপাস্তানভিধায় অথেদানীং মহাচক্রবিদ্যামভিধাতুং মহাচক্রস্য রূপং নিরূপয়িতুং প্রশ্নোত্তররূপা-খ্যায়িকয়া পঞ্চমোপনিষদারভ্যতে। দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্নিতি। নম্বেবং তর্হি স্তুত্যুপনিষদ্বিদ্যাতো মহাচক্রবিদ্যয়া প্রাক্ ভবিতব্যম্। অত্রোচ্যতে। সত্যম্ যদীয়ং প্রাকৃত্যাৎ পুরশ্চরণার্থং পঞ্চমাঙ্গন্যাসার্থঞ্চ কৃৎস্নৈব প্রতীয়তে নতু দ্বাত্রিংশদ্‌ব্যূহোপাসনমাত্রং পুরশ্চরণার্থম্ ইতরৎ সুদর্শনাদি মহাচক্রং সদ্বাত্রিংশদ্‌ব্যূহকং পঞ্চমাঙ্গমিত্যেবং বিভাগঃ প্রতী-য়তে। অতস্তদ্বিভাগজ্ঞাপনার্থং ন প্রাগভিহিতেতি। নম্বেবমপি তদাদি-

---

ইতি পূর্ব্বে চতুর্থোপনিষদের অন্তে স্তুতি প্রসঙ্গে মহাচক্রের দ্বাত্রিংশৎ পত্রে যথাক্রমে দ্বাত্রিংশৎ নৃসিংহব্যূহের স্তব করিয়া উপাস্য নিরূপণপূর্ব্বক এইক্ষণ মহাচক্র-বিদ্যা-কথনের নিমিত্ত মহাচক্র-স্বরূপ-নিরূপণার্থ প্রশ্নো-ত্তরচ্ছলে আখ্যায়িকার আরম্ভ করিতেছেন।—এইক্ষণ জানা যাইতেছে যে, পূর্ব্বোক্ত দ্বাত্রিংশৎপত্র মহাচক্রেরই অন্তর্গত; সুতরাং স্তুতির পূর্ব্বেই মহাচক্র বিদ্যা নিরূপণ বিধেয় ছিল, ইহাতে বক্তব্য এই যে, এই সমস্ত বিদ্যাই পুরশ্চরণার্থ ও পঞ্চমাঙ্গন্যাসার্থ ইহাই প্রতীতি হইতেছে, দ্বাত্রিং-শৎব্যূহোপাসনমাত্র পুরশ্চরণার্থ নহে, অন্য সুদর্শনাদি মহাচক্রই দ্বাত্রিং-শৎব্যূহাত্মক পঞ্চমাঙ্গ এইরূপ বিভাগ প্রতীতি হয়, অতএব সেই বিভাগ-জ্ঞাপনার্থই এই মহাচক্র বিদ্যা পূর্ব্বে উক্ত হয় নাই। এইরূপ হইলেও

উপদিশন্তি। স হোবাচ প্রজাপতিঃ ষড়রং বা এতৎ সুদ-র্শনং মহাচক্রং তস্মাৎ ষড়রং ভবতি ষট্পত্রং ভবতি ষড় বা ঋতব ঋতুভিঃ সম্মিতং ভবতি মধ্যে নাভির্ভবতি নাভ্যাং

